৬৭ ধারা। যদি কেহ বেআইনীমতে ও ইচ্ছাপূর্ব্বক কোম্পানির কোন গাড়ির নম্বরের পাত তুলিয়া ফেলে কি নষ্ট করে কিম্বা কোন ল্যাম্প তুলিয়া কি নিবাইয়া ফেলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক কি অমনোযোগে ঐ কোম্পানির কোন গাড়ির কি মালঘরের কি কোঠার কি কলের

machine, fence or any other thing belonging to such Company shall be liable to a fine not exceeding fifty Rupees in addition to the cost of replacing or repairing the article so removed or damaged

[Penalty for defacing board used for publication]

68 Whoever pulls down or injures any board hung up or affixed as required by Section 31 of this Act or any placard put up by the Company on any part of the Railway or in any carriage, or erases, alters, adds to or obliterates any of the letters or figures thereon, shall be liable for every such offence to a fine not exceeding fifty Rupees and shall defray the expenses attending the restoration of such board placard, letters, or figures

[Penalty for opening or not properly shutting accommodation gates]

69 If any person for whose use or accommodation any gate shall have been set up by any Company on either side of their Railway or any other person, shall open such gate or pass or attempt to pass or drive or attempt to drive any carriage, cattle or other animal or thing, across the said Railway, at a time when any engine or train approaching along the same shall be in sight, or shall at any time omit to shut and fasten such gate as soon as he and any carriage cattle, or other animal or thing under his charge shall have passed through the same he shall be liable to a fine not exceeding fifty Rupees

[Apprehension of offenders, by Company's servants]

70 If any person shall commit any offence hereby made punishable by fine and his name and address shall be unknown, or there be reason to believe that he will abscond, any officer or servant of the Company or any Police Officer or other person whom such officer or servant may call to his aid may without any warrant or written authority lawfully apprehend and detain the offender until he can be taken before a Magistrate or other officer having jurisdiction over the offence or shall give sufficient security for his appearance before such Magistrate or other officer or shall be otherwise discharged by due course of law

Destruction of perishable goods

[Destruction of perishable goods]

71 The Company may destroy any perishable goods conveyed or sent for conveyance by their

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

কি বেড়ার কি অন্য বিষয়ের ক্ষতি কি হানি করে তবে তাহার সেই তুলিয়া ফেলা কি ক্ষতি করা দ্রব্য নূতন করিবার কি সারাইবার খরচ দিতে হইবে ও তদ্ভিন্ন তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জ্ঞাপনি প্রকাশ করিবার তক্তা অপাঠ্য করিবার দণ্ডের কথা।]

৬৮ ধারা। এই আইনের ৩১ ধারামতে যে তক্তা লটকান কি টাঙ্গান যায়, কিম্বা রেলপথের কোন অংশে কি কোন গাড়িতে কোম্পানি যে বিজ্ঞাপনপত্র লাগাইয়া দেন যদি কেহ তাহা তুলিয়া ফেলে কি তাহার ক্ষতি করে, কিম্বা তল্লিখিত কোন অক্ষর কি অঙ্ক বিলুপ্ত কি পরিবর্ত্তন করে কি তাহাতে অধিক অঙ্কাদি দেয় কি তাহা অপাঠ্য করে, তবে তাহার সেই তক্তা কি জ্ঞাপনপত্র কি অক্ষর কি অঙ্ক সারাইবার খরচ দিতে হইবে ও তদ্ভিন্ন উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[লোকের সুবিধার জন্যে দ্বার করা গেলে তাহা খুলিবার কি উপযুক্তমতে বন্ধ না করিবার দণ্ডের কথা।]

৬৯ ধারা। যদি কোন কোম্পানি কোন ব্যক্তির ব্যবহারের কি সুবিধার নিমিত্তে আপনাদের রেল পথের কোন পার্শ্বে কোন দ্বার প্রস্তুত করেন এবং সেই পথগামি কোন ইঞ্জিন কি ট্রেন আসিতে দেখিলে যদি সেই ব্যক্তি কি অন্য কোন ব্যক্তি ঐ দ্বার খোলেন কি ঐ রেলপথ পার হন কি পারে যাইবার উদ্যোগ করেন কিম্বা কোন গাড়ি কি গোমেষাদি পশু কি কোন দ্রব্য পার করেন কি করিবার উদ্যোগ করেন অথবা তিনি ও তাঁহার রক্ষিত কোন গাড়ি কি গোমেষাদি কোন পশু কি দ্রব্য দ্বার দিয়া গেলে পর যদি সেই দ্বার বন্ধ না করেন, তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির চাকরদের দ্বারা অপরাধির ধৃত হইবার কথা]

৭০ ধারা। এই আইনেতে যে অপরাধের অর্থদণ্ড হইতে পারে, কোন ব্যক্তি এমত অপরাধ করিলে যদি তাহার নাম ও ধাম জানা না যায় কিম্বা যদি তাহার পলাইবার সন্দেহ থাকে, তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক, কিম্বা ঐ কার্য্যকারক কি চাকর অন্য যে ব্যক্তির সাহায্য চাহেন তিনি পরওয়ানা কিম্বা লিখিত কোন ক্ষমতা পত্রভিন্ন ঐ অপরাধিকে ধৃত করিতে পারিবেন। ইহাতে আইনের লঙ্ঘন হয় না। এবং মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা সেই অপরাধ উপলক্ষে অন্য যে কার্য্যকারকের বিচারাধিপত্য থাকে তাঁহার সম্মুখে যত কাল তাহাকে উপস্থিত করা যাইতে না পারে কিম্বা যত কাল সে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত দর্শনপ্রতিভূ না দেয়, কিম্বা তাহাকে যত কাল আইনের নিয়মিত ধারামতে মুক্ত করা না যায় ততকাল তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

আশু বিকৃত হয় এমত দ্রব্য নষ্ট করিবার বিধি।

[আশু বিকৃত হয় এমত দ্রব্য নষ্ট করিবার কথা।]

৭১ ধারা। আশু বিকৃত হয় এমত দ্রব্য কোন কোম্পানির রেলপথে চালান করা গেলে কি করিবার জন্যে

Railway upon obtaining from the chief Officer of the Railway Police at the place where such goods are, a certificate under his hand, specifying the particular goods with their marks (if any), and the names of the consignee and consignor thereof, and certifying that in his opinion the goods are in such a state that they ought to be destroyed

Every such certificate shall be conclusive evidence of the facts therein stated

The destruction of any goods under the provisions of this section shall not affect the right of the Company to recover the freight (if any) due for the conveyance of the same

Sale of unclaimed goods

[Sale of unclaimed goods]

72 If within two months after the arrival of any goods at the station to which they shall have been consigned, the consignee or his agent shall not take delivery thereof, the Company may give notice in writing to such consignee requiring him to take delivery of such goods within a reasonable time to be specified in the notice

Such notice may be given by registered letter sent through the Post Office, or (in case the address of the consignee is unknown to the Company) by posting the notice in the booking office of the station to which the goods are consigned and by publishing the notice in a newspaper circulating within the district in which such station is situate

If delivery of such goods is not taken within the time specified in the said notice, the Company may sell the goods by public auction and apply the proceeds (after deducting the costs of such sale) in payment of the freight (if any) and demurrage due in respect of the said goods, and may hold the surplus (if any) for a period of three years from the date of the sale, within which time (but not afterwards) the person entitled thereto may recover the amount, without interest or costs, by suit in any court of competent jurisdiction

On the expiration of the said period of three years without any claim to such amount having been established, the amount shall be paid to the Local Government and be carried to the credit of the Government of India for the general purposes of Government Provided that this Act shall not authorize the payment of any such amount pending any suit which shall have been instituted against the Company in respect thereof

প্রেরণ করা গেলে, ঐ দ্রব্য যে স্থানে থাকে যদি সেই স্থানের রেলওয়ে পোলীসের প্রধান কর্ম্মকারক নিম্ন লিখিত মর্ম্মের সর্টিফিকট স্বাক্ষর করিয়া দেন তবে কোম্পানি তাহা পাইলে ঐ দ্রব্য নষ্ট করিতে পারিবেন। সর্টিফিকটের মর্ম্ম এই, অমুক ব্যক্তির নিকট হইতে অমুক ব্যক্তির নামে (অঙ্ক থাকিলে) অমুক অঙ্কে চিহ্নিত অমুক২ যে দ্রব্য চালান হইবে তাহার অবস্থা বিবেচনায় বোধ করি সেই দ্রব্য নষ্ট করা উচিত।

ঐ সর্টিফিকটে যে কথা ব্যক্ত থাকে, সর্টিফিকট সেই কথার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

ঐ দ্রব্য চালান করিবার নিমিত্তে যদি কোম্পানির কিছু ভাড়া পাওনা থাকে, তবে এই ধারার বিধানমতে তাহা নষ্ট করিলেও তাঁহাদের সেই ভাড়া পাইবার স্বত্বের অন্যথা হইবে না ইতি।

অস্বামিক দ্রব্য বিক্রয়ের বিধি।

[অস্বামিক দ্রব্য বিক্রয়ের কথা।]

৭২ ধারা। কোন মাল যে ষ্টেশনে চালান করা যায়, যাহার নামে তাহা চালান হইল সেই ব্যক্তি কিম্বা তাঁহার নিয়োগী যদি সেই মাল পঁহুছিবার পর দুই মাসের মধ্যে তাহা লইয়া না যায়, তবে কোম্পানি সেই ব্যক্তির নামে পত্র লিখিয়া তাঁহাকে ঐ পত্রের নির্দ্দিষ্ট যুক্তি মত সময়ের মধ্যে ঐ দ্রব্য লইয়া যাইবার নোটিস দিবেন।

ঐ নোটিস রেজিষ্টরী পত্রদ্বারা ডাকযোগে পাঠান যাইতে পারিবে। যাহার নিকটে ঐ দ্রব্য চালান হইল যদি কোম্পানি তাহার নাম না জানেন, তবে যে ষ্টেশনে দ্রব্য চালান হইল তাঁহারা সেই ষ্টেশনের বুকি আফিসে ঐ নোটিস লটকাইয়া দিবেন, এবং ঐ ষ্টেশন যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার কোন সম্বাদপত্রে ঐ নোটিস প্রচার করিবেন।

ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যদি ঐ দ্রব্য সামগ্রী লইয়া যাওয়া না যায়, তবে কোম্পানি তাহা নীলামে বিক্রয় করিতে পারিবেন। এবং নীলাম করিবার খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকাহইতে ঐ দ্রব্যের ভাড়া পাওনা হইলে লইবেন, এবং ঐ দ্রব্যসামগ্রীর উপলক্ষে গচ্ছেরী বলিয়া কাটিয়া লইবেন। তাহার পর ঐ টাকার যাহা অবশিষ্ট থাকে তাহা নীলামের তারিখ অবধি তিন বৎসর রাখিবেন। সেই সময়ের মধ্যে যাহার অধিকার থাকে তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে মোকদ্দমা করিয়া সুদ ও খরচা ভিন্ন ঐ টাকা পাইতে পারিবেন। কিন্তু তিন বৎসরের পরে পাইতে পারিবেন না।

সেই তিন বৎসর গত হইলেও যদি সেই টাকার উপর কোন দাওয়া সপ্রমাণ না করা যায়, তবে সেই টাকা স্থানীয় গবর্ণমেণ্টকে দেওয়া যাইবে, এবং সাধারণ কর্তৃত্ব কার্য্যের নিমিত্তে তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে জমা হইবে। কিন্তু যদি ঐ টাকার নিমিত্তে কোম্পানির নামে কোন মোকদ্দমা উপস্থিত থাকে তবে এই আইনের বলে কাহাকেও সেই টাকা দিবার অনুমতি হইবে না ইতি।

PART V

REGULATIONS FOR THE PROTECTION OF THE PUBLIC

[Penalty for wilful act or omission with a view to endanger a passenger]

73 Whoever, whether an officer or servant of any Company or not, shall wilfully do any act, or shall wilfully omit to do what he is legally bound to do intending by such act or omission to cause, or knowing that he is thereby likely to cause the safety of any person travelling or being upon any such Railway to be endangered shall be liable to transportation for life, or to imprisonment for any term not exceeding seven years

Whoever shall abet any such act or omission within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punishable as if the act or omission had been contrary to the provisions of such Code

[Penalty for wilful act or ommission by a Railway officer endangering passenger]

74 If any officer or servant of a Company shall wilfully do any act which he is legally prohibited from doing or shall wilfully or negligently omit to do what he is legally bound to do and if in consequence of such act or omission, the safety of any person travelling or being upon such Railway shall be endangered, such officer or servant shall be punished with imprisonment for a term not exceeding three years, or with fine, or with both

Explanation —Every such officer and servant shall be deemed to be legally bound to do every thing necessary for or conducive to the safety of the public which he shall be required to do by any regulation which shall be made by the Company and allowed by the Governor General in Council and of which regulation he shall have notice, and shall be deemed to be legally prohibited from doing every act which shall be likely to cause danger, and which by any such regulation he shall be prohibited from doing

[Penalty for drunkenness or breach of duty by Railway officer]

75 Any officer or servant of a Company who shall be in a state of intoxication whilst actually employed upon the Railway, or any of the works connected therewith, in the discharge of any duty, and any officer or servant of such Company who negligently shall omit to perform his duty, or shall perform the same in an improper manner, shall be punished with imprisonment for a term not exceeding one year, or with fine or with both

If the duty in any of the cases mentioned in the former part of this section be such that the omission or negligent performance thereof would

পঞ্চম খণ্ড।

সাধারণ লোকদের ক্ষতি নিবারণার্থ বিধি।

[চড়নদারের প্রাণাশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে, ইচ্ছাপূর্ব্বক কোন ক্রিয়া কি ত্রুটি করিবার দণ্ডের কথা।]

৭৩ ধারা। কোন কোম্পানির রেলপথে যে ব্যক্তি গমন করিতেছেন কি থাকেন, যদি সেই কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কি অন্য কেহ তাঁহার প্রাণাশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে কি প্রাণাশঙ্কা জন্মাইবার সম্ভাবনা জানিয়া ইচ্ছাপূর্ব্বক কোন কার্য্য করেন কিম্বা আইনমতে তাঁহার যে কর্ম্ম অবশ্য কর্ত্তব্য যদি সেই কর্ম্ম না করেন, তবে তাঁহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড কিম্বা সাত বৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে।

যদি কেহ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন কার্য্যের কি ত্রুটির সহায় হয়, তবে ঐ আইনের বিধানের বিপক্ষ হওন মতে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

[রেলওয়ের কার্য্যকারকের ইচ্ছাক্রমে চড়নদারের প্রাণাশঙ্কাজনক কার্য্যের কি ত্রুটির দণ্ডের কথা।]

৭৪ ধারা। কোম্পানির কোন কার্য্যকারকের কি চাকরের যে কার্য্য আইনক্রমে নিষিদ্ধ হইয়াছে, যদি তিনি ইচ্ছাপূর্ব্বক সেহ কার্য্য করেন, কিম্বা আইনমতে তাঁহার যে ক্রিয়া অবশ্য কর্ত্তব্য, যদি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্য হেতুক সেই কর্ম্ম না করেন, ও যদি সেই কার্য্য কি ত্রুটিপ্রযুক্ত ঐ রেলপথে গমনকারি কি থাকা কোন ব্যক্তির প্রাণাশঙ্কা হয়, তবে সেই কার্য্যকারকের কি চাকরের তিন বৎসরের অনধিককাল কারাদণ্ড কিম্বা তাঁহার অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে।

অর্থ। কোম্পানির প্রণীত যে বিধান মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত হয়, উক্ত কার্য্যকারক ও চাকর সেহ বিধান অবগত হইলে, তদনুসারে সাধারণ লোকদের নিরাপদের জন্যে আবশ্যক কিম্বা নিরাপদজনক যে কার্য্য তাঁহার কর্ত্তব্য হয়, সেই কার্য্য আইনমতে তাঁহার অবশ্য কর্ত্তব্য জ্ঞান হইবে। এবং সেই বিধানদ্বারা তাঁহার যে কার্য্য করিবার নিষেধ হইয়াছে আপদ জন্মাইবার সম্ভাবনা ঘটিত এমত প্রত্যেক কার্য্য আইনমতে তাঁহার নিষিদ্ধ জ্ঞান হইবে ইতি।

[রেলওয়ে কর্ম্মকারকের মাতাল হওয়ার কি কর্ত্তব্য কর্ম্ম লঙ্ঘন করিবার দণ্ডের কথা।]

৭৫ ধারা। কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর আপনার কোন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনার্থে রেলপথের উপর কিম্বা তৎসংক্রান্ত কোন কার্য্যে নিযুক্ত আছেন এমন সময়ে যদি মাতাল হন, এবং ঐ কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর যদি শৈথিল্যহেতুক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন কিম্বা তাহা অনুপযুক্তমতে করেন, তবে তাঁহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে।

এই ধারার পূর্ব্ব ভাগের উল্লিখিত গতিকে কর্ত্তব্য যে কর্ম্ম না করা যায় কি অমনোযোগে করা যায়, যদি তদ্দ্বারা উক্ত রেলপথের উপর গমনকারি কি থাকা

be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such officer or servant shall be punished with imprisonment for a term not exceeding two years, or with fine, or with both

[Penalty for an act not wilful]

76 Whoever rashly or negligently and without lawful excuse, does any act likely to endanger the safety of any person travelling or being upon such Railway, shall be punished with imprisonment for a term not exceeding one year, or with fine, or with both Whoever abets any such act within the meaning of Sections 107 and 108 of the Indian Penal Code, shall be punished as if the act had been contrary to the provisions of such Code

[Apprehension of offenders]

77 Whoever is guilty of any offence mentioned in Sections 73, 74, 75 and 76 of this Act may be apprehended, without any warrant or written authority, by any officer or servant of the Company, or by any other person whom such officer or servant shall call to his aid or by any Police officer of such grade as shall by any law in force for the time being have power of arrest without a warrant

Every person so apprehended shall, with all convenient despatch be carried and conveyed before a Magistrate or other officer authorized to punish the offender or to commit him for trial

[Jurisdiction of Police Magistrate in cases under Sections 75, 76]

78 If any person is charged before a Police Magistrate with committing any offence which, under Sections 75 or 76 of this Act, is punishable with imprisonment, and if such Magistrate shall think that, in consequence of the probable departure of any material witness from the local limits of his jurisdiction the prosecution of such offender in the High Court will be ineffectual, the Magistrate may try the offender and on conviction may award a sentence not exceeding six months' imprisonment

[Extent of such jurisdiction]

79 The jurisdiction given to Police Magistrates under the last preceding section may be exercised, whether the offence shall be charged to have been committed within the local limits of the jurisdiction of such Magistrates or not, and any person hereby made punishable by a Police Magistrate shall be punishable upon summary conviction, but such jurisdiction shall only be

[*Government Gazette*, 28*th January* 1868]

কোন ব্যক্তির নিরাপদের বিঘ্ন হওয়ার সম্ভাবনা হয় তবে সেই কার্য্যকারকের দুইবৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[অনভিপ্রেত কোন কার্য্যের দণ্ডের কথা।]

৭৬ ধারা। যদি কোন ব্যক্তি তদ্রূপ রেলপথে গমন করেন কি থাকেন এবং যাহাতে তাঁহার নির,প দের আশঙ্কা সম্ভাবনা হয় যদি কেহ সহসা কিম্বা অমনোযোগে ও বৈধ কারণ না থাকিলেও এমত কর্ম্ম করেন তবে তাঁহার এক বৎসরের অনধিক কারাদণ্ড কি অর্থদণ্ড কি ঐ দুই দণ্ড হইবে। যদি কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০৭ ও ১০৮ ধারার অর্থক্রমে তদ্রূপ কোন কার্য্যের সহায় হন, তবে ঐ আইনের বিপক্ষ কর্ম্ম হওনমতে তাহার দণ্ড হইবে ইতি।

[অপরাধিদিগকে ধৃত করিবার কথা]

৭৭ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের ৭৩ ৭৪, ৭৫, ৭৬, ধারার লিখিত কোন অপরাধের দোষী হয় তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর অথবা সেই কার্য্যকারক কি চাকর অন্য যে ব্যক্তির সাহায্য প্রার্থনা করেন তিনি, কিম্বা তাৎকালিক প্রচলিত আইনক্রমে পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারক পরওয়ানা বিনা ব্যক্তিকে ধৃত করিতে সক্ষম হন তিনি, কোন পরওয়ানা কি লিখিত ক্ষমতাপত্রভিন্ন সেই ব্যক্তিকে ধৃত করিতে পারিবেন।

তদ্রূপে যে প্রত্যেক ব্যক্তিকে ধরা যায় তাঁহাকে কোন মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে কিম্বা অন্য যে কার্য্যকারক অপরাধির দণ্ড করিতে কিম্বা তাঁহাকে বিচারার্থে সমর্পণ করিতে সক্ষম হন তাঁহার সম্মুখে সুবিধামতে ত্বরায় আনাইতে ও চলান করিতে হইবে ইতি।

[৭৫ ও ৭৬ ধারার লিখিত স্থলে পোলীস মাজিস্ট্রেটের ক্ষমতার কথা।]

৭৮ ধারা। এই আইনের ৭৫ কি ৭৬ ধারামতে যে অপরাধের কারাদণ্ড হইতে পারে পোলীস মাজিস্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে সেই অপরাধের অভিযোগ হইলে আপনার ক্ষমতাধীন স্থানহইতে কোন গুরুতর সাক্ষির গমন করিবার সম্ভাবনা প্রযুক্ত হাই কোর্টে সেই অপরাধির নামে নালিশ করা নিষ্ফল হইবে যদি মাজিস্ট্রেট সাহেব ইহা বোধ করেন তবে তিনি অপরাধির বিচার করিতে পারিবেন এবং দোষ প্রমাণ হইলে ছয় মাসের অনধিক কারা দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[উক্ত ক্ষমতার ব্যাপকতার কথা।]

৭৯ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে পোলীসমাজিস্ট্রেটদের প্রতি যে ক্ষমতা প্রদান হইয়াছে তাঁহাদের ক্ষমতাধীন স্থানের মধ্যে কিম্বা বাহিরে অভিযোগের অপরাধ করা গেলে তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন এবং এই ধারামতে যে ব্যক্তি পোলীসমাজিস্ট্রেটদ্বারা দণ্ডনীয় হয় সরাসরী বিচারমতে অপরাধের প্রমাণ হইলে তাহার দণ্ড হইতে পারিবে। কিন্তু পোলীসের যে মাজিস্ট্রেটের সম্মুখে অপরাধির অভি-

exercised if the witnesses necessary for the prosecution of the offender are to be found within the local limits of the jurisdiction of the Police Magistrate before whom the offender is charged

[Railway servants to be public servants within meaning of Sections 161 to 165 of Penal Code]

80 Every officer and servant of a Railway Company shall be deemed a 'public servant' within the meaning of Sections 161 162 163, 164 and 165 of the Indian Penal Code and in the definition of legal remuneration contained in the said Section 161 the word 'Government' shall for the purposes of this section, be deemed to include a Railway Company

[Penalty for making charges not in accordance with Tariff]

81 Any servant of the Company making any charge or accepting any payment not in accordance with the said Tariff of tolls rates and charges shall be liable to a fine not exceeding fifty Rupees

[Notice of accidents to be given to Police]

82 Within twelve hours after the occurrence upon any Railway or in or upon any of the stations sheds, sidings carriages or other property of the Company to which the Railway belongs of any accident act or omission causing or likely to cause personal injury, or loss or of injury to goods carried thereon, the station master at the station nearest to the place of the occurrence shall give notice thereof in writing to the District Superintendent of Police and the officer in charge of the Police station nearest to such place

[Penalty for default]

Any station master wilfully omitting to give such notice shall be liable to a fine of fifty Rupees for every day during which the omission shall continue

[Penalty on officer of Company making false return]

83 Every officer of any Company wilfully making any false return required under this Act to the Governor General in Council or Local Government shall be punished with imprisonment for a term not exceeding three years or with fine, or with both

[Remedy against Companies contravening or exceeding provisions of their contracts or this Act]

84 Whenever it shall appear to the Governor General in Council or to the Local Government that any of the provisions of the contract between the Secretary of State and any Company, or the

যোগ হয় ঐ অভিযোগ সংক্রান্ত কার্য্য করিবার আবশ্যক সাক্ষিদিগকে তাঁহারই ক্ষমতাধীন স্থানের মধ্যে না পাওয়া গেলে তিনি ঐ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন না ইতি।

[দণ্ডবিধির আইনের ১৬১ অবধি ১৬৫ পর্য্যন্ত ধারার অর্থক্রমে রেলপথের কার্য্যকারকদিগের রাজকীয় কার্য্যকারক হওয়ার কথা।]

৮০ ধারা। রেলপথ কোম্পানির প্রত্যেক কার্য্যকারক ও চাকর ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১, ৬২, ৬৩ ৬৪, ও ৬৫ ধারার অর্থক্রমে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন। উক্ত ১৬১ ধারার মধ্যে আইনমত পারিতোষিক এই যে কথা আছে তাহার অর্থ করণেতে এই ধারার অভিপ্রায়ার্থে গবর্ণমেন্ট শব্দের মধ্যে রেলপথ কোম্পানি গণ্য হইবে ইতি।

[ফর্দ্দের অলিখিত ভাড়াপ্রভৃতি লওয়ার দণ্ডের কথা।]

৮১ ধারা। মাসুলের ও ভাড়ার ও খরচের পূর্ব্বোক্ত যে ফর্দ্দ করা যায় যদি কোম্পানির কোন চাকর তদনুযায়ি মাসুলাদিভিন্ন কোন টাকা দাওয়া করেন কি লন তবে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[বিঘটনার সংবাদ পোলীসকে দিবার কথা।]

৮২ ধারা। কোন রেলপথে কিম্বা রেলপথ যে কোম্পানির হয় সেই কোম্পানির কোন ষ্টেশনে কি শেডে কি পার্শ্ব পথে কি গাড়িতে কি অন্য সম্পত্তিতে যদি কোন বিঘটনা হইয়া থাকে কিম্বা যদ্দ্বারা ব্যক্তির কায়িক হানি হয় কিম্বা ঐ রেলপথে চালান করা দ্রব্যের চুরি হয় কি হইবার সম্ভাবনা থাকে যদি এমত কোন ক্রিয়া করা যায় কি কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি হয়, তবে ঐ ব্যাপার যে স্থানে ঘটিয়াছে তাহার নিকটস্থ ষ্টেশনের ষ্টেশন মাষ্টর ঐ বিঘটনার পর ১২ ঘণ্টার মধ্যে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে এবং সেই স্থানের নিকট পোলীস থানার অধ্যক্ষতা কর্ম্মকারকের নিকটে পত্র লিখিয়া সেই বিষয়ের সংবাদ দিবেন।

[না দিবার দণ্ডের কথা।]

যদি কোন ষ্টেশন মাষ্টর ইচ্ছাপূর্ব্বক উক্ত সংবাদ দিতে ত্রুটি করেন, তবে যত দিন তাঁহার সেই ত্রুটি হয় তাহার দিনপ্রতি তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোম্পানির কার্য্যকারক মিথ্যা বর্ণনা লিখিলে তাঁহার দণ্ডের কথা।]

৮৩ ধারা। এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেন্টের নিকটে যে বর্ণনা পাঠাইবার আজ্ঞা হইল যদি কোম্পানির কার্য্যকারক সেই বর্ণনা ইচ্ছাপূর্ব্বক মিথ্যা করিয়া পাঠান তবে তাহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইবে ইতি।

[কোম্পানি আপনাদের কৃত চুক্তির কি এই আইনের বিধানের বিপক্ষতা কি লঙ্ঘন করিলে তৎপ্রতিকারের কথা।]

৮৪ ধারা। ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং কোন কোম্পানির মধ্যে যে চুক্তি করা গেল ঐ কোম্পানি কি তাঁহার কোন কার্য্যকারক সেই চুক্তির কিম্বা এই আইনের বিধান অনুসারে কার্য্য করেন নাই এবং

provisions of this Act, has or have not been complied with on the part of any Company or any of its Officers, or that any Company has acted or is acting in a manner unauthorised by the said provisions, or in excess of the powers and objects thereby given and defined, and also that it would be for the public advantage that the Company should be restrained from so acting,—

The Advocate General shall,—

In case such default shall consist of non compliance with such provisions,—

Proceed by information, suit or other legal proceeding, as the case may require, to recover such penalties and forfeitures or otherwise to enforce the due performance of the said provisions by such means as any person aggrieved by such non compliance or otherwise authorized to sue for such penalties, might employ under such provisions

And in case the default shall consist in the commission of some act unauthorised by law,—

Proceed to obtain an injunction or order to restrain the Company from acting in such illegal manner, or to give such other relief as the nature of the case may require

The Judge to whom the application is made shall grant such injunction or order if he shall be of opinion that the act of the Company complained of is not authorized by law

Provided that no such proceeding shall be taken by the Advocate General until twenty one days after the Local Government shall have given notice to the Agent of the Company offending, and that every such proceeding shall be taken within one year after such offence shall have been committed

Compensation for death

[Suit for compensation to the family of a person for loss occasioned to it by actionable wrong]

85 Whenever the death of a person shall be caused by the wrongful act neglect, or default of any Company or any of their officers or servants and the act neglect, or default is such as would (if death had not ensued) have entitled the person injured to maintain a suit and recover damages in respect thereof, the Company shall be liable to a suit for damages notwithstanding the death of the person injured and although the death shall have been caused under such circumstances as amount in law to a crime

Every such suit shall be for the benefit of the wife, husband, parent, grandfather or grand mother, child, step child and grand child if any of the person whose death shall have been so caused, and shall be brought by and in the name

উক্ত বিধান দ্বারা যদ্রূপ কার্য্য করিবার অনুমতি হইল উক্ত কোম্পানি তদন্যথায় কিম্বা ঐ বিধানক্রমে দত্ত ও নির্দ্দিষ্ট শক্তির ও অভিপ্রায়ের উল্লঙ্ঘনে কর্ম্ম করিয়াছেন কি করিতেছেন এবং কোম্পানির তদ্রূপ কার্য্যের নিষেধ হইলে সর্ব্বসাধারণের মঙ্গল হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যদি এমত বোধ করেন তবে

ঐ বিধান অনুযায়ি কর্ম্ম করণের ত্রুটিরূপ দোষ হইলে সেই বিধানমতে কর্ম্ম না হওনপ্রযুক্ত যেব্যক্তি ক্ষতিগ্রস্ত হন কিম্বা অর্থদণ্ডের নিমিত্তে যাঁহার প্রকারান্তরে প্রার্থনা করিবার ক্ষমতা থাকে তিনি সেই বিধান অনুসারে দোষ জ্ঞাত করণ কিম্বা বিষয় বিশেষে মোকদ্দমা করণ কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্য করণ দ্বারা যদ্রূপে উক্ত বিধান উপযুক্তমতে প্রবল করণার্থে অর্থ ও সম্পত্তিদণ্ড প্রভৃতি দেওয়াইতে পারিতেন আডবোকেট জেনরল সাহেব তাহাও তদ্রূপে করিতে পারিবেন।

আইনদ্বারা যে কার্য্যের অনুমতি হয় নাই যদি এমত কার্য্য করণে উপরোক্ত দোষ হইয়া থাকে,

তবে সেই কোম্পানিকে উক্ত বেআইনী কার্য্য করিতে নিষেধ করিবার জন্যে উক্ত আডবোকেট জেনরল সাহেব আজ্ঞাপত্র পাইবার কিম্বা বিষয় বিবেচনায় অন্য যদ্রূপ উপকার প্রাপ্তির প্রয়োজন তাহা পাইবার উপযুক্ত কর্ম্ম করিবেন।

যে জজ সাহেবের নিকটে প্রার্থনা হয় অভিযুক্ত কোম্পানির ক্রিয়া আইনের অনুমত নহে যদি তাঁহার এইরূপ বিবেচনা থাকে তবে তিনি সেই নিষেধ আজ্ঞা দিবেন।

কিন্তু যে কোম্পানির অপরাধ হয় স্থানীয় গবর্ণমেণ্ট সেই কোম্পানির এজেণ্ট সাহেবকে সংবাদ দিলে পর একুশ দিন গত না হইলে আডবোকেট জেনরল সাহেব মোকদ্দমাঘটিত পূর্ব্বোক্ত কোন কার্য্য করিবেন না এবং অপরাধ হইলে পর এক বৎসরের মধ্যেই তদ্রূপ প্রত্যেক কার্য্য করিতে হইবে ইতি।

মৃত্যু হইলে পারিতোষিকের বিধি।

[যে অন্যায় ক্রিয়াহেতুক নালিশ হইতে পারে, তদ্দ্বারা কোন ব্যক্তির পরিবারের হানি হইলে, ক্ষতিপূরণের মোকদ্দমার কথা।]

৮৫ ধারা। যদি কোন কোম্পানির কি তাঁহারদের কোন কার্য্যকারক দের কি চাকরদের কোন অন্যায় ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটিদ্বারা কোন ব্যক্তির মৃত্যু হয় এবং তাহার মৃত্যু না হইলে সেই ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটির ভাব বিবেচনায় যদি তদ্ধেতুক সেই আহত ব্যক্তির মোকদ্দমা করিয়া ক্ষতিপূরণ পাইবার অধিকার থাকিত তবে আহত ব্যক্তির মৃত্যু হইলেও এবং যে বিষয়োপলক্ষে তাহার মৃত্যু হইল তাহা আইনমত অপরাধের তুল্য হইলেও কোম্পানির নামে হানিপূরণের মোকদ্দমা হইতে পারিবে।

তদ্দ্বারা যে ব্যক্তির মৃত্যু হইয়া থাকে, তাঁহার স্ত্রী কি স্বামী কি পিতা কি মাতা কি পিতামহ কি পিতামহী কি মাতামহ কি মাতামহী কি সন্তান কিম্বা ভর্ত্তৃসুত কি সপত্নীসুত কি পৌত্র কি দৌহিত্র থাকিলে তাঁহারদের কাহার উপকারের নিমিত্তে এবং মৃত ব্যক্তির অছি

of the executor or administrator (if any) of the person deceased

If there shall be no such executor or administrator

Or if (there being such executor or administration) no such suit shall, within six months after the death, have been brought by such executor or administrator

Then the suit may be brought by and in the names of the persons for whose benefit such action would have been if it had been brought by and in the name of such executor or administrator And every such suit shall be for the benefit of the same persons and shall be subject to the same procedure as nearly as may be, as if it had been brought by and in the name of the executor or administrator

[Damages]

86 In every such suit the Court may give such damages as it may think proportioned to the pecuniary loss resulting from such death to the parties respectively for whom and for whose benefit the suit shall be brought

The amount so recovered after deducting all costs and expenses including the costs not recovered from the defendant, shall be divided among the before mentioned parties or any of them, in such shares as the Court shall direct

It shall be sufficient if the defendant pays money into Court, that he pays it as a compensation in one sum to all persons entitled under this Act for his wrongful act neglect and default without specifying the shares into which it is to be divided by the Court And if the said sum be not so accepted and an issue is framed as to its sufficiency and the Court shall think the same sufficient the defendant shall be entitled to judgment upon that issue

[Claim for loss to estate may be added]

87 In any such suit the plaintiff may insert a claim for and recover any pecuniary loss to the estate of the deceased occasioned by such wrongful act, neglect or default which sum when recovered shall be deemed part of the assets of the estate of the deceased

[Limitation of suits under Section 85]

88 Provided that not more than one suit under Section 85 shall be brougnt for or in respect of, the same subject matter of complaint and that every such suit shall be brought within twelve months after the death of the deceased

কি সম্পত্তিনিরূপণাধিকারী থাকিলে, তাঁহার দ্বারা ও তাঁহার নাম দিয়া উক্ত প্রত্যেক মোকদ্দমা উপস্থিত করা যাইবে।

যদি তদ্রূপ অছি কি সম্পত্তিনিরূপণাধিকারী না থাকে,

অথবা অছি কি সম্পত্তি নিরূপণাধিকারী থাকিলে, যদি তিনি ঐ ব্যক্তির মৃত্যুর পর ছয় মাসের মধ্যে মোকদ্দমা উপস্থিত না করেন,

তবে ঐ অছি কি সম্পত্তিনিরূপণাধিকারির দ্বারা ও তাঁহার নাম দিয়া মোকদ্দমা উপস্থিত করা গেলে, যে ব্যক্তিরদের উপকারার্থে করা যাইত, তাঁহারাই নিজ নামে সেই মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। এবং তদ্রূপ প্রত্যেক মোকদ্দমা সেই ব্যক্তিদের উপকারের জন্যে হইবে। এবং অছি কি সম্পত্তিনিরূপণাধিকারী নিজ নামে মোকদ্দমা করিলে, ঐ মোকদ্দমার যে কার্য্য প্রণালী হইত সাধ্যমতে তত্তুল্য প্রণালীতে কার্য্য হইবে ইতি।

[ক্ষতিপূরণের কথা।]

৮৬ ধারা। যে ব্যক্তিদের নিমিত্ত ও যাঁহারদের উপকারার্থে মোকদ্দমা উপস্থিত করা যায়, আদালতের বিবেচনাতে মৃত ব্যক্তির মরণদ্বারা তাঁহারদের টাকার হিসাবে যত ক্ষতি হয় তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায় আদালত তদনুসারে ক্ষতিপূরণের আজ্ঞা করিবেন।

তদ্রূপ প্রাপ্ত টাকাহইতে খরচ খরচা বাদ দিতে হইবে। প্রতিবাদির স্থানে যে খরচা আদায় না হয়, তাহাও বাদ দেওয়া যাইবে। অবশিষ্ট টাকা আদালত যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে অংশ করিয়া পূর্ব্বোক্ত ব্যক্তিদের কি তাহারদের কোন কাহারও মধ্যে বন্টন করা যাইবে।

এই আইনমতে প্রতিবাদির অন্যায় ক্রিয়া ও শৈথিল্য ও ক্রটিহেতুক যে সকল ব্যক্তির ক্ষতিপূরণ পাইবার অধিকার থাকে, তাঁহারদের মধ্যে যত অংশ করিয়া আদালতের সেই টাকা বন্টন করিতে হইবে, প্রতিবাদী তাহা নির্দ্দিষ্ট না করিয়া যার ক্ষতিপূরণার্থ সেই টাকা মোটে আদালতে অর্পণ করেন তাহা হইলে কার্য্য সিদ্ধ হইবে। যদি সেই টাকা তদ্রূপে গ্রাহ্য না হয়, এবং তাহা অকুলান বলিয়া ইস্যু নির্ণয় হইলে, যদি আদালত তাহা পর্য্যাপ্ত জ্ঞান করেন, তবে সেই ইস্যুর উপর প্রতিবাদির পক্ষে ডিক্রী হইতে পারিবে ইতি।

[সম্পত্তির পক্ষে ক্ষতির দাওয়া সংযোগ হইবার কথা।]

৮৭ ধারা। পূর্ব্বোক্ত অন্যায় ক্রিয়ার কি শৈথিল্যের কি ক্রটির দ্বারা মৃত ব্যক্তির সম্পত্তি সম্পর্কে টাকার ক্ষতি হইলে, বাদী পূর্ব্বোক্ত কোন মোকদ্দমায় সেই টাকার নিমিত্তে দাওয়া করিয়া তাহাও পাইতে পারিবেন। সেই টাকা আদায় হইলে, মৃত ব্যক্তির সম্পত্তির একাংশ জ্ঞান হইবে ইতি।

[৮৫ ধারামত মোকদ্দমা করিবার সময়সীমার কথা।]

৮৮ ধারা। পরন্তু অভিযোগের এক বিষয় ধরিয়া ৮৫ ধারামতে এক মোকদ্দমার অধিক করিতে হইবে না। ও মৃত ব্যক্তির মৃত্যুর পর দ্বাদশ মাসের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুয়ারি।]

PART VI

FINES AND CONVICTIONS

[Levy of fines under this Act]

89 All fines imposed under this Act may be recovered if for offences committed outside the local limits of the towns of Calcutta Madras and Bombay in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committed within those limits in the manner prescribed by any Act regulating the Police of such towns in force for the time being Provided that all such fines when imposed upon a Company or upon an officer or servant of a Company may in case of non payment thereof within seven days after the imposition be levied by distress and sale of the moveable property of the Company, excepting the engines or other rolling stock, by warrant under the hand of the Magistrate who shall have imposed the fine or in case of his absence sickness or death, by warrant under the hand of any other Magistrate

[Company's servant liable to be summoned where fine imposed on Company in consequence of his negligence or misconduct]

90 When any fine is imposed under this Act upon and paid by any Company and failure omission, or neglect, for which the fine is imposed, shall have been caused by the negligence or wilful misconduct of any of their servants, such servant shall be liable to be summoned, on the complaint of the Company, before a Magistrate, and upon proof to his satisfaction that the said failure, omission or neglect was caused by the negligence or wilful misconduct of such servant, the Magistrate may order him to make good and reimburse to the Company the amount of the said fine

[Prosecution of Railway servants for offences under this Act Penalty in default of prosecution]

91 Whenever any servant of a Company shall be guilty of any act or omission contrary to the provisions of this Act, or by reason of which any accident causing or likely to cause serious personal injury, occurs, the Company shall give notice thereof to the Local Government and may if it thinks fit, and shall if the Local Government so requires, prosecute such servant before a Magistrate Any Company wilfully omitting to give such notice, or (after being required as aforesaid) failing to institute and complete such prosecution, shall be liable to a fine not exceeding one thousand Rupees

ষষ্ঠ খণ্ড।

অর্থদণ্ডের ও দোষ নির্ণয়ের বিধি।

[এই আইনমত অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৮৯ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে অপরাধ হইয়া এই আইন মতে যে অর্থদণ্ড ধার্য্য হয়, তাহা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইতে পারিবে। উক্ত সীমার মধ্যে অপরাধ হইয়া যে অর্থদণ্ডের আজ্ঞা হয় ঐ২ নগরের পোলীসের কার্য্যবিধায়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে অর্থদণ্ড সেই আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইবে। কিন্তু কোম্পানির কিম্বা তদীয় কোন কার্য্যকারকের কি চাকরের তদ্রূপ যে অর্থদণ্ড দিবার আজ্ঞা হয়, সেই দণ্ড ধার্য্য হইবার পর যদি সাত দিনের মধ্যে না দেওয়া যায়, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ অর্থদণ্ডের আজ্ঞা দিলেন তাঁহার স্বাক্ষরিত পরওয়ানার বলে, কিম্বা তাহার অনুপস্থান কি পীড়া কি মৃত্যু হইলে অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষরিত পরওয়ানার বলে কোম্পানির ইঞ্জিন ও চক্রবিশিষ্ট দ্রব্য ভিন্ন অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণ দ্বারা ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

[কোম্পানির কোন চাকরের অমনোযোগ কি অসদাচারপ্রযুক্ত কোম্পানির অর্থদণ্ডের আজ্ঞা হইলে সেই চাকরকে আহ্বান করিতে পারিবার কথা।]

৯০ ধারা। যদি এই আইনমতে কোন কোম্পানির অর্থদণ্ডের আজ্ঞা হয়, ও সেই দণ্ডের টাকা দেওয়া গিয়া থাকে, কিন্তু যে ত্রুটির কি শৈথিল্যের জন্যে অর্থদণ্ডের আজ্ঞা হইল তাহা যদি কোম্পানির কোন চাকরদিগের অমনোযোগ কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচার দ্বারা হইয়া থাকে, তবে কোম্পানি নালিশ করিলে সেই চাকরকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আহ্বান করা যাইতে পারিবে এবং সেই চাকরের অমনোযোগ কি ইচ্ছাপূর্ব্বক অহিতাচার দ্বারা উক্ত ত্রুটি কি শৈথিল্য হইয়াছিল মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, তিনি সেই চাকরের প্রতি কোম্পানির উক্ত অর্থদণ্ডের টাকা পূরণ করিয়া ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[এই আইন লিখিত অপরাধ হেতুক রেলওয়ে কার্য্যকারকদের নামে নালিশের কথা ও নালিশ না হইলে দণ্ডের কথা।]

৯১ ধারা। যদি কোম্পানির কোন চাকর এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্যের কি ত্রুটির অপরাধী হয় কিম্বা যে বিঘটনার দ্বারা কোন ব্যক্তির কায়িক গুরুতর হানি হয় কি হইবার সম্ভাবনা থাকে যদি উক্ত কার্য্য দ্বারা তদ্রূপ বিঘটনা ঘটে, তবে কোম্পানি স্থানীয় গবর্ণমেন্টের নিকট সেই বিষয়ের সম্বাদ দিবেন এবং উপযুক্ত বোধ করিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই চাকরের নামে নালিশ করিতে পারিবেন ও স্থানীয় গবর্ণমেন্ট আজ্ঞা করিলে অবশ্য নালিশ করিবেন। যদি কোন কোম্পানি ইচ্ছাক্রমে পূর্ব্বোক্ত সংবাদ না দেন, কিম্বা নালিশ করিবার আজ্ঞা পাইলে যদি মোকদ্দমা উপস্থিত না করেন ও সমাপ্তি পর্য্যন্ত না চালান, তবে সেই কোম্পানির একসহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Government Gazette, 28th January 1868]

[Jurisdiction of Magistrate &c, to fine]

92 Any person, whether a European British subject or not who shall be guilty of any offence for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Police Magistrate in any of the Presidency towns whether the offence shall have been committed within the local limits of the jurisdiction of such officer or not

[মাজিষ্ট্রেট প্রভৃতির অর্থদণ্ড করিবার ক্ষমতার কথা।]

৯২ ধার। কোন ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলেও এই আইনের বিধানমতে যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে তিনি যদি এমত কোন অপরাধের দোষী হন তবে কোন রাজধানীর পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে কিম্বা বাহিরে সেই অপরাধ হইলে সেই মাজিষ্ট্রেট সাহেব তাঁহার সেই অপরাধের দণ্ড করিতে পারিবেন ইতি।

[Conviction to be quashed on merits only Form of conviction &c]

93 No conviction order or judgment of any Magistrate shall be quashed for error of form or procedure but only on the merits and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment the evidence on which it proceeds but the depositions taken or a copy of them shall be returned with the conviction order, or judgment, in obedience to any writ of *certiorari* and if no jurisdiction appears on the face of the conviction, order or judgment but the depositions taken supply that defect the conviction order, or judgment shall be aided by what so appears in such depositions

[অপরাধের নির্ণযপাদ কেবল দোষগুণ হেতুক অসিদ্ধ হইবার এবং দোষনির্ণব প্রভৃতি লিখিবার পাঠের কথা।]

৯৩ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের নির্ণয়পাদ কি আজ্ঞা কি নিষ্পত্তি রীতির কি কার্য্যপ্রণালীর ভুল হেতুক অসিদ্ধ হইতে পারিবে না, কেবল দোষগুণ হেতু অসিদ্ধ হইতে পারিবে। এবং নির্ণযপাদ কি নিষ্পত্তি যে প্রমাণের বলে করা যায় তাহা সেই নির্ণয় পত্রের অভিমুখে লেখা আবশ্যক নহে, কিন্তু যদি সর্টিওরেরি নামক কোন পরওয়ানা বাহির হয় তবে যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার প্রতিলিপি ঐ নির্ণয পাদের কি আজ্ঞার কি নিষ্পত্তিপত্রের সঙ্গে পাঠান যাইবে, এবং নির্ণয পাদ ও আজ্ঞা ও নিষ্পত্তিপত্রের অভিমুখে যদি বিচারাধিপত্য না থাকা দৃষ্ট হয়, কিন্তু যে সাক্ষ্য লওযা গেল তদ্দারা যদি সেই দোষের প্রতিকার হইয়া থাকে, তবে উক্ত সাক্ষ্যপত্রে যাহা দৃষ্ট হয় তদ্দারা সেই নির্ণযপাদের কি আজ্ঞার কি নিষ্পত্তির প্রতিপোষণ হইবে ইতি।

SCHEDULE

No of Act	Title of Act	Extent of Repeal
XVIII of 1854	An Act relating to Railways in India	The whole
XIII of 1855	An Act to provide compensation to families for loss occasioned by the death of a person caused by actionable wrong	So far as regards suits against Railway Companies
LII of 1860	An Act to amend Act XVIII of 1854	The whole
XXII of 1863	An Act to provide for taking land for works of public utility to be constructed by private persons or Companies and for regulating the construction and use of works on lands so taken	So far as relates to Railways
XXXI of 1867	An Act to render penal certain offences committed by servants of Railway Companies	The whole

তফসীল।

আইনের নম্বর।	আইনের আখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৮৫৪ সা ১৮ আ	ভারতবর্ষেতে রেলওয়ে বিষয়ি	সম্পূর্ণ আইন।
১৮৫৫ সা ১৬ আ	যে ক্ষতির বাবৎ দাবির নালিশ হইতে পারে এমত ক্ষতির দ্বারা কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার পরিবারের ঐ ক্ষতি পূরণ পাইবার বিধান করণের আইনের	যে পর্য্যন্ত রেলওয়ে কোম্পানির নামে মোকদ্দমার সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৬০ সা ৫২ আ	১৮৫৪ সালের ১৮ আইন সংশোধনার্থ	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সা ২২ আ	সাধারণ ব্যক্তিরা কি কোন কোম্পানি সর্ব্বসাধারণের উপকারার্থ যে বিষয় প্রস্তুত করিবেন, তজ্জন্যে ভূমি গ্রহণ করিবার এবং তদ্রূপ গৃহীত ভূমিতে বিষয় প্রস্তুত ও তদ্ব্যবহার করণের বিধান করিবার আইনের	যে পর্য্যন্ত রেলওয়ের সহিত সম্পর্ক রাখে সেই পর্য্যন্ত।
১৮৬৭ সা ৩১ আ	রেলওয়ে কোম্পানির চাকরদিগের কোন২ অপরাধ দণ্ডাধীন করণার্থ	সম্পূর্ণ আইন।

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India
Home Department, (Legislative)

উইটলী ষ্টোকস,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATION

It is hereby notified that the High Court have been pleased to add *Elberlings Treatise on Inheritance* to the List of Text Books prescribed for the qualification of Pleaders of the 1st and 2nd Grades, in the *Rules* of the 2nd May 1866 drawn up in accordance with Section 4, Act XX of 1866, and published in the *Calcutta Gazette* of the 2nd and 9th idem

The above treatise will accordingly take its place under Rule 6 among the works named in Clause 1, upon the subject of (E) The Hindoo Law of Inheritance succession and adoption" and also under Rule 18 as one of the works shewn under Clause 1, upon the subject of "Hindoo Law"

By order of the High Court,

C D FIELD

Registrar

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৬ সালের ২০ আইনের ৪ ধারামতে প্রণীত ১৮৬৬ সালের মে মাসের ২ তারিখের বিধিঅনুসারে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর উকীলদের কর্ম্মক্ষম হওয়ার নিমিত্তে যেং পুস্তক নির্দ্দিষ্ট হইয়া ঐ মাসের ৫ ও ২২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত হইয়াছে তাহাতে হাই কোর্টের সাহেবেরা এলবর্লিং সাহেবের কৃত উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থা পুস্তক সংযোগ করিয়াছেন।

৬ ধারার ১ প্রকরণে যেং পুস্তকের নামোল্লেখ হইয়াছে তন্মধ্যে E চিহ্নিত দফার দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তক গ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থার মধ্যে এবং ১৮ বিধির ১ দফায় হিন্দু ব্যবস্থাবিষয়ক যেং পুস্তক নির্দ্দিষ্ট হইয়াছে তন্মধ্যে এই পুস্তক খানিও গৃহীত হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে

সি ডি ফীলড

রেজিষ্ট্রার

JOHN ROBINSON *Bengalee Translator*

FINANCIAL DEPARTMENT

NOTIFICATION

Fort William, the 3rd January 1868

No 9

To remove certain misapprehensions of the rules for leave of absence and pension to Uncovenanted Servants the Governor General in Council is pleased to publish the following orders —

2 Financial Notification No 3031, dated 29th October 1866 promulgated new pension rules for Native Judges The option of the old pension rules, which is secured by that Notification, to Native Judges who were in the service on 29th October 1866 is not affected by their transfer to Small Cause Courts as Judges

3 New rules for leave of absence and pensions for Uncovenanted Servants, generally were promulgated on 8th June 1863 An Uncovenanted Servant appointed before that date and whom the Government may consider to be entitled to favorable consideration, is allowed by Financial Notification No 1349, dated 29th March 1865 to count service towards pension under the old rules, whenever, in respect of such reckoning they may be more beneficial than the new, provided he shall not, at any time, have availed himself of the benefits conferred by the new leave rules This proviso does not give any Uncovenanted Servant appointed before 8th June 1863, the option of the old leave rules Whatever leave he requires must

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৮ সাল ৩ জানুআরি।

৫৯ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর ও পেন্স্যনের বিধির কোনং ভ্রমাপনোদন করণার্থ নিম্নলিখিত আজ্ঞা প্রচার করিলেন।

২। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখের ৩০৩১ নম্বরের বিজ্ঞাপন দ্বারা দেশীয় বিচারপতিদের নূতন পেন্স্যনের বিধি প্রকাশ হয়। দেশীয় যে বিচারপতিরা ১৮৬৬ সালের অক্টোবর মাসের ২৯ তারিখে কর্ম্মে নিযুক্ত ছিলেন তাঁহাদের প্রতি উক্ত বিজ্ঞাপনদ্বারা সেচ্ছাক্রমে পুরাতন কিম্বা নূতন বিধিমতে পেনস্যন লইবার যে অনুমতি হইয়াছে, ক্ষুদ্র মোকদ্দমার আদালতে তাহারা জজস্বরূপ নিযুক্ত হইলেও তাহা অব্যাহত থাকিল।

৩। অচিহ্নিত সর্ব্বসাধারণ কার্য্যকারকদের ছুটীর ও পেন্স্যনের নূতন বিধি ১৮৬৩ সালের জুন মাসের ৮ তারিখে প্রকাশ করা যায়। অচিহ্নিত যে কার্য্যকারক ঐ তারিখের পূর্ব্বে নিযুক্ত ছিলেন যদি গবর্ণমেণ্ট তাঁহাকে অনুগ্রহের যোগ্যপাত্র জ্ঞান করেন তবে নূতন বিধিমতে পেনস্যন প্রাপ্যোপযুক্ত কর্ম্মের কালের হিসাব করিলে যত লাভ হয় যদি পুরাতন বিধিমতে হিসাব করিলে তদধিক লাভ সম্ভাবনা, তবে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের মার্চ মাসের ২৯ তারিখের ১৩৪৯ নম্বরের বিজ্ঞাপনক্রমে তাহার সেই পুরাতন বিধিমতে হিসাব করিবার অনুমতি আছে। কিন্তু ইহাতে প্রয়োজন যে তিনি কখন কালে ছুটীর নূতন বিধির দত্ত উপকার গ্রহণ না করেন। ১৮৬৩ সালের জুন মাসের ৮ তারিখের পূর্ব্বে যে কোন অচিহ্নিত কার্য্যকারক নিযুক্ত হন, উক্ত উপবিধিক্রমে ছুটীর পুরা

be given under the new rules, but if he desires to retain the benefit conceded in Financial Notification dated 29th March 1865, he must abstain from availing himself of so much of the advantages of the leave that he may take under the new rules as may be in excess of what he could have had under the old rules

4 Periods of absence on any leave, except privilege leave and (conditionally) preparatory leave do not count towards pension This prohibition is a part of the new pension rules, rather than of the new leave rules, and accordingly all who are debarred from the option of the old pension rules, are also debarred from counting as service periods of absence which, in the new pension rules, are not regarded as service

E H Lushington
Secy to the Govt of India

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 233

Appointments

The 16th January 1868

Subject to the sanction of His Excellency the Governor General of India Mr T H Cowie is appointed to be a Member of the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Chittagong *viz* —

Mr A L Clay
W Sarson
, H H Martin
R D Nuthall

Mr A L Clay to be also Vice Chairman of the Municipal Commissioners for the said Town

Baboo Bejoy Kissen Mookerjee to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Ootrparah

The 17th January 1868

Mr C J Cowie to officiate as an Extra Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that Province, during the absence on deputation, of Mr J W Edgar, or until further orders

তন বিধিমতে ছুটী লওয়া কি না লওয়া তাঁহার স্বেচ্ছাধীন নহে। ছুটী চাহিলে অবশ্যই নূতন বিধিমতে লইতে হইবে। কিন্তু ফিনাম্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের মার্চ মাসের ২৯ তারিখের বিজ্ঞাপনমতে যে উপকার প্রদত্ত হইয়াছে তাহা যদি স্বপক্ষে রক্ষা করিতে ইচ্ছা করেন, তবে পুরাতন বিধি অপেক্ষা নূতন বিধিমত ছুটীর যে শ্রেষ্ঠতর নিয়ম আছে প্রয়োজন যে তিনি সেই শ্রেষ্ঠতর নিয়মমতে ছুটী গ্রহণ না করেন।

৪। পেনশ্যন পাইবার যোগ্য হওনার্থে যত কাল কর্ম্ম করিতে হইবে অনুগ্রহের ছুটী এবং নিয়মাধীনে প্রস্তুত হওনার্থে ছুটীভিন্ন অন্য ছুটীর সময় সেই কালের মধ্যে গণ্য নহে। ছুটীর নূতন বিধির মধ্যে এই নিষেধ থাকিলেও পেনশ্যনের নূতন বিধির একাংশ আছে অতএব পেনস্যনের পুরাতন কিম্বা নূতন বিধি ক্রমে যাহারদের স্বেচ্ছাধীনে পেনশ্যন পাইবার অনুমতি নাই, পেন্স্যনের নূতন বিধিমতে যে ছুটীর কাল কর্ম্ম করণের কালের মধ্যে গণ্য নয় তাঁহারা সেই ছুটীর কাল পেনশ্যন প্রাপণোপযুক্ত কর্ম্মের কালের মধ্যে ধরিতে পারিবেন না।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২৩৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৬ জানুআরি।

ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবণর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায় শ্রীযুত টি, এচ, কৌই সাহেব ফোর্ট উলিয়ম প্রেসীডেন্সীর বঙ্গদেশ বিভাগের আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার এক জন সভ্যের পদে নিযুক্ত হইয় ছেন।

নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন

শ্রীযুত এ এল ক্লে সাহেব।
,, ডবলিউ সার্সন সাহেব।
,, এচ এচ মার্টিন্ সাহেব।
,, আর ডি নট্হল্ সাহেব।

শ্রীযুত এ এল ক্লে সাহেব উক্ত নগরের মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতিও হইবেন।

শ্রীযুত বাবু বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় উত্তরপাড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত জে ডবলিউ এডগর সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি জে কৌই সাহেব আসামে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন, ও ঐ প্রদেশে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

The 18th January 1868

Mr H W Barber, Deputy Magistrate and Deputy Collector, Cox's Bazar, is vested with the powers of a Magistrate in the District of Chittagong

The following Deputy Collectors, now employed on duty in connection with the embankment enquiries, are vested with the powers of a Deputy Collector, under Regulation IX of 1833, in all the Districts of the Cuttack Division *viz* —

Mr W C Taylor
Baboo Sitakant Mookerjee
„ Hurri Nath Chatterjee

The 20th January 1868

Mr P T Carnegy to officiate as Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills, and to exercise the powers of a Civil Judge in that District, during the absence on leave, of Lieutenant Colonel H S Bivar, or until further orders

The 21st January 1868

Baboo Anund Mohun Mozoomdar Deputy Magistrate and Deputy Collector, Bongong, is vested with the powers of a Magistrate in Furreedpore and Jessore, and is also specially authorized, under Section 19, Act VI (B C) of 1862, to receive suits under that Act and Act X of 1859 in the District of Furreedpore and within the limits of the Sub Divisions of Nurrail and Magoorah in the District of Jessore

Major W Reveley to be a Deputy Inspector General of Police of the First Grade, and to be Deputy Inspector General of the Fifth Police Circle

Major J M Graham to be Deputy Commissioner of Police of Calcutta

Mr J Westland, Officiating Joint Magistrate and Deputy Collector of Nuddea is appointed, under Section 5, Act IV (B C) of 1867, to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X of 1859, and Act VI (B C) of 1862

Mr O G R McWilliam to be an Assistant Commissioner of the Second Grade in Cachar, and to exercise the powers of a Magistrate Deputy Collector, and Principal Sudder Ameen in that District

Mr W H Thompson Assistant Magistrate and Collector to have charge of the Sub Division of Serajgunge, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in the Districts of Pubna and Bogra

Mr J R E Gouldsbury to be an Extra Assistant Commissioner of the First Grade in Chota Nagpore, and to exercise the powers of a Subordinate

[*Government Gazette*, 28*th January* 1868]

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

কক্সবাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব চট্টগ্রাম জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

নিম্নলিখিত যে ডেপুটী কালেকুটরেরা বাঁধ সংক্রান্ত কার্য্যের অনুসন্ধানার্থ এইক্ষণে নিযুক্ত আছেন তাঁহারা কটক খণ্ডের সকল জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব।
, বাবু সীতাকান্ত মুখোপধ্যায।
,, বাবু হরিনাথ চট্টোপাধ্যায।

১৮৬৮ সাল ২০ জানুআরি।

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ এস বিবার সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি টি কার্ণেগি সাহেব কাশীযা ও জযন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন এব ঐ জিলাতে সিবিল জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

বনগাঁযের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার ফরীদপুরে ও যশোহরে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন, ও ১৮৬২ সালের বঙ্গদেশীয ৬ আইনের ১৯ ধারামতে ফরীদপুর জিলাতে ও যশোহর জিলার অন্তর্গত নড়াইল ও মাগুড়া শাখাখণ্ডের সীমার মধ্যে ঐ আইন ও ১৮৫৯ সালের ১০ আইনমত মোকদ্দমা গ্রহণ করিতে বিশেষ ক্ষমতা পাইযাছেন।

মেজর শ্রীযুত ডবলিউ রেবিলী সাহেব পোলীসের প্রথম শ্রেণীর ডেপুটী ইনিস্পেকুটর জেনরল হইয়া পোলীসের পঞ্চম চক্রের ডেপুটী ইনিস্পেকুটর জেনরল হইবেন।

মেজর শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব কলিকাতার পোলীসের ডেপুটী কমিস্যনর হইবেন।

নদীযার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব ৮৫৯ সালের ১০ আইন ও ৮৬২ সালের বঙ্গদেশীয ৬ আইনমতের আপিলী মোকদ্দমা শ্রবণ ও তাহার বিচার করণাভিপ্রাযে ১৮৬৭ সালের বঙ্গদেশীয ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেকুটরের ক্ষমতাক্রমে কার্য্যকরণার্থে নিযুক্ত হইযাছেন।

শ্রীযুত ও জি আর মাক উলিয়ম সাহেব কাছাড়ের দ্বিতীয শ্রেণীর আসিষ্টান্ট কমিসানর হইবেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ও প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব শেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং পাবনা ও বগুড়া জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে আর ই গুলসবরি সাহেব ছোট নাগপুরে প্রথম শ্রেণীর অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর হইবেন এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধস্থ প্রথম

Magistrate of the First Class, and Moonsiff in all the Districts of that Division

The 22nd January 1868

Mr G J S Hodgkinson Assistant Magistrate of Tajpore, is vested with the powers of a Magistrate and Deputy Collector in Tirhoot

Mr J G Charles Assistant Magistrate and Collector, Tirhoot is vested with the powers of a Magistrate and Deputy Collector in that District

Baboo Chunder Narain Sing Deputy Magistrate and Deputy Collector, Hooghly is vested with the powers of a Magistrate in that District

Baboo Kristo Chunder Dutt, Deputy Magistrate and Deputy Collector Mymensing is vested with the powers of a Magistrate in that District

LEAVE OF ABSENCE

The 16th January 1868

Baboo Gopal Chunder Mookerjee Deputy Magistrate and Deputy Collector of Serampore for one month under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 10th ultimo

The 17th January 1868

Mr T T Allen, Joint Magistrate and Deputy Collector of Jessore, for fifteen months together with twenty eight days preparatory leave, from the 20th instant under Section 11 of the Covenanted Service Absentee Rules

The 18th January 1868

Mr J A Craven Deputy Magistrate and Deputy Collector Cox s Bazar for fourteen days from the 3rd ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Mr P Hurley Assistant Magistrate and Collector Chittagong for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules from the date on which he may have availed himself of the leave

Mr J Scobell Armstrong Assistant Magistrate and Collector Bhaugulpore for one month from the 1st February next under Section 6 of the Covenanted Service Absentee Rules

The 20th January 1868

Lieutenant Colonel H S Bivar Deputy Commissioner of the Cossyah and Jynteah Hill for two months under Section 6 of the Covenanted Service Absentee Rules Lieutenant Colonel Bivar will make over charge of his office to Mr J B Shadwell until the arrival of Mr P T Carnegy or until further orders

Dr J M Cameron, Civil Assistant Surgeon, Monghyr, for one month under Section 6 of the

শ্রেণীর মাজিষ্ট্রেটের ও মুনসেফের ক্ষমতাক্রম কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

তাজপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জি জে এস হজকিন্সন সাহেব ত্রিহুতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ত্রিহুতের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে জি চার্লস সাহেব ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দত্ত ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৬ জানুআরি।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় গত মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

যশোহরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টি আলেন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২০ তারিখ অবধি আটাইশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ১৮ জানুআরি।

কক্সবাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ, ক্রেবেন্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ৩ তারিখ অবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি, হর্লে সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, স্কোবেল আর্ম্মষ্ট্রং সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২০ জানুআরি।

কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ, এস, বিবার সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত পি, টি, কার্ণেগি সাহেবের না পঁহুছন, কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত বিবার সাহেব আপন কর্ম্মের ভার শ্রীযুত জে বি শ্যাডওয়েল সাহেবের প্রতি অর্পণ করিবেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে, এম, কামিরন্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের

Covenanted Service Absentee Rules The Jail Native Doctor will remain in charge of the Civil Station during Dr Cameron's absence on leave

ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থান কালে দেশীয় জেল ডাক্তর উক্ত সিবিল ষ্টেশনের কর্ম্মের ভার প্রাপ্ত থাকিবেন।

The 21st January 1868

১৮৬৮ সাল ২১ জানুআরি।

Baboo Luchminarain Pundit, Deputy Magistrate and Deputy Collector, employed on the duty of trying rent suits in Jessore and Furreedpore, is allowed leave of absence for three months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of it

যশোহর ও ফরীদপুরের খাজানার মোকদ্দমা বিচার করণ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ পণ্ডিত যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসে ছুটী পাইয়াছেন।

NOTIFICATION

বিজ্ঞাপন।

The 16th January 1868

১৮৬৮ সাল ১৬ জানুআরি।

Mr E V Westmacott, Assistant Commissioner of Gobindpore having resumed charge of his duties on the forenoon of the 24th November last, the unexpired portion of the leave granted to him under orders of the 22nd idem, is cancelled

গোবিন্দপুরের আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত ই, বি, ওয়েষ্টমাকট সাহেব গত নবেম্বর মাসের ২৪ তারিখের পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ২২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

H L DAMPIER,
Offg Secy to the Govt of Bengal

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

APPOINTMENTS

নিয়োগ।

The 17th January 1868

১৮৬৮ সাল ১৭ জানুআরি।

Baboo Kishen Chunder Chatterjee, B L, Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad, to officiate as Moonsiff of Kishengunge, Zillah Purneah

মুরশিদাবাদ জিলার হরহরপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল, পুরণিয়া জিলার কৃষ্ণগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 20th January 1868

১৮৬৮ সাল ২০ জানুআরি।

The Additional Moonsiff of Nuseerabad Zillah Mymensing to have charge of the Madargunge Moonsiffee, until a successor is appointed

মাদারগঞ্জের মুনসেফের উত্তর পদধারী নিযুক্ত না হওন পর্য্যন্ত ময়মনসিংহ জিলার নশিরাবাদের অতিরিক্ত উক্ত মুনসেফীর কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

The 21st January 1868

১৮৬৮ সাল ২১ জানুআরি।

Baboo Muddun Mohun Turkobhoosun, Moonsiff of Gowas, to be Moonsiff of Hurhurparah, Zillah Moorshedabad

গোয়াসের মুনসেফ শ্রীযুত বাবু মদন মোহন তর্কভূষণ মুরশিদাবাদ জিলার হরহরপাড়ার মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

ছুটী।

The 21st January 1868

১৮৬৮ সাল ২১ জানুআরি।

Baboo Poornoo Chunder Roy, Moonsiff of Madargunge, Zillah Mymensing, for two months under paragraph 11 of the Uncovenanted Absentee Rules

ময়মনসিংহ জিলার মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় অচিহ্নিত কার্য্যকারকের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Hur Kanto Burooah, Moonsiff of Nowgong, Zillah Assam, for two months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Absentee Rules

আসাম জিলার নৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হর কান্ত বড়ুয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

The 23rd January 1868

১৮৬৮ সাল ২৩ জানুআরি।

Moulvie Gholam Jalanee, Moonsiff of Chumparun, Zillah Sarun, for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

সারণ জিলার চাম্পারণের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম জেলানী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Chunder Prosunno Dutt, Moonsiff of Bamunara Zillah East Burdwan, for five days, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

Baboo Roodro Kanto Biswas Moonsiff of Mohamedpore Zillah East Burdwan, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

C D Field
Registrar

High Court &c
The 24th January 1868

পূর্ব্ব বর্দ্ধমান জিলার বামুনাড়ার মুনসেফ শ্রীযুক্ত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার মহম্মদপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু রুদ্রকণ্ঠ বিশ্বাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ২৪ জানুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE

It is hereby notified that a large "Mela" or Fair will be held at Gowhatty in Kamroop, Assam in February 1868 commencing on Wednesday, the 5th day of February 1868 corresponding with the 23rd of Maugh 1274 *B S* and continuing for as many days as may be deemed necessary

J T Sherer
Dy Commr of Kamroop

Dy Commr's Office,
Gowhatty, Assam
The 26th November 1867

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে আসাম প্রদেশান্তর্গত জিলা কামরূপের 'গোহাটী শহরে' আগামি ইঙ্গরাজী ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৫ই তারিখ বাঙ্গালা ১২৭৪ সালের মাঘ মাসের ২৩সা" তারিখ বুধবার অবধি এক বৃহত মেলা আরম্ভ হইবেক ও তাহা যত দিবস রাখা আবশ্যক বোধ হয় তত দিবস রাখা যাইবেক ইতি।

ডেপুটী কমিস্যনর
জিলা কামরূপ, কলেক্টর

আসাম গোহাটীর ডেপুটী কমিস্যনর সাহেবের কার্য্যালয়
তারিখ ২৬সা নবেম্বর ১৮৬৭ ইঙ্গরাজী।

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশতিহার।

TO BE SOLD

To the highest bidder at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack on Thursday the 23rd January 1868 at the hour of 12 o clock noon the right and interests of the Defendant Raja Puddonabh Deb of Killah Aul in the said Killah of Aul and also in the undermentioned Zemindaries in satisfaction of certain Decrees held by Kunhyalall Pundit and others Plaintiffs and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate the permanent jumma of which is Rs 28 139 2 7 per annum Twenty five per cent on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

Name of Zemindary	*Amounts of Sudder Jumma* Rs	As	P
Talook Burree Pergunnah Kullamatea	5 359	14	10½
Talook Narainpore Pergunnah Ditto	4 876	11	4
Kismut Talook Bahun Nagpore Pergunnah Kaima,	317	8	5
Putna Goolnagger Pergunnah Soojabad	608	7	2
Kismut Talook Nupoom Killah Kuma	539	5	11
Do Do Deoolturra, Pergunnah Burrooah,	2 288	8	3
Mouzah Ugul Pergunnah Hasimoonda	873	1	3
And Kismut Killah Ghagra Damurpore Killah Ghagra Damurpore	850	7	1½

W Wright
Principal Sudder Ameen

Cuttack
The 12th December 1867

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৮ জানুআরি।]

TO BE SOLD

"To the highest bidder at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack on Monday the 24th February 1868 at the hour of 12 o'clock, noon the rights and interests of the Defendant Rajah Bidyadhor Sendh Nurrinder Bahadoor, of Killah Coojung in the said Killah of Coojung in satisfaction of certain Decrees held by Goluck Chunder Bose Chowdry Rughoonauth Doss and others and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate the permanent jumma of which is Rupees 7,503 9 7 per annum

Twenty five per cent on the amount bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

W Wright
P S Ameen

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ ইং ১১ আক্টের ৬ ধারানুসারে জিলা বাকরগঞ্জের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৬৮ ইং ১২ জানুআরি বন্দের দিন থাকায় ১২ জানুআরি তারিখের প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৮ ইং ১৯ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা ৮ ফাল্গুন রোজ বুধবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্যে নীলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৮।

শ্রেণীর নং	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নং	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য
৩	ইস্তমুরারি জমাধার্য্য হওয়া মহাল	৪৮৭২	বোজর্গওমেদপুর পরগনা বাঞ্চা গ্রাম বগৈরহ লুকিং ॥০	আমজাদালি খোন্দকার সেখ পরবগৈরহ	১৫৫০।/৭	৩৯।৭	চতুর্থ বরের লিখিত মহাল নীলাম হইবেক।

H C Sutherland
Offg Collector

MISCELLANEOUS ADVERTISEMENT   সাধারণ ব্যক্তিদের ইশতিহার

বিজ্ঞাপন।

এণ্ডরসিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থাকের স্পিঙ্ক কোম্পানি লেপেজ কোম্পানি ও ডিরজারিও কোম্পানির পুস্তক লয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২॥০ টাকা মাত্র।

[*Government Gazette 28th January* 1868]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এফ জে রাসেল সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JANUARY 28, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৮ জানুআরি।

বিজ্ঞাপন।

এইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেহ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ক্রটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জিলা ত্রিপুরা এই যে।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইং রোজী ১৮৬৮ সালের ১৮ ফেব্রুআরি মোতাবেক ২৭৪ সালের ৭ ফাল্গুণ রোজ মঙ্গলবার অত্র জিলার কালেক্টরীর কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালের সদর জমার অতিরিক্ত খরিদাবান আদায় করিবেক ইতি। সন ১৮৬৭ ইং ২৪ ডিসেম্বর।

রাজকীয় মহালের টৌজীমহেতের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এ রু পো					
১ ১৮৫৯ই	১৭৮	প. বরদাখাত ওং কুবিথাই মধ্যে সন ১৮১৯ ই ২ কানুনের ডিক্রীর ১৬৪ নং বাহের চর।	৭২৮৬।০।১৪	৫৬৩০	৫৬।/০	৫৬৮৬।/০	১১২৬০	

F. G. Millett,

Collector

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের অন্তর্গত নিম্নের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ১৯ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৮ ফাল্গুণ বুধবার জেলা বাকরগঞ্জের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

গবর্ণমেণ্ট মাহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মালিকের রাজস্ব।	রোড সেস।	একুন।		
			এ ক প					
১৬০	৪৫৭৬	জজিরা বাহের চর কদম তলী	৮৪।০।০	১০৭৸৴	১৴	০৮৭৵	২১৫৷৵	
৯১	৪৭৯৩	জজিরা চর নিপত্তাসী তৃতীয় খণ্ড	১২৯	৬৩৪৲	৬৵	৬৪০৷৵	২৬৮৲	
১৯৮	৪৭৭৭	জজিরা চর পাতা	১১৯	৫৮৮৲	৫৸৵	৫৯৩৸৵	১১৭৮৲	
২১৫	২৬০১	তর্পে লস্করীরদিয়া শিবচন্দ্র রাজচন্দ্র দাস ভা৲	২	১৷০	৻২	১৷৩	৩৲	
২৭৪	১৭০৬	পরগনে বৈকুণ্ঠপুর রাম মাণিক্য সেন ভাং	৩	৫৲	৻৯	৫৻৯	১০৲	
২৭৬	১৬৬৩	পং বোজর্গ উমেদপুর শিব নারায়ণ দাস ভাং	১	৬৲	৴	৬৴	১২৲	
ই ১ম৷৭	১৪০৬নং ১১৫।২২৫ ১৬।১৩৯ ৬২।২২০ ১৪১	প৲ ঐ কিং ভেওলা ও মানওয়ার ওগয়রহ মুং আনন্দীরাম তাঁতী	১৫০	৫০৯৲	৫৵	৫১৫৵	১০১৮৲	
১৮	৫৬	পং ঐ কিং রানপাসা ও কুসঙ্গল সদর হাওলা নন্দরাম দাস	২	৯৷০	৴৬	৯৷৴৬	১৮৷০	
	ঐ	পং ঐ কি ঐ	০।২	২৷৵	৻৬	২৷৵৬	৫৸০	
	ঐ	পং ঐ কি ঐ	৩	৩৸৴	৵	১৩৸৶	২৭৷৵	
	ঐ	প৲ ঐ কিং ঐ	৪	১৬৷৴	৶	১৬৸০	৩৩৵	
২২	৮৪	পং ঐ কিং নাঙ্গলি মুং গঙ্গাপ্রসাদ মৌলিক	১	৮৸৵	৵	৯৲	১৭৸০	
২৩	৯২	প৲ ঐ কি৲ মোকামিয়া মু৲ ব্রজা কানু	২৬	১৪৫৲	১৷৶	১৪৬৷৶	২৯০৲	
ঐ	৯২	পং ঐ কি৲ তবিবকাটী	০।৩	১৲	৴৬	১৴৬	২৲	
ঐ	৯২	প৲ ঐ কি৲ বিবাট	১৪	৬৯৲	৷৶	৬৯৷৶	৩৮৲	
ঐ	৯২	কি৲ মহেশপুর	১২	৭৮৲	৸৬	৭৮৸৬	১৫৬৲	
২৭	১১৪	প ঐ কিং কুসঙ্গল দেবী প্রসাদ সেন ভা৲	১৪	৫৭৲	৷৴৬	৫৭৷৴৬	১১৫৲	
৩৯	১৪৭	প৲ সুমুর্গ ওমেদপুর কি৲ ঝিলবুনিয়া সদর হাওলা মির ফজলে আলি	২৪।০।০	১২৮৲	১৷	১২৯৷০	২৯৬৲	
৪৫	৬২	পং ঐ কিং কুসাঙ্গল সাং মুং মুলুকচাঁদ কস্মবার	১।০।০	৬৲	৴	৬৴	১২৲	
৫৭	৬৪	পং ঐ কিং মোকামিয়া সাং মং কাশীনাথ দাস রাম সঙ্কর মুখোপাধ্যায়	২৭।০।০	৬১৲	১৷৵	৬২৷৵	৩২২৲	
৪৮	১৭৩	পং ঐ কি কাঠালিয়া মুং নরোত্তম দাস	১।০।০	৫৪৲	৷৴	৫৪৷৴	১০৮৲	

[illegible] মহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				[illegible] কবোয়ালা জমা।	রোড ফণ্ড।	মোট।		
			এ র প					
৫২	১৭৮	পং বোজর্গ ওমেদপুর কিং মুশিয়া মুং চন্দ্রনারয়ণ দাস	৫।০।০	১৮৲	৶	১৮৶	৩৬৲	
৯১	৯৭	পং ঐ কিং ভরতকাটী মুং শ্রীনারায়ণ হাজরা।	১১।০।০	৫৭৲	॥৴	৫৭॥৴	১ ৫৲	
৯২	১৯৮	প ঐ কিং কম বির নারায়ণ মুং সৈদ দ্দীন।	৭০।০	২৮৲	।৴	২৮।৴	৫৬৲	
৯৪	২০০	পং ঐ কিং রাজনগর মুং ভেলাবেগ।	৩ ।০।০	১৫০৲	১॥০	১৫১॥০	৩০০৲	
৭০	২০৭	প. ঐ কিং বোয়ালিয়া মুরামনরসিংহ রায়।	১১।০ ০	৫৪৲	।।০	৫৫ ।০	০৮৲	
৭১	২০৮	পং ঐ কিং রামনগর।	৫।০ ০	২৫৲	।০	২৫ ০	৫০৲	
ঐ	২০৮	পং ঐ কিং ঐ	১।০।০	৭৲	৵	৭৵	১ ৲	
৭২	২০৯	পং ঐ কিং পুনিহাট তাং মদেব দাস	৭।০।০	২৯৲	।৴	২৯।৴০	৫৮৲	
৭৫	২১৪	পং ঐ হাট বিবজল	৲৯।০।০	১১১৲	৵	১১৵	২২২৲	
৭৬	২১৫	পং ঐ কিং পুনিহাট	।০ ০	৬৲	৴	৬৴	২৲	
৭৭	২ ৭	পং ঐ কিং বোয়ালিয়া মুং বৈষ্ণবদাস তৈং	২২।০ ০	১১১৲	১৴	১১২৴	২২২৲	
৮২	২৩০	প ঐ হাট আমিরগঞ্জ	৪।০।০	২০৲	।০	২০।০	৪০৲	
৯০।৯১	।২	পং ঐ কিং বেতাসীব লাখেরাজ ব্রহ্মোত্তর হরিদেব বিদ্যাবাগীশ	২৩।০।০	১৩১৲	১।৴	১৩২।৴	২৬২৲	
৯২	৮	পং ঐ কিং কেওয়াবুনিয়া নাখেরাজ	৬ ।০।০	৩৭৲	।৶	৩৭।৶	৭৪৲	
১০৯	২১	পং ঐ কি কাফিলাব নেমক তাফাল	১।০।	৮৲	৵	৮৵	৲৬৲	
১২৮	৭	পং ঐ কিং মোনারখালির দরিচর	৲০।০।০	৩৮৲	।৵	৩৮।৵	৭১৲	
৩৫	৮	প. ঐ কি ঝাটিবুনিয়া দরিচর	।০ ০	৪৲	৴	* ৪৴	৮৲	
ঐ	৮	প ঐ কি ঐ	০।০	৪৲	৴	৪৴	৮৲	
ঐ	৮	পং ঐ কি ঐ	১।০।০	৫৲	৴	৫৴	১০৲	
ঐ	১৮	প ঐ কিং ঐ	০ ২।০	২৲	৻৬	২৻৬	৪৲	
১৪	১৪৫৭ / ৪	প. ঐ দরিচর মোতালক কিং গোকাবনের দরিচর	৩৫ ৩,০	১৭৪৲	৸০	১৭৮৸০	৩৫০৲	
১৬	১৬	কিং বিবজলের দরিচর	৮৭।০।০	৪৮৭৲	৪৸৵	৪৯১৸৵	৯৭৪৲	
ঐ	১৬	কিং ঐ	৮৭।০।০	৪৯৪৲	৫৲	৪৯৯৲	৯৮৮৲	
২৯	৩১	পং ঐ কিং বৈদ্যপাসার দরিচর	৩৭।০ ০	১৫৬৲	১।৴	১৫৭॥৴	৩ ২৲	
৫১	৫৫	প. ঐ কিং কেওয়াবুনিয়া দরিচর	১১	৫৬৲	॥৴	৫৬॥৴	১১২৲	
৫২	৫৭	প. ঐ কি. কুমারখালির দরিচর	২	৫৲	৴	৫৴	১০৲	
ঐ	৫৭	পং ঐ কিং তিমিরকাটীর দরিচর	৬৭	৩৪৬।০	৩।৶৬	৩৪৯॥৶৬	৬৯২॥০	

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভুমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা। ধার্য্যকরা রাজস্ব।	রোড ফণ্ড।	জুমলা।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এ রু পো					
৫৩	৬০	পঃ বোজর্ণ ওমেদপুর কিং আওলিযাপুরের দরিচর	৩।০	৬/	/	৬৶	২৶	
৫৫	৬৩	পঃ ঐ রামপুরের দরিচর	৬।০	২৮৲	।০	২৬।০	৫২৲	
৫৯	৬৮	পঃ ঐ দেওলির দরিচর	৪।০	১৭৲	।০	১৭।০	৩৭৲	
৬৩	৭৩	পঃ ঐ শুড়বিব দবিচব	১২৪।০	৫৮৯৲	৬৲	৫৯৫৲	১১৭০৲	
৬৪	৭৪	পঃ ঐ কিং হরিদেবপুর ও হোগলা বুনিয়াদ দবিচব	৪২১।	৯৭৫৲	১৯৸	৯৯৪৸০	৩৯৫০৲	
২৫২	২৮ ২	উত্তর সাতবাজপুর বাশী রাম কৃষ্ণজাবন গুপ্ত	৬।২	২৭৸৶	।২	২৮৶২	৫১৸৶	
১৩০	৫০৬ ১১	পঃ সুমুর্ণ ওমেদপুব কিং জামুরা দরিচব	১১২।	৫০১৲	৫/	৫০৬/	১০০২৲	
২৫৪	৮৫৭৯	রাজস্বের দশগুণ হায মুল্য পঃ শ্রীবামপুব আসককাযেম পানা তালুক	০।১				১০	

H C SUTHERLAND,
Offg Collector

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতে ছ যে রঙ্গপুর জেলার মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ৪ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৪ সালের ২৩ মাঘ রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে ছানী বিক্রয় হইবেক।

১। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা গবর্ণমেণ্ট গেজেটের প্রকাশিত রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের অধীনে থাকিবেন ইতি ৮৬৮। ৭ জানুআরি।

সরকারী সম্পত্তির রেজিষ্টরের নম্বর।	* জিলার তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	একরের ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা। ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।	নীলামে প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
			এ রু প					
৩	৩২৫	কিসমত খামার ছানাগাছ পরগনে বামনডাঙ্গা।	৩১।৩।২৬	৮৫৲	৸৶	৮৫৸৶	১৭০৲	ইজারার ম্যাদ ১৮৬৮ সালের ৩০ আপ্রিল শেষ হইবেক।

J ANDERSON
Offg Collector

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নীম্নের ইস্টেটমেন্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজি ১৮৬৮ সনের ১৬ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৪ সনের ৪ চৈত্র রোজ সোমবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালাত যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদার স্বরূপ গ্রামের চৌকিদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ৮৬৮ ইং তারিখ ১১ জানুয়ারি।

রাজকীয় মহালের তৌজিখাতের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক মত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য ক
				বার্ষিক রাজস্ব।	রাস্তার ট্যাক্স	মোট।		
			এ রু প					
৩৫ ১৮৫৯ইং	৩৭	পং বরদাখাত মধ্যে জোওয়ার বলরামপুর	৯৩৫।০।৩২	১৯০৩৲	৯৲	১৯২২৲	৮০৬৲	এই মহালের বিক্রি ১২৭৪ সন বাঙ্গলা হইতে গণ্য হইবেক ইতি।
২৮ ১৮৫৯ইং	১৩১	পং মহবতপুর ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ১৭৩ নং বোবোচর	২০৩৫।০।২৪	১৫৬৯৲	৫৸	১৫৮৪৸০	৩১৩৮৲	তথা।
৯৬ ১৮৫৯ইং	১২৪	পরগনে বরদাখাত ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ২৫ নং চর বিষ্ণুরামপুরের সিকস্তির পয়বস্তি-চর মিলখি	৩৩৭।২।২৫	৫৩২৲	।৫৴	৫৩৭৴	০৮৫৲	এই মহালের বিক্রি ১২৭৫ সন বাঙ্গলা হইতে গণ্য হইবেক ইতি।

F G MILLETT
Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বালো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 4, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ৪ ফেব্রুআরি।

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(CRIMINAL SIDE)

No 1

To the Magisterial Authorities in the Lower Provinces —(dated Calcutta the 10th January 1868)

CONSIDERABLE inconvenience having been experienced in consequence of Sub Assistant Surgeons or Native Doctors at Sub Divisions being summoned from their Stations without the knowledge of the Civil Surgeon of the District, to whom they are subordinate for the purpose of giving evidence in cases in which they have held *post mortem* examinations, or when their attendance may be otherwise required by the Judicial Authorities, the High Court are pleased to direct that in future all summonses on these Medical Subordinates be served through the Magistrate or other Executive Head of the District to enable him, in communication with the Civil Surgeon, to make arrangements for the conduct of their medical duties during their absence

By order &c,
(Sd) C D FIELD
Registrar

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের মাজিষ্ট্রেটী কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা, ১৮৬৮ সাল ১০ জানুআরি।

কোন ব্যক্তির মৃত্যুর পর শাখাখণ্ডের সব আসিষ্টাণ্ট চিকিৎসকের কি এদেশীয় ডাক্তরের দ্বারা শব পরীক্ষা হইলে সেই বিষয়ের প্রমাণ দিবার জন্যে অথবা অন্য কারণে যখন তাঁহারদিগকে আদালতে উপস্থিত করা কর্তৃপক্ষেরদের প্রয়োজন হয় তখন তাঁহারা জিলার যে সিবিল চিকিৎসক সাহেবের অধীন থাকেন তাঁহার অজ্ঞাতসারে তাঁহারদিগকে আপনারদের কর্ম্মস্থানহইতে আহ্বান করা গিয়া থাকে। ইহাতে অত্যন্ত ক্লেশ হয়। এইহেতুক হাই কোর্টের সাহেবেরা এই আদেশ করিলেন, চিকিৎসাসংক্রান্ত উক্ত অধীন কার্য্যকারকদের নামে যখন আহ্বানপত্র দিতে হয়, তখন মাজিষ্ট্রেট সাহেবের কম্বা জিলার কর্ত্তৃত্বকার্য্য সম্পাদক অন্য প্রধান কার্য্যকারকের দ্বারা ঐ পত্র প্রেরণ করা যায়। তাহা হইলে তিনি সিবিল চিকিৎসক সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া ঐ অধীন চিকিৎসকদের অনুপস্থানকালে তাহারদের কার্য্য নির্ব্বাহ হইবার নিয়ম করিতে পারিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator*

HOME DEPARTMENT

NOTIFICATION

Public

Fort William the 24th January 1868

No 348

IN modification of Rule 35 of the Rules relating to emigration from the Port of Calcutta published in Notification No 2932 dated the 31st March 1865 the Governor General in Council is pleased to direct, under Section 63 Clause 1 of Act XIII of 1864 that for the future the proportion of females shall be fifty per cent to male emigrants embarked

LEGISLATIVE

The 22nd January 1868

No 39

HIS Excellency the Governor General under the authority vested in him by the Act XXIV and XXV Vic, cap 67, Section 10 is pleased to nominate James Innes Minchin, Esq of the Madras Civil Service to be an Additional Member of the Council of the Governor General for making Laws and Regulations only

E C BAYLEY

Secy to the Govt of India

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

পবলিক।

ফোর্ট উল্লিয়ম। ১৮৬৮ সাল ২৪ জানুআরি

৩৪৮ নম্বর।

কলিকাতা বন্দরহইতে মজুরদের গমনসম্পর্কীয় যে বিধি ৮৬৫ সালের মার্চ মাসের ৩১ তারিখের ২৯৩২ ন বিজ্ঞাপনে প্রকাশিত হয় তাহার ৩৫ বিধি মতান্তর করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৮৬৪ সালের ৩ আইনের ৬৩ ধারার ১ প্রকরণমতে আজ্ঞা করিতেছেন যে ইহার পর যত জন পুরুষ জাহাজে গমন করে তাহার শতজন প্রতি পঞ্চাশ জন স্ত্রী গমন করিবে।

ব্যবস্থাপন।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

৩৯ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১ ধারামতে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি মান্দ্রাজের সিবিল কার্য্য স ক্রান্ত শ্রীযুত জেমস্ ইনিস মিনচিন সাহেবকে কেবল আইন ও ব্যবস্থাকরণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত মেম্বরের পদে মনোনীত করিলেন।

ই সি বেলী

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

FINANCIAL DEPARTMENT

NOTIFICATION

Fort William the 22nd January 1868

No 517

READ the following Despatch from the Right Hon ble the Secretary of State for India —

FINANCIAL No 455 — INDIA OFFICE, *London, the 16th December* 1867

To His Excellency the Right Hon ble the Governor General of India in Council

SIR —I have considered in Council your Financial letter of the 1st October last No 217, recommending that, in lieu of gratuities at present allowed moderate compassionate allowances not exceeding Rupees 5 per mensem, should be conferred upon all servants of Government in the inferior and menial grades who may be thrown out of employment on reductions of Establishment after completing thirty years service

2 I concur with your Government that servants discharged from no fault of their own, after completing so long a period of Service as thirty years have claim to liberal treatment and I there

ফিনান্সিয়ল ডিপাটমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২২ জানুআরি।

৫১৭ নম্বর।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পশ্চাৎ লিখিত পত্র পাঠ করা গেল।

ফিনান্সীয়ল ৪৫৫ নম্বর। — ইণ্ডিয়া আফিস। লণ্ডন ১৮৬৭ সাল ১৬ ডিসেম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সমীপেষু।

গবর্ণমেন্টের নিম্ন শ্রেণীর যে চাকরেরা পেন্‌শ্যনের বিধিমতে উপকার পাইতে না পারে, তাহারা সম্পূর্ণ ত্রিশ বৎসর কর্ম্ম করণানন্তর শিরিস্তা ন্যূন করণহেতু কর্ম্মচ্যুত হইলে তাহারদিগকে পারিতোষিক দানের পরিবর্ত্তে অনুগ্রহ করিয়া মাসিক ৫৲ টাকার অনধিক সামান্য বৃত্তি দিবার অনুরোধসূচক আপনকার গত অক্টোবর মাসের ১ তারিখের ২১৭ নং রাজস্বস-ক্রান্ত পত্র আমি মন্ত্রিসভায় বিবেচনা করিয়াছি।

যে চাকরেরা ত্রিশ২ বৎসর দীর্ঘ কাল কর্ম্ম করণানন্তর নিরাপরাধে কর্ম্মচ্যুত হয় তাহাদের অনুগ্রহ প্রাপণের দাওয়া আছে বলিয়া দয়া পূর্ব্বক বৃত্তি দিবার নিমিত্ত আপনি যে প্রস্তাব করেন

fore sanction the grant to them of compassionate allowances as proposed by you

I have, &c ,

(Sd) STAFFORD H NORTHCOTE

Ordered, that the above Despatch be published in the *Gazette of India*

E H LUSHINGTON,
Secy to the Govt of India

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 331

APPOINTMENTS

The 22nd January 1868

Mr C C Stevens to be an Assistant to the Magistrate and Collector of Maldah, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District

The following gentlemen to be Members of the Municipal Committee at Nattore *viz* —

The Moonsiff of Nattore *ex officio*
Koomar Komudnath Roy
Mahomed Prosad Khan Chowdry

Captain H P W Wynch to officiate as District Superintendent of Police, Bhaugulpore during the absence on leave of Major A Francis or until further orders

The following gentlemen to be Members of the Committee for the management of the charitable Dispensary at Jessore *viz* —

Mr C H Vowell
Baboo Doorga Das Chowdry
„ Doorga Prosad Ghose
Dukhina Prosad Bose
„ Harinath Dutt
Moonshee Gyazuddin
Baboo Uma Churn Mitter

Lieutenant W G Maitland to be Secretary to the Local Committee of Public Instruction at Debrooghur

Mr E Harris to be a Municipal Commissioner for the Town of Burdwan

The 23rd January 1868

Mr R Finney to officiate as Principal Sudder Ameen of Tipperah, during the absence on leave of Moulavy Anwar Ally Khan or until further orders

Moulavy Noorool Hossein to officiate as Sudder Ameen of Noakhally, and Moonsiff of the Sudder Station of that District

[*Government Gazette*, 4*th February* 1868]

তাহাতে আমি সম্মত হইয়া সেই বৃত্তি দান অনুমোদন করিলাম।

এষ্টাফর্ড এচ নর্থকোট।

আজ্ঞা হইল যে উক্ত পত্র ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হয়,

ই এচ লশিংটন
ভারতবর্ষের গবর্নমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞা।

৩৩১ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

শ্রীযুত সি সি ষ্টিবেনস সাহেব মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা ক্রমে কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা নাটোরের মুনিসিপল কমিটীর মেম্বর হইবেন।

আপন পদোপলক্ষে নাটোরের মুনসেফ।
শ্রীযুত কুমারকুমদনাথ রায়।
„ মহম্মদ প্রসাদ খাঁ চৌধুরী।

মেজর শ্রীযুত এ ফ্রান্সিস্ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কাপ্তান শ্রীযুত এচ, পি ডবলিউ উইঞ্চ সাহেব ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা যশোহরের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত সি এচ বোয়েল সাহেব।
বাবু দুর্গাদাস চৌধুরী।
„ বাবু দুর্গাপ্রসাদ ঘোষ।
বাবু দক্ষিণাপ্রসাদ বসু।
বাবু হরিনাথ দত্ত।
মুনশী গয়াজুদ্দীন।
„ বাবু উমাচরণ মিত্র।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জি মৈটলণ্ড সাহেব দেবরুগড়ের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ই, হারিস্ সাহেব বর্দ্ধমান নগরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

১৮৬৮ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত মৌলবী আনওয়ার আলী খাঁর ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর ফিনি সাহেব ত্রিপুরার প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী নূরুল হুসেন নওয়াখালীর সদর আমীনের ও ঐ জিলার সদর স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

The 24th January 1868

Baboo Gurgoram Burwah to be a Municipal Commissioner for the Town of Gowhatty

Mr W J C Beresford to officiate, until further orders as Conservator of Port Canning

Mr J D White Sub Assistant Commissioner Nulla, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the Sonthal Pergunnahs

Mr A C Bolst Assistant Superintendent of Police Durrung is transferred temporarily to Seebsaugor

Mr P A Humphrey to officiate until further orders as Magistrate and Collector of Pubna

Mr T Norman to officiate as Joint Magistrate and Deputy Collector of Rajshahye

Mr N S Alexander to officiate as Magistrate and Collector of Mymensing during the absence on leave of Mr H J Reynolds or until further orders

Mr F Wyer to officiate as Joint Magistrate and Deputy Collector of Purneah

Dr R Deacon to be Civil Assistant Surgeon of Sylhet

Dr H M Davis to be Medical Officer of Pubna

The 28th January 1868

The 1 Grade Sub Assistant Surgeon Taraprosono Roy to be House Surgeon to the Eye Infirmary Wards of the Medical College Hospital *vice* Baboo Ram Lall Dey deceased

LEAVE OF ABSENCE

The 22nd January 1868

Lieutenant Colonel W Agnew Judicial Commissioner of Assam for eighteen days under Section 6 of the Covenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 23rd October last

Baboo Kooldeepnarain Sing Deputy Magistrate and Deputy Collector of Sarun for two months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 28th September last

Major A Francis District Superintendent of Police Bhaugulpore for one month from the 1st February next, or any other day within one month of that date on which he may avail himself of the leave to enable him to appear before the Standing Medical Committee at the Presidency

Mr W V G Tayler Magistrate and Collector of Pubna for two months and one week from the 7th February next under Section 6 of the Covenanted Service Absentee Rules

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৪ ফেব্রুয়ারি।]

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত বাবু গর্গরাম বড়ুয়া গৌহাটী নগরের এক জন মুনিসিপল কমিসনর হইবেন।

শ্রীযুত ডবলিউ জে সি বেরেস্‌ফর্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কানিং বন্দরের রক্ষকের কর্ম্ম করিবেন।

নাল্লার সব আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত জে, ডি, ওয়াইট সাহেব সাঁওতাল পরগনার অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

দরঙ্গের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, সি, বোল্‌ষ্ট সাহেব কিয়ৎকালের নিমিত্তে শিবসাগরে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি নর্ম্মাণ সাহেব রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ জে রেনল্‌ডস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ ওয়াইয়র সাহেব পুরণিয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত আর ডিকন সাহেব শ্রীহট্টের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত এচ এম ডেবিস সাহেব পাবনার চিকিৎসক হইবেন।

১৮৬৮ সাল ২৮ জানুআরি।

বাবু রামলাল দের মৃত্যু হওয়াতে তৃতীয় শ্রেণীর সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারাপ্রসন্ন রায় মেডিকাল কালেজ হাসপাতালে চক্ষুরোগের হৌস সর্জ্জন হইবেন।

ছুটী।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

আসামের জুডিসিয়ল কমিসনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ আগনিউ সাহেব গত অক্টোবর মাসের ২৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আঠার দিনের ছুটী পাইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপ নারায়ণ সিংহ গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখের আজ্ঞানুসারে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত এ ফ্রান্সিস সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি অথবা তৎপরে এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি ফেব্রুআরি মাসের ৭ তারিখ অবধি দুই মাসের ও এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

The 23rd January 1868

Moulavy Anwar Ali Khan Principal Sudder Ameen of Tipperah for six weeks, from the 6th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

The 24th January 1868

Mr C C Wood, Special Deputy Magistrate and Deputy Collector Moorshedabad is allowed leave of absence up to the 31st instant under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 14th December last

Baboo Bemola Churn Bhuttacharjee Deputy Magistrate and Deputy Collector of Moonshee gunge for three weeks from the 31st instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 27th January 1868

Baboo Rungolall Banerjee Deputy Magistrate and Deputy Collector of Cuttack on special duty for one month from the 22nd instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 28th January 1868

Baboo Nobocoomar Banerjee Principal Sudder Ameen of Beerbhoom for seven days under paragraph 12 Clause 1 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATIONS

The 23rd December 1867

On the report of the Board of Examiners the following Police Officers are declared to have passed the Second Standard of Examination at the examination held in November 1867, *viz* —

Mr G H French

" W W Daly

" W F Trotter — Subject to a further examination in Bengali

The 22nd January 1868

The appointment of Mr H C Sutherland to special duty in Maldah and that of Mr F H Pellew to officiate as Magistrate and Collector of Backergunge, notified in the *Calcutta Gazette* of the 15th instant are cancelled

The 24th January 1868

The services of Dr J Browne, Civil Assistant Surgeon of Sylhet are placed at the disposal of the Government of India, in the Military Department

The 25th January 1868

The Right Hon'ble the Secretary of State for India has granted extensions of leave to the

১৮৬৮ সাল ২৩ জানুআরি।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আনওয়ার আলী খাঁ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৬ তারিখ অবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

মুরশিদাবাদের বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি সি উড সাহেব গত ডিসেম্বর মাসের ১৪ তারিখের আজ্ঞাতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৩১ তারিখ অবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৭ জানুআরি।

বিশেষ কার্য্যে নিযুক্ত কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৮ জানুআরি।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু নবকুমার বন্দোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ২৩ ডিসেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে ১৮৬৭ সালের নবেম্বর মাসে যে পরীক্ষা হইয়াছিল তাহাতে পোলীসের নিম্ন লিখিত কার্য্যকারকেরা দ্বিতীয় কক্ষিতে উত্তীর্ণ হইয়াছেন।

শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব।

" ডবলিউ ডবলিউ ডেলী সাহেব।

" ডবলিউ এফ ট্রটর সাহেব — বঙ্গভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবে।

১৮৬৮ সাল ২২ জানুআরি।

মালদহে শ্রীযুত এচ সি সদরলণ্ড সাহেবের বিশেষ কর্ম্মে নিযুক্ত হওনের এবং শ্রীযুত এফ এচ পেলিউ সাহেবের বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টরের সাহেবের কর্ম্মে নিযুক্ত হওনের যে অনুজ্ঞা বর্ত্তমান মাসের ১৫ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা রহিত করা গিয়াছে।

১৮৬৮ সাল ২৪ জানুআরি।

শ্রীহট্টের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে ব্রৌন সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ২৫ জানুআরি।

ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব নিম্নলিখিত অচিহ্নিত কার্য্যকারকদিগকে

following Uncovenanted Officers for the periods specified against their names viz —

Mr O S Stack District Superintendent of Police for one month without pay

Mr C G Baker v c Deputy Inspector General of Police for six months, on Medical Certificate

Mr J Sanders, Professor, Presidency College Calcutta for six months on Medical Certificate

The 27th January 1868

Baboo Kalikinker Roy late Officiating Judge of the Small Cause Courts of Kooshteah Chooadangah, and Meherpore having proceeded on the 1st December last to join his appointment as Principal Sudder Ameen of Tirhoot the unexpired portion of the leave granted to him under orders of the 24th September preceding is cancelled with effect from the 1st ultimo

---

DECLARATION

The 21st January 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose viz for a road from Jellasore to Raibaniah it is hereby declared that a strip of land about 8 miles in length and 36 feet broad, more or less between the Trunk Road upon the North side of Jellasore Patna in Pergunnah Jellasore and the northern boundary of Raibaniah in Pergunnah Ittiabund in the District of Balasore is required

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857 to all whom it may concern

---

DECLARATION

T[illegible] 2[illegible] J[illegible]ry 1[illegible]68

Whereas it [illegible] ir[illegible] t[illegible] the Lieutenant Governor of Bengal that land [illegible] required to be taken at the public expense f[illegible] [illegible] public purpose [illegible] for the construction of a Section of the Culpee Road from Sonj[illegible]pore to Nachangacha in the district of 24 Pergunnahs it is hereby declared that for the above [illegible] a strip of land measuring about 50 feet wide and 2 700 feet long more or less running from north to south and passing through the [illegible] of Sonj[illegible]pore Alipore and Nachangacha in P[illegible] Mydaumulla is required

This Declaration is made, under Section 2, Act VI of 1857 to all whom it may concern

H L DAMPIER

Offg Secy to the Govt of Bengal

তাঁহারদের নামের পার্শ্বের লিখিত অতিরিক্ত ছুটী দিয়াছেন।

পোলীশের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ও এস ষ্টাক সাহেব বিনা বেতনে এক মাস।

পোলীসের ডেপুটী ইনস্পেকটর জেনরল শ্রীযুত সি জি বেকর সাহেব বি সি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাস।

কলিকাতার প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জে সাণ্ডর্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাস।

১৮৬৮ সাল ২৭ জানুআরি।

কুষ্ঠ্যা, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ভূতপূর্ব্ব একটিং জজ শ্রীযুত বাবু কালী কিঙ্কর রায় গত ডিসেম্বর মাসের ১ তারিখে ত্রিহুতায় আপন প্রধান সদর আমীনী কর্ম্মে গমনকরাতে তৎপূর্ব্ব সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা গত মাসের ১ তারিখ অবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২১ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জলেশ্বর অবধি রাইবেণিয়া পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে, জলেশ্বর পরগণার পাটনা জলেশ্বরের উত্তর দিগের পথের ও বালেশ্বর জেলার অন্তর্গত অতিয়াবাঁধ পরগনার রাইবেণিয়ার উত্তর সীমার মধ্যে ন্যূনাধিক ৮ মাইল দীর্ঘ ও ৩৬ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৫ জানুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত সোণাপুর অবধি নাচনগাছা পর্য্যন্ত কালপীর পথের একাংশ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ২৭০০ ফুট দীর্ঘ ও ৫০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উত্তর দক্ষিণ মেধামাল্লা পরগনার সোণাপুর ও আলীপুর ও নাচনগাছা গ্রামের মধ্য দিয়া যায়।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৫ ফেব্রুআরি।]

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

—

APPOINTMENTS

The 25th January 1868

Baboo Ram Monee Sein Moonsiff of Rangooneea, to be additional Moonsiff of Satkaneea Zillah Chittagong in addition to his present duties and until further orders

The Serishtadar to be placed in charge of the current duties of the Rangooneea Moonsiffee, during the absence of Baboo Ram Monee Sein from the jurisdiction of Rangooneea

C D Field
Registrar

High Court &c
The 1st February 1868

নিয়োগ।

১৮৬৮ সাল ২৫ জানুআরি।

রঙ্গনীয়ার মুনসেফ শ্রীযুত বাবু রামমণি সেন আপনার কর্ম্মের অতিরিক্ত ও অন্য আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত জিলা চট্টগ্রামের সাতকন্যার অতিরিক্ত মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রামমণি সেন যখন রঙ্গনীয়াতে না থাকেন তখন সিরিশ্তাদার রঙ্গনীয়ার মুনসেফী কাছারীর চলিত কর্ম্মের ভার পাইবেন।

সি ডি ফিল্ড
রেজিষ্টার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ১ ফেব্রুআরি।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

—

It is hereby notified that a large 'Mela' or ' ' will be held at Gowhatty in Kamroop, Assam, in February 1868 commencing on Wednesday, the 5th day of February 1868, corresponding with the 23rd of Maugh 1274 *B S*, and continuing for as many days as may be deemed necessary

J I Sheree
Dy Commr of Kamroop

Dy Commr's Office
Gowhatty Assam
The 26th November 1867

বিজ্ঞাপন।

—

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আসাম প্রদেশান্তর্গত জিলা কামরূপের গোহাটী শহরে আগামি ইঙ্গরাজী ১৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ৫ই তারিখ বাঙ্গালা ১২৭৪ সালের মাঘ মাসের ২৩শা তারিখ বুধবার অবধি এক বৃহত মেলা আরম্ভ হইবেক ও তাহা যত দিবস রাখা আবশ্যক বোধ হয় তত দিবস রাখা যাইবেক ইতি।

ডেপুটী কমিসানর
জিলা কামরূপ, আসাম।

আসাম গোহাটীর ডেপুটী কমিসানর সাহেবের কার্য্যালয়,
তারিখ ২৬শা নবেম্বর ১৮৬৭ ইঙ্গরাজী।

[*Government Gazette, 4th February* 1868]

বিক্রী নেমকের মাস্তাবারি হিসাব সন ১৮৬৭ সাল ৩১ ডিসেম্বর।

১ ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	৪,৮৩৩/	০	
ঐ ঐ কৃষ্ণনগর	৭০,০৬৭/	০	
ঐ ঐ নারাণনগর	১,২১,৮২৫/	০	৩৮৫৲
ঐ ঐ কালীনগর	১৯ ৯৪৪/	০	
ঐ ঐ পুরীঘাট্টা	১৯ ১৫৪/	০	
একুন।	২,৩৫ ৮২৩/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	০	১,২০ ৫০৬/	৩৬৫৲
ঐ ঐ সিন্ধু	০	৩,৬৪,০৯০/	৩৭৫৲
মিশ্রিত করকচ নেমক	০	১৭৯/	
একুন।	০	৪ ৮০,৭৭৫/	
পুরী।			
পাঙ্গা নেমক	১ ৪৪ ২৫৯/	০	৩৮৫৲
করকচ নেমক	০	৪,২৭,১৮১/	৩৪০৲
একুন।	১,৪৪ ২৫৯/	৪ ২৭ ১৮১/	
মোট একুন	৩,৮০ ০৮২/	৯,১১ ৯৫৬/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানা হইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটরী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৮ সাল ২৭ জানুআরি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৪ ফেব্রুআরি।]

নং ৮৩।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সাল তারিখ ১০ই ফিব্রুআরি সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৬। ৬৭ সালের উৎপন্ন আফিমের দ্বিতীয় নীলাম হইবেক, ঐ নীলামে ৪০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২৩০০
বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	১৭০০
জুমলা সিন্দুক	৪০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেন্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৭ সালের ১লা অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টি গোচর অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানার দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৮ সালের ১৫ই এবং ২১সে ফিব্রুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন, তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ, কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৮ সালের ১৫ই ফিব্রুআরি শনিবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সবরে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৮ সালের ২৫সে ফিব্রুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইস্তাহারের লিখিত পরিমাণ আফিমভিন্ন বর্ত্তমান বর্ষের উৎপন্ন নীচের লিখিত বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান আলীশান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমল সিন্দু
সন ১৮৬৮ সাল	তারিখ	১১ই মার্চ বুধবার	অথবা কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই এপ্রেল বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১ ৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই মে বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই জুন বুধবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই জুলাই বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪ ০০০
ঐ	ঐ	১০ই আগষ্ট সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	১০ই সেপ্টেম্বর বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪ ০০০
ঐ	ঐ	৯ই অক্টোবর শুক্রবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৯ই নবেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
ঐ	ঐ	৭ই ডিসেম্বর সোমবার	ঐ	ঐ	২,৩০০	১,৭০০	৪,০০০
				একুন	২৩,০০০	১৭,০০০	৪০,০০০

আর এম মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিবোর্জিম হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম সন ১৮৬৮ সাল তারিখ ৭ জানুআরি।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, FEBRUARY 18, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেন্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের পর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযাই ইহাদ্বারা স বাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ১২ জানুআরি তকের বাকি মালগুজারির নিমিত্তক ১৮৬৮ সনের ২৮ ফেব্রুআরি মো০ ১২৭৪। ১৭ ফাল্গুণ রোজ শুক্রবার এই জেলার কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৫৯ নম্বর। মৌজে উড়িয়াপাড়া ওগয়রহ পরগনে রাজনগর লিখিত মালিক জয়নুল্যা চৌধুরী সালিয়ানা সদর জমা ৪৬২৫।১১ পাই।

টৈক বাকি রাজস্ব।

১১০ নম্বর। মৌজে তেঘরা ওগয়রহ পরগনে সালবাড়ি লিখিত মালিক সরিয়উল্যা চৌধুরী ও বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে নজিব্লুল্যা ও সবকউল্যা চৌধুরী সালিয়ানা সদরজমা

টৈক। মহারাণী শ্যামমোহিনীর ৮৫৯। ১০ আইনের ডিক্রীর দেনা ৭৪১ ৶৩ পাই আদায় জন্য বিবি পাতালী মাদরে জয়নুল্যা চৌধুরী ও বিবি পবিত্রা মাদরে নজিব্লুল্যা ও সাবাকউল্যা চৌধুরী রেজেষ্টরি মালীকের স্বত্ব মধ্যে মজিব্লুল্যা দেনদারের যে স্বত্ব ও লাভ আছে তাহাই নীলামে ধরা গেল।

W R LARMINIE,
Offg Collector

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহার দ্বার ব স বাদ দেওয়া যাইতেছে যে সন ৮৫৯ সালের ১ আইনের ৬ দফার বিধানমতে জেলা মেদিনীপুরের সংক্রান্ত নিম্নলিখিত মহা ল সকল সন ১৮৬৮ সালের ১২ জানুআরি বন্দের দিন থাকায় ৩ জানুআরি সূর্য্যাস্তের দিবস প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া লিখিত আইন ও আক্টঅনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা হইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ৮৬৮ সালের ৫ মার্চ বাঙ্গলা সন ১২৭৪ সালের ২৩ ফাল্গুণ আমলী সন ২৭৫ সালের ২৪ ফাল্গুণ বৃহস্পতিবার দিবস অত্র কাছারিতে বিনা আপত্তে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ৮৬৮। ৮ ফেব্রুআরি।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

ন তৌজী।	নাম মহাল।	নাম মালিক।	সদর জমা।	মন্তব্য।
১৮৪১	প সরঙ্গ ম নন্দবাড	নরহরি বসু বিন্দাবন মাইতি	৬৬৭৷৵ ১	লেণ্ড রেবনু এবং পুলবন্দী বাকী আদায় কারণ নীলাম হইবেক।

T H H SHORTT,
Offg Collector

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৫ ফেব্রুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে রাকো সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, FEBRUARY 25, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৫ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কায্য কি প্রবল আইনংইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের বৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদাতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত কর‌ও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপম্যান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাসমহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ২৭এ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৫ই চৈত্র আম্লি সন ১২৭৫ সালের ১৬ই চৈত্র শুক্রবার জেলা মেদিনীপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে অত্র গেজেটের ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের ২। ৩। ৪ দফার অধীনে থাকিতে হইবেক।

গবর্ণমেন্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	ভূমির ন্যূনাধিক পরিমাণ একরেটে			সদর জমা			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর	রো	পোল	সদর জমা	রোড কষ্ট	একুন।		
	৯৮৪	মহাল ধর্ম্মপুর প- চেতুয়া	০।	০।	২৬		০		৪৷৷০	এই মহাল নিষ্করে নীলাম হইবেক।

W J Herschel,
Collector

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা আদালত কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে রঙ্গপুর জেলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ১৭ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৫ চৈত্র রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিবা ক্রয় করিবেন তাহারা গবণমেন্ট গেজেটের প্রকাশিত রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। উপরোক্ত পুনর্ব্বিক্রয় প্রথম খরিদারের নিমিত্ত এবং তাহার দাযে হইবেক যে খরিদার আপন ডাক পুরণ করিতে ক্রটি করিযাছে।

সরকারী সম্পত্তির ইকিচ মহালের নম্বর।	জিলার তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরের ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
			এ র প					
৩	৩২৫	কিসামত খামার হারাগাছ পরগনে বামনডাঙ্গা।	৩১।৩।২৬	৮৫৲	৸৴	৮৫৸৴	১৭০৲	ইজারার মিযাদ ১৮৬৮ ইংরেজী ৩০ আপ্রিল শেষ হইবেক।

E G Glazier,
Offg Collector

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইস্তার যারার সর্ব্বাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নীচের ইষ্টেটমেন্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজি ১৮৬৮ সনের ১৬ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৪ সনের ৪ চৈত্র রোজ সোমবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালাত যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদার স্বরূপ গ্রামের চৌকিদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৬৮ ইং তারিখ ১১ জানুআরি।

রাজকীয় মহালের টৌজিয়রের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগনার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				মার্ব্যক্তা রাজস্ব।	রাস্তার টেক্স	মোট।		
			এ র প					
৩৫ ১৮৫৯ইং	০৫	প৲ বরদাখাত মধ্যে জোওয়ার বলরামপুর	৯৩৫।০।৩২	১৯০৩৲	‘৯৲	১৯২২৲	৩৮০৬৲	এই মহালের বিক্রি ১২৭৪ সন বাঙ্গলা-হইতে গণ্য হইবেক ইতি।
২৮ ১৮৫৯ইং	১৩১	পং মহবতপুর ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ১৭৩ নং বোবোচর	২০৩৫।০।২৪	১৫৬৯৲	১৫৸	১৫৮৪৸০	৩১৩৮৲	তথা।
৯৬ ১৮৫৯ইং	১২৪	পরগনে বরদাখাত ৲৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ২৫ নং চর বিষ্ণুরামপুরের সিকস্তির পরবস্তি-চর নিলখি	৩৩৭।২।২৪	৫৩২৲	৫৶	৫৩৭৶	১০৬৪৲	এই মহালের বিক্রি ১২৭৫ সন বাঙ্গলা-হইতে গণ্য হইবেক ইতি।

F G Millett,
Collector

জিলা করিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে করিদপুর জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেন্টের মালকিয়ত স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ২০ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৮ চৈত্র শুক্রবার জিলা করিদপুরের কালেক্টরীতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন। ২৮ জানুআরি ১৮৬৮।

ডাক্তৌজির মহালাতের টৌকিয়েতের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	আন্দাজী যত একর পরিমাণ ভুমি।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				মাহা জমা ডাক্তৌর	ডাক্তার টাকুন।	মোট		
২৬৮	১০৭৯	খাস তাং রামকুমার চক্রবর্ত্তী প০ সাতৈর।	১	৩।০	/০	৩।/৯	৬॥০	
২৭২	১৫৬৫	খাস মহাল আইস চোকলা পং হাবিলি।	২	৪।৵০	/০	৪॥৶০	৯।০	

CHUNDER MOHUN ROY,
Deputy Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এক জে বাংলো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 3, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ৩ মার্চ।

HOME DEPARTMENT

LEGISLATIVE

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 21st February 1868, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a month —

No 7 OF 1868

A Bill to provide for the collection of fees by means of stamps in the High Courts at the Presidency Towns

[Preamble]

WHEREAS it is expedient to amend the law relating to the collection of fees in the High Courts of Judicature at Fort William in Bengal, Madras and Bombay, It is hereby enacted as follows —

[Short title]

1 This Act may be called " The High Court Fees' Act 1868 "

[Repeal of Act XX of 1862, sections 1, 3 and 4]

2 Sections one, three and four of Act No XX of 1862, *(to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal, and to suspend the operation of certain sections of Act VIII of 1859 in the said High Court)* are hereby repealed.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক সভা।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ২১ তারিখে পঠিত হইয়া মনোনীত কমিটির প্রতি অর্পিত হই য়াছে। এক মাসের পর তাহাদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮৬৮ সালের ৭ নম্বর।

ভিন্ন২ রাজধানীর হাই কোর্টে ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ফী আদায় করিবার যে আইন আছে তাহা সংশোধন করা বিহিত এই হেতুক নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন " ১৮৬৮ সালের হাই কোর্টের রসুমের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[১৮৬২ সালের ২০ আইনের ১, ৩, ৪ ধারা রহিত হইবার কথা।]

২ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধান করিবার ও উক্ত হাই কোর্টে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন নামক ১৮৬২ সালের ২০ আইনের প্রথম ও তৃতীয় চতুর্থ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[Fees to be collected by stamps]

3 All fees for the time being chargeable in the High Courts of Judicature at Fort William in Bengal, Madras, and Bombay, and their several offices, shall be collectd by stamps from such date, in the said High Court of Judicature at Fort William, as the Governor General of India in Council shall notify in the *Gazette of India*, and from such date, in each of the said other High Courts, as the Local Government shall notify in the local official *Gazette*

[Stamps to be impressed or adhesive]

4 All or any stamps to be used under this Act shall be impressed or adhesive as the Local Government may from time to time direct

[General Rules to be made by Local Government]

5 The Local Government, with the concurrence of the Chief Justice of the High Court, may, from time to time, make rules for regulating the use of stamps under this Act, and particularly for prescribing the application thereof to documents from time to time in use or required to be used for the purposes of such stamps, and for insuring the proper cancellation of adhesive stamps, and keeping accounts of all stamps used in the High Court under this Act.

[Documents not properly stamped to be invalid]

6 No document which ought to bear a stamp under this Act shall be of any validity unless and until it is properly stamped, but if any such document is through mistake or inadvertence, received, filed or used without being properly stamped, a Judge of the High Court may if he thinks fit, order that the same be stamped as in such order may be directed, and on such document being stamped accordingly, the same and every proceeding relative thereto shall be as valid as if it had been properly stamped in the first instance

[Saving of fees allowed to sheriff, &c]

7 Nothing in this Act shall apply to the fees allowed to the sheriff, attorneys, or any clerk or officer of the High Court, who shall be paid by fees instead of by a fixed salary, or to the fees, if any, which such sheriff, attorneys, clerk or officer shall be allowed to receive in addition to any fixed salary

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩ মার্চ।]

[ইষ্টাম্পদ্বারা রসুম আদায় করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর হাই কোর্টে ও তদধীন নানা কার্য্যালয়ে যে সময়ে যে ফী কি রসুম প্রাপ্য হয় তাহা ইষ্টাম্পদ্বারা আদায় করা যাইবে। এই নিয়ম যে তারিখ অবধি কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে চলিবে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই তারিখ ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবেন। এবং উক্ত অন্য২ হাই কোর্টে যে তারিখ অবধি চলিবে, স্থানীয় গবর্ণমেণ্ট স্ব২ স্থানের রাজকীয় গেজেটে তাহা প্রকাশ করিবেন ইতি।

[ইষ্টাম্প মুদ্রিত করিবার কিম্বা আটাল হইবার কথা।]

৪ ধারা। এই আইনমতে যে ইষ্টাম্পের ব্যবহার হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন, তদ্রূপে সেই সকল কি তন্মধ্যে কোন২ ইষ্টাম্প কাগজে মুদ্রিত করা যাইবে ও কোন২ ইষ্টাম্প আটাল হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বিধি করিবার কথা।]

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে ইষ্টাম্প ব্যবহার করিবার বিধান নিরূপণের জন্যে বিধি করিবেন, বিশেষত সময়ে২ যে দলীলে ইষ্টাম্পের ব্যবহার হয় কি করিবার আজ্ঞা হইবে তৎপ্রতি ঐ বিধি বর্ত্তাইবার জন্যে, এবং আটাল ইষ্টাম্প একবার ব্যবহার হইলে তাহার পুনশ্চ ব্যবহার হইতে না পারিবার এবং হাই কোর্টে এই আইনমতে যে সকল ইষ্টাম্পের ব্যবহার হয়, তাহার হিসাব রাখিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ হাই কোর্টে চীফ জষ্টিস সাহেবের অনুমোদনক্রমে বিধি করিবেন ইতি।

[দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলে তাহা অসিদ্ধ হইবার কথা।]

৬ ধারা। এই আইনমতে যে দলীলে ইষ্টাম্প দেওয়া উচিত তাহাতে যত কাল উপযুক্ত ইষ্টাম্প না দেওয়া যায় তত কাল তাহার ফল দর্শিবে না। কিন্তু তদ্রূপ কোন দলীলে উপযুক্ত ইষ্টাম্প না থাকিলেও যদি ভুল কি অমনোযোগক্রমে তাহা গৃহীত হইয়া কাগজ-পত্রের মধ্যে দেওয়া গিয়া কি ব্যবহার হইয়া থাকে তবে হাই কোর্টের জজ সাহেব উচিত বোধ করিলে তাহাতে স্বীয় অনুজ্ঞাক্রমে ইষ্টাম্প দিবার আজ্ঞা করিবেন, ঐ দলীল ও তৎসংক্রান্ত সমস্ত কার্য্য আদৌ উপ-যুক্তমতে ইষ্টাম্প হইয়া যেমন সিদ্ধ হইত ঐ দলীলে তদ্রূপ ইষ্টাম্প দেওয়া গেলে তেমনি সিদ্ধ হইবে ইতি।

[শরিফ প্রভৃতির ফী রক্ষা করিবার কথা।]

৭ ধারা। শরিফ কি আটর্নী কিম্বা হাই কোর্টের যে কোন ক্লার্ক কি কর্ম্মকারক নির্দ্ধারিত বেতন ভিন্ন রসুমদ্বারা পারিশ্রমিক প্রাপ্ত হন, তিনি যে ফী কি রসুম পাইতে পারেন তৎপ্রতি, এবং ঐ শরিফ কি আটর্নী কি ক্লার্ক কি কর্ম্মকারক যদি নির্দ্ধারিত বেতনাতিরিক্ত ফী কি রসুম গ্রহণ করিবার অনুমতি পান তবে তৎপ্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[Procedure in case of difference as to necessity of imposing a stamp.]

8 If any difference arise between the officer whose duty it is to see that any stamp is affixed under this Act and any suitor or attorney, as to the necessity of imposing a stamp or the amount thereof, the question shall be referred to the Taxing Officer, whose decision thereon shall be final, except when the question is, in his opinion, one of general importance, in which case he shall refer it to the final decision of the Chief Justice of the High Court

[ইষ্টাম্প বসাইবার আবশ্যকতা বিষয়ে মতের অনৈক্য হইলে ইতিকর্ত্তব্যতার কথা।]

৮ ধারা। এই আইনমতে ইষ্টাম্প বসাইবার বিষয় যে কার্য্যকারকের দৃষ্টি করা উচিত, কোন দলীলে ইষ্টাম্প বসান আবশ্যক কি না এবং কত মূল্যের ইষ্টাম্প বসাইতে হইবে এই বিষয়ে যদি তাঁহার এবং কোন বাদির কি প্রতিবাদির কি আটর্নীর মধ্যে মতের অনৈক্য হইয়া থাকে, তবে সেই কথা টাক্সিং আফিসরের বিবেচনায় অর্পিত হইবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু উক্ত অর্পিত প্রশ্নের উত্তরে সাধারণের ফলাফল দর্শে তিনি এমত অনুভব করিলে হাই কোর্টের চিফ জষ্টিস সাহেবের চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সেই প্রশ্ন অর্পণ করিবেন ইতি।

[Amendment of Stamped instrument.]

9 Where a stamped instrument is amended in order merely to correct a mistake and to make it confirm to the original intention of the parties, it shall not be necessary to impose a fresh stamp

[ইষ্টাম্পকরা দলীলের সংশোধনের কথা।]

৯ ধারা। যে দলীলে ইষ্টাম্প দেওয়া গেল যদি কেবল অশুদ্ধ কথা শুধরাইবার এবং উভয় পক্ষের মূল অভিপ্রায়ানুযায়ি করিবার নিমিত্তে তাহার সংশোধন করা যায়, তবে নূতন ইষ্টাম্প দেওয়ার আবশ্যক নাই ইতি।

[Power to extend Act to Presidency Towns' Small Cause Courts.]

10 The Local Government may by notification in the official *Gazette* extend the provisions of sections three, four, five, six, eight and nine, ***mutatis mutandis***, to the several Courts of Small Causes established in the towns of Calcutta, Madras and Bombay

[রাজধানীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি এই আইন বর্ত্তাইবার ক্ষমতার কথা।]

১০ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে ক্ষুদ্র মোকদ্দমার যেং আদালত সংস্থাপিত হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট প্রয়োজনমতে কথা পরিবর্ত্তন করিয়া রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক সেইং আদালতে ৩, ৪, ৫, ৬, ৮ ও ৯ ধারা বর্ত্তাইতে পারিবেন ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS

On the establishment of the High Courts of Judicature, it was enacted by Act XX of 1862 that Court fees and not stamp duties should be chargeable in respect of proceedings in, and business coming before, the said Courts in the exercise of their ordinary original jurisdiction and on appeal from their ordinary original civil jurisdiction The system of collecting fees in money has been found practically inconvenient as it involves much uncertainty and delay in their realization, and, further, entails the necessity of keeping complicated accounts and subjecting them to audit and examination

It is believed that this inconvenience will be obviated by the substitution of stamps for payments of fees in money, and the present Bill, which is modelled on the statute 28 Vic c 45, is intended to effect this substitution The proposed change has of late years been generally adopted in England, and is no less suited to the High Courts of this country

[*Government Gazette, 3rd March* 1868]

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

যৎকালে হাই কোর্ট সংস্থাপিত হয় তৎকালে ১৮৬২ সালের ২২ আইনের এই বিধান হইয়াছিল, উক্ত আদালতের মোকদ্দমার প্রথম স্থলীয় সাধারণ বিচারাধিপত্য সম্পর্কে এবং দেওয়ানী মোকদ্দমার প্রথম স্থলীয় সাধারণ বিচারাধিপত্যের উপর আপীল হইলে তৎসম্পর্কে রুবকারীপ্রভৃতি যে কার্য্য হয় তদুপলক্ষে ইষ্টাম্প লওয়া যাইবে না, কোর্ট ফী লওয়া যাইবে। রসুমের নগদ টাকা আদায় করা অত্যন্ত ক্লেশকর হইয়া উঠিয়াছে। তাহা প্রাপ্ত হওয়া নিশ্চিত নয় ও পাইতে বিলম্ব হইয়া থাকে। তদ্ভিন্ন জটিল অনেক হিসাব রাখা প্রয়োজন ও সেই হিসাবের সমালোচন ও পরীক্ষা করা আবশ্যক।

রসুমের টাকা না লইয়া ইষ্টাম্প ব্যবহার করিলে বোধ হয় উক্ত ক্লেশ নিবারণ হইতে পারে। মহারাণী বিক্টোরিয়ার ২৮ বৎসরের ৪৫ অধ্যায়ের আইনঅনুসারে প্রণীত এই পাণ্ডুলিপির সেই নূতন নিয়ম প্রচলিত করা উদ্দেশ্য। প্রস্তাবিত নিয়ম কএক বৎসরাবধি ইংলণ্ডে সাধারণমতে প্রচলিত হইয়াছে, এই দেশের হাই কোর্টেও তদ্রূপ বর্ত্তিতে পারে সন্দেহ নাই।

The stamp system, moreover, commends itself for adoption in those Courts not merely as following the English practice but as being in general harmoney with that prevailing in all Courts of justice established beyond the precincts of the presidency towns

Power is given to the Local Governments to extend the principal provisions of the Bill to the Presidency Courts of Small Causes

F R. COCKERELL

The 7th February 1868

WHITLEY STOKES,
Asst Secy to the Govt of India
Home Dept (*Legislative*)

উক্ত আদালতে ইষ্টাম্পের ব্যবহার প্রচলিত করিলে ইঙ্গলণ্ডের ব্যবহারানুযায়ি কার্য্য হয় তদ্ভিন্ন রাজধানীর বহিঃস্থ স্থানে যত আদালত স্থাপিত হইয়াছে সেই সকল আদালতে প্রচলিত হওয়াতে গ্রাহ্য হইবার সুযোগ্য বোধ হয়।

এই পাণ্ডুলিপির গুরুতর সকল বিধান রাজধানীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতে বর্ত্তাইবার ক্ষমতা স্থানীয় নানা গবর্ণমেণ্টের প্রতি প্রদান করা গিয়াছে।

এফ আর কক্রেল।

১৮৬৮ সাল ৭ ফেব্রুআরি।

উইটলি ষ্টোকস।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্ট
ব্যবস্থাপন সভার আসিষ্টাণ্ট
সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(*Civil Side*)

No 2

From C D FIELD Esq Registrar of the High Court of Judicature at Fort William in Bengal to District Judges—(dated Calcutta the 12th February 1868)

It is proposed that the fees for service of processes in cases appealed to the High Court be commuted for a fixed rate payable in Calcutta It has been suggested by the Government of Bengal that charges for boat hire and road or ferry tolls be likewise so commuted In order to enable the Court to fixed a proper rate for these latter items I am directed to request that you will be good enough to furnish me with a statement of the charges usually made on these heads in your district with full details of distances seasons, &c

By Order of the High Court,

(Sd) C D FIELD,
Registrar

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অডর।

দেওয়ানী পক্ষ।

২ নম্বর।

জিলার জজ সাহেবদের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত সি ডি ফীল্ড সাহেবের পত্র। কলিকাতা ১৮৬৮ সাল ১২ ফেব্রুআরি।

হাই কোর্টে যে মোকদ্দমার আপীল হয় তাহাতে পরওয়ানা জারী করিবার ফীর পরিবর্ত্তে কলিকাতার অবধারিত হারানুসারে টাকা লওয়ার প্রস্তাব হইয়াছে। বঙ্গদেশের গবর্ণমেণ্ট নৌকার ভাড়ার এবং রাস্তার মাসুল ও পারাণির খরচের পরিবর্ত্তে ঐ অবধারিত হারানুসারে টাকা গ্রহণের প্রস্তাব করিয়াছেন। হাই কোর্ট শেষোক্ত প্রকার খরচের উপযুক্ত হার অবধারিত করিতে সক্ষম হন, এই জন্যে আপনকার প্রতি এই আদেশ, আপনকার জিলার মধ্যে উক্ত সকল দফায় যত টাকা খরচ হইয়া থাকে তাহা ও স্থানের দূরত্ব ও কালপ্রভৃতির সম্পূর্ণ বিবরণ লিখিয়া প্রেরণ করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

সি, ডি ফীল্ড,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩ মার্চ।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No 734

Appointments

The 18th February 1868

Baboo Kristopersad Ghose, Deputy Magistrate and Deputy Collector of Midnapore, is vested with the powers of a Magistrate in that District

Mr W Macpherson to officiate as Civil and Sessions Judge of Cuttack, during the absence, on leave, of Mr R Alexander, or until further orders

Mr H Bell to officiate as Judge of the Court of Small Causes at Motiharee

Baboo Grish Chunder Ghose is vested, under Section 15, Act XI of 1865, with the powers of a Small Cause Court Judge in the new Court at Motiharee

Mr J Westland to officiate as Magistrate and Collector of Nuddea, until further orders

The 19th February 1868

Baboo Kalikinkur Roy to officiate as Judge of the Court of Small Causes at Patna, and to exercise the powers of a Principal Sudder Ameen in that District, during the absence on deputation, of Baboo Grish Chunder Ghose, or until further orders

Baboo Bhoopati Roy to officiate as Principal Sudder Ameen of Tirhoot, during the absence on deputation, of Baboo Kalikinkur Roy, or until further orders

Baboo Bejoymadhub Mookerjee is appointed to be a Deputy Magistrate, under Act XV of 1843, and a Deputy Collector, under Regulation IX of 1833, in the Dacca Division, is posted to the District of Sylhet, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, in any or all of the Districts of that Division

Baboo Romesh Chunder Mookerjee is appointed to be a Deputy Magistrate, under Act XV of 1843, and a Deputy Collector, under Regulation IX of 1833, in the Chittagong Division is posted to the District of Chittagong, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, in any or all of the Districts of that Division

The following gentlemen now Officiating as Deputy Magistrates and Deputy Collectors are confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service, *viz* —

Mr C R S Maddock, in Rajshahye

" C F Manson, in Chittagong

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৭৩৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর আলেকজণ্ডার সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব কটকের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেল সাহেব মতিহারির ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ১৮৬৫ সালের ১১ আইনের ১৫ ধারামতে মতিহারির নূতন আদালতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জে ওয়েষ্টলণ্ড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ১৯ ফেব্রুআরি।

রাজকীয় কর্ম্মোপলক্ষে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় পাটনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন। ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে যুত বাবু কালীকিঙ্কর রায়ের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু ভূপতি রায় ত্রিহুতের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু বিজয়মাধব মুখোপাধ্যায় ঢাকাখণ্ডে ১৮৪৩ সালের ৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া শ্রীহট্ট জিলাতে অবস্থিত হইয়াছেন এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায় চট্টগ্রামখণ্ডে ১৮৪৩ সালের ৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া চট্টগ্রাম জিলাতে অবস্থিত হইয়াছেন এবং উক্ত খণ্ডের কোন কি সকল জিলাতে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত যে মহাশয়েরা এইক্ষণে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতেছেন তাহারা অধস্থ বিচারকর্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইলেন।

রাজশাহীতে শ্রীযুত সি, আর, এস, মাডক সাহেব।

চট্টগ্রামে শ্রীযুত সি এফ মানসন সাহেব।

The following promotions in the Subordinate Executive Service are sanctioned, with effect from the 24th January 1868, *viz* —

From the 5th to the 4th Grade

Baboo Kanti Chunder Chatterjee
,, Rutton Lall Ghose

From the 6th to the 5th Grade

Moulvie Mohomed Kamil
Baboo Gopal Chunder Sen
,, Chunder Narain Sing, M A

The 20th February 1868

Mr O G R McWilliam, Assistant Commissioner, Cachar, to be Sub Registrar of Assurances of the Sub District of Silchar, having its Head Quarters at the Sudder Station of the District of Cachar

Lieutenant H J Peet Assistant Commissioner, Cossyah and Jynteah Hills, is transferred to Seebsaugor

Mr R D Hime Officiating Joint Magistrate and Deputy Collector of Bhaugulpore is appointed under Section 5 of Act IV (B C) of 1867 to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X of 1859, and Act VI (B C) of 1862

Mr H W W Ellis, Officiating Extra Assistant Commissioner of Assam, is posted to the District of Nowgong

Mr C J Cowie Officiating Extra Assistant Commissioner of Assam, is posted to the District of Seebsaugor

The 21st February 1868

Dr J A Greene to be Vice Chairman of the Municipal Commissioners for the Town of Comillah

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Ranaghat *viz* —

Baboo Judoonath Mookerjee
,, Kalimoy Ghuttack
,, Kissory Lal Koondoo
,, Radhica Nath Banerjee

Baboo Hurri Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Bowsee to be ex officio an Assessor, under Act XXI of 1867, within that Sub Division and to exercise the powers of a Collector for the purposes of that Act

Mr J B Pratt to be Sub Registrar of Assurances of the Sub District of Comillah in the District of Tipperah

অধঃস্থ বিচারকর্ত্তৃক কার্য্যের নিম্নলিখিত কার্য্যকারকদের উচ্চপদে ভুক্ত হওন অনুমোদিত হইল। ১৮৬৮ সালের জানুআরি মাসের ২৪ তারিখ অবধি তাহা প্রবল হইবে।

পঞ্চম শ্রেণীহইতে চতুর্থ শ্রেণীতে।

শ্রীযুত বাবু কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
,, বাবু রত্নলাল ঘোষ।

ষষ্ঠ শ্রেণীহইতে পঞ্চম শ্রেণীতে।

শ্রীযুত মৌলবী মহম্মদ কামিল।
,, বাবু গোপালচন্দ্র সেন।
,, বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এ,।

১৮৬৮ সাল ২০ ফেব্রুআরি।

কাছাড়ের আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত ও, জি, আর মাকুউলিয়ম সাহেব শিলচর সব ডিষ্ট্রিক্টের নিদর্শন পত্র দিয় সবরেজিষ্ট্রার হইবেন। উক্ত সবডিষ্ট্রিক্টের সদর স্থান কাছাড় জিলার সদর মোকামে হইবে।

কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের আসিষ্টান্ট কমিসনর লেপ্টেনেন্ট শ্রীযুত এচ জে পীট সাহেব শিবসাগরে নিযুক্ত হইয়াছেন।

ভাগলপুরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর ডি হাইম সাহেব ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতের মোকদ্দমার আপীল শ্রবণ ও বিচার করিবার জন্যে ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

আসামের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত এচ ডবলিউ ডবলিউ এলিস সাহেব নৌগাঁ জিলাতে অবস্থিত হইয়াছেন।

আসামের একটিং অতিরিক্ত আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত সি জে কোই সাহেব শিবসাগর জিলাতে অবস্থিত হইয়াছেন।

১৮৬৮ সাল ২১ ফেব্রুআরি।

ডাক্তর শ্রীযুত জে এ গ্রীন সাহেব কমিল্লানগরের মুনিসিপল কমিসনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা রাণাঘাটের দাতব্য ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায়।
,, বাবু কালীময় ঘটক।
,, বাবু কিশোরী লাল কুণ্ডু।
,, বাবু রাধিকানাথ বন্দ্যোপাধ্যায়।

বৌশীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ আপন পদোপলক্ষে উক্ত শাখাখণ্ডে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে বি প্রাট সাহেব ত্রিপুরা জিলার অন্তর্গত কমিল্লা শাখাখণ্ডের নিদর্শন পত্রাদির সব রেজিষ্ট্রার হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ৩ মার্চ।]

The 22nd February 1868

The following gentlemen to be Members of the Ferry Fund Committee at Sarun —

Mr. E Urquhart
„ McKinnon
„ D Reid
„ H Llewhellin

Mr J O'Kinealy, Officiating Joint Magistrate and Deputy Collector of Jessore, is appointed, under Section 5, Act IV, (B C) of 1867, to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X of 1859, and Act VI (B C) of 1862

The 24th February 1868

Mr F W R Cowley to officiate as Joint Magistrate and Deputy Collector of Nuddea until further orders

Mr A Levien to officiate as Civil and Sessions Judge of Sylhet, during the absence on leave, of Mr F J Cockburn, or until further orders

Mr G Graham to officiate as Magistrate and Collector of Dacca

Mr W H Grimley to officiate as Joint Magistrate and Deputy Collector of Hooghly

Major F N Miles to be District Superintendent of Police Maldah

Lieutenant W E Chambers to be District Superintendent of Patna, but to continue to perform the special duty on which he is at present employed

Mr J H Thompson to be District Superintendent of Balasore

Mr D Lacey to be District Superintendent of Pooree

Mr A L W Jerdon to officiate as District Superintendent of Police, Patna, during the absence of Lieutenant W E Chambers, on special duty or until further orders

The transfers of the following Assistant Superintendents of Police are sanctioned —

Mr G M Ridsdale, from Pooree to Cuttack

„ C E S Innes, from Cuttack to Pooree

„ G Raban, from Sarun to Tirhoot

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Monghyr —

Mr A. P MacDonnell
„ J Dwyer
„ C T Ambler
Baboo Kali Persad Chowdry
„ Bolakee Lall

[*Government Gazette, 3rd March* 1868]

১৮৬৮ সাল ২২ ফেব্রুআরি।

নিম্নলিখিত মহাশয়েরা সারণের ফেরিফণ্ড কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত ই অর্কর্ট সাহেব।
„ মাকিনন্ সাহেব।
„ ডি রীড সাহেব।
„ এচ লেউহেলিন্ সাহেব।

যশোহরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জে ওকীনিলী সাহেব ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতের মোকদ্দমার আপীল শ্রবণ ও বিচার করিবার জন্যে ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৫ ধারামতে জিলার কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত এফ ডবলিউ আর কৌলী সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীযার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ লেবিযান্ সাহেব শ্রীহট্টের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি গ্রেহম সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ গ্রিমলী সাহেব হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

মেজর শ্রীযুত এফ এন মাইলস সাহেব মালদহের পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই, চেম্বর্স সাহেব পাটনার ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন কিন্তু তিনি এক্ষণে বিশেষ যে কর্ম্মে নিযুক্ত আছেন তাহাই করিতে থাকিবেন।

শ্রীযুত জে এচ তামসন সাহেব বালেশ্বরের ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডি লেসী সাহেব পুরীর ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

বিশেষ কর্ম্মপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই চেম্বর্স সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ এল ডবলিউ জার্ডন সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পোলীসের নিম্নলিখিত আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের স্থানান্তর হওয়া অনুমোদন হইয়াছে।

পুরীহইতে কটকে শ্রীযুত জি এম রীডস্‌ডেল সাহেব।

কটকহইতে পুরীতে শ্রীযুত সি, ই, এস ইনিস্ সাহেব।

সারণহইতে ত্রিহুতে শ্রীযুত জি রেবান সাহেব।

নিম্নলিখিত মহাশয়েরা মুঙ্গের নগরে মুনসিপল কমিসনর হইবেন।

শ্রীযুত এ পি মাকুডোনেল সাহেব।
„ জে ডোয়াযর সাহেব।
„ সি টি আম্বেলর সাহেব।
„ বাবু কালীপ্রসাদ চৌধুরী।
„ বলাকীলাল বাবু।

Baboo Dinonath Addy, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, to have charge of the Sub Division of Meherpore, during the absence, on leave, of Mr T E Coxhead, or until further orders

The 25th February 1868

The following promotions in the Subordinate Executive Service are sanctioned, with effect from the 31st ultimo, *viz* —

From the 3rd to the 2nd Grade

Baboo Shayamalanund Mookerjee
Mr A D B Gomes

From the 4th to the 3rd Grade

Baboo Dinonath Addy
Mr J D Cruze
Baboo Satcowry Roy
,, Sreenath Ghose

From the 5th to the 4th Grade

Mr R C Perry
Baboo Kooldeep Narain Sing
,, Hurri Churn Ghose
,, Mohima Chunder Pal
,, Doorgadas Chowdry
,, Kali Churn Ghose
,, Taruck Nath Mullick

The following gentlemen who have been Officiating as Special Deputy Magistrates and Deputy Collectors in Orissa during the past year are confirmed in the Sixth Grade of the Subordinate Executive Service *viz* —

Mr J F Harrison
Baboo Sitakant Mookerjee
,, Hurrinath Chatterjee
,, Anund Chunder Sen
Mr H W W Ellis
Baboo Hurrokali Mookerjee
Mr J White
Baboo Bimolanund Mookerjee

Mr H W W Ellis will continue to officiate as an Extra Assistant Commissioner in Assam until further orders

Baboo Hurrokali Mookerjee will continue to be employed until further orders, on the special duty in which he is at present engaged

The following Officers are appointed to be Deputy Magistrates under Act XV of 1843, and Deputy Collectors under Regulation IX of 1833, in the Districts mentioned against their names, and are vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in those Districts respectively, *viz* —

Mr J White, in the District of Pooree

Baboo Bemolanund Mookerjee, in the District of Purneah

শ্রীযুত টি ই কক্সহেড সাহেবের ছুটিপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

১৮৬৮ সাল ২৫ ফেব্রুয়ারি।

অধস্থ বিচার কর্তৃত্ব কার্য্যের নিম্নলিখিত কার্য্যকারকদের উচ্চপদযুক্ত হওন অনুমোদিত হইয়াছে, তাহা গত মাসের ৩১ তারিখ অবধি প্রবল হইবে।

তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু শ্যামলানন্দ মুখোপাধ্যায়।
,, এ ডি বি গোমেস্ সাহেব।

চতুর্থ শ্রেণীহইতে তৃতীয় শ্রেণীতে।

শ্রীযুত বাবু দীননাথ আঢ্য।
,, জে ডিক্রুশ সাহেব।
,, বাবু সাতকৌড়ি রায়।
,, বাবু শ্রীনাথ ঘোষ।

পঞ্চম শ্রেণীহইতে চতুর্থ শ্রেণীতে।

শ্রীযুত আর সি পেরি সাহেব।
,, বাবু কুলদীপনারায়ণ সিংহ।
,, বাবু হরিচরণ ঘোষ।
,, বাবু মহিমাচন্দ্র পাল।
,, বাবু দুর্গাদাস চৌধুরী।
, বাবু কালীচরণ ঘোষ।
,, বাবু তারকনাথ মল্লিক।

নিম্নলিখিত যে মহাশয়েরা গত বৎসরে উড়িষ্যার একটি বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টররূপে নিযুক্ত হইয়াছেন তাঁহারা অধস্থ বিচারকর্তৃত্ব কার্য্যের ষষ্ঠ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে এফ হারিসন সাহেব।
,, বাবু সীতাকান্ত মুখোপাধ্যায।
, বাবু হরিনাথ চট্টোপাধ্যায।
,, বাবু আনন্দচন্দ্র সেন।
,, এচ ডবলিউ ডবলিউ এলিস্ সাহেব।
, বাবু হরকালী মুখোপাধ্যায।
,, জে ওয়াইট সাহেব।
বাবু বিমলানন্দ মুখোপাধ্যায।

শ্রীযুত এচ ডবলিউ ডবলিউ এলিস্ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আসামের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু হরকালী মুখোপাধ্যায সম্প্রতি বিশেষ যে কর্ম্মে নিযুক্ত আছেন তাহাই করিতে থাকিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন ও সেইং জিলাতে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পুরী জিলাতে শ্রীযুত জে ওয়াইট সাহেব।

পুরণিয়া জিলাতে শ্রীযুত বাবু বিমলানন্দ মুখোপাধ্যায।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৩ মার্চ।]

Baboo Kristo Chunder Roy, Deputy Magis ate and Deputy Collector of Howrah, to be ex-officio an Assessor, under Act XXI of 1867, and to exercise the powers of a Collector in that District for the purposes of the said Act

Mr R S T McEwen, Clerk of the Court of Small Causes, Calcutta, to officiate temporarily as Fifth Judge of that Court

LEAVE OF ABSENCE

The 18th February 1868

Mr J R Hallet, Assistant Magistrate and Deputy Collector of Culna, for one week, for the purpose of attending the Examination for High Proficiency in Bengali to be held in Calcutta in April next

Mr R Alexander, Judge of Cuttack, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by Mr W Macpherson

The 19th February 1868

Baboo Chundernarain Sing, Deputy Magistrate and Deputy Collector of Hooghly, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 15th instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

The 20th February 1868

Lieutenant W E Rutherfurd, Assistant Commissioner of Seebsaugor, for one month under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 1st instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

Mr F C Fowle, Civil and Sessions Judge of Rungpore, for one month, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 13th proximo Mr Fowle will make over charge of the current duties of his Office to the Principal Sudder Ameen of the District

Moulavy Syed Moazzim Hossein, Sudder Ameen of Rajshahye, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules The Judge of the Small Cause Court at Beauleah will have charge of the Sudder Ameen's Court during the Moulavy's absence

Mr A Hope, Judge of Sarun, for six months, under Section 9 of the Covenanted Service Absentee Rules, together with preparatory leave for ten days

Mr W B Mackenzie, Assistant Superintendent of Police, Gya, for fifteen months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, together with preparatory leave for eight days, or up to the date of embarkation for Europe

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু কৃষ্ণচন্দ্র রায় স্বীয় পদোপলক্ষে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন ও উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে ঐ জিলাতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্লর্ক শ্রীযুত আর এস টি মাকইএন সাহেব কিয়ৎকালের নিমিত্তে ঐ আদালতে পঞ্চম জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ১৮ ফেব্রুআরি।

আগামি আপ্রিল মাসে কলিকাতায় বঙ্গ ভাষায় সুনিপুণতার যে পরীক্ষা হইবে তাহাতে কালনার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত জে আর হালেট সাহেব উপস্থিত হইবার নিমিত্তে এক সপ্তাহের ছুটী পাইযাছেন।

কটকের জজ শ্রীযুত আর আলেকজাণ্ডার সাহেব যে তারিখে শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেবকর্ত্তৃক অবকাশ প্রাপ্ত হন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৯ ফেব্রুআরি।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তৎপরে এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাহয়াছেন।

১৮৬৮ সাল ২০ ফেব্রুআরি।

শিবসাগরের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ ই রদরফোর্ড সাহেব এই মাসের ত। রিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইযাছেন।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ সি ফৌল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১৩ তারিখ অবধি এক মাসের ছুটী পাইযাছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

রাজশাহীর সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ মোয়াজ্জম হুসেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইযাছেন। তাঁহার অনুপস্থান কালে বোয়ালিয়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ উক্ত সদর আমীনের আদালতের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

সারণের জজ শ্রীযুত এ হোপ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৯ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে দশ দিনের ছুটী পাইযাছেন।

গয়ার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, বি, মাকেঞ্জি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হওনার্থে আট দিনের কিম্বা ইউরোপে গমনার্থ জাহাজে উঠিবার তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

Mr J Beames, Magistrate and Collector of Balasore, for fifteen months, under Section 11 of the Covenanted Service Absentee Rules

Syed Hossein Ali, License Tax Assessor of Bhaugulporc, is allowed leave of absence from the 15th to the 21st October last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

The 24th February 1868

Captain J MacMillan, of the Orissa Volunteer Rifles, for three months, in extension of the leave allowed to him under orders which were notified in the *Calcutta Gazette* of the 24th July last

Mr F G Millett Magistrate and Collector of Tipperah is allowed nineteen days preparatory leave, from the 13th proximo, to enable him to proceed to Europe on Furlough

Mr A King, District Superintendent of Police, Chittagong, is allowed leave of absence up to the 10th proximo, in extension of the leave granted to him under orders of the 9th ultimo

Mr R V Cockerell, Magistrate and Collector of Hooghly, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from any date within one month, after the 1st April next, on which he may avail himself of the leave

Mr T E Coxhead, Assistant Magistrate of Meherpore, for one month, from the 3rd proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules

Baboo Tarini Churn Mitter Deputy Magistrate and Deputy Collector Rajshahye for one month, from the 12th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATIONS

The 24th February 1868

The services of Captain Hedayut Ally, Superintendent of Police of the State of Cooch Behar are placed at the disposal of the Government of India in the Military Department, at his own request

Supplementary Commissions of the Peace, for the Town of Calcutta were issued on the 10th instant by the High Court of Judicature at Fort William in Bengal, directed to the following gentlemen, *viz* —

Dr Frederick John Mouat
" Joseph Fayrer
James Fawcus

Supplementary Commissions of the Peace, for Bengal Behar and Orissa, were issued by the High Court of Judicature at Fort William in

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে বীমস্ সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের লাইসেন্স টাক্সের আসেসর শ্রীযুত সৈয়দ হুসেন আলী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত অক্টোবর মাসের ১৫ তারিখ অবধি ২১ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৪ ফেব্রুয়ারি।

উড়িষ্যার বলণ্টিয়র রাইফল দলের কাপ্তান শ্রীযুত জে মাকমিলান সাহেব গত জুলাই মাসের ৩০ তারিখের বাঙ্গলা গেজেটের প্রকাশিত আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ জি মিলেট সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি মাসের ১৩ তারিখ অবধি উনিশ দিনের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ কিং সাহেব গত মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১০ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর বি কক্রেল সাহেব আগামি আপ্রিল মাসের ১ তারিখের পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মেহেরপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত টি ই কক্সহেড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ৩ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তাবি।চরণ মিত্র অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১২ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৪ ফেব্রুয়ারি।

কুচবেহার রাজ্যের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত হিদায়ৎ আলী স্বীয় প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইলেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্তৃক এই মাসের ১০ তারিখে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ যে অতিরিক্ত কমিসন বাহির হয় তাহা নিম্নলিখিত মহাশয়দের নামে প্রদত্ত হইল।

ডাক্তর শ্রীযুত ফ্রেডারিক জান মৌয়েট সাহেব।
,, জোজেফ ফেরার সাহেব।
,, জেমস ফকুস্ সাহেব।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্তৃক এই মাসের ১৪ তারিখে বঙ্গ বেহার ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থ অতিরিক্ত যে কমিসনপত্র বাহির

Bengal, on the 14th instant, directed to the undermentioned Officers, viz —

Lieutenant John Butler, Assam

" William Leycester Samuells, Chota Nagpore

" Colin Herbert Garbett, Chota Nagpore

" Malcolm Ogilvie Boyd, Assam

" Henry John Peet, Assam

" Linley Blathwayt, Assam

Mr James Stewart, Rajshahye

" William Benjamin Oldham, Cuttack

" George Smeaton, Cuttack

" George Mainwaring Currie, Cuttack

" George Toynbee, Pooree

The 25th February 1868

The appointment of Mr W Heysham, Junior, to officiate as a Deputy Collector in the 24 Pergunnahs for the re settlement of the Punchannogram, notified in the *Calcutta Gazette* of the 18th December last, is cancelled

---

No 702

Fort William, the 24th February 1868

Resolution on the appointment of Candidates to the Subordinate Executive Service

1 The number of gentlemen English and Native, who are applicants for employment in the public service being very large, the Lieutenant-Governor has resolved as an experimental measure, to make the appointment to the Subordinate Executive Service on a combined plan of nomination and competitive examination

2 Three nominations will be made by the Lieutenant Governor for every appointment and the selection from among the nominees will be made by competitive examination

As the requirements of the public service in the Lower Provinces make it necessary that some of the appointments in the Subordinate Executive Service should be filled by gentlemen other than Natives of the country, the Lieutenant Governor, when intending to appoint a person who is not a Native of India will nominate three gentlemen from candidates of the class to which the appointment is meant to be given Similarly, when a vacancy is intended to be filled by a native gentleman, he will nominate three gentlemen from the candidates of the class

3 When two or more appointments are to be made simultaneously from the same class of candidates, it will be understood that those who pass

হয় তাহা নিম্নলিখিত কার্য্যকারকের নামে দেওয়া গেল।

আসামের লেপ্টেনেন্ট শ্রীযুত জান বটলার সাহেব।

ছোট নাগপুরের লেপ্টেনেন্ট শ্রীযুত উলিয়ম লেষ্টর সামুয়েলস্ সাহেব।

ছোট নাগপুরের লেপ্টেনেন্ট শ্রীযুত কলিন্ হার্ব্বর্ট গার্ব্বেট সাহেব।

আসামের লেপ্টেনেন্ট শ্রীযুত মালকম অগিলবি বয়ড্ সাহেব।

আসামের লেপ্টেনেন্ট শ্রীযুত হেনরি জান পিট সাহেব।

আসামের লেপ্টেনেন্ট শ্রীযুত লিনলে ব্লাথওয়েট সাহেব।

রাজশাহীর শ্রীযুত জেমস্ ষ্টুয়ার্ট সাহেব।

কটকের শ্রীযুত উলিয়ম বেঞ্জামিন ওল্ডহম সাহেব।

কটকের শ্রীযুত জর্জ স্মিটন সাহেব।

কটকের শ্রীযুত জর্জ মেনওয়ারিং করি সাহেব।

পুরীর শ্রীযুত জর্জ টয়নবী সাহেব।

১৮৬৮ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ ছোট হেশম সাহেব পঞ্চানন গ্রামের পুন বন্দোবস্ত করণার্থে ২৪ পরগনার ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইবেন এই যে কথা গত ডিসেম্বর মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

---

৭০২ নম্বর।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২৪ ফেব্রুআরি।

কর্ত্তৃত্ব কার্য্যের অধ শ্রেণীর পদাকাঙ্ক্ষিদের নিয়োগবিষয়ক নিদ্ধারণ।

১। রাজকায কর্ম্ম প্রার্থি ইংরেজ ও দেশীয় জনগণের সংখ্যা অত্যধিক হওয়াতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পরীক্ষার্থে এই উপায স্থির করিয়াছেন। তিনি লোকদিগকে মনোনীত করিলে তাহারদের পরীক্ষা লওয়া যাইবে। পরে কর্ত্তৃত্ব কার্য্যের অধ শ্রেণীতে তাঁহাদের নিয়োগ হইতে পারিবে।

২। নিয়োগ করণ কালে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রত্যেক পদের জন্যে তিন জনকে মনোনীত করিবেন এবং মনোনীত ব্যক্তিদের পরীক্ষা হইলে যিনি উপযুক্ত তাঁহাকে নিযুক্ত করা যাইবে।

৩। বঙ্গপ্রভৃতি দেশের রাজকার্য্যের প্রয়োজন বশত কর্ত্তৃত্ব কার্য্যের অধ শ্রেণীতে এতদ্দেশীয় ব্যক্তি ভিন্ন অন্য মহাশযদিগকে নিযুক্ত করা আবশ্যক। এইহেতুক শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যখন ভারতবর্ষীয় লোকভিন্ন অন্য লোককে সেই কর্ম্মে নিযুক্ত করিতে মনস্থ করেন তখন যে শ্রেণীর ব্যক্তিদিগকে সেই কর্ম্ম প্রদান করিতে চাহেন সেই শ্রেণীর কর্ম্মাকাঙ্ক্ষিদের তিন জনকে মনোনীত করিবেন। অপিচ যখন এদেশীয় কোন ব্যক্তিকে কোন শূন্য পদভুক্ত করিতে মনস্থ করেন তখন তৎশ্রেণীর কর্ম্মকাঙ্ক্ষিদের মধ্যহইতেও তিন জনকে মনোনীত করিবেন।

৩। একি শ্রেণীর পদাকাঙ্ক্ষিদের মধ্যহইতে যখন এক কালে দুই কি ততোধিক পদে ব্যক্তিকে নিযুক্ত করিতে হইবে তখন মনোনীত সমস্ত ব্যক্তির মধ্যে যাঁহারা

the best examinations out of the whole number nominated will be selected Thus, if there should be four appointments to be filled up by Native gentlemen, the four best out of the twelve nominees will be appointed

4 The object of the examination will be to test the general education and the intelligence of the candidates, and also their knowledge of English and of one of the Vernacular languages of the Lower Provinces As the candidates at the first examination cannot be expected to have undergone any special preparation, there will for the present be no examination in special subjects

5 No English candidate will be selected who shall not prove himself to have a proper knowledge of English, and at least a colloquial knowledge of either Urdu or Bengalee

6 No Native candidate will be selected who shall not prove himself to have a proper knowledge of his own vernacular, and a fair knowledge of English

7 English candidates will be required to write an essay on one or other of certain given subjects, and to answer a set of general questions Their knowledge of English will be tested by the style in which the essay may be written

8 Their acquaintance with Urdu or Bengalee will be tested by conversation Although a colloquial knowledge only will be indispensable, the acquirements of those who may desire it will be tested by reading from print and manuscript and by writing and credit will be given for such acquirements in comparing the merits of the different candidates

9 Native candidates will be required to write an essay in their vernacular, as well as one in English, and to answer the set of general questions in English

10 Their knowledge of the vernacular will be tested by the style in which the vernacular essay may be written

11 Their acquaintance with English will be similarly tested by the style of the English essay and by conversation

12 Candidates will be required to pay a fee of Rupees 10 before they go up for the examination The fund so formed will be devoted to meeting the expenses of the examination

অত্যুৎকৃষ্টরূপে পরীক্ষোত্তীর্ণ হন তাঁহারাই নির্ব্বাচিত হইবেন। যথা এতদ্দেশীয় ব্যক্তিকে চারি পদে নিযুক্ত করিতে হইলে মনোনীত দ্বাদশ জনের মধ্যে যে চারি জন অত্যুত্তম, তাঁহারাই নিযুক্ত হইবেন।

৪। পদাকাঙ্ক্ষিদের সাধারণ ব্যুৎপত্তি ও বিজ্ঞতা এবং ইংরেজী ও বঙ্গপ্রভৃতি দেশের অন্যতর ভাষায় তাঁহাদের জ্ঞান নির্ণয় করাই এই পরীক্ষার উদ্দেশ্য। প্রথম পরীক্ষা কালে যে পদাকাঙ্ক্ষিরা উপস্থিত হন, তাঁহারদের বিশেষমতে প্রস্তুত হওয়া সম্ভাবনা নাই এই হেতু সম্প্রতি কোন বিশেষ বিষয়ের পরীক্ষা হইবে না।

১৮৫৫ সা. ২ আ	প্রমাণ বিষয়ক আইন আরো উত্তম করিবার আইনের	১, ৯, ৫২, ৫৩, ৫৪ ও ৫৫ ধারা এবং ২ ধারার যে অংশ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের প্রণীত আক্টের ও আইনের সহিত সম্পর্ক রাখে সেই অংশ	১ ও ৫২ ধারা রহিত করণার্থ ধারা। ৯ ধারা ও ২ ধারার কিয়দংশ ১৮৬৮ সালের ১ আইনের ৭ ও ৮ ধারাদ্বারা অপ্রয়োজন হইয়াছে ৫৩ ও ৫৪ ধারা হাই কোর্টের পরিবর্ত্তিত কার্য্য সম্পর্কে আর প্রয়োজন নাই ৫৫ ধারা ১৮৫৫ সালের ৬ আইনের সহিত সম্পর্ক রাখে সেই ধারা এই প্রস্তাবিত পাণ্ডুলিপিক্রমে রহিত করিবার প্রস্তাব হইয়াছে।
১৮৫৫ সা ৫ আ	শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কর্ম্মের সকল বিভাগে ডিক্রী প্রভৃতি জারী করিবার একি প্রণালী নিরূপণ এবং ১৮৪১ সালের ২৫ আইনের বিধান বিস্তৃত ও সংশোধন করণার্থ আইনের	ষ্ট্রেট সেটলমেন্ট সহিত যে অংশের সম্পর্ক আছে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন	১৮৫৯ সালের ৮ আইনদ্বারা এবং হাই কোর্টের নিকট পেটেন্টপত্রক্রমে যে বিধি প্রণীত হইয়াছে তদ্দ্বারা অপ্রয়োজন হইয়াছে
১৮৫৫ সা ১৯ আ	মান্দ্রাজ দেশের অন্তর্গত জিলার মুনসেফস-ক্রান্ত আইন সংশোধন করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই	১ ধারা রহিত করণার্থ ধারা। ২, ৩, ৪, ৬, ৭ ধারা ১৮৫৯ সালের ৮ আইন দ্বারা অপ্রয়োজন হইয়াছে। ৬ ও ৭ ধারাক্রমে মান্দ্রাজের ১৮ ৬ সালের ১২ আইনের যেং অংশ জিলার মুনসেফদের প্রতি বর্ত্তায় যায় তাহা পূর্ব্বে ১৮৬১ সালের ১০ আইনক্রমে রহিত হইয়াছে। ৫ ধা রা ৮২ সালের ১৭ আইনদ্বার ৷ হিত করা গিয়াছে
১৮৫৫ সা ২৫ আ	কাএমরাতুরের সেশন জজ সাহেবকে নিলগিরির উৎকমণ্ড স্থানে সেশন করিবার ক্ষমতা প্রদানার্থ	সম্পূর্ণ আইন	উৎকমণ্ড স্থানে সিবিল ও সেশন জজ সাহেব নিযুক্ত হওয়াতে অপ্রয়োজন হইছে।
১৮৫৮ সা ১৬ আ	১৮৫৫ সালের ২৫ আইন বিস্তৃত করণার্থ	সম্পূর্ণ আইন	ঐ ঐ ঐ
১৮৬০ সা ১ আ	বাঙ্গলা দেশের উত্তর পশ্চিম প্রদেশে যে নিমকের আমদানী হয় তাহার মাসুল বৃদ্ধি করিতে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরেল বাহাদুরকে ক্ষমতা প্রদান করিবার আইনের	১ ও ৩ ধারা	১ ধারা রহিত করণার্থ ধারা ৩ ধারা অপ্রয়োজন।
১৮৬০ সা ১০ আ	১৮৫৯ সালের ৭ আইন অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রফ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইন সংশোধন করিবার আইনের	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই তাহা	১৮৬৭ সালের কষ্টমের মাসুলবিষয়ক আইনদ্বারা অপ্রয়োজন হইয়াছে

আইনের সংখ্যা	যে বিষয়ের আইন বা তদাখ্যা।	যে পর্য্যন্ত রহিত হইল।	মন্তব্য।
১৮৬০ সা ১৭ আ	৮৫৮ সালের ৫ আইন অর্থাৎ যাহারা জেলখানা হইতে পলাইয়াছে এমত কোনং অপরাধিদের ও যাহারা জানিয়া শুনিয়া ঐ অপরাধিদিগকে আশ্রয় দেয় তাহাদের দণ্ড করিবার আইন ও তাহার পরিবর্ত্তে কতক বিধান করিবার আইনের	১, ৪ ও ৫ ধারা	১ ধারা রহিত করণার্থ ধারা ১৮৬০ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের পূর্ব্বে যেং দণ্ডাজ্ঞা হইয়াছে ও অপরাধ করা গিয়াছে তাহার সহিত ৪ ও ৫ ধারা সম্পর্ক রাখে।
১৮৬০ সা ৩০ আ	জালন জিলার কুঞ্চ ও কাল্পী পরগণা সাধারণ আইনের কার্য্যহইতে অপসরণ করণার্থ	সম্পূর্ণ আইন	অকর্ম্মণ্য।
১৮৬০ সা ৫৩ আ	১৮৫৯ সালের ১০ আইন সংশোধনার্থ	সম্পূর্ণ আইন	১৮৬০ সালের ডিসেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে তৎপ্রতি ১ ধারা বর্ত্তে ৮৬০ সালের ডিসেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বে যে মোকদ্দমা কি আপীল ডিসমিস হইয়াছে তৎপ্রতি ২ ধারা বর্ত্তে।
১৮৬১ সা ১ আ	বোম্বাইয়ের সুপ্রিম কোর্টে যথার্থ বিচার নিষ্পাদনের ও কর্ম্ম সম্পাদনের নিয়মের সৌষ্ঠব করণার্থ	সম্পূর্ণ আইন	৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২৮ তারিখের পেটেণ্টপত্রদ্বারা অপ্রয়োজন হইয়াছে।
১৮৬১ সা ৬ আ	ভারতবর্ষের দণ্ডবিধির আইন যে সময় অবধি চলন হইবে তাহা পরিবর্ত্তন করিবার	সম্পূর্ণ আইন	অকর্ম্মণ্য।
৮৬২ সা ১১ আ	১৮৬০ সালের ১০ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানী হওয়া দ্রব্যের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার ১৮৫৯ সালের ৭ আইন) সংশোধন করিবার	সম্পূর্ণ আইন	১৮৬৭ সালের কষ্টমের মাসুলবিষয়ক আইনদ্বারা অকর্ম্মণ্য হইয়াছে।

৫। পূর্ব্বোক্তমতে কথা ত্যাগ করিয়া ও অন্য কথা সংযোগ করিয়া এই পাণ্ডুলিপি গ্রাহ্য করা আমাদের প্রস্তাব।

এচ আর কক্রেল।
ডবলিউ এম ম্যাসি।
ই এল ব্রাণ্ডেথ।
এম জে শা ষ্টুয়ার্ট।

উইটলী ষ্টোকস্।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টে ব্যবস্থাপন সভার আসিষ্টাণ্ট সেক্রেটারী।

কলিকাতা ১৮৬৮ সাল }
২৫ জানুআরি। }

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮ ॥১০ মার্চ।]

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 908

APPOINTMENTS

The 27th February 1868

Mr W D Pratt, Assistant Superintendent of Police, Tipperah, is transferred to Hooghly

Dr J C Collins to be Principal Assistant to the Opium Agent of Behar

Mr L R Tottenham, Magistrate and Deputy Collector of Howrah, is vested with the powers of a Collector under Section 4, Act VIII (B C) of 1867

The 28th February 1868

Mr J Boxwell to be Sub Registrar of Assurances of the Sub District of Sylhet, having its Head Quarters at the Sudder Station of the District of Sylhet

Baboo Sunjeeb Chunder Chatterjee to be Sub Registrar of Assurances of the Sub District of Pubna, having its Head Quart rs at the Sudder Station of the District of Pubna

Lieutenant C H Garbett to be Sub Registrar of Assurances of the Sub District of Purulia having its Head Quarters at the Sudder Station of the District of Maunbhoom

The 29th February 1868

Mr A W Russell to be a Member of, and Secretary to the Local Committee of Public Instruction at Chittagong

Baboo Radhagobind Rai to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Dinagepore

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Kishnaghur —

Mr H Luttman Johnson

„ F J Needham

Mr G S Park to be Secretary to the Local Committee of Public Instruction at Furreedpore

The 2nd March 1868

Baboo Gopal Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Serampore, is transferred to the Sudder Station of Hooghly

Baboo Chunder Narain Sing, M A Deputy Magistrate and Deputy Collector of Hooghly is posted to the Sub-Division of Serampore

Mr E T Trevor to be President of the Board of Examiners

Mr A. R Thompson to be a Member of the Board of Examiners

The 3rd March 1868

Mr A. P MacDonnell to be a Member of the Municipal Committee for the Town of Jamalpore

[*Government Gazette*, 10*th March* 1868]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৯০৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৭ ফেব্রুআরি।

ত্রিপুরার পোলীসের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব হুগলীতে নিযুক্ত হই যাছেন।

ডাক্তর শ্রীযুত জে সি কলিন্স সাহেব বেহারের অাফীমের এজেণ্ট সাহেবের প্রধান আসিস্টান্ট হইবেন।

হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল আর টটনহাম সাহেব ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৮ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাই যাছেন।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জে বক্সওয়েল সাহেব শ্রীহট্ট সব ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব ডিষ্ট্রিক্টের সদর স্থান শ্রীহট্ট জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় পাবনা সব ডিষ্ট্রিক্টের সব রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব ডিষ্ট্রিক্টের সদর স্থান পাবনা জিলার সদর মোকামে হইবে।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ সি গার্বেট সাহেব পুরুলিয়া সব ডিষ্ট্রিক্টের সব রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব ডিষ্ট্রিক্টের সদর স্থান মানভূম জিলার সদর মোকামে হইবে।

১৮৬৮ সাল ২৯ ফেব্রুআরি।

শ্রীযুত এ ডবলিউ রসল সাহেব চট্টগ্রাম সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর ও সেক্রেটারী হইবেন।

শ্রী ত বাবু রাধাগোবিন্দ রায় দিনাজপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা কৃষ্ণনগরের মুনসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ লটমান জনসন সাহেব।

„ এফ জে নিডহম সাহেব।

শ্রীযুত জি এস পার্ক সাহেব ফরীদপুরে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৬৮ সাল ২ মার্চ।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় হুগলীর সদর মোকামে নিযুক্ত হইযাছেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, এ, শ্রীরামপুর শাখা খণ্ডে অবস্থিত হইলেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব পরীক্ষক বোর্ডের সভাপতি হইবেন।

শ্রীযুত এ আর ডামসন সাহেব পরীক্ষক বোর্ডের এক জন মেম্বর হইবেন।

১৮৬৮ সাল ৩ মার্চ।

শ্রীযুত এ পি মাকুডনেল সাহেব জামালপুর নগরের মুনিসিপল কমিটীর এক জন মেম্বর হইবেন।

Koomar Harendra Krishna Rai Bahadoor, Deputy Magistrate and Deputy Collector 24 Pergunnahs, to have charge of the Sub Division of Sealdah, during the absence, on leave of Mr W H Verner, or until further orders

Coomar Brejendro Narain Deb, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, to have charge of the Sub-Division of Meherpore, during the absence on leave, of Mr T E Coxhead or until further orders In addition to the powers with which he is already vested in the District of Nuddea, Coomar Brejendro Narain Deb is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose

The appointment of Baboo Dinonath Addy to the temporary charge of the Sub Division of Meherpore notified in the *Calcutta Gazette* of the 26th ultimo, is cancelled

Mr R Sinclair, Officiating Special Sub Registrar of Assurances of Baraset, to officiate as Special Sub Registrar of the Sub District of Jessore

Baboo Uma Churn Gangooly, Special Sub Registrar of Noakhally to be Special Sub Registrar of the Sub District of Baraset, in the 24 Pergunnahs

Mr H Balfour to officiate as Civil and Sessions Judge of Sarun during the absence, on leave of Mr A Hope or until further orders

Mr G G Morris to officiate as Civil and Sessions Judge of Backergunge until further orders

Leave of Absence

The 26th February 1868

Mr J Beames, Officiating Magistrate and Collector of Midnapore is allowed fifteen days' preparatory leave to enable him to proceed to Europe on leave of absence on Medical Certificate

Captain E Y Walcott Assistant Commissioner of Hazareebaugh for one month, without pay

The 27th February 1868

Mr A Grote, Member of the Board of Revenue, for three months from the 2nd March next, under Section 6 of the Covenanted Service Absentee Rules

The 28th February 1868

Mr T A Donough Deputy Magistrate and Deputy Collector of Madareepore, for twenty two days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৮। ১০ মার্চ।]

শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ রায় বাহাদুর শিয়ালদহ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত টি ই কক্সহেড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্রনারায়ণ দেব মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। ঐ জিলাতে এইক্ষণে তাঁহার যে ক্ষমতা আছে তদবিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থানীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে ও তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রযোজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইযাছেন।

মেহেরপুর শাখাখণ্ডে শ্রীযুত দীননাথ আঢ্যের কিয়ৎ কালের নিমিত্তে নিযুক্ত হইবার যে কথা এই মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইযাছে, তাহা ইহাতে রহিত হইল।

বারাসতের একটিং বিশেষ সব রেজিষ্ট্রার শ্রীযুত আর সিনক্লের সাহেব যশোহর সব ডিষ্ট্রিক্টের বিশেষ সব রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

নওযাখালীর বিশেষ সব রেজিষ্ট্রার শ্রীযুত বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায ২৪ পরগনার অন্তর্গত বারাসত সব ডিষ্ট্রিক্টের বিশেষ সব রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ হোপ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ বালফর সাহেব সারণের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি জি মরিস সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বাকরগঞ্জের সিবিল ও শেসন জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে বীমস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইতে পারিবার নিমিত্তে পনের দিনের ছুটী পাইযাছেন।

হাজারীবাগের আসিষ্টান্ট কমিস্যনর কাপ্তান শ্রীযুত ই ওযাই ওয়ালকট সাহেব বিনা বেতনে এক মাসের ছুটী পাইযাছেন।

১৮৬৮ সাল ২৭ ফেব্রুআরি।

রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত এ গ্রোট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামী মার্চ মাসের ২ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

মাদারীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভার উপস্থিত হইতে পারিবার নিমিত্তে বাইশ দিনের ছুটী পাইয়াছেন।

The 2nd March 1868

Dr C E W Bensley, Civil Assistant Surgeon of Backergunge, for one month, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency The Sub Assistant Surgeon attached to the Burrisaul Charitable Dispensary will remain in charge of the Civil Station until the arrival of Dr Bensley's successor, or until further orders

Baboo Tarapersad Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, 24 Pergunnahs, for three months, under the Despatch of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the 1st instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

The 3rd March 1868

Mr W H Verner, Assistant Magistrate of Sealdah, for two months under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 5th instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

NOTIFICATIONS

The 26th February 1868

Supplementary Commissions of the Peace for the Town of Calcutta and for Bengal, Behar, and Orissa were issued on the 20th instant by the High Court of Judicature at Fort William in Bengal, directed to Major John Moore Graham

The services of Dr S C Mackenzie, at present attached to the Medical College Hospital, are placed at the disposal of the Government of India in the Military Department

The services of Dr W B Beatson, late Civil Surgeon of Dacca, are placed at the disposal of the Government of India in the Home Department

The 27th February 1868

The leave of absence granted to Baboo Chunder Narain Sing, M A, Deputy Magistrate and Deputy Collector of Hooghly, under orders of the 19th instant, is cancelled at his own request

Mr W B Mackenzie, of the Bengal Police reported his departure from India per Steam ship *Newcastle*, which was left at sea by the Pilot on the 17th instant

The 28th February 1868

Dr H M Davis, Medical Officer of Pubna having joined his appointment on the 1st instant, the unexpired portion of the leave granted to him, under orders of the 26th January 1866, is cancelled

Monday, the 6th April 1868, has been fixed for the commencement of the next Half yearly Examination of Assistants and others

১৮৬৮ সাল ২ মার্চ।

বাকরগঞ্জের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত সি ই ডবলিউ বেন্সলী সাহেব রাজধানীস্থ ষ্ট্যাণ্ডিং চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার উত্তরপদধারির না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বরিশালের দাতব্য ঔষধালয়ে নিযুক্ত সব আসিষ্টাণ্ট চিকিৎসক ঐ সিবিল ষ্টেশনের কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায় এই মাসের ১ তারিখঅবধি অথবা তৎপরের এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৩ মার্চ।

শিয়ালদহের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব এই মাসের ৫ তারিখঅবধি অথবা তৎপরের এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট কর্ত্তৃক এই মাসের ২০ তারিখে কলিকাতা নগরের এবং বঙ্গ, বেহার ও উড়িষ্যা দেশের শান্তিরক্ষার্থ অতিরিক্ত যে কমিসান পত্র বাহির হয় তাহা মেজর শ্রীযুত জান মুর গ্রেহম সাহেবের নামে প্রদত্ত হইল।

সম্প্রতি মেডিকাল কালেজ হাসপাতালে নিযুক্ত ডাক্তর শ্রীযুত এস, সি, মাকেঞ্জি সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ঢাকার ভূত পূর্ব্ব সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত ডবলিউ বি বিটসন সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ২৭ ফেব্রুআরি।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম এ গত মাসের ১৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত হইল।

বঙ্গদেশের পোলীসসংক্রান্ত শ্রীযুত ডবলিউ বি মাকেঞ্জি সাহেব নিউকাষ্টলনামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব এই মাসের ১৭ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

পাবনার চিকিৎসক শ্রীযুত এচ, এম, ডেবিস সাহেব এই মাসের ১ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করাতে ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৮ সালের আপ্রিল মাসের ৬ তারিখ সোমবার আসিষ্টাণ্ট প্রভৃতির ষাণ্মাসিক পরীক্ষারম্ভের দিন অবধারিত হইয়াছে।

NOTIFICATION

The 26th February 1868

In modification of the notice published in the *Calcutta Gazette* of the 23rd October last, it is hereby notified that the Special Sub Registrar will hold office at Kooshtea during the first twenty days, and at Damughat during the remainder of the month The Sub Registry Office at Chooadangah will from the 1st proximo revert to the charge of the Sub-divisional Officer who has been appointed Sub Registrar *ex officio*

NOTIFICATION

The 26th February 1868

Under Section 16 of Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming houses) the Lieutenant Governor is pleased to authorize the extension of the provisions of the Act, from the 1st proximo to the Town of Santipore, in the District of Nuddea

---

DECLARATION UNDER SECTION 2 ACT VI OF 1857

The 26th February 1868

Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz* the Municipal Railway it is hereby declared that, for the above purpose a piece of land, situated in Bag Bazar, measuring 0*b* 5*c* 0*ch* more or less is required

It is bounded on the North partly by land belonging to the estate of Promothonauth Dey and partly by an upper roomed house belonging to Kistokissore Neogee on the South by land belonging to the estate of Promothonauth Dey on the East by Chitpore Road, and on the West by the River Hooghly

---

DECLARATION UNDER SECTION 2, ACT VI OF 1857

The 26th February 1868

Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken for a public purpose *viz* for the Municipal Railway it is hereby declared that, for the above purpose, a piece of land measuring 1*b* 11*c* 13 *ch*, more or less is required

It is bounded on the North and East by land belonging to Rajah Rajkissen's Estate, on the South partly by Bag Bazar Street, and partly by land belonging to Rajah Rajkissen's Estate, and on the West partly by land belonging to Rajah Rajkissen's Estate, and partly by Chitpore Road

---

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

গত অক্টোবর মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা মতান্তর করিয়া ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে বিশেষ সব রেজিষ্ট্রার প্রতি মাসের প্রথম বিশ দিন কুষ্টিয়ার ও অবশিষ্ট কএক দিন দামুঘাটে কাছারী করিবেন। শাখাখণ্ডের কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে সব রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হওয়াতে চুয়াডাঙ্গার সব রেজিষ্টরী কার্য্যালয় আগামি মাসের ১ তারিখ অবধি পুনশ্চ তাঁহার ক্ষমতাধীন হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

১৮৬৭ সালের বঙ্গদেশীয় ২ আইনের (অর্থাৎ দ্যূত ক্রীড়ার ও সামান্য দ্যূত গৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের) ১৬ ধারার বিধানমতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি নদীয়া জিলার অন্তর্গত শান্তিপুর নগরে উক্ত আইনের বিধান প্রচলিত করিলেন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকার্য্যার্থে অর্থাৎ মুনিসিপল রেলওয়ের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বাগবাজারে ন্যূনাধিক ।০ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্তভূমির উত্তর সীমা অংশত প্রমথনাথ দের ইষ্টেটের ভূমি ও অংশতঃ কৃষ্ণকিশোর নেউগীর দোতালা বাটী দক্ষিণ সীমা প্রমথনাথ দের ইষ্টেটের ভূমি, পূর্ব্ব সীমা চিৎপুরের পথ, পশ্চিম সীমা হুগলী নদী।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মুনিসিপল রেলওয়ের নিমিত্তে ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১॥ ৵০ $\frac{৫}{১৫}$ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও পূর্ব্বসীমা রাজা রাজকৃষ্ণের এষ্টেটের ভূমি দক্ষিণ সীমা অংশত বাগবাজারের রাস্তা ও অংশত রাজা রাজকৃষ্ণের ইষ্টেটের ভূমি, পশ্চিম সীমা অংশত রাজা রাজকৃষ্ণের সম্পত্তি ও অংশত চিৎপুর রোড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১১ মার্চ।]

DECLARATION UNDER SECTION 2 ACT VI OF 1857

The 26th February 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken at the public expense for a public purpose, *viz*, for a Charitable Dispensary at Rampore Bauleah, Rajshahye, it is hereby declared that, for the above purpose, a plot of land measuring in all 3 beegahs and 14 cottahs, more or less, situate in Mouzahs Doorgaparah and Hatomkhan Pergunnah Lushkurpore Zillah Rajshahye, is required The boundary of the plot is as follows —

Mouzah Doorgaparah and Hatomkhan 3 beegahs and 14 cottahs, more or less, bounded on the East by the public road and leading from the Government school to the house known as Burrokootee,' on the North by a public road skirting the Government school compound, on the South by a ditch and land belonging to Meajan Sheil and Ayob Mondol, respectively, and on the West by the homesteads of Anyaet Ally Meer and Kassim Sheik

H L DAMPIER,
Offg Secy to the Govt of Bengal

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৬ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ রাজশাহীর অন্তর্গত রামপুর বোয়ালিয়ার দাতব্য ঔষধালয়ের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে রাজশাহী জিলার লস্করপুর পরগনার দুর্গাপাড়া ও হাতম খাঁ মৌজায় ন্যূনাধিক ৩।।৪ কাঠা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২—

মৌজা দুর্গাপাড় ও হাতম খাঁর ন্যূনাধিক ৩।।৪ কাঠ ভূমির পূর্ব্ব সীমা গবর্ণমেণ্ট স্কুল হইতে বড় কুঠী নামে খ্যাত বাটীতে গমনের রাজপথ উত্তর সীমা গবর্ণমেণ্ট স্কুলের ভূমির ধারের গামি রাজপথ দক্ষিণ সীমা মিয়াজান সেখের ও রাজীব মণ্ডলের অধিকৃত খন্দা ও ভূমি পশ্চিম সীমা এনায়েৎ আলী মীরের ও কাশীম সেখের ভিটা ভূমি।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

FINANCIAL DEPARTMENT

NOTIFICATION

Fort William the 4th March 1868

No 1328

Under the provisions of Section 4 of Act X of 1862 the Governor General in Council is pleased to permit the use of adhesive stamps of the requisite value on the Proxy Papers described in the additional Clause to Article 43, Schedule A Act X of 1862, enacted by Section 5, Act XXVI of 1867

E H LUSHINGTON,
Secy to the Govt of India

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্টউলিয়ম। ১৮৬৮ সাল ৪ মার্চ।

১৩২৮ নম্বর।

১৮৬৭ সালের ২৬ আইনের ৫ ধারাক্রমে ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৪৩ প্রকরণে অতিরিক্ত যে পদ সংযোগের আজ্ঞা হইয়াছে তাহাতে যে প্রতিনিধিপত্রের কথা আছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ১৮৬২ সালের ১০ আইনের ৪ বিধানমতে সেই পত্রে উপযুক্ত মূল্যের আটাল ইষ্টাম্প ব্যবহার করিবার অনুমতি দিয়াছেন।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

APPOINTMENTS

The 4th March 1868

Baboo Juggornath Pershad Banerjee Officiating Moonsiff of Nurrail, to be Moonsiff of Nurrail, Zillah Jessore

Moulvie Abdool Luteef, suspended Moonsiff of Hazareebagh, to be Moonsiff of Rughoonathpore, in Chota Nagpore, but not to join his appointment

[*Government Gazette*, 10*th March* 1868]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ৪ মার্চ।

নড়াইলের একটিং মুনসেফ শ্রীযুক্ত বাবু জগন্নাথ প্রসাদ বন্দ্যোপাধ্যায় জিলা যশোহরের অন্তর্গত নড়াইলের মুনসেফ হইবেন।

হাজারিবাগের কিয়ৎকালের নিমিত্তে কর্ম্মচ্যুত মুনসেফ শ্রীযুক্ত মৌলবী আবদুল লতিফ ছোট নাগপুরের অন্তর্গত রঘুনাথপুরের মুনসেফ হইবেন কিন্তু

until the expiry of the term of his suspension from office

Moulvie Azhurooddeen, Officiating Moonsiff of Sonamgunge, to officiate as Moonsiff of Nubeegunge, Zillah Sylhet until furthers orders

Baboo Dinonath Mullick, Officiating Moonsiff of Jamalpore, to be Moonsiff of Jamalpore, Zillah Mymensingh

Baboo Kristo Chunder Chatterjee, B L, Moonsiff of Hurhurparah Zillah Moorshedabad to be Moonsiff of Nubeegunge, Zillah Sylhet but to continue to officiate as Moonsiff of Hurhurparah

Baboo Boistub Churn Dass, Moonsiff of Jamalpore, Zillah Mymensing on deputation as Sudder Ameen of Dacca, to be Moonsiff of Hazareebagh, in Chota Nagpore but to continue to officiate as Sudder Ameen of Dacca

Moulvie Adilooddeen suspended Moonsiff of Maunbazar, in Chota Nagpore, to be Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, but not to join his appointment until the expiry of the term of his suspension from office

Baboo Ram Coomar Roy, Officiating Moonsiff, to be Moonsiff of Muxoodpoor, Zillah Dacca

LEAVE OF ABSENCE

The 28th February 1868

Baboo Woma Churn Kastogree, Moonsiff of Ameergong, Zillah Tipperah, for one month, without pay, under the Financial Resolution dated the 4th June 1864, from the day he avails himself

C D FIELD,
Registrar

HIGH COURT &c
The 6th March 1868

তাঁহার ঐ কর্ম্মচ্যুতি কাল পূর্ণ না হওন পর্য্যন্ত পদ গ্রহণ করিবেন না।

সুনামগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত মৌলবী আজর উদ্দীন অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত জিলা ছিলটের অন্তর্গত নবীগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা ময়মনসিংহের অন্তর্গত জামালপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু দীননাথ মল্লিক ঐ স্থানের মুনসেফ হইবেন।

জিলা মুরশিদাবাদের অন্তর্গত হরহরপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় বি এল জিলা ছিলটের অন্তর্গত নবীগঞ্জের মুনসেফ হইবেন কিন্তু হরহরপাড়ার মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

জিলা ময়মনসিংহের অন্তর্গত জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাস যিনি এক্ষণে ঢাকার সদর আমীনের কর্ম্ম করিতেছেন তিনি ছোট নাগপুরের অন্তর্গত হাজারিবাগের মুনসেফ হইবেন কিন্তু ঢাকার সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

ছোট নাগপুরের অন্তর্গত মান বাজারের কিয়ৎকালের নিমিত্তে পদচ্যুত মুনসেফ শ্রীযুত মৌলবী আদিল উদ্দীন জিলা ছিলেটের অন্তর্গত সুনামগঞ্জের মুনসেফ হইবেন কিন্তু তাঁহার কর্ম্মচ্যুতির কাল পূর্ণ না হওন পর্য্যন্ত ঐ পদ গ্রহণ করিবেন না।

একটিং মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায় জিলা ঢাকার অন্তর্গত মকসুদপুরের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

জিলা ত্রিপুরার অন্তর্গত আমির গাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ কাষ্টগিরি যে তারিখে ইচ্ছা করেন ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ৮৬৪ সালের ৪ জুনের আজ্ঞামতে সেই তারিখ অবধি বিনা বেতনে এক মাসের ছুটী পাইবেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ৬ মার্চ।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের নিম্নলিখিত মহাল ৮৬৮ সালের ১২ জানুআরির তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে ৮৬৮ সালের ২০ মার্চ মোং ১২৭৪ সালের ৮ চৈত্র রোজ শুক্রবার দিবা ২ দুই প্রহরের পর অত্র জেলার কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি ১৮৬৮। তাং ১৭ জানুআরি।

কাএমীবন্দবস্তী।

২১৯ নং পরগনে বন্দরখোলা চর নাছিরপুর নীলাম খরিদা তালুক গোপালকৃষ্ণ সাহা সদর

জমা		১০৫৭॥৶০
	রোড কস্	১০।৵০
		১০৬৮৷০

G S PARK,
Offg Collector

জিলা নদীয়া।

এস্তেহার নামা কাছারী কালেক্টরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৮ সালের ১৩ জানুআরি পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যং যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্ত এবং চলিত আইনমতে সন ১৮৬৮ সালের ১৮ মার্চ মোং সন ১২৭৪ সালের ৬ চৈত্র বুধবার দিবসে এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৮ সাল তারিখ ১৯ ফেব্রুআরি মোং সন ১২৭৪ সাল তারিখ ৮ ফাল্গুণ।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৫৭৮০৶৫
ফৌজদারী ৬৫৶৪

১৬৭ নং ডিহি ডুবড়া পং পাঁজনৌর মালিক ঈশ্বরচন্দ্র মস্তফীদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৪০১০।৬
ফৌজদারী ৬৩৸৶৮

১৬৭।৪ নং ডিহি ডুবড়া পং পাঁজনৌর মালিক উপেন্দ্রমোহন মস্তফী সদর জমা ।৶০ অ শের ৮৫৯৩৷৹
ফৌজদারী ৯৩৴৪

১৯৯ নং কিং ঊটনাকাজুয়া পং পলাশী মালিক প্রাণকৃষ্ণ পালদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৮৬ ৸৶২
ফৌজদারী ৮৷৶২৷

২১৪ নং ডিহি গাজুবাডেঙ্গা পং রাজপুর মালিক গোলোকচন্দ্র মুখোপাধ্যায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৮৫৫৶৮৷

২৪৩ নং ডিহি হাতিছালা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৩৩০৮৸৶৫
ফৌজদারী ৩৯৶৪

৪৭৭ নং তং শ্যামপুর পং হোসেনউজিরাম মালিক কালাচাঁদ চক্রবর্ত্তীদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ২২ ৬৸৶০

J WESTLAND
Offg Collector

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

বর্দ্ধমান রাজধানীর হবীষৎ নামক এক সেরেস্তার সেরেস্তাদারি পদ শূন্য হইয়াছে ঐ পদের বেতন সম্প্রতি ৩০৲ টাকা নির্দ্ধারিত আছে কিন্তু কোন পাত্র ব্যক্তি ঐ কর্ম্ম আকাঙ্ক্ষা করিলে বেতন বৃদ্ধি করি। দিতে পারাযায়। যে কোন ব্যক্তি ঐ পদ প্রাপ্ত হওনের আকাঙ্ক্ষা রাখেন তেঁহ ঐ রাজবাটীর দিওয়ান শ্রীযুক্ত বাবু তারকনাথ সেনের নিকটে তদ্বিষয়ের প্রার্থনাপত্র যোগ্যতাপত্র সম্বলিত পাঠাইতে পারেন কিন্তু যে সেহ দেওয়ানী আরজি, বর্ণনাপত্র, ও আপীলের অজুহাত, লিখিতে না পারেন ও বিশেষ আইনজ্ঞ নহেন ও পর্গস ক্রান্ত আদালতে কোনহ কর্ম্ম করেন নাই তাঁহার দরখাস্ত করিবার প্রয়োজন নাই ইতি।

বৰ্দ্ধমান রাজবাটী।
সন ২৭৪ সাল ১৭ ফাল্গুণ।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বাদেলা সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 10, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১০ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেহ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনা-গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। এ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাসমহালে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ২৭এ মার্চ মোতাবেকে বাঙ্গলা সন ১২৭৪ সালের ১৫ই চৈত্র আমলি সন ১২৭৫ সালের ১৬ই চৈত্র শুক্রবার জেলা মেদিনীপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে অত্র গেজেটের ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের ২। ৩। ৪ দফার অধীনে থাকিতে হইবেক।

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	ভূমির ন্যূনাধিক পরিমাণ একরেটে			সদর জমা			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			একর	রে।	পোল	সদর জমা	রোড় কর।	একুন।		
	৯৮৪	মহাল ধর্ম্মপুর পং চেতুয়া	০।	০।	২৬				৪॥০	এই মহাল নিষ্করে নীলাম হইবেক।

W J HERSCHEL,
Collector

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা আদালত কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে রঙ্গপুর জেলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ১৭ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৫ চৈত্র রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা গবর্ণমেন্ট গেজেটের প্রকাশিত রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। উপরোক্ত পুনর্ব্বিক্রয় প্রথম খরিদারের নিমিত্ত এবং তাহার দাযে হইবেক যে খরিদার আপন ডাক পূরণ করিতে ত্রুটি করিয়াছে।

সরকারী সম্পত্তির ইকজি রুক্তের নম্বর।	জিলার তৌজীর নম্বর।	মহালের ও পরগণার নাম।	একরের ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার ট্যাক্স।	মোট।		
			এ রূ প					
৩	৩২৫	কিসামত খামার হারাগাছ পরগনে বামনডাঙ্গা।	৩১।৩।২১	৮৫৲	৸৶	৮৫৸৶	১৭০৲	ইজারার মিয়াদ ১৮৬৮ ইংরেজী ৩০ আপ্রিল শেষ হইবেক।

E G GLAZIER,
Offg Collector

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নীচের ইষ্টেটমেন্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ইংরেজি ১৮৬৮ সনের ১৬ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৭৪ সনের ৪ চৈত্র রোজ সোমবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালাত যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমিদার স্বরূপ গ্রামের চৌকিদারের যে খরচ এপর্য্যন্ত দিযাছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালাতের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৬৮ ইং তারিখ ১১ জানুআরি।

তৌজীর মহালের টেকিরুতের নম্বর।	জিলার বহির নম্বর।	মহাল ও পরগণার নাম।	ন্যূনাধিক যত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				মালগুজারী বাজস্ব।	রাস্তার টেক্স	মোট।		
			এ রূ প					
৩৫ ১৮৫৯ইং	০৫	পং বরদাখাত মধ্যে জোওয়ার বলরাম-পুর	৯৩৫।০।৩২	১৯০৩৲	৯৲	১৯২২৲	৩৮০৬৲	এই মহালের বিক্রি ১২৭৪ সন বাঙ্গলা-হইতে গণ্য হইবেক ইতি।
২৮ ১৮৫৯ইং	১৩১	পং মহবতপুর ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ১৭৩ নং বো রোচর	২০৩৫।০।২৪	৫৬৯৲	১৫৸	১৫৮৪৸০	৩১৩৮৲	তথা।
৯৬ ১৮৫৯ইং	১২৪	পরগণে বরদাখাত ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রির ২৫ নং চর বিষ্ণুরামপুরের সিকস্তির পয়বস্তি-চর মিলখি	৩৩৭।২।২৪	৫৩২৲	৫।৵	৫৩৭।৵	১০৬৪৲	এই মহালের বিক্রি ১২৭৫ সন বাঙ্গলা-হইতে গণ্য হইবেক ইতি।

F G Millett,
Collector

জিলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালকিয়ত স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ২০ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৮ চৈত্র শুক্রবার জিলা ফরিদপুরের কালেক্টরীতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন। ২৮ জানুআরি ১৮৬৮।

রাজকীয় মহালাতের কৈফিয়তের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	আন্দাজী যত একর পরিমাণ ভূমি।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট।		
২৬৮	১০৭৯	খাস তাং রামকুমার চক্রবর্ত্তী পং সাতৈর।	১	৩।০	/০	৩।/৯	৬॥০	
২৭২	১৫৬৫	খাস মহাল আইস চোকলা পং হাবিলি।	২	৪॥৵০	/০	৪॥৶০	৯।০	

Chunder Mohun Roy,
Deputy Collector.

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহল সকল তকসিলের ১১ ঘরের লিখিতমত নিয়মে আগামী ২৬ মার্চ মোতাবক সন ১২৭৪ । ১৪ চৈত্র বৃহস্পতিবার এই জিলার কালেক্টরিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৬৮ সাল তাং ১৩ ফেব্রুয়ারি।

রাজকীয় মহালের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				নির্দ্ধারিত রাজস্ব।	রোড ফণ্ড।	মোট।		
১	২	৩	৪ ৫ ৬	৭	৮	৯	১০	১১
			এ ক প					
১০২	৩৭৭১	প্রসাদপুর পং পাণ্ডুয়া	১।০ ৭	৷৷৶৬	৵৯	৩৸৩	৭৶০	গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহাই নীলাম হইবেক। সন ১৮৬৮ সালের ১ আপ্রিল মোতাবেক সন ১২৭৫ সালের সুরু হইতে খরিদারের স্বত্ব জন্মিবেক এবং ৯ ঘরের লিখিত রাজস্ব নিয়মমত খরিদার দিতে বাধ্য হইবে।
১১৫	৩৫৭৬	ছেলমাবাদ সামিল হালাড়া পরগনে হাবেলী	০।৩।৫	৴৩	৵৩	১৴৬	২৵৬	
১১২	৩৬১৪	খাবপাড়া সামিল কবুরা দিগর পং অম্বিকা	১।২।২০	১৵১	৵২	৲৵৩	২।২	
		৩						
১১১	৩৬০৮	খারপাড়া পং অম্বিকা	০।০।২৯				৸৵১০	এই তিন মহালে গবর্ণমেণ্টের যে স্বত্ব আছে তাহাই মাথে বাজ স্বরূপে বিক্রয় হইয়া খরিদারকে অর্পিবেক ইতি।
১১৩	৩৮২৭ পূর্ব্বে ৩৮৭৮ নং ছিল।	চাঁদডা প- বাশীহাটী	০।১।৮				৬।৶৪	
১০৪	২২৮৬	চাকরান বাজেযাপ্তি কলুপুখুরিয়া পং জাহানাবাদ	০।২।৩২				১০৸৶০	
		৩						

R V Cockerell

Collector

জিলা করিদপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে জেলা করিদপুরের অন্তর্গত নিম্নের লিখিত খাসমহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ৩ আপ্রিল মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের ২২ চৈত্র শুক্রবার জেলা করিদপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহার এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৮ সাল তারিখ ১৮ ফেব্রুআরি।

গবর্ণমেন্টের হালের নাম নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগণার নাম।	প্রকরেতে ভূমির মুান ধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মার্কা করা রাজস্ব।	তৌজি কত।	একুন।		
			বি ক পো					
২১৭	৫৭৮	সরকারী খরিদা জাএগীর তালুক আদী মির্জ পঃ জালালপুর।	১			৭	৫।।৶০	নিষ্কর বিক্রয় হইবেক।

CHUNDER MOHUN ROY,
Deputy Collector

জিলা ঢাকা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি।

prosecuted under the Excise যাইতেছে যে ঢাকা জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ শ্রীযুত আকৌন্টেন্ট জেনরল
of the Lower Provinces, the Board have ... ১২৭২ সনে সেই টাকা পুরস্কারস্বরূপ দ্বারা বিতরণ করিবার
of the suggestion made by the Accountant General of Bengal, to dispense, in future, with the countersignature by the Commissioner of bills for the payment of such rewards

2 The charges on account of excise rewards will therefore in future, be admitted by the Accountant-General " on receipts of the payees, supported by certified copies of the Court's order in each case '

নিমিত্তে এই প্রস্তাব করিলেন যে এতৎপরে ঐ পুরস্কারের টাকার বিলেতে কমিসানর সাহেবের স্বাক্ষর করা অপ্রয়োজন বলিয়া নিবৃত্ত করা যায়। বোর্ডে সাহেবেরা তাহাতে সম্মত হইয়াছেন।

২। অতএব এতৎপরে যাঁহারা ঐ পুরস্কারের টাকা পাইবেন তাঁহারা রসীদ লিখিয়া তৎসহিত আদালতের আজ্ঞার সর্টিফিকটযুক্ত নকল দিবেন। আকৌন্টেন্ট জেনরল সাহেব তাহা পাইয়া গ্রাহ্য করিবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator*

HOME DEPARTMENT

NOTIFICATIONS

Fort William, the 12th March 1868

No 1294

By virtue of the power vested in the Governor General in Council by Section 21 of Act XXV of 1867, entitled "An Act for the Regulation of Printing Presses and Newspapers, for the preservation of copies of Books printed in British India, and for the registration of such Books," His Excellency in Council is pleased to declare that all books, maps, sketches, charts and papers

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ১২ মার্চ।

২৯৪ নং।

১৮৬৭ সালের ২৫ আইনের অর্থাৎ মুদ্রা যন্ত্রের ও সম্বাদপত্রের বিধান করণার্থ এবং ব্রিটনীয় ভারতবর্ষে মুদ্রিত পুস্তকের কএক গ্রন্থ রক্ষা ও ঐ২ পুস্তক রেজিষ্টরী করণার্থ আইনের ২১ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গিয়াছে তদনুসারে তিনি আজ্ঞা করিয়াছেন যে গবর্ণমেন্টের আজ্ঞানুসারে কিম্বা রাজকীয় কার্য্যার্থে যে সকল পুস্তক ও ম্যাপ ও আলেখ্য ও চার্ট ও অন্য

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 17, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৭ মার্চ।

CIRCULAR ORDERS OF THE [illegible]

No [illegible]

His Excellency the Viceroy and Gover[illegible]neral, under the authority vested in him by Act 24 and 25 Vic, Cap 67, Section 10 is pleased to nominate Sir Richard Temple, K C S I, of the Bengal Civil Service, to be an additional Member of the Council of the Governor General for making Laws and Regulations only

E C BAYLEY
Secy to the Govt of India

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোডের [illegible]

[illegible]২২ নং।

[illegible]৩ মহারাণী বিক্টোরিযার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যাযের ১০ ধারামতে মহিমবর রাজ প্রতিনিধি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতার্পণ হইযাছে তদনুসারে তিনি বঙ্গদেশের সিবিল সর্বিসসম্পর্কীয শ্রীযুত সর রিচার্ড টেম্পল কে সি এস আই সাহেবকে কেবল আইন ও ব্যবস্থা করণ-সংক্রান্ত কার্য্যে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-সভার এডিস্যনল মেম্বরের পদে নিযুক্ত করিযাছেন।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 981

APPOINTMENTS

The 28th February 1868

Mr G H French to officiate as District Superintendent of Police, Kamroop until further orders

The 4th March 1868

Major J M Graham to be a Member of the Board of Examiners

[*Government Gazette*, 17*th March* 1868]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবণর সাহেবের আজ্ঞা।

৯৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কামরূপ ডিষ্ট্রিক্টের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ৪ মার্চ।

মেজর শ্রীযুত জে এম গ্রেহম সাহেব পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন।

The 5th March 1868

Mr T G Charles to officiate as District Superintendent of Police of Jessore, during the absence, on leave of Mr E I Shuttleworth, or until further orders

The 6th March 1868

Major J M Graham Deputy Commissioner of Police Calcutta is appointed to be a Visitor of the Presidency Jail, and of the Lunatic Asylums at the Presidency

Mr W McLaren Smith, B A is appointed to the Fourth Class of the Bengal Educational Service with effect from the 21st ultimo, and to be a Professor in the Berhampore College

The 10th March 1868

The following officers are appointed, under Section 5, Act IV (B C) of 1867 to exercise the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X of 1859 and VI (B C) of 1862 *viz* —

Mr R H Pawsey Officiating Joint Magistrate and Deputy Collector of Balasore

Mr E J Barton Officiating Joint-Magistrate and Deputy Collector of Pooree

Mr A Lowen Officiating Civil and Sessions Judge of Sylhet is vested with the powers of a Sessions Judge in Cachar

Mr A Ewbank B A is appointed to the Fourth Class of the Bengal Educational Service with effect from the 28th ultimo and to be a Professor in the Patna College

১৮৬৮ সাল ৫ মার্চ।

শ্রীযুত ই আই শটলওর্থ সাহেব ছুটী লওয়াতে তাঁহার প্রত্যাগমন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি জি চার্লস সাহেব যশোহর ডিষ্ট্রিক্টের পোলীসের স্থপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

৮৬৮ সাল ৬ মার্চ।

কলিকাতার পোলীসের ডেপুটী কমিসানর মেজর শ্রীযুত জে এম গ্রেহম সাহেব রাজধানীর অন্তর্গত জেলখানার এবং ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ মাকলারেন স্মিথ সাহেব বি এ, গত মাসের ২১ তারিখঅবধি বঙ্গদেশীয় বিদ্যাধ্যাপন সংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীভুক্ত হইয়াছেন ও বহরমপুর কালেজে অধ্যাপক হইবেন।

১৮৬৮ সাল ০ মার্চ।

১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৫ ধারামতে নিম্নলিখিত কার্য্যকারকেরা ১৮৫৯ সালের ১০ আইন এবং ৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনমতে আপীল শুনিয়া নিষ্পত্তি করিবার জন্যে জিলার কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করণার্থে নিযুক্ত হইয়াছেন বিশেষতঃ

বালেশ্বরের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এস পসি সাহেব,

এবং পুরীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই জে বার্টন সাহেব।

ছিলটের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এ লেবি এন সাহেব কাছাড়ে সেশন জজের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ ইউবাঙ্ক সাহেব, বি এ, গত মাসের ২৮ তারিখ অবধি বঙ্গদেশীয় বিদ্যাধ্যাপনসংক্রান্ত কর্ম্মের চতুর্থ শ্রেণীভুক্ত হইয়াছেন ও পাটনা কালেজে অধ্যাপক হইবেন।

LEAVE OF ABSENCE

The 3rd March 1868

Mr V H Schalch Commissioner of Cuttack on special duty at Calcutta for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules to enable him to proceed to Europe for the benefit of his health

The 4th March 1868

Mr H I J Kean, Joint Magistrate and Deputy Collector of Gya, for fifteen days under Section 6 of the Covenanted Service Absentee Rules in extension of the leave granted to him under orders of the 28th November last

Baboo Bemolachurn Bhuttacharjee Deputy Magistrate and Deputy Collector of Moonshee gunge for one week under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave allowed to him under orders of the 24th January last

The 5th March 1868

Mr E I Shuttleworth, District Superintendent of Police Jessore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

ছুটী।

১৮৬৮ সাল ৩ মার্চ।

কলিকাতায় বিশেষ কর্ম্মে নিযুক্ত কটকের কমিসানর শ্রীযুত বি এচ শক সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে ইউরোপে গমন করিতে পারেন এই নিমিত্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তাহাকে পনের মাসের ছুটী দেওয়া গিয়াছে।

৮৬৮ সাল ৪ মার্চ।

গয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এফ জে কীন সাহেব গত নবেম্বর মাসের ২৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

মুনসীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য গত জানুআরি মাসের ২৪ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৫ মার্চ।

যশোহর ডিষ্ট্রিক্টের পোলীস স্থপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই আই শটলওর্থ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারাক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৬৮। ৭ মার্চ।]

The 7th March 1868

Mr W W Linton, Additional Principal Sudder Ameen of Dacca, for two months under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No 255, dated the 8th November 1865

Mr R F H Pughe, Assistant Superintendent of Police, Burhee for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Baboo Dwarkanath Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Howrah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 5th instant, or any other day within one month of that date on which he may avail himself of the leave

Baboo Mothooranath Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Rajshahye, for one month under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from any date after the 12th proximo on which he may be relieved

NOTIFICATIONS

The 4th March 1868

The leave of absence granted to Mr J B Birch, Assistant Superintendent of Police, Maunbhoom, under orders of the 5th ultimo is cancelled at his own request

Mr J Scobell Armstrong, Assistant Magistrate and Collector, Bhaugulpore, having resumed charge of his office on the afternoon of the 20th ultimo the unexpired portion of the leave of absence granted to him under orders of the 18th January last is cancelled

The 7th March 1868

Mr H H Metcalfe, of the Subordinate Executive Service, reported his departure on leave by the Ship *Alum Bagh* which was left at sea by the Pilot on the 28th ultimo

Mr V H Schalch, of the Civil Service report ed his departure on leave by the Steamer *Mooltan* which was left at sea by the Pilot on the 4th instant

NOTIFICATION

The 2nd March 1868

It has been brought to the notice of the Lieutenant Governor that Section 4 of the Rule passed by Government for conducting the Pleadership Examination, which prescribes that the examination for the higher grade of Pleader shall be conducted in English, has prevented persons who had been practising as Pleaders of the lower grade before the 1st January 1866, but who do not know English, from avail

৮৬৮ সাল ৭ মার্চ।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখে ২৫৫ নম্বরের যে আজ্ঞা করেন ঢাকার এডিসনল প্রধান সদর আমীন শ্রীযুত ডবলিউ ডবলিউ লিন্টন সাহেব তদনুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বর্হির পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এফ এচ পিউ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায় বর্ত্তমান মাসের ৫ তারিখ অবধি অথবা সেই তারিখের পর এক মাসের মধ্যে অন্য যে দিনে ছুটী লন সেই দিন অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মথুরানাথ বন্দ্যোপাধ্যায় আগামি মাসের ১২ তারিখের পর যে দিনে আপনার কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই দিন অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৪ মার্চ।

মানভূমের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে বি বর্চ সাহেবকে গত মাসের ৫ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার নিজ প্রার্থনামতে রহিত হইয়াছে।

ভাগলপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে স্কোবেল আর্মষ্ট্রং সাহেব গত মাসের ২০ তারিখে অপরাহ্ণে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব গত জানুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞাক্রমে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

১৮৬৮ সাল ৭ মার্চ।

রাজস্ব ক্রমস্থ অধান কার্য্যকারক শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব ছুটী লইয়া আলমবাগ নামক জাহাজে গিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটি সাহেব গত মাসের ২৮ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

সিবিল সর্ব্বিসের শ্রীযুত বি এচ শল্ক সাহেব ছুটী লইয়া মুলতান নামক ষ্টীমরে গিয়াছেন এমত রিপোর্ট করেন আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ২ মার্চ

উকীলদের পরীক্ষার বিধির ৪ ধারাতে ইংরাজী ভাষায় উচ্চ শ্রেণীর পরীক্ষা হওয়ার বিধান হওয়াছিল। এতদ্বারা যাহারা ১৮৬৬ সালের জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্বে নিম্ন শ্রেণীর উকালতী কর্ম্ম করিতেছেন ইংরাজী ভাষা না জানাপ্রযুক্ত তাঁহারা হাই কোর্টের প্রতি বিধির ৩ ধারার লিখিত লাভ প্রাপ্ত হইতে পারিতেন না। সেই ৩ ধারার এই আজ্ঞা যে উক্ত উকীলেরা প্রথম পরীক্ষার সময়ে ৯ ধারার লক্ষিত ক্ষমতা প্রাপ্ত না হইলেও উচ্চশ্রেণীর উকালতী

ing themselves of the benefit of Section 10 of the Rules passed by the High Court which allowed such Pleaders the privilege of competing at the first examination for Pleaderships of the higher grade without having the qualifications required by the preceding Section Accordingly, the Lieutenant Governor is pleased with the concurrence of the High Court to declare that such persons shall be allowed to present themselves at the examination for Pleaderships of the higher grade which will be held in January 1869 and that that examination shall (so far as the Pleaders above described are concerned) be conducted in the vernacular of the District

2 The Lieutenant Governor is also pleased with the concurrence of the Hon'ble Judges of the High Court to declare that at the examination for Pleaderships of the higher grade to be held in Assam in January 1869 Clauses 1 and 2 of Section 9 of the Rules passed by the High Court, shall not be enforced as regards Assamese candidates or others who have been brought up in Assam but that all such candidates between the prescribed ages shall be admitted who may produce certificates from the Deputy Commissioner of the District in which they live of their good moral character and of their having a fair knowledge of English Certificates given to candidates who succeed in passing the examination to which they may have been admitted under this relaxation of the rules will qualify the holders to practise in the Courts of Assam only It must be distinctly understood, however that the Rules in question will be strictly enforced at all future examinations subsequent to that of 1869

NOTIFICATION

The 3rd March 1868

It is hereby notified under the provisions of Section 15 of Act V of 1861 that in consequence of the disturbed state of the country about Akhaura in the district of Tipperah the Lieutenant Governor has been pleased to sanction the employment of a Police force, consisting of one Head Constable and ten Constables, at a cost of Rupees 83 per mensem as shown below in excess of the ordinary Police force The said force to be quartered at Akhaura or at some suitable spot in the district of Tipperah for a period of three months

1 Head Constable	Rupees	15
1 Constable		9
1	„	8
3 Constables, at Rupees 7 each	„	21
5 „ 6 „	„	30
Total Rupees		83

পদের পরীক্ষা দিতে পারিবেন। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ইহা অবগত হইয়া হাই কোর্টের সম্মতিক্রমে এই আজ্ঞা করিতেছেন ১৮৬৯ সালের জানুআরি মাসে উচ্চশ্রেণীর ওকালতী পদের নিমিত্ত যে পরীক্ষা হইবে ঐ ব্যক্তিরা তাহাতে উপস্থিত হইতে পারিবেন এবং উক্ত উকীলদের সম্পর্কে সেই পরীক্ষা জিলার প্রচলিত ভাষায় হইবে।

২। হাই কোর্টের মান্যবর জজ সাহেবদের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আজ্ঞা করিতেছেন। আসামে ১৮৬৯ সালের জানুআরি মাসে উচ্চশ্রেণীর ওকালতী পদের নিমিত্ত যে পরীক্ষা হইবে তাহাতে ঐ পদাকাঙ্ক্ষি আসামীয়দের কিম্বা অন্য যে ব্যক্তির আসামে শিক্ষা প্রাপ্ত হইয়াছেন তাঁহাদের পক্ষে হাই কোর্টের প্রণীত বিধির ৯ ধারার ১ ও ২ প্রকরণ প্রবল হইবে না। কিন্তু নিদ্ধারিত বয়সের পদাকাঙ্ক্ষিরা যে জিলার মধ্যে বাস করেন সেই জিলার ডেপুটী কমিস্যনরের স্থানে সদাচারের এবং ইংলণ্ডীয় ভাষার যথাযোগ্য জ্ঞান প্রাপ্তির সর্টিফিকট লইয়া দেখাইতে পারিলে গ্রাহ্য হইবেন। উক্ত প্রকারে বিধি শ্লথ করণদ্বারা যে পদাকাঙ্ক্ষিরা পরীক্ষা দানপূর্ব্বক উত্তীর্ণ হইয়া সর্টিফিকট প্রাপ্ত হন তাহারা কেবল আসামের আদালতে ওকালতী করিতে পারিবেন। পরন্তু ১৮৬৯ সালের পর যে সকল পরীক্ষা হইবে তৎসম্পর্কে পরীক্ষাবিষয়ক বিধি অতি দৃঢরূপে প্রবল করা যাইবে ইহা সকলের জানা কর্ত্তব্য।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ৩ মার্চ।

ত্রিপুরা জিলার অন্তর্গত আকা নগরের চতুর্দ্দিগ দেশের চাঞ্চল্যাবস্থাপ্রযুক্ত ঐ স্থানে সামান্যত পোলীসের যে দল থাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ৮৬১ সালের ৫ আইনের ৫ ধারার বিধানমতে তদতিরিক্ত এক জন হেড কনষ্টাবল ও ১০ জন কনষ্টাবল নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন। নিম্নলিখিত মতে তাহাদের মাসিক বেতন মোটে ৮৩৲ টাকা। তাহারা আকা নগরে কিম্বা ত্রিপুরা জিলার অন্তর্গত কোন উপযুক্ত স্থানে তিন মাস পর্য্যন্ত থাকিবে।

			টাকা
এক হেড কনষ্টাবল			১৫৲
এক কনষ্টাবল			৯৲
এক	ঐ		৮৲
তিন	ঐ	সাত টাকা করিয়া	২১৲
পাঁচ	ঐ	ছয় টাকা করিয়া	৩০৲
			৮৩৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৭ মার্চ।]

DECLARATIONS UNDER SECTION 2 OF ACT VI OF 1857

The 5th March 1868

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz*, for the establishment of public privies within the Town of Calcutta it is hereby declared that, for the above purpose, a plot of land situated in the Town of Calcutta measuring 1 cottahs 4 chittacks and 4 square feet, more or less, and recorded as Holding No 556, Block No II, North Division is required

The land is bounded on the North by the property of Nobin Chunder Chatterjee, on the South by the properties of Gour Khan and Nundoo Gopaul Chatterjee, on the East by a Bye Lane, and on the West by the properties of Bolloy Chand Roy and Shaik Baboo

This Declaration is made under the provisions of Section 2, Act VI of 1857 to all whom it may concern

---

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense for a public purpose, *viz* for the establishment of public privies within the Town of Calcutta it is hereby declared that, for the above purpose a plot of land, measuring 4 cottahs 15 chittacks and 43 square feet, more or less, situated within the Town of Calcutta, and being part of Holding No 13, Block No V, North Division is required

The land is bounded on the North by the property of E M Elias and a portion of the Holding required on the South by a portion of the same Holding, on the East by the property of Mirza Abdool Kureem Sheerazee and on the West by a portion of the Holding required and Ezra Street

This Declaration is made, under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

---

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz* for the establishment of public privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 3 cottahs 8 chittacks and 31 square feet, more or less, situated within the Town of Calcutta and recorded as Holding No 48, Block No III, North Division, is required

The land is bounded on the North by the property of Woma Churn Paul and others, on the

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৫ মার্চ।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতানগরের মধ্যে সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার জন্যে গবর্ণমেণ্টের রাজকীয় অর্থ ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন অতএব ইহাদ্বারা প্রকাশ হইল যে উক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতায় ন্যূনাধিক চারি কাঠা চারি ছটাক ও চারি বর্গ ফুট পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন সেই ভূমি উত্তরাংশের ২ নং কিতার ৫৫৬ নম্বরের যোত বলিয়া লেখা আছে।

সেই ভূমির উত্তর দিগে নবীনচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পত্তি দক্ষিণদিকে গৌর খাঁ ও নন্দগোপাল চট্টোপাধ্যায়ের সম্পত্তি পূর্ব্বদিগে গলিপথ পশ্চিমদিকে বল্লাইচাঁদ রায়ের ও সেখ বাবুর সম্পত্তি।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে তাঁহাদিগকে সম্বাদ দেওয়া গেল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতানগরের মধ্যে সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার জন্যে গবর্ণমেণ্টের রাজকীয় ব্যয়ে ভূমি লওয়া আবশ্যক অতএব জ্ঞাত করা যাইতেছে যে উক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতানগরের মধ্যে ন্যূনাধিক চারি কাঠা পনের ছটাক ও তেতাল্লিশ বর্গ ফুট ভূমির প্রয়োজন সেই ভূমি উত্তরাংশের ৫ নং কেতা ৩ নং যোতের এক অংশ।

তাহার উত্তর দিগে এ এম ইলাইয়াস সাহেবের সম্পত্তি এবং উক্ত যোতের এক অংশ দক্ষিণ দিগে উক্ত যোতের এক অংশ, পূর্ব্ব দিগে মীরজা আবদর করিম সেরাজীর সম্পত্তি পশ্চিম দিগে উক্ত যোতের এক অংশ ও এজরা ষ্ট্রীট।

উক্ত বিষয়ে যাহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে তাঁহাদিগকে উক্ত সম্বাদ দেওয়া গেল।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার নিমিত্তে গবর্ণমেণ্টের রাজকীয় অর্থ ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন এপ্রযুক্ত জ্ঞাত করা যাইতেছে যে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক তিন কাঠা আট ছটাক একত্রিশ বর্গফুট এককেতা ভূমির প্রয়োজন সেই ভূমি উত্তরাংশের ৩ নং কেতার ৬৮ নং যোত বলিয়া লিখিত হইয়াছে।

তাহার উত্তর দিগে উমাচরণ পালপ্রভৃতির সম্পত্তি দক্ষিণ দিগে পুরুষোত্তম ও দ্বারকানাথ প্রভৃতির সম্পত্তি

South by the property of Proosootun Dwarkanauth and others, on the West by a public drain, and on the East by Bibee Rozie s Lane

This Declaration is made under the provisions of Section 2, Act VI of 1857 to all whom it may concern

পশ্চিম দিগে রাজকীয় নর্দ্দমা পূর্ব্ব দিগে বিবি রোজির গলি।

উক্ত বিষযে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে তাঁহাদিগকে উক্ত সম্বাদ দেওযা গেল।

WHEREAS it appears to the Hon ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose *viz*, for the establishment of public privies within the Town of Calcutta it is hereby declared that for the above purpose, a plot of land measuring 4 cottahs 1 chittack and 11 square feet more or less situated within the Town of Calcutta and being part of Holding No 134, Block No III North Division, is required

The land is bounded on the North by Chunam Gully on the South by the properties of Prem narain Chatterjee and Muddoosoodun Puttro on the East by a public drain and on the West by the remaining portion of the Holding required

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857 to all whom it may concern

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার নিমিত্তে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন অতএব ইহাতে জ্ঞাত করা যাইতেছে যে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক চারি কাঠা এক ছটাক এগার বর্গ ফুট এক কেত্তা ভূমির প্রয়োজন সেই ভূমি উত্তরাংশের ৩ নং কেত্তার ১৩৪ নং যোতের একাংশ।

ঐ ভূমির উত্তরে চুণা গলি দক্ষিণে প্রেমনারায়ণ চট্টোপাধ্যায়ের ও মধুসূদন পাত্রের সম্পত্তি পূর্ব্বদিগে রাজকীয় নর্দ্দমা পশ্চিম দিগে উক্ত যোতের একাংশ।

*

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

WHEREAS it appears to the Hon ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose *viz* for the establishment of public privies within the Town of Calcutta it is hereby declared that for the above purpose a plot of land measuring 4 cottahs, more or less, situated within the Town of Calcutta and being part of Holding No 373, Block No III North Division is required

The land is bounded on the North and West by the remaining portion of the Holding required on the East by a public drain and on the South by Mahomed Crescent s Lane Champatollah

This Declaration is made under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক চারিকাঠা এক খণ্ড ভূমির প্রয়োজন সেই ভূমি উত্তরাংশের ৩ নং কেত্তার ৩৭৩ নং যোতের এক অংশ।

উক্ত ভূমির উত্তর ও পশ্চিম দিগে ঐ যোতের অন্য অংশ পূর্ব্ব দিগে রাজকীয় নর্দ্দমা দক্ষিণ দিগে চাঁপাতলার মহম্মদ ক্রেসেণ্টের গলি।

উক্ত বিষযে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে তাঁহাদিগকে উক্ত সংবাদ দেওযা গেল।

WHEREAS it appears to the Hon ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz*, for the establishment of public privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 4 cottahs 8 chittacks and 25 square feet, more or less, situated within the Town of Calcutta, and being part of Holding No 85, Block No. II, South Division, is required

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক চারিকাঠা আট ছটাক পঁচিশ বর্গ ফুট পরিমাণের এক খণ্ড ভূমির প্রয়োজন সেই ভূমি দক্ষিণাংশের ২ নং কেত্তার ৮৫ নং যোতের এক অংশ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৭ মার্চ।]

The land is bounded on the East and West by the remaining portion of the Holding required, on the South by a public drain, and on the North by the remaining portions of the Holding required and by Jaun Bazar Road

This Declaration is made, under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

ঐ ভূমির পূর্ব্ব ও পশ্চিম দিগে ঐ যোতের অন্য অংশ দক্ষিণ দিগে রাজকীয় নরদমা উত্তর দিগে ঐ যোতের অন্য অংশ ও জান বাজারের রাস্তা।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে তাঁহাদিগকে উক্ত সম্বাদ দেওয়া গেল।

Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense for a public purpose, *viz* for the establishment of public privies within the Town of Calcutta, it is hereby declared that, for the above purpose, a plot of land, situated in the Town of Calcutta measuring 3 cottahs 10 chittacks, more or less and being part of Holding No. 190, Block No XVII, South Division, is required

The land is bounded on the North and East by the remaining portion of the Holding required and on the South and West by the lands of Bholanath Mullick

A further strip of land to form an entrance to the above plot of land, measuring 30 feet by 10 feet, being part of Holding No 187, Block No XVII, South Division, is also required

This strip of land is bounded on the North and South by the remaining portion of the Holding required on the East by the plot of land of Holding No 190, above referred to, and on the West by Jaun Bazar 2nd Lane

This Declaration is made, under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

H L Dampier
Offg Secy to the Govt of Bengal

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ কলিকাতা নগরের মধ্যে সর্ব্বসাধারণের ব্যবহার্য্য পাইখানা করিবার নিমিত্তে কলিকাতা নগরের মধ্যে ন্যূনাধিক তিন কাঠা দশ ছটাক ভূমির প্রয়োজন ঐ ভূমি দক্ষিণাংশের ১৭ ন- কেতার ১৯০ নং যোতের একাংশ।

ঐ ভূমির উত্তর ও পূর্ব্ব দিগে ঐ যোতের অন্য অংশ দক্ষিণ ও পশ্চিম দিগে ভোলানাথ মল্লিকের ভূমি।

আরো সেই ভূমিতে যাইবার পথ করিবার নিমিত্ত ত্রিশ ফুট লম্বা দশ ফুট চৌড়া আর এক খণ্ড ভূমির প্রয়োজন ঐ ভূমি দক্ষিণাংশের ১৭ নং কেতার ১৮৭ নং যোতের এক অংশ।

ঐ ভূমির উত্তর ও দক্ষিণ দিগে ঐ যোতের অন্য অংশ পূর্ব্ব দিগে পূর্ব্বোক্ত ১৯০ ন যোতের ভূমি পশ্চিম দিগে জান বাজারের দ্বিতীয় গলি।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে তাঁহাদিগকে উক্ত সম্বাদ দেওয়া গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটি- সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT

ESTABLISHMENTS

No 75

The 10*th March* 1868

Notification —The following changes and alterations in the existing Circles and Divisions of Public Works in Bengal, having been approved by the Government of India, Public Works Department, are published for general information, and will take effect from the 1st April 1868

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

৭৫ নম্বর।

১৮৬৮ সাল ০ মার্চ।

বঙ্গদেশের পবলিক ওর্কসের অর্থাৎ রাজকীয় কার্য্য সংক্রান্ত যে সকল চক্র ও খণ্ড আছে তাহার নিম্ন লিখিতমতে পরিবর্ত্তন করণের প্রস্তাব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট অনুমোদন করাতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে তাহা ১৮৬৮ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

2 There will be seven Circles of Superintendence in Bengal, exclusive of the Province of Assam, and these will comprise the following Divisions *viz* —

Presidency Circle

1 Garrison Engineer's Division, Fort William
2 First Presidency Division
3 Second Ditto
4 Third Ditto
5 Barrackpore Division

South Eastern Circle

1 Sylhet Division
2 Dacca Division
3 Nuddea Division
4 Circular and Eastern Canals' Division (Local)
5 Hooghly River Division

Western Circle

1 Midnapore Division
2 Burrakur Division
3 First Division Grand Trunk Road
4 Burdwan (Local Road) Division (Local)
5 Burhie Division Grand Trunk Road

Northern Circle

1 Darjeeling Division
2 Julpigooree Division
3 Rajshahye Division
4 Bhaugulpore Division
5 Berhampore Division

Behar Circle

1 Tirhoot Division
2 Dinapore Division
3 Patna Branch Road Division
4 Second Division Grand Trunk Road
5 Ramghur Division

South Western Circle

1 Damooda Division
2 Twenty four Pergunnahs Division
3 Tumlook Division
4 Hidgellee Division

Cuttack Circle

1 Balasore Division
2 Cuttack Division
3 Mahanuddy Division
4 Pooree Division

3 The First Presidency Division will comprise of the present Presidency Division within the Town of Calcutta and the Government Buildings in the Suburbs to the East of the Town at Howrah and at Sulkeah

4 The Second Presidency Division will include the present charge of the Additional Presidency Division

5 The Third Presidency Division will consist of the Civil Buildings at Dhullunda, Allipore,

২। আসাম প্রদেশ ভিন্ন বঙ্গদেশের মধ্যে তত্ত্বাবধারণার্থ সাতটি চক্র ও তন্মধ্যে নিম্নলিখিত খণ্ড হইবে।

রাজধানীর চক্র।

১। গারিসন ইঞ্জিনিয়রের খণ্ড ফোর্ট উলিয়ম।
২। রাজধানীর প্রথম খণ্ড।
৩। ঐ দ্বিতীয়।
৪। ঐ তৃতীয়।
৫। বারাকপুর খণ্ড।

দক্ষিণ পূর্ব্ব চক্র।

১। শ্রিলট খণ্ড।
২। ঢাকা খণ্ড।
৩। নদীয়া খণ্ড।
৪। সরকুলর ও পূর্ব্বদিগের খালের খণ্ড।
৫। হুগলি নদীর খণ্ড।

পশ্চিম চক্র।

১। মেদিনীপুর খণ্ড।
২। বরাকর খণ্ড।
৩। পশ্চিমদেশে যাইবার বড় রাস্তার প্রথম খণ্ড।
৪। বর্দ্ধমানের রাস্তার খণ্ড।
৫। পশ্চিমদেশে যাইবার বড় রাস্তার বর্হাই খণ্ড।

উত্তর চক্র।

১। দারজিলিং খণ্ড।
২। জলপাইগুরি খণ্ড।
৩। রাজশাহী খণ্ড।
৪। ভাগলপুর খণ্ড।
৫। বহরমপুর খণ্ড।

বেহার চক্র।

১। ত্রিহুত খণ্ড।
২। দানাপুর খণ্ড।
৩। পাটনার শাখা রাস্তার খণ্ড।
৪। পশ্চিমদেশে যাইবার বড় রাস্তার দ্বিতীয় খণ্ড।
৫। রামগড় খণ্ড।

দক্ষিণ পশ্চিম চক্র।

১। দামোদর খণ্ড।
২। চব্বিশ পরগনা খণ্ড।
৩। তমলুক খণ্ড।
৪। হিজলী খণ্ড।

কটক চক্র।

১। বালেশ্বর খণ্ড।
২। কটক খণ্ড।
৩। মহানদী খণ্ড।
৪। পুরী খণ্ড।

৩। রাজধানীর প্রথম খণ্ডের মধ্যে কলিকাতা নগরের অন্তর্গত বর্ত্তমান রাজধানীর খণ্ড এবং নগরের পূর্ব্বদিকস্থ শাখা নগরে ও হাবড়াতে ও শালিকাতে গবর্ণমেণ্টের যে গৃহাদি থাকে তাহা ধরা যাইবে।

৪। রাজধানীর দ্বিতীয় খণ্ডের মধ্যে রাজধানীর বর্ত্তমান অতিরিক্ত খণ্ডের গৃহাদি ধরা যাইবে।

৫। ডলন্দা ও আলীপুরপ্রভৃতি কলিকাতা নগরের দক্ষিণ শাখা নগরে যে সকল রাজকীয় গৃহাদি আছে

and in other places in the Suburbs South of the Town of Calcutta, the works and Buildings in the Royal Botanic Gardens the Civil and Marine Buildings and works at Kidderpore and the Brick Factory at Akra

6 The Dacca Division will include the Chittagong Division, which will be abolished under present arrangements, the existing Dacca Division and the Station of Serajgunge, with exception to the Station of Mymensing which will be transferred to the Sylhet Division

7 The Nuddea (Local Roads) Division will in future be designated the Nuddea Division and will be an Imperial Division

8 The Hooghly River Division will comprise the River Port and Strand Bank Improvements of the Town of Calcutta and other works connected with the navigation of the River Hooghly

9 The Midnapore Division will comprise the Buildings and ordinary Roads in that Division the present 24 Pergunnahs Tumlook and Hidgellee Divisions, but the embanked roads will continue in those Divisions

10 The Julpigooree Division will include the Darjeeling Road from Carragolah Ghaut to Sillagoory and the works and Buildings under this Department, at the several stations along its course and at Sillagoory Julpigoree and Tetalya The present Bhootan Dooars Division, which is hereby abolished, will also be included with the Julpigooree Division

11 The Rajshahye and Bhaugulpore Divisions will comprise the changes as at present, with the exception of those works which have been transferred to other Divisions in the above paragraphs of this Notification

12 The Damooda Division will consist of the embankments of the Adjee River and the Damooda, and other Government and Zemindary embankments North of the Cuttack Trunk Road the Sub Divisional Buildings at Jehanabad being transferred to the Burdwan (Local Roads) Division

13 The 24 Pergunnahs Division will comprise the Belleah, Hettiaghur, Shapore and Muddunmull embankments, the embankments of the Damooda River, South of the Cuttack Trunk Road and the Hooghly River embankments from Kidderpore to the Roopnarain River

14 The Tumlook Division will consist of the Government and Zemindary Embankments South of the Cuttack Trunk Road now forming portions of the present Midnapore and Tumlook Divisions

15 The other Divisons will remain as at present

H LEONARD, *C E*,
Offg Secy to the Govt of Bengal,
P W D

[*Government Gazette* 17*th March* 1868]

এবং কোম্পানির বাগানে যে বিষয় ও গৃহাদি থাকে এবং খিদিরপুরের দেওয়ানী ও জাহাজসংক্রান্ত বিষয় ও গৃহাদি এবং আকরাতে ইটের যে কুঠী আছে রাজধানীর তৃতীয় খণ্ডে এই সকল ধরা যাইবে।

৬। বর্ত্তমান নিয়মানুসারে চট্টগ্রাম খণ্ড রহিত হইয়া সেই খণ্ড এবং ময়মুনসিংহ ভিন্ন বর্ত্তমান ঢাকা খণ্ড ও সরাজগঞ্জ ঢাকা খণ্ডের মধ্যে ধরা যাইবে। ময়মুনসিংহ ছিলেট খণ্ডে ভুক্ত হইবে।

৭। নদীয়ার রাস্তাখণ্ড এতৎপরে নদীয়া খণ্ড নামে খ্যাত হইবে তাহা রাজকীয় খণ্ডের মধ্যে গণ্য হইবে।

৮। হুগলী নদীর খণ্ডের মধ্যে কলিকাতা নগরের বন্দর ও নদীর ধারের পথের সৌষ্ঠব করণ প্রভৃতি যেং কর্ম্ম ভাগীরথীতে নৌকাদি গমনের সুবিধার জন্যে করা যায় তাহা ধরা যাইবে।

৯। মেদিনীপুর খণ্ডে যে গৃহাদি ও সাধারণ রাস্তা আছে তাহা ও বর্ত্তমান চব্বিশপরগনা ও তমলুক ও হিজলী খণ্ড এই সকল মেদিনীপুর খণ্ডে গণ্য হইবে কিন্তু বাঁধযুক্ত পথ যেং খণ্ডে আছে সেইং খণ্ডেই থাকবে।

১০। কারাগোলা ঘাট অবধি শিলাগুড়ি পর্য্যন্ত দারজিলিঙ্গে যে পথ আছে এব সেই পথের ধারে নানা স্থান সম্পর্কীয় ও শিলাগুড়িতে ও জলপাইগুড়িতে ও তেঁতুলিয়াতে এই ডিপার্টমেন্টের যে বিষয় ও গৃহাদি আছে তাহা জলপাই গুড়িখণ্ডের মধ্যে ধরা যাইবে। ভুটানের দ্বারের যে খণ্ড এখন আছে তাহা ও উঠিয়া যাইবে ও জলপাইগুড়ি খণ্ডের মধ্যে গণ্য হইবে।

১১। এই জ্ঞাপনির পূর্ব্ব ধারাক্রমে রাজশাহির ও ভাগলপুরের অন্তর্গত যেং বিষয়াদি অন্যান্য খণ্ডে ভুক্ত হইয়াছে তদ্ভিন্ন উক্ত দুই খণ্ড এক্ষণকার মত থাকিবে।

১২। অজয় ও দামোদর নদের বাঁধ এবং কটকে যাইবার বড় রাস্তার উত্তর দিগে গবর্ণমেন্টের ও জমীদারী যে বাঁধ আছে তাহা দামোদর খণ্ডে ধরা যাইবে জাহানাবাদ শাখাখণ্ডের গৃহাদি বর্দ্ধমান রাস্তাখণ্ডের মধ্যে ভুক্ত হইবে।

১৩। বেলিয়া ও হেতিয়াগড় ও শাপুর ও মদনমল্লের বাঁধ এব কটকের বড় রাস্তার দক্ষিণ দিগের দামোদর নদের বাঁধ এবং খিদিরপুর অবধি রূপনারায়ণ নদ পর্য্যন্ত ভাগীরথির বাঁধ চব্বিশপরগনার খণ্ডের মধ্যে ধরা যাইবে।

১৪। কটকের বড় রাস্তার দক্ষিণ দিগের গবর্ণমেন্টের ও জমীদারী যে বাঁধ এক্ষণে মেদিনীপুর ও তমলুক খণ্ডের মধ্যে আছে তাহা তমলুক খণ্ডেই থাকিবে।

[illegible]অন্যান্য খণ্ড পূর্ব্ববৎ থাকিবে।

এচ লেনর্ড, সি ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদে[illegible]র্ণমেন্টের একটিং সেক্রেটারী।

Local Communication

No 25

Declaration

The 10th March 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required for a public purpose namely for the construction of a branch road connecting the Pooree and Cuttack road with the village of Satyabadee notice is hereby given that, for the above purpose a strip of land of the average width of 46 feet from the Department Public Works Bungalow at Jeypore to the Stone Bridge at Satyabadee, lying in Mouzahs Jeypore and Pentpariah, Pergunnah Rahang, Zillah Pooree is required

This Declaration is made under the provisions, Sections 11 and 33 of Act VI of 1857 to all whom it may concern

W SHEPHERD *Lieut R E*
For Joint Secy to the Govt of Bengal
P W D Irrigation Branch

প্রথ প্রস্তুতবিষয়ক জ্ঞাপন।

২৫ নং।

৮৬৮ সাল ১০ মার্চ।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সত্য বাদী গ্রামের সহিত পুরী ও কটক রাস্তা সংযোগ করিবার জন্যে শাখাপথ প্রস্তুত করিবার নিমিত্তে ভূমির প্রয়োজন এই হেতুক সম্বাদ দেওয়া যাইতেছে যে জয়পুরে পবলিক ওর্কস ডিপার্টমেন্টের বাঙ্গলা অবধি সত্য বাদীর পাতরিয়া সাঁকো পর্য্যন্ত পুরী জিলার রাহং পরগনার জয়পুর ও পাঁইট পাড়া মৌজার অন্তর্গত নূনাধিক ৪৬ ফুট চৌড়া এক খণ্ড ভূমির প্রয়োজন।

এই বিষয়ে যাঁহাদের সম্পর্ক আছে ৮৫৭ সালের ৬ আইনের ১ ও ৩৩ ধারার বিধানমতে তাঁহাদিগকে উক্ত কথা জ্ঞাত করা গেল।

ডবলিউ সেপর্ড লেপ্টেনেন্ট আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জল সিঞ্চনার্থ
শাখাতে বঙ্গদেশের গবর্ণমেন্টের
জাইন্ট সেক্রেটারীর পক্ষে।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

APPOINTMENTS

The 7th March 1868

Baboo Woma Churn Sein to officiate as Moonsiff of Borobaree, Zillah Rungpore

The 13th March 1868

Baboo Promothonath Banerjee B L, to officiate as Moonsiff of Radhanuggur, Zillah West Burdwan

LEAVE OF ABSENCE

The 7th March 1868

Baboo Nobin Chunder Gangooly, Moonsiff of Amtah, Zillah Hooghly for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

Moulvie Kazim Hoossein, Moonsiff of Sewan Zillah Sarun for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rule

Baboo Nittyanund Gangooly Moonsiff of Manickgunge, Zillah Dacca, for one month under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

Baboo Jugut Doollub Majomdar, [illegible] of Borobaree Zillah Rungpore, for [illegible] without pay, under Financial Notification, dated the 4th June 1864, placing his Sheristadar in charge of the current duties of [illegible]ce

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৮ সাল ৭ মার্চ।

শ্রীযুত বাবু উমাচরণ সেন জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ হইবেন।

১৮৬৮ সাল ১৩ মার্চ।

শ্রীযুত বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল, জিলা পশ্চিম বৰ্দ্ধমানের রাধানগরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ৭ মার্চ।

জিলা হুগলীর আমতার মুনসেফ শ্রীযুত বাবু নবীন চন্দ্র গঙ্গোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণ জিলার সেওয়ানের মুনসেফ শ্রীযুত মৌলবী কাজিম হুসেন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার মানিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নিত্যানন্দ গঙ্গোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুর জিলার বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু জগদ্দুর্লভ মজুমদার আপন কার্য্যালয়ের কর্ম্মের ভার শিরাস্তাদারের হাতে অর্পণ করিয়া ফিনানসিয়াল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের জ্ঞাপনমতে বিনা বেতনে দুই মাসের ছুটী পাইয়াছেন।

The 13th March 1868

Baboo Ram Doollub Dass, Moonsiff of Radha nuggur, Zillah West Burdwan, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules

C D FIELD,
Registrar

HIGH COURT &c, *The 14th March* 1868

১৮৬৮ সাল ১৩ মার্চ।

পশ্চিম বর্দ্ধমান জিলার রাধানগরের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্লভ দাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৮ সাল ১৪ মার্চ।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্‌টরি জেলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে জেলা ফরিদপুরের নিম্নলিখিত মহাল ১৮৬৮ সালের ১২ জ নুআরির তলবের সরকারী বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে ১৮৬৮ সালের ২৬ মার্চ মোং ১২৭৪ সালের ৮ চৈত্র রোজ শুক্রবার দিবা ২ দুই প্রহরের পর অত্র জেলার কালেক্‌টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রয় হইবেক ইতি ১৮৬৮। তাং ১৭ জানুআরি।

কাএম্‌বন্দবস্তী।

২১৯ নং পরগনে বন্দরখোলা চর নাছিরপুর নীলাম খরিদা তালুক গোপালকৃষ্ণ সাহা সদর জমা ১০৫৭৸৶০

রোড ফণ্ড ১০৷৶০

১০৬৮৷০

G S PARK,
Offg Collector

জিলা নদীয়া।

এস্তেহার নাম' কাছারী কালেক্‌টরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ৮৬৮ সালের ৩ জানুআরি পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যং যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্ত এবং চলিত আইনমতে সন ৮৬৮ সালের ১৮ মার্চ মো- সন ২৭৪ সালের ৬ চৈত্র বুধবার দিবসে এই জেলার কালেক্‌টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ৮৬৮ সাল তারিখ ১৯ ফেব্রুআরি মো- সন ১২৭৪ সাল তারিখ ৮ ফাল্গুন।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৫৭৮০১৴৫

ফৌজদারী ৬৫৶৪

৩৬৭ নং ডিহি ছুবড়া পং পাঁজনৌর মালিক ঈশ্বরচন্দ্র মস্তফীদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৪০১০।৬

ফৌজদারী ৪৩৸৶৮

১৬৭।৪ নং ডিহি ছুবড়া পং পাঁজনৌর মালিক উপেন্দ্রমোহন মস্তফী সদর জমা ।৴০ অংশের ৮৪৯৭৷০

ফৌজদারী ৯৩৷৶৪

১৯৯ নং কিং ঈটনাকাটুরা পং পলাশী মালিক প্রাণকৃষ্ণ পালদিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৮৬১৸৶২

ফৌজদারী ৮৷৴২৷

২১৪ নং ডিহি গাভুরাডেঙ্গা পং রাজপুর মালিক গোলোকচন্দ্র মুখোপাধ্যায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৮৫৫৶৮৷

২৪৩ নং ডিহি হাতিহালা পং বাগোয়ান মালিক শান্তিরাম রায়দিগর সতন্ত্র হিসাব বাদে সদর জমা ৩৩০৮৸৶৫

ফৌজদারী ৩৯৶৪

৫৭৭ নং তং শ্যামপুর পং হোসেনউজিয়াল মালি[illegible]বর্ত্তীদিগর সতন্ত্র হিসাব [illegible] সদর জমা ২২১১৸৶০

[illegible] WESTLAND,
Offg Collector

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot

A Translator,	Salary 90 Rupees
A Head Clerk,	„ 50 „

MORRIS BEAUFORT,
A Judge of Tirhoot.

INSOLVENT COURT — দেউলিয়াদের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

—

In the matter of DONALD CLUNIS GORDON and another Insolvents

Notice is hereby given that Saturday, the 4th day of April next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 25th day of January 1867 until the 29th day of February 1868 has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing,

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta 16th March 1868

কলিকাতা দেউলিয়া ঋণিদের উপকারার্থ আদালত।

—

দেউলিয়া ডোনাল্ড ক্লুনিস গর্ডন সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবার নিদ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৫ তারিখ অবধি ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ২৯ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেউলিয়াদের এষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাহার কথা শুনা যাইবে।

সরকারি আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ৮৬৮ সাল ১৬ মার্চ।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার

বিজ্ঞাপন।

—

বর্দ্ধমান রাজধানীর হুকীয়ৎ নামক এক সেরেস্তার সেরেস্তাদারি পদ শূন্য হইয়াছে ঐ পদের বেতন সম্প্রতি ৩০৲ টাকা নিদ্ধারিত আছে কিন্তু কো[illegible] ব্যক্তি ঐ কর্ম্ম আকাঙ্ক্ষা করিলে বেতন [illegible] দিতে পারাযায। যে কোন ব্যক্তি ঐ পদ[illegible] ের আকাঙ্ক্ষা রাখেন [illegible]জবা[illegible] দেওয়ান শ্রীযুক্ত বাবু তারকনাথ সেনের নিকটে তদ্বিষয়ের প্রার্থনাপত্র যোগ্যতাপত্র সম্বলিত পাঠাইতে পারেন কিন্তু যে কেহ দেওয়ানী আরজি, বর্ণনাপত্র, ও আপীলের অজুহাত, লিখিতে না পারেন ও বিশেষ আইনজ্ঞ নহেন ও গবর্ণমেন্টসংক্রান্ত আদালতে কোনহ কর্ম্ম করেন নাই তাঁহার দরখাস্ত করিবার প্রয়োজন নাই ইতি।

বর্দ্ধমান রাজবাটী।
[illegible]সন ২৭৪ সাল ৭ ফাল্গুণ।

কুঠি মোল্লাহাটী কানসরণ।

নিউ বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির সম্পত্তি।

সন ১৮৬৮ সালের ১৫ এপ্রেল মোতাবেক বাঙ্গলা ১২৭৫ সাল ৪ বৈশাখ বুধবার দিবা দুই প্রহর এক কটার সময় কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন লিখিত তালুক, পত্তনি ও দরপত্তনি তালুক এবং মোএম কানন মোদামি বন্দবস্তী মহল এবং মকররি জোত গাঁতি প্রভৃতি মোল্লাহাটী কানসরণের অন্তর্গত স্থাবর সম্পত্তি সমুদয় দায় সমেত পর্য্যায়ক্রমে পত্তনি দরপত্তনি বন্দবস্ত করণার্থ প্রকাশ্য নীলাম আরম্ভ হইবা যে পর্য্যন্ত সকল মহল বন্দবস্ত সমাপ্ত না হয় তাবৎ প্রত্যহ ঐ একই সময় নীলাম হইবেক। অন্ততঃ আড়াই গুণ পণের ন্যূন নহে, অধিক পণ যিনি যত ডাকিবেন তন্মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকনিদাকে নীচের লিখিত নিয়মাবলিতে আবদ্ধ রাখিয়া বন্দবস্ত করিয়া দেওয়া যাইবেক।

১। যে সমস্ত তালুক আছে তাহা পত্তনি, পত্তনি মহল দরপত্তনি, দরপত্তনি মহল সে পত্তনি বলি এবং মোএম কানন মহলেতে পত্তনি অথবা ক্রেতার ইচ্ছা হইলে মৌরশী দেওয়া যাইবেক।

২। সন ১২৭৩ সালের হস্তবুদ জমা হইতে শতকরা ১০ দশ টাকা মালিকানা বাদে যে অবশিষ্ট থাকিবেক তাহাই পত্তনি প্রভৃতির বার্ষিক জমা সাব্যস্ত হইবেক।

৩। যে সমস্ত মহল ইজারা বিলি আছে সে মহলের বার্ষিক ইজারায় যে ডৌল জমা ধার্য্য আছে তাহা হইতে মালিকানা বাবত শতকরা ১০ টাকা হিসাবে বাদ দেওয়া যাইবে।

৪। যে পণে ডাক মঞ্জুর হইবেক তাহার চারি অংশের একাংশ ডাক বন্দ হইবামাত্র ফিচ স্বরূপ তৎক্ষণাৎ দিতে হইবেক। এবং পণের বক্রী টাকা ডাকের দিনাবধি ৩০ ত্রিশ দিনের মধ্যে বেবাক পরিশোধ করিবেন তাহা না করিলে বন্দবস্ত রদ ও বাতিল এবং ফিচের বাবত দেওয়া সকল টাকা জব্দ হইবেক। এবং বিক্রেতা ঐ বস্তু নিন, বিজ্ঞাপনে স্বেচ্ছামতে যে সময়ে ও যে স্থানে হউক তাঁহাদিগের স্বকীয় স্বার্থ অনুসারে পুনরায় বন্দবস্ত করিবেন। দ্বিতীয় বন্দবস্তে যে কিছু লভ্য হয় তাহা বিক্রেতা পাইবেন, যে কিছু ক্ষতি খেশারত ও ব্যয় হয় তাহা সমুদয় প্রথম ডাক নিয়া পূরণ করিবেন। ডাক মঞ্জুর হইবামাত্র তৎক্ষণাৎ ক্রেতা নীলামের সমুদয় নিয়মে আবদ্ধ হইয় ইষ্টাম্প কাগজে এক চুম্বক লিখিয়া দিবেন।

৫। বন্দবস্ত হওয়া সম্পত্তির বরনাম, পাট্টা কবুলিয়ত প্রভৃতি লিখিত পড়িতের সমুদয় ব্যয়, খশড়া ও বায়নেত্তা মকলের, ও বাবৎ দলিল রেজেষ্টরি খরচ, ইষ্টাম্প কাগজের মূল্য, ও বন্দবস্ত গ্রহীতার নাম জমিদারি ও পত্তনি, দরপত্তনিদারের শেরেস্তায় খারিজ দাখিল করণের খরচ, ইত্যাদি যে কিছু আবশ্যক তাহা সমুদয় বন্দবস্তগ্রহীতা দিবেন।

৬। সমস্ত মহল প্রত্যেক গ্রাম পৃথক পৃথক অথবা ক্রেতার সুবিধাজন্য ডিহি ডিহি কিম্বা তরফ তরফ নীলাম করা যাইবেক।

৭। বিক্রেতাদিগের কর্ম্মাধ্যক্ষ নীলাম সম্বন্ধীয় নিয়মাদি এবং প্রত্যেক ডাকের উপর যে পরিমাণ বৃদ্ধি ডাকিবেন তাহা ধার্য্য করিবেন। ডাক সম্বন্ধে কোন বিরোধ উপস্থিত হইলে পূর্ব্বের কোন এক ডাক হইতে পুনর্ব্বার ডাক করা যাইবেক। কেহ কোন ডাক ডাকিয়া অপহ্নব বা অস্বীকার করিতে পারিবেন না।

৮। পণের সমুদয় টাকা পরিশোধ এবং নীলামি সম্পত্তির পাট্টা কবুলতি লিখিত পড়িত ও রেজেষ্টরি হইবামাত্র মহলে দখল দেওয়া যাইবেক।

৯। যেহেতু বর্ত্তমান মালিকগণ সন ৮৬৫ সালে বেঙ্গাল ইণ্ডিগো কোম্পানির বন্ধকগ্রহীতার নিকট উপরোক্ত সম্পত্তি যে সময়ে প্রাপ্ত হইয়াছেন তৎকালে হস্তান্তর করণপত্র সম্পূর্ণরূপে তদন্ত করা হইয়াছিল অতএব ভাবি বিরোধ নিবৃত্ত হওন জন্য বুঝিতে হইবেক যে ঐ হস্তান্তরকরণ দ্বারা বিক্রেতাগণ সম্যগরূপে সমস্ত সম্পত্তির স্বত্বাধিকারি এবং মালিক হইয়াছেন।

১০। বন্দবস্তপ্রার্থিগণ উক্ত সমুদয় সম্পত্তির মূল দলিল দস্তাবেজ দৃষ্টি করিতে ইচ্ছা করিলে কলিকাতা মোকামে বিক্রয়াধ্যক্ষ সাহেবকে সম্বাদ দিতে হইবেক, তাহা হইলে নীলামের পূর্ব্ব দিন পর্য্যন্ত দলিল দেখিতে পাইবেন এবং দলিল দৃষ্টি করার পরে ঐ দলিল সংক্রান্ত সমস্ত তদন্ত বিষয়ে দর্শক সন্তুষ্ট হইয়াছেন বোধ হইবেক এবং উত্তরকালে উক্ত দস্তাবেজ সংক্রান্ত আর কোন বিষয়ে আপত্ত দর্শাইতে পারিবেন না।

১১। নীলামের দিনে মহলে লাগাএদ ১২৭৩ সালের যে যে তামাদি বাকী ঐ সনের জমাওয়াশীল বাকী অনুসারে থাকিবেক তাহার ৷৵০ বার আনা রকম নীলাম দিন হইতে ৬ ছয় মাস মধ্যে তুল্যাংশে মাসিক কিস্তিবন্দী করিয়া খরিদার বিক্রেতাকে দিবেন এবং ঐ বাকি পরিশোধের তারিখ নির্দ্ধারক বোধ স্বরূপ দলিল লিখিয়া দিবেন।

১২। সন ১২৭৪ সালের আদায় বাদে যে খাজনা নীলামের দিন ঐ সনের কড়চা হিসাব অনুসারে মহলে বাকি থাকিবেক তাহার মধ্যে সরঞ্জামী খরচ শতকরা ১০৲ দশ টাকা মিনাহ বাদে বাকী বেবাক ক্রেতা বিক্রেতাকে সন ১৮৬৮ সালের ৩১ জুলাই তারিখের পূর্ব্বে ত্রৈমাসিক কিস্তিবন্দী সুরত দিবেন এবং তদ্বিষয়ক প্রমিশরি নোট লিখিয়া দিবেন।

১৩। যে মহল যে ব্যক্তি বন্দবস্ত করিয়া লইবেন ঐ মহল যে তরফ কি ডিহির অন্তর্গত তাহার সদর খাজানা বিক্রেতাগণ মাসিক যেরূপ কিস্তিবন্দী মোতাবেক দিয়াছেন বন্দবস্তগ্রহীতাগণও তাঁহাদের আপন আপন বন্দবস্তী মহলের বার্ষিক খাজানা ঠিক ঐরূপ মাসিক কিস্তিবন্দী সুরত বিক্রেতাগণকে দিতে থাকিবেন কিন্তু বিক্রেতাগণ তাঁহাদিগের দেয় সদর খাজানা প্রতি মাসের যে তারিখে উপবিষ্ট জমিদার বরাবর দিতে বাধ্য আছেন ক্রেতাগণ সেই তারিখের দশ দিবস পূর্ব্বে তাঁহারদিগের দেয় খাজানা বিক্রেতাগণকে দিবেন।

১৪। কানসরণ এজুকুন মায় নীলকুঠি ও জমিদারি প্রভৃতি সমুদয় হকুক আপনে এক ত্রে ক্রয় করণের প্রস্তাব লাগাএদ আগামি ৩১ মার্চ বাঙ্গলা তারিখ চৈত্র শুনা যাইবেক।

অ... হাপায় স্বীকার করিতেছি যে আমি উপ... াবলির অধীন। নং লাট
টা... করিয়... মধ্যে অদ্য
টাকা বি... আরচি বলড
হিল সাহেবের ... দ্বারা অঙ্গিকার
করিতেছি যে পণ ... টাকা দিয়া
হস্তান্তর ও বন্দবস্ত ... দস্তাবেজ

[Government Gazette 17th March 1868]

প্রোক্ত নিয়মানুসারে বেওজর লিখিত পড়িত করিয়া দিব এবং লইব ইতি।

আয়দাদের তালিকা।

তালুক যাহা পত্তনি দেওন যাইবেক।

১। জেলা নদীয়া পরগনে খোশালপুরের অন্তর্গত ও ঝিংকিপোতা তৌজী ২৬১। ২৬৩ নং খ্রিস্যা রকম ॥৴১॥ = অ না ৬ মৌজা।

২। চাকলে কৃষ্ণনগর জেলা নদীয়ার ৩৭০ নং তৌজী মৌজে পুলিংগা রকম ষোল আনা ১ মৌজা।

পত্তনি মহল যাহা দরপত্তনি দেওয়া যাইবেক এই সকল পত্তনি সন ৮৫৯ সালের ১১ আইনানুসারে বিশেষ রেজিষ্টরি হইয়াছে।

৩। চাকলে শ্রীনগর ডিহি হাঁডার অন্তর্গত নদীয়া জেলার ৬৭ নং তৌজী ডিহি গোপালনগর রকম ৸৵০ আনা ১৮ মৌজা ইহার মধ্যে গোপালনগরে এক বৃহৎ বাজার আছে।

৪। পরগনে মুলঘড় নদীয়া জেলা ২১৫। ৪৮ নং তৌজী ডিহি গোগ, রকম ॥০ আনা ২৯ মৌজা।

৫। প হলদহ জেলা নদীয়া ২৮৩। ২৬৮। ৩০১ নং তৌজী ও জগদীশপুর রকম ॥০ আনা ১৯ মৌজা।

৬। প মুলঘড় ডিহি সামটা জেলা নদীয়া ৪৯০। ৪-৯। ৪৪০ নং তৌজী ও পিপড়াগাছি রকম ॥০ আনা ১৭ মৌজা।

৭। চাকলে শ্রীনগর প আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তৌজী তরফ শ্রীরামপুর রকম ॥০ আনা ৯ মৌজা।

৮। চাকলে শ্রীনগর প আলমপুর জেলা নদীয়া ৪৮৭ নং তরফ নাটাপোল রকম ॥০ আনা ৮ মৌজা।

৯। জেলা নদীয়া ২৫৭৪। ২৯২৯ নং মৌজে জয়পুর রকম ॥০ আনা ১ মৌজা ও চর জয়পুর রকম ষোল আনা।

১০। জেলা নদীয়া ৪৪৩ নং তরফ রামনগর রকম ।০ চারি আনা ৩ মৌজা।

১১। জেলা নদীয়া ৫০২। ৫২০ নং তরফ উমারপুর রকম ।০ চারি আনা ৫ মৌজা।

১২। প সাহেস্তা নগরের অধীন মৌজে সিন্দরানী দেবোত্তর ১ মৌজা রকম ষোল আনা।

১৩। প মুলঘড় জেলা নদীয়া ৫৯০ নং ডিহি চালিতাবাড়িয়া রকম ॥০ আট আনা ৩ মৌজা।

১৪। প হলদহ কাঞ্চনপুর ও ছয়ঘরি রকম ষোল আনা ২ মৌজা।

১৫। প খোশালপুর জেলা নদীয়া ২২৬১ নং লাখেরাজ বাজেআপ্তী মহল বাগাডাঙ্গা খোশালপুর রকম ।০ আট আনা।

১৬। প খোশালপুর জেলা নদীয়া ২৫৭ নং লাখেরাজ বাজেআপ্তী মহল মৌজে বাগাডাঙ্গা খোশালপুরের মধ্যে রকম ষোল আনা।

১৭। মৌজে ঝিটকিপোতা গ্রামে মালকর রাবকের জমা রকম ষোল আনা।

১৮। প মুলঘড় জেলা নদীয়া ৬৪ নং অং বেজপোল রকম ষোল আনা ৩ মৌজা।

১৯। মৌজে বালিয়া কাজসোনা ও আকাইপুর গ্রাম ম ধ্য বালিয়া চাকরা মহল রকম ॥০ আট আনা।

২০। প হলদহ বাজেআপ্তী বিবির খোপ রকম ষোল আনা।

২১। প মুলঘড় জেলা নদীয়া ৪০৩ নং ডিহি উলাশী রকম ষোল আনা ৬৭ মৌজা ইহার মধ্যে চাঁদুড়িয়ানামা এক প্রসিদ্ধ বাজার আছে।

২২। প মুলঘড় জেলা নদীয়া ৫০ নং ডিহি বাগআঁচড়া রকম ষোল আনা ২১ মৌজা।

২৩। মৌজা হাযের আস্তুড়ি মহল রকম ষোল আনা।

দরপত্তনি তালুক যাহা ছে পত্তনি দেওয়া যাইবেক।

২৪। ডিহি বেতনার অন্তর্গত মৌজে ছোট চুবড়িয়া রকম ষোল আনা ১ মৌজে।

দোএম কানুন মহল যাহা পত্তনি অথবা মৌরশী দেওয়া যাইবেক।

২৫। প মুলঘড়ের অধীন বিলবল্লী রকম ষোল আনা।

২৬। বৃত্তি পাব মাছুয়া রকম ষোল আনা।

২৭। নদীয়া জেলার ৩০২৩ নং তৌজী বৃত্তি খোসালপুর রকম ষোল আনা।

২৮। নদীয়া জেলা ৮২৪ নং বৃত্তি চুয়াডাঙ্গা রকম ষোল আনা।

২৯। নদীয়া জেলা ২৯৮৭ নং বৃত্তি মাকড়া রকম ষোল আনা।

খরিদা বৃত্তি।

৩০। বৃত্তি লাভরণ রকম ষোল আনা।

৩১। বৃত্তি সামলাগাছি রকম ষোল আনা।

ইহা সেওয়ায়।

মৌরশী জোত গাঁতি আছে তাহাও বন্দবস্ত হইবেক।

এই সকল বন্দবস্ত বিষয়ক উপর যে কিছু বৃত্তান্ত অবগত হওয়া আবশ্যক তাহা কুঠী মোল্লাহাটী মোকামে নিম্ন স্বাক্ষরকারী অথবা শ্রীযুত বাবু কেদারনাথ মুখোপাধ্যায়ের নিকট অনুসন্ধান করিলে জানিতে পারিবেন ইতি।

স্বাক্ষর শ্রী মে আর চিংলড হিল সাহেব।
কুঠী মোল্লাহাটী।
বনগ্রামের ডাক।

[গবর্ণমেন্ট গেজেট]

কল[illegible] [illegible] যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এক জে হার্ডলী সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MARCH 17, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৭ মার্চ।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকাদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহাবদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলায় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হই[illegible] তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও [illegible] গমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন [illegible] তারিখঅবধি ক্রেতা মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টা[illegible] ধা[illegible]ইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

নীলামের ইশ্‌তিহার।

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, জেলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত খাসমহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ২৭এ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৭৪ সালের ৫ই চৈত্র আমলি সন ১২৭৫ সালের ১৬ই চৈত্র শুক্রবার জেলা মেদিনীপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে অত্র গেজেটের ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুত সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের ২।৩।৪ দফার অধীনে থাকিতে হইবেক।

গবর্ণমেণ্টের মহালের নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	ভূমির ন্যূনাধিক পরিমাণ একরেটে একর রো পোল	সদর জমা			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				সদর জমা।	রোড সেস্।	একুন।		
	৯৮৪	মহাল ধর্ম্মপুর প° চেতুয়া	০। ০। ২৬				৪॥০	এই মহাল নিষ্করে নীলাম হইবেক।

W J HERSCHEL,
Collector

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা আদালত কালেক্‌টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে রঙ্গপুর জেলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ১৭ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৫ চৈত্র রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাহারা গবর্ণমেণ্ট গেজেটের প্রকাশিত রেবিনিউ বোর্ডের সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। উপরোক্ত পুনর্ব্বিক্রয় প্রথম খরিদারের নিমিত্ত এবং তাহার দায়ে হইবেক যে খরিদার আপন ডাক পুরণ করিতে ত্রুটি করিয়াছে।

সরকারী সম্পত্তির ঠেকিস্বত্বের নম্বর।	জিলার তৌজীর নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরের ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
			এ রূ প	ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টেক্স।	মোট।		
৩	৩২৫	কিসামত খামার হারাগাছ পরগনে বামনডাঙ্গা।	৩১।[illegible]	১৮৶	৮৫৩৶	১৭০৲	ইজারার মিয়াদ ১৮৬৮ ইংরেজী ৩০ আপ্রিল শেষ হইবেক।

E G GLAZIER,
Offg Collector

জিলা ফরিদপুর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালকিয়ত স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ২০ মার্চ মোতাবেক ১২৭৪ সালের ৮ চৈত্র শুক্রবার জিলা ফরিদপুরের কালেক্টরীতে বিক্রয় হইবে।

এই সকল মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রযের নিয়মের অধীনে থাকিবেন। ২৮ জানুআরি ১৮৬৮।

রাজকীয় মহালাতের টৌজিয়তের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	আন্দাজী যত একর পরিমাণ ভূমি।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব।	রাস্তার টাক্স।	মোট		
২৬৮	১০৭৯	খাস তা- রামকুমার চক্রবর্ত্তী পং সাতৈর।	১	৩ ০	/০	/৯	৬॥০	
২৭২	১৫৬৫	খাস মহাল আইস চোকলা পং হাবিলি।	২	৪॥৵০	/০	৪॥৶০	৯।০	

বিজ্ঞাপন কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী জিলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহল সকল তফসিলের ১১ ঘরের লিখিতমত নিয়মে আগামী ২৬ মার্চ মোতাবক সন ১২৭৪। ১৪ চৈত্র বৃহস্পতিবার এই জিলার কালেক্টরিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৬৮ সাল তাং ১৩ ফেব্রুআরি।

রাজকীয় মহালের নম্বর।	জেলার বহীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	ভূমির স্থানাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				নির্দ্ধারিত রাজস্ব।	রোড ফণ্ড।	মোট।		
১	২	৩	৪ ৫ ৬	৭	৮	৯	১০	১১
			এ ক প					
১০২	৩৭৭১	প্রসাদপুর প৹ পাণ্ডুয়া	১।০৭	৩।।৶৬	৶৯	৩৸৩	৭।৶০	গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ত্ব আছে তাহাই নীলাম হইবেক।
১১০	৩৫৭৬	ছেলমাবাদ সামিল হালাড়া পরগনে হাবেলী	০।৩।৫	১/৩	৶৩	১/৬	২৶৬	সন ১৮৬৮ সালের ১ আপ্রিল মোতাবেক সন ১২৭৫ সালের সুরুহইতে খরিদানের স্বত্ত্ব জন্মিবেক এবং ৯ ঘরের লিখিত রাজস্ব নিয়মমত খরিদার দিতে বাধ্য হইবে।
১ ২	৩৬১৪	দ্বারপাড়া সামিল কবুবা দিগর প৹ অম্বিকা	১।২।২০	১৶১	৶২	১৶৩	২।২	
		৩						
১১১	৩৬০৮	দ্বারপাডা প৹ অম্বিকা	০।০।২৯				৸৶১০	এই তিন মহালে গবর্ণমেণ্টের যে স্বত্ত্ব আছে তাহাই নাখেরাজ স্বরূপে বিক্রয় হইয়া খরিদারকে অর্শিবেক ইতি।
১১৩	৩০২৭ পূর্ব্বে ৩০৭৮ নং ছিল।	চাঁদড়া প৹ বাণীহাটী	০।১।৮				৬।৶৪	
১০৪	২২১৬	চাকবান বাজেযাপ্তি কলুপুখুরিয়া প৹ জাহানাবাদ	০।২।৩২				০৸৶০	
		৩						

R V Cockerell,

Collector

জিলা করিদপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে জেলা করিদপুরের অন্তর্গত নিম্নের লিখিত খাসমহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব সন ১৮৬৮ সালের ৩ আপ্রিল মোতাবেক বাঙ্গালা সন ১২৭৪ সালের ২২ চৈত্র শুক্রবার জেলা করিদপুরের কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক।

এই মহাল যে ব্যক্তি খরিদ করিবেক তাহার এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের শ্রীযুক্ত সেক্রেটারি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ৮৬৮ সাল তারিখ ১৮ ফেব্রুআরি।

গবর্ণমেন্টের হালের লাট নম্বর।	তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	একরেতে ভূমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মার্য্য করা রাজস্ব।	ছোড় কত।	একুন।		
			এ রূ পো					
২১৭	৫৭৮	সরকারী খরিদা জাএগীর তালুক আলী মির পং জালালপুর।	১				৫॥৶০	নিষ্কর বিক্রয় হইবেক।

CHUNDER MOHUN ROY,
Deputy Collector

জিলা ঢাকা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালের গবর্ণমেন্টের মালিকিস্বত্ব ইংরেজী ১৮৬৮ সনের ২৮ মার্চ মোতাবেক ১২৭৪ সনের ১৬ চৈত্র শনিবার জেলা ঢাকার কালেক্টরি কাছারিতে নীলাম হইবেক ইতি।

এই সকল মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৬৮ ইং তারিখ ১১ ফেব্রুআরি। মোতাবেক সন ১২৭৪ বাঙ্গলা তারিখ ২৯ মাঘ।

ইষ্টেটমেন্টের নম্বর।	জেলার তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম।	জমির পরিমাণ ন্যূনাধিক।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				আদায়হওয়া সদর জমা	ছোড় কত।	মোট জমা		
			এ রূ পো					
২৫৪ নং অন্তর্গত ১০০ নং	৮৬৬১	পরগণে রাজনগর হিস্যা পীতাম্বর সেন কিসমত পোমা	৬।০।২৭	৭।৬।	০	৭।৬।	১৪॥৴।।	৮৬৮ সনের ১ আপ্রিল হইতে খরিদারের স্বত্ব জন্মিবেক এবং এ তারিখঅবধি ক্রয় কারক সরকারী রাজস্ব নিয়মমতে দিতে বাধ্য হইবেন ইতি।

A LEVIEN,
Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এক জে বালো সা[illegible] মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 24, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২৪ মার্চ।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P

FEBRUARY, 1868

No 5

The following addition should be made to Rule 1, Section I, Chapter IX of the Board Rules, at page 107, immediately after the list therein given of the Hindu Holidays

Mahomedan officers and employés attached to the Magisterial Courts and Revenue Offices may be allowed to absent themselves from Office on the following day —

	Days
Moharrum	5
Akhar-i-chahár shamba	1
Fóteha i-dwazooham	1
Shob-i-Borát	1
I'd ul fitr	2
I'd-uz-zoha	2
Total	12

No 6

Under instructions from Government, Commissioners are requested, after careful enquiry,

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৮ সাল ফেব্রুআরি মাস।

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১০৭ পৃষ্ঠায ৯ খণ্ডের ১ অধ্যাযের বিধির ১ ধারাতে হিন্দু পরবের যে নির্ঘণ্ট প্রকাশ হইল তাহতে এই কথা সংযোগ করিতে হইবে।

মহম্মদীয যে আমলাগণ ও অন্য ব্যক্তিরা মাজিষ্ট্রেটী আদালতে ও রাজস্বের কার্য্যালযে নিযুক্ত থাকেন, তাঁহারা নিম্নলিখিত কএক দিন ছুটী পাইতে পারিবেন।

মহরম	৫ দিন।
আখেরিচাহার শম্বা	১ ,,
ফাতেহে দ্বাজদহম	১ ,,
শবেবরাৎ	১ ,
ইদুল ফিত্র	২ ,,
ইদুলজোহা	২ ,,
মোট	১২

৬ নম্বর।

গবর্ণমেণ্টের আদেশমতে কমিসানরদের প্রতি আজ্ঞা করা গেল, যে তাঁহারা মনোযোগ পূর্ব্বক আপনং খণ্ডের

to report, as early as practicable, on the condition of the Sub Divisional Treasury Buildings in their respective Divisions, and to state in each case what is necessary to render them secure

অন্তর্গত শাখাখণ্ডের রাজকীয় অর্থাগারের অবস্থা অনু ক্ষ ন লইয়, সাধ্যমত্তে ত্বরায় তাহার রিপোর্ট করেন, ও যাহা হইলে প্রত্যেক ঘর সুদৃঢ় হয় ইহা জ্ঞাপ করেন।

No 7

৭ নম্বর।

The Return No VIB regarding Government Decrees is to include all outstanding amounts and to be submitted for each month regularly Where no recoveries may have been made in the month, the reasons should be explained briefly in column 7 of the Return

গবণমেণ্টের সপক্ষ ডিক্রী বিষয়ে ৬ B নম্বরের যে রিটর্ণ আছে, তাহার মধ্যে বাকী সকল টাকা ধরিতে হইবে। ও মাসে২ নিয়ত দিতে হইবে। যদি মাসের মধ্যে কিছু আদায় না হইয়া থাকে, তবে রিটর্ণের ৭ ঘরে তাহার সংক্ষেপ হেতু লিখিতে হইবে।

No 8

৮ নম্বর।

In the penultimate line of Clause 5 page 81 of the Board's Rules expunge the words "can be" and *substitute* "is applied for in the following form and" The form to be appended to the Clause is given below —

বোর্ডের বিধিপুস্তকের ৮১ পৃষ্ঠার ৫ ধারার মধ্যে "রেবিনিউ বোর্ডের আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত" এই কথা ত্যাগ করিতে হইবে, তৎপরিবর্ত্তে "নিম্নলিখিত পাঠে রেবিনিউ বোর্ডের অনুমতি প্রার্থনা হইয়া যত কাল ন প ওয়া যায়", এই কথা দিতে হইবে। ঐ ধারার পর যে পাঠ থাকিবে তাহা এই।

District	Particulars of the case	Amount of Fine				Date on which period of appeal expired, or appeal was rejected	Remarks.
		Imposed	Realized	Distributed at once	Balance to be distributed		
1	2	3	4	5	6	7	8

জিলা।	মোকদ্দমার বৃত্তান্ত।	যত টাকা অর্থদণ্ড				আপীলের মিয়াদ যে তারিখে অতীত হয় কি আপীল যে তারিখে অগ্রাহ্য হয়।	মন্তব্য।
		ধার্য্য হইল।	আদায় হইল।	একবারে বণ্টন হইয়া গেল।	অবশিষ্ট যাহা বণ্টন হইবে।		
১	২	৩	৪	৫	৬	৭	৮

[গবণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২৪ মার্চ।]

No 9

Forms in which statistics of physical, political, and fiscal geography are to be furnished, will be supplied immediately to all District Officers by the Superintendent of Stationery Last year very little care was bestowed on the filling up of the forms, and the Board request that the instructions issued in Circular Order No 8 of August 1867, may be strictly attended to in the preparation of the Returns for 1867 68

No 10

It has been ruled by Government that Collectors are not to exercise the power conferred on them by Section 25 of Regulation VII of 1799, of selling lands summarily at the end of the year for arrears of revenue in estates under their direct management The Collectors in such cases will proceed by suit and sell only in execution of decree

2 Commissioners of Divisions will carefully see that this ruling is observed by their subordinates They will further report after six months experience, the extent to which rent suits have been increased in consequence of these orders and whether any such practical inconvenience has arisen as to render it desirable that the power of sale without decree, should be left in full exercise

3 Pending further orders or legislative enactment, the Board of Revenue with the approval of Government, and under Clause 6 Section 23 of Regulation VII of 1799, prescribe the following rules, to be observed by all officers holding sales of under tenures for arrears of revenue under the Regulation above named

I All such sales shall be public, and be conducted by the Collector, his Deputy, or duly authorized Assistant

II Ten days' notice shall be given of such sales by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court, or local Adawlut, and at that of the Collector

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

No 1104

APPOINTMENTS

The 7th March 1868

Mr R S T McEwen to officiate as Fifth Judge of the Calcutta Court of Small Causes, in addition to his present duties as Clerk of the Court

[*Government Gazette*, 24*th March* 1868]

৯ নম্বর।

প্রাকৃতিক ও রাষ্ট্রিক ও রাজস্বসংক্রান্ত ভূগোলের স্থিতি যে পাঠে লিখিয়া দিতে হইবে, ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব অবিলম্বে সকল জিলার কর্তৃপক্ষ সাহেবদিগকে ঐ পাঠ দিবেন। গত বৎসর ঐ পাঠের কথা লিখনে অতি অল্প মনোযোগ হইয়াছিল, অতএব বোর্ডের সাহেবেরা আদেশ করিতেছেন যে, ১৮৬৭ সালের আগষ্ট মাসের ৮ তারিখের সরকুলার অর্ডরে যে উপদেশ প্রচারিত হইয়াছে, ১৮৬৭।৬৮ সালের রিটর্ণ প্রস্তুত করণ কালে সেই উপদেশের প্রতি দৃঢ় মনোযোগ থাকে।

---

১০ নম্বর।

কালেক্টর সাহেবদিগের নিজ অধীনে যে মহাল থাকে সেই মহালের রাজস্ব বাকী হইলে, ১৭৯৯ সালের ৭ আইনের ২৫ ধারাক্রমে তাহারদিগকে বৎসরের অবসানে সরাসরীমতে সেই মহাল বিক্রয় করিবার ক্ষমতা প্রদান হইয়াছে, কিন্তু গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে তাঁহারা সেই ক্ষমতা খাটাইতে পারিবেন না। তদ্রূপ স্থলে কালেক্টর সাহেব মোকদ্দমা করিবা, কেবল ডিক্রীজারীক্রমে বিক্রয় করিতে পারিবেন।

২। কালেক্টর সাহেবেরা উক্ত বিধিমতে কর্ম্ম করেন প্রদেশের কমিসানর সাহেবেরা এই বিষয়ে মনোযোগপূর্ব্বক অবধান করুন। এবং এই আজ্ঞা প্রযুক্ত খাজানার মোকদ্দমা কত দূর বৃদ্ধি হয়, ও কাৰ্য্যক্রমে বিশেষ ক্লেশ হওয়াতে ডিক্রীভিন্ন বিক্রয় করিবার ক্ষমতা সম্পূর্ণ বলবৎ রাখা উচিত বোধ হয় কি না, ছয় মাস কার্য্য দেখিলে পর এই বিষয়ের রিপোর্ট দেখুন।

৩। যত কাল অন্য আজ্ঞা কিম্বা কোন আইন না করা যায় রেবিনিউ বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে এবং ১৭৯৯ সালের ৭ আইনের ২৩ ধারার ৬ প্রকরণক্রমে, তত কাল প্রচলনার্থ নিম্নলিখিত বিধি করিয়াছেন। যে সকল কার্য্যকারক পূর্ব্বোক্ত আইনমতে বাকী রাজস্বের নিমিত্তে পেটাও তালুক নীলাম করিয়া থাকেন সেই বিধিমতে তাঁহারদের কাৰ্য্য করিতে হইবে।

১। তদ্রূপ সকল বিক্রয় প্রকাশরূপে হইবে। কালেক্টর সাহেব কিম্বা তাঁহার ডেপুটী কিম্বা উচিত ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট সেই নীলাম করিবেন।

২। জিলার কি স্থানীয় আদালতে এবং কালেক্টরী কাছারিতে দশ দিন থাকিতে নীলামের ইশ্তিহার লটকাইতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১১০৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ৭ মার্চ।

শ্রীযুত আর এস টি ম্যাকুইউএন সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্লার্কের যে কর্ম্ম করিয়া থাকেন তদতিরিক্ত ঐ আদালতের পঞ্চম জজের কর্ম্ম করিবেন।

The 10th March 1868

Mr I Grey to officiate as Civil and Sessions Judge of Rajshahye during the absence on leave of Mr C S Belli?r until further orders

Mr C C Quinn to be a Municipal Commissioner and Vice Chairman of the Municipal Commissioners for the Towns of Serampore and Ooterparrah

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৪৫০ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ২৩ মার্চ।

মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেটাতে সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপন হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্যসম্পাদনার্থ কমিটী হইবেন।

মেদিনীপুরের সিবিল চিকিৎসক সাহেব।
গড়বেটা শাখাখণ্ডের কার্য্যকারক।
গড়বেটার মুনসেফ।
শ্রীযুত বাবু যাদবরাম চট্টোপাধ্যায়।
,, বাবু জগন্নাথ সিংহ রায়।

১৮৬৮ সাল ২৭ মার্চ।

শ্রীহট্টের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এ লেবিয়ন সাহেব শ্রীহট্টের পতিত ভূমির উপর দাওয়ার অনুসন্ধান ও বিচার করণার্থ আদালতের মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ৩১ মার্চ।

শ্রীযুত মৌলবী আমীর হুসেন ভাগলপুরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

১৮৬৮ সাল ১ আপ্রিল।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, ই, কক্সহেড সাহেব মাগুরা শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন এবং যশোহরে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এ ক্রেবন সাহেব মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও নদীয়ায় অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত সি এস বেলি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই গ্রে সাহেব রাজশাহীর সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি সি কুইন সাহেব শ্রীরামপুর ও উত্তরপাড়া নগরের এক জন মুনিসিপল কমিস্যনর হইবেন ও মুনিসিপল কমিস্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ আপ্রিল।]

Mr H Munro to officiate as District Superintendent of Police of Shahabad, during the absence, on leave, of Captain J C C Daunt, v c, or until further orders

Mr C Crawford Wood to be Special Sub Registrar of Assurances of the Sub Districts of Patna and Arrah

Baboo Judoonath Bose B A, Deputy Magistrate and Deputy Collector, is appointed to have charge of the Sub Division of Ranaghat, and is vested with the powers of a Magistrate in the District of Nuddea

Mr J Stewart Assistant Magistrate and Collector, to have charge of the Sub Division of Bettiah and to exercise the powers of a Magistrate and Deputy Collector in Chumparun

In modification of the orders of the 17th ultimo, Baboo Romesh Chunder Mookerjee is appointed to be a Deputy Magistrate under Act XV of 1843, and a Deputy Collector, under Regulation IX of 1833 in Hooghly He is posted to the Sub Division of Serampore, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in Hooghly

Baboo Chunder Narain Sing M A, Deputy Magistrate and Deputy Collector of Serampore is transferred to Mymensing, and vested with the powers of a Magistrate in the latter District

Baboo Kaliprosonno Sircar to be Special Sub Registrar of Assurances of the Sub Districts of Purneah and Kishengunge

Baboo Mohesh Chunder Bose to be Special Sub Registrar of Assurances of the Sub District of Bhullooah in the District of Noakhally

The 6th April 1868

Dr H C Connolly to be Secretary to the Local Committee of Public Instruction at Bogrях

Mr C C Stevens to officiate as Joint Magistrate and Deputy Collector of Shahabad, during the absence on deputation of Mr C B Garrett, or until further orders

Mr P Hurley, Assistant Magistrate and Collector of Chittagong, is posted temporarily to the 24 Pergunnahs, and is vested with the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District

Mr W M Smith to be Assistant Commissioner of Doomka

The 7th April 1868

Mr R P Jenkins to be Civil and Sessions Judge of Backergunge, but to continue to officiate as Commissioner of the Patna Division, until further orders

Mr. R J Richardson to be Civil and Sessions Judge of Shahabad

[*Government Gazette, 14th April* 1868]

বলন্টের কোরের কাপ্তান শ্রীযুত সি সি ডান্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ মনরো সাহেব শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিকুট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ক্রাফর্ড উড সাহেব পাটনা ও আরা সব ডিষ্ট্রিকুটের নিদর্শন পত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু যদুনাথ বসু বি এ, রাণাঘাট শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইযাছেন ও নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইযাছেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত জে ষ্টুয়ার্ট সাহেব বেতিযা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও চাম্পারণে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

গত মাসের ৭ তারিখের আজ্ঞা মতান্তর করিযা এই আজ্ঞা হইল। শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায় হুগলীতে ৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেকুটরের পদে নিযুক্ত হইযা শ্রীরামপুরে অবস্থিত হইযাছেন ও হুগলীতে অধস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত বাবু চন্দ্রনারাযণ সি হ মযমনসিংহে নিযুক্ত হইযাছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইযাছেন।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন সরকার পূরণিযা ও কৃষ্ণগঞ্জ সব ডিষ্ট্রিকুটের নিদর্শনপত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু নওযাখালী জিলার ভুলুযা সব ডিষ্ট্রিকটের নিদর্শনপত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৮ সাল ৬ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর এচ সি কনলী সাহেব বগুডার সাধারণ বিদ্যাধ্যাপনায কমিটির সেক্রেটারী হইবেন।

শ্রীযুত সি বি গারেট সাহেবের রাজকীয কর্ম্মান্তরে থাকনকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি সি ষ্টীবন্স সাহেব শাহাবাদের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

চট্টগ্রামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত পি হর্লি সাহেব কিযৎকালের নিমিত্তে ২৪ পরগনায অবস্থিত হইযাছেন ও ঐ জিলাতে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতা পাইযাছেন।

শ্রীযুত ডবলিউ এম স্মিথ সাহেব ডুমকার আসিষ্টান্ট কমিসনর হইবেন।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

শ্রীযুত আর পি জেন্‌কিন্স সাহেব বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাটনাখণ্ডের কমিসনরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজ হইবেন।

Mr E C Craster to be Civil and Sessions Judge of Gya

Mr A J Elliot to officiate as Civil and Sessions Judge of Dinagepore during the absence, on leave, of Mr F Tucker, or until further orders

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব গয়ার সিবিল ও সেশন্স জজ হইবেন।

শ্রীযুত এফ টকর সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ জে এলিয়ট সাহেব দিনাজপুরের সিবিল ও সেশন্স জজের কর্ম্ম করিবেন।

Leave of Absence

ছুটী।

The 17th March 1868

Mr T Tweedie Deputy Magistrate and Deputy Collector of Dinagepore for two months under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated the 8th November 1865 from any date after the 4th proximo on which he may be relieved

১৮৬৮ সাল ১৭ মার্চ।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টুইডী সাহেব আগামি মাসের ৪ তারিখের পর যে তারিখে অন্য ব্যক্তির হস্তে স্বীয় কার্য্য অর্পণ করেন সেই তারিখ অবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

The 1st April 1868

Mr H V H Roberts Assistant Superintendent of Police, Dacca for one month under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Mr C S Belli Civil and Sessions Judge of Rajshahye, for three months, from the 25th instant under Section 6 of the Covenanted Service Absentee Rules

Mr R H C Irvine Assistant Superintendent of Police Moorshedabad for fifteen days from the 10th instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Mr J S C Larminie, Assistant Superintendent of Police Palamow for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated the 8th November 1865, from the 16th instant or any subsequent date within one month of that date on which he may avail himself of the leave

Captain J C C Daunt v c District Superintendent of Police, Shahabad for one month under Section 6 of the Covenanted Service Absentee Rules

Mr A D B Gomes Commissioner of the Soonderbuns for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated 8th November 1865 Koomar Harendra Krishna will have charge of the Soonderbuns Commissioner's Office until relieved by Baboo Dwarkanath Sen or until further orders

Mr J D F Harvey Deputy Magistrate and Deputy Collector of Bograh for three months under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules from the date on which he may have availed himself of the leave

১৮৬৮ সাল ১ আপ্রিল।

ঢাকার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এচ বি এচ রবর্টস্ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহির সিবিল ও সেশন জজ শ্রীযুত সি, এস বেলি সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত আর, এচ, সি, অর্ব্বিন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ১০ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

পালামৌয়ের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জে এস, সি, লার্ম্মিনি সাহেব এই মাসের ১৬ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী লন সেই তারিখঅবধি ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট বলন্টিয়র কোরের কাপ্তান শ্রীযুত জে সি সি ডান্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সুন্দরবনের কমিস্যনর শ্রীযুত এ, ডি, বি, গোমেস্ সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বাবু দ্বারকানাথ সেনের দ্বারা অবকাশপ্রাপ্ত কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ উক্ত কমিস্যনরের কার্য্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, ডি, এফ, হার্ব্বি সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

The 2nd April 1868

Mr E E Fisher, Deputy Magistrate and Deputy Collector of Sarun, for one month, under

১৮৬৮ সাল ২ আপ্রিল।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, ই, ফিশর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন

paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave

In supersession of the orders of the 6th November last, Dr H C Connolly, Civil Medical Officer of Bograh is allowed one month's leave under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Mr Thomas Mohendralall Bose Special Sub Registrar of Assurances of Balasore and Bhuddruck, for fifteen days without pay from the 1st instant

The 6th April 1868

Baboo Brojo Soonder Mitter, Deputy Collector in charge of the Second Division of Survey, for three months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India dated 8th November 1865, to commence after he is relieved of his present duties

Captain J MacMillan, of the Orissa Volunteer Rifles, for three months, in extension of the leave allowed to him under orders of the 24th February last

Baboo Brohmonath Sen, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave

Mr H L Oliphant, Deputy Commissioner of Lohardugga, for six weeks, under Section 6 of the Covenanted Service Absentee Rules Mr Oliphant will make over charge of his Office to Lieutenant E G Lillingston

The 7th April 1868

Baboo Kalinath Ghose Deputy Magistrate and Deputy Collector Sylhet for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules from any date after the 15th instant, within one month of that date, on which he may avail himself of the leave

NOTIFICATIONS

The 25th March 1868

It is hereby notified that the Lieutenant Governor of Bengal has been pleased to declare the Ferries of Porabara and Doorgapore, across the Madhoomutty River, between Furreedpore and Jessore, to be public Ferries under Regulation VI of 1819

The 2nd April 1868

Mr G C Kilby of the Subordinate Executive Service, reported his departure from India per Steam ship *Labourdonnais*, which was left at Sea by the Pilot on the 4th ultimo

সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গত নবেম্বর মাসের ৬ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা হইল, বগুড়ার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ সি কনলি সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের ও ভদ্রকের নিদর্শনপত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার শ্রীযুত তামস মহেন্দ্রলাল বসু এই মাসের ১ তারিখঅবধি বিনা বেতনে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৬ আপ্রিল।

জরীপীকার্য্যের দ্বিতীয় খণ্ডের কর্ম্মাধ্যক্ষ ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজসুন্দর মিত্র ভারতবর্ষের পক্ষ সচিববর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে তিন মাসের ছুটী পাইয়াছেন, তিনি আপন বর্ত্তমান কর্ম্ম হইতে অবকাশ পাইলে উক্ত ছুটী আরম্ভ হইবে।

উড়িষ্যা বলণ্টিয়র রাইফল দলে নিযুক্ত কাপ্তান শ্রীযুত জে মাকমিলন সাহেব গত ফেব্রুআরি মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

লোহারডগার ডেপুটী কমিসানর শ্রীযুত এচ এল অলিফান্ট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তিনি লেপ্টেনেন্ট শ্রীযুত ই, জি, লিলিংষ্টন সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিবেন।

১৮৬৮ সাল ৭ আপ্রেল।

শ্রীহট্টের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীনাথ ঘোষ এই মাসের ১৫ তারিখের পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ২৫ মার্চ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ফরীদপুর ও যশোহরের মধ্যবর্ত্তি মধুমতী নদের উপর পরাবারা ও দুর্গাপুরের খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় ঘাট প্রকাশ করিলেন।

৮৬৮ সাল ২ আপ্রিল।

রাজকর্ম্মসংক্রান্ত অধীন কার্য্যকারক শ্রীযুত জি, সি কিলবি সাহেব লাবুর্ডনে নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব গত মাসের ৪ তারিখে সেই জাহাজ সমুদ্রে ছাড়িয়া আসেন।

NOTIFICATION

The 31st March 1868

The Office of Special Sub Registrar of Kooshtea and Ranaghat is hereby abolished The Sub Registry Offices in question will revert to the charge of the Sub Divisional Officer of Kooshtea and Ranaghat respectively

H L DAMPIER,

Offg Secretary to the Government of Bengal

PUBLIC WORKS DEPARTMENT

No 148

MILITARY

The 7th April 1868

Declaration under Section II of Act VI of 1857 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose *viz* for the site of a slaughter house at Chandernagore Suttopeertollah Pergunnah Boro in the District of Hooghly it is hereby notified that for the above purpose a piece of land measuring more or less 8 beegahs bounded on the North by the public highway on the East by the Cazeepara road on the South by Sabul Mistry's garden land and on the West by Akbur Mistry's garden and by land belonging to Museerooddeen is required

This Declaration is made under the provisions of Act VI of 1857 to all whom it may concern

---

No 149

CIVIL BUILDINGS

The 7th April 1868

Declaration under Section II of Act VI of 1857 —Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken for a public purpose *viz* for the extension of the Dacca Lunatic Asylum premises it is hereby declared that for the above purpose a plot of land measuring 9 beegahs 1½ cottahs more or less situate at Muhulluh Gudlkella in the City of Dacca is required

The plot required is bounded on the North by a small lane on the West by the Street leading from Chauk to Buxeebazar, on the East by the Dacca Lunatic Asylum, on the South by the Road running by the north of the Chauk

This Declaration is made under the provisions of Act VI of 1857 to all whom it may concern

---

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৩১ মার্চ।

কুষ্ঠার ও রাণাঘাটের বিশেষ সব রেজিষ্ট্রারের কার্য্যালয় এতদ্দ্বারা উঠাইয়া দেওয় গেল। উক্ত দুই স্থানের সব রেজিষ্টরী কার্য্যালয়ের কর্ম্মের ভার কুষ্ঠা ও রাণাঘাট শাখাখণ্ডের কার্য্যকারকদের প্রতি অর্পিত হইল।

এচ এল ডাম্পিয়র

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

১৪৮ নম্বর।

সমর সম্পর্কীয়।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন— বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকার্য্যার্থে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোরো পরগণার চন্দননগরে ও সত্তাপীর তলায় কশাইখানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৮৶ বিঘা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজপথ পূর্ব্ব সীমা কাজীপাড়ার পথ দক্ষিণ সীমা সুবোধ মিস্ত্রির বাগান ভূমি, এবং পশ্চিম সীমা আকবর মিস্ত্রির বাগান ও মসীরুদ্দীর অধিকৃত ভূমি।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

---

১৪৯ নম্বর।

বাটীর বিষয়ক।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন— বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকাস্থ ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা নগরের গিদ্দকেল্লা মহল্লায় ৯।০৩।। কাঠা ভূমির প্রয়োজন।

প্রয়োজনীয় ভূমি খণ্ডের উত্তর সীমা ছোট গলি পশ্চিম সীমা চক অবধি বক্সীবাজারে গমনের পথ পূর্ব্ব সীমা ঢাকাস্থ ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী দক্ষিণ সীমা চকের উত্তর দিগের পথ।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ আপ্রিল।]

No 150

The 7th April 1868

Declaration under Section 2 *Act VI of* 1857 — Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz*, for the construction of a Central Jail at he Sudder Station of Hazareebaugh, it is hereby declared that, for the above purpose a plot of land situated in Mouzahs Koleghattee Muraie Kullan Muraie Khord and Nowdeeha Pergunnah Chumpa, in the district of Hazaree baugh, and measuring 391 beegahs more or less, is required It is bounded on the North by cul turable waste of Nowdeeha, on the west by culti vated rice lands of Muraie on the South by Government land, the European Penitentiary and a public road and on the East by the Hazaree baugh and Burhee road

This Declaration is made under the provisions of Act VI of 1857, to all whom it may concern

H LEONARD C E,
Offg Secy to the Govt of Bengal
P W D

১৫০ নম্বর।

১৮৬৮ সাল ৭ আপ্রিল।

৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে বিজ্ঞাপন— বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাজারিবাগের সদর মোকামে বড় জেল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওন, আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হাজারিবাগ জিলার অন্তর্গত চম্পাপরগনার কোলঘাটী মরাই কলান, মরাই খুদ ও নবদীহা মৌজায ন্যূনাধিক ৩৯৮/ বিঘা পরিমিত ভূমির প্রযোজন। উক্ত ভূমির উত্তর সীমা নবদীহার আবাদযোগ্য পতিত ভূমি, পশ্চিম সীমা মরাইযের কর্ষিত ধান্যের ভূমি, দক্ষিণ সীমা গবর্ণমেন্টের ভূমি ইউরোপীয়দিগের ব্যবহার সংশোধনালয ও রাজপথ, পূর্ব্ব সীমা হাজারীবাগের ও বহীর পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞনার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ লিওনর্ড, সি ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটি সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS   গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS   ভূমিবিষয়ক ইশতিহার।

TO BE SOLD

To the highest bidder at the Court of the Principal Sudder Ameen of Zillah Cuttack on Monday the 18th May 1868 at the hour of 1 o'clock noon the right and interests of the Defendant Rajah Budyadhor Sendh Nurrinder bahadoor of Killah Coojung in the said Killah of Coojung in satisfaction of certain Decrees held by Gokool Chunder Dos Chowdry Rughoonauth Doss and others and execution of which has been taken out against him The Killah in question is a fixed Tributary Estate, the permanent jumma of which is Rupee 7 505 9 7 per annum

Twenty five per cent on the bid will be required to be paid in at the time of purchase and the balance within a fortnight from the date of sale

W WRIGHT,
P S Ameen

P S AMEEN's COURT,
CUTTACK,
The 2nd April 1868

[*Government Gazette*, 14*th April* 1868]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদসংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৬৮ সালের মাগাইত কিস্তী মার্চের রাজস্বের বাকি আদায় কারণ সন ১৮৬৮ সালের ২৭ আপ্রেল মোতাবক সন ১২৭৫ সালের ১৬ বৈশাখ সোমবারে জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অব্যর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৮ সাল তারিখ ২ আপ্রেল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	তারদাদ রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	৯	কিসমত পরগনে কাশীপুর পরগনে কাশীপুর	কাশীনাথ চৌধুরী ও মৃত্যকালী ও ভুবনেশ্বরী ও কমলমুণি ও স্বর্ণময়ী ও তারিণীপ্রসাদ ও তারাসুন্দরী ও শিবসুন্দরী ও মনমোহন ঘোষ ও ঈশানচন্দ্র রায় ও শ্যামাচরণ ভট্ট ও ভোলানাথ ও গুরুপ্রসাদ ও গণেশলাল ও রঘুনাথ ওরফে রাজারাম রায় ও রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যা।	৮০৭৫৬/০ বাদ এই জমার মধ্যে রাজকিশোর সেন সন ১৮৫৯ সালের ১১ আইনঅনুসারে আপন অংশ রকম ১৮।০/১৭।। গণ্ডার পৃথক্ হিসাব করিয়, নয় সদর জমা ৪৬৬।।৩/০ চন্দ্রমুখী দাস্যার ঐরূপ ১৮।০/ ৭।। গণ্ডার সদর জমা ৪৬৬।।৩/০ ৯৩৩।০ বক্রী সদর জমা ৭১৫০৬।৶০	রাজকিশোর সেন ও চন্দ্রমুখী দাস্যার অংশ বাদে অন্যান্য শরিকানের অংশ নীলাম হইবেক।
ঐ	ঐ	৩০৭	কিসমত মৌজে বেজপাড়া পরগনে চূণাখালী	কাজী ম্যাযতুল্ল ও এবাদতুল্লা ও গোলাম ছবদর ও হেফাজতুল্লা ও কবিমুল্লা ও সখিনা বিবি।	৫০৬৲	সমুদয় মাহাল নীলাম হইবেক।
ঐ	ঐ	৩১৪	কিসমত মৌজে মামুদাবাদ পরগনে মামুদাবাদ	অম্বিকাচরণ গঙ্গোপাধ্যায়।	৮৮৮৸৶৪	
ঐ	ঐ	৪০৭	কিসমত মৌজে বামবাটী পরগনে ফতেসিংহ	মাধবনাথ ও সাতকড়ি ও বিশ্বেশ্বর ও ঠাকুরদাস ও রামগোপাল ও রামচন্দ্র ও গদাধর ও হরগোবিন্দ ও গঙ্গাপ্রসাদ ও উজ্জ্বলমণি ও আজমতুল্লা ও মহম্মদ নেওয়াজ ও অপছর মোল্লা ও ইজ্জত সেও রাজ	৬১৭/৬	

H. HANKEY,
Collector.

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জেলা পাবনা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের বিধানানুসারে জেলা পাবনার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহালের নির্দ্দিষ্ট অংশ ১৮৬৮ সালের ২৮ মার্চ মোং ১২৭৪ সালের ১৬ চৈত্র পর্য্যন্তকার সরকারী প্রাপ্য রাজস্ব আদায় নিমিত্ত ১৮৬৮ সালের ২৮ আপ্রেল মোং ১২৭৫ সালের ১৭ বৈশাখ মঙ্গলবার অত্র জেলার কালেক্‌টর সাহেবের প্রকাশ্য কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বিধাতে বিক্রয় হইবেক, অতএব যে কেহ খরিদের বাসনা রাখে, সে ঐ নিরূপিত দিবস অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে ইতি সন ১৮৬৮ ইং ৩১ শে মার্চ।

জেলার তৌজীর নম্বর	মহালের শ্রেণী	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকী রাজস্ব	মন্তব্য।
১৪১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।	কিং পরগণে মসকত সাহী।	মিস্তুয়ার্স মোরেন এণ্ড কো- হারান চন্দ্র, শ্যামাচরণ চক্রবর্ত্তী, দেববা ণী দাস্যা, শ্যামা চরণ বিশ্বাস।	২৫৫৯৸৶৮	২৯১।৪	এই মহালের হিসাব, ১৮৫৯। ১১ আইনমতে স্বতন্ত্র হইয়া ছে, হিসাব পৃথক হওয়া ৴০ আনা অংশ, যাহার সদর জমা ১২৭৯৸৶১০ পাই, তাহা মালিক মিস্তুয়ার্স মোরেন এণ্ড কোং সাহেবানের স্বত্ব এবং উক্ত বাকী ঐ অংশের বটে, অতএব এই মহালের অন্যা ন্য অংশ বাদে সংপ্রতি কেবল মালিক সাহেবানের ঐ ৴০ আনা অংশ নীলাম হইবেক।

P A Humphery
Offg Collector

জেলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাচারী কালেক্টরী জেলা রঙ্গপুর এই যে।

এতৎ দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রঙ্গপুরের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল ১৮৬৮ ই- ২৮ মার্চ তারিখে সরকারের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাং- চলিত আইন ও আকটানুসারে বাকি রাজস্ব ন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্তক ১৮৬৮ সালের আপ্রিল মাসের ২১ তারিখে জেলা রঙ্গপুরের কালেক্টরী কাচারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৬৮ ই তারিখ।

এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৭৮ নম্বরী মহাল মৌজে দিগ দাড়িয়া ওগয়রহ মোতালকে পরগনে পেড়ি খালিসা হিস্যা ।।০ আনা পাং বাজিতপুর মালিক ৺ রি, দয়াময়ী ঠাকুরাণী সেবাইত আনন্দময়ী দেব্যা মাদরে চন্দ্রনাথ শর্ম্মা যাহার সদর জমা ৬৪৭।।৮ পাই তাহা বাঙ্গলা ১২৭৪ সালের মাঃএদ কিস্তি ফাল্গুণের বক্রী রাজস্ব আদায় জন্য নীলাম হইবেক ইতি।

E G Glazier,
Offg. Collector

WANTED

For the Court of the Additional Judge of Tirhoot

A Translator,	**Salary 90 Rupees.**
A Head Clerk,	**„ 50 „**

MORRIS BEAUFORT,
Addl Judge of Tirhoot.

MISCELLANEOUS ADVERTISEMENT সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

এলবরলিং সাহেব কর্ত্তৃক সংগৃহীত দায় ও দান ও উইল ও বিক্রয় ও বন্ধকের বিধানের সার সংগ্রহ ওকালতী পরীক্ষার নিমিত্তে বঙ্গভাষায় অনুবাদিত হইয়া থ্যাকর স্পিঙ্ক কোম্পানির ও লেপেজ কোম্পানির ও ডিরজারিও কোম্পানির পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৪ আপ্রিল।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে বাস্লো সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, APRIL 14, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৪ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম তুলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্তিহার।

জিলা ত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা ত্রিপুরা। এই যে।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাশ মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৮ সালের ৯ মেই মোতাবেক ১২৭৫ সালের ২৮ বৈশাখ রোজ শনিবার অত্র জিলার কালেক্টরীর কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

৩। সরকার জমীদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৬৮ ইং তারিখ ৯ মার্চ।

রাজকীয় মহালের ইস্তফা-সনের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহালের ও পরগণার নাম।	ন্যূনাধিক মত একর পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য কথা।
				সাধ্যকরা রাজস্ব।	রাস্তার টাকা।	মোট।		
			এ র প					
১৩ ১৮৫৯ ইং	১১	পরগনে আমিরাবাদ ১৮১৯ ইং ২ দুই কানুনের ডিক্রীর ২ নং চর চালিভাঙ্গা।	৬১৪।০।২৪	৭৯১৲	৭৸৶	৭৯৮৸৶	১৫৮২৲	

F G Millett,
Collector.

জেলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, চট্টগ্রাম জেলার মধ্যবর্ত্তী নীচের লিখিত খাসমহালের গবর্ণমেন্টের মালিকী স্বত্ব আগত ২৭ আপ্রিল মোতাবেক ১২৭৫ বাঙ্গলার ৬ বৈশাখ রোজ সোমবার অত্র জেলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি।

তৌজীর মহালের রেজিস্টরের নম্বর।	জিলার বহীর নম্বর।	মহালের এবং পরগনার নাম।	ন্যূনাধিক পরিমাণে যত একর (এ রু প° গ)	সদর জমা।			নীলামের প্রথম ডাকের মূল্য।	মন্তব্য।
				ধার্য্যকরা রাজস্ব।	রাস্তার টাক্স।	সর্ব্বসুদ্ধ।		
-	১৪২৯	তবক গোবিন্দরাম ঠাকুর থানে রাউজান	১।১।৩৩।৭৬	১৶	৶২	৶২	২।০	এই মহাল মং ৶০ আনা সদর জমা দ্বিগুণ মূল্য ধার্য্যে বিক্রি হইবেক নীলাম খরিদদার ২৭৫ বাঙ্গলা হইতে দখল পাইবেক।

J C Geddes,
Offg Collector

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এক জে বালো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY APRIL 21, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ২১ আপ্রিল।

GOVERNMENT OF BENGAL

Legislative Department

The following Bill, introduced into the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, is, together with the Statement of Objects and Reasons accompanying it, published for general information —

A Bill to make further provision for the recovery of arrears of Land Revenue and public demands recoverable as arrears of Land Revenue

[Preamble]

Whereas it is expedient to amend and extend the law for the recovery of arrears of Land Revenue and of public demands recoverable as arrears of Land Revenue, it is declared and enacted as follows —

[Interpretation]

I In this Act and in Act XI of 1859, the words in this Section mentioned shall have the meanings therein attributed to them respectively

[' Proprietor "]

" The word " Proprietor" includes any farmer or tenant by whom any lands is held directly under Government, or by whom any demand is payable to Government

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় অভিপ্রায়ের ও হেতুবর্ণনা সহিত পঠিত হইয়া সর্ব্বসাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতেপারে সেই দাওয়া আদায় করিবার অধিক বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

ভূমির বাকী রাজস্ব আদায় করিবার এবং রাজকীয় যে দাওয়া ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই দাওয়া আদায় করিবার আইন সংশোধন ও বিস্তৃত করা উচিত। এই হেতুক নিম্নলিখিতমতে প্রকাশ ও বিধান করা যাইতেছে।

[অর্থের ধারা।]

১ ধারা। এই ধারার লিখিত কথার যে অর্থ করা গিয়াছে এই আইনেতে ও ১৮৫৯ সালের ১১ আইনেতে সেই কথার সেই অর্থ থাকিবে।

[" ভূম্যধিকারী।"]

যে ইজারদার কি প্রজা নিজ গবর্ণমেণ্টের স্থানে ভূমি লইয়া ভোগ করেন, কিম্বা যে ব্যক্তির দেনা নিজ গবর্ণমেণ্টের নিকটে দাতব্য হয়, ভূম্যধিকারী শব্দের মধ্যে তিনিও গণ্য।

["Revenue"]

The word "Revenue" includes every sum annually payable to Government by the Proprietor of any estate or tenure in respect thereof, and every sum payable to Government in respect of Tuccavee, or of any money advanced by Government to proprietors of land for making or repairing embankments, reservoirs, or water courses, or other improvements on the land held by them

["Estate"]

The word "Estate" means any land or share in land subject to the payment to Government of an annual sum in respect of which the name of a proprietor is entered on the Register known as the Quinquennial Register, Toujeh, or Revenue Roll of the Collector's Office of the District, or in respect of which a separate account may in pursuance of Section X or Section XI of Act XI of 1859, or of any other law or usage have been opened

["Tenure"]

The word "Tenure" includes all interests in land whether rent paying, or lakhiraj, (other than estates as above defined) which by the terms of the grants creating the same or by the custom of the country are transferable whether such tenures are resumable or not, and whether the right of selling or bringing to sale for an arrear of rent may or may not have been specially reserved by stipulation in any instrument

["Demand"]

The word "Demand" means any of the following public demands arrears of which are by law recoverable as arrears of revenue

[Sums due from Public Accountant and their sureties]

Any sum due from any Public Accountant or from the sureties of any Public Accountant on account of any loss or defalcation in the accounts of such Public Accountant

[Sums due from the sureties of farmers]

Any sum which may be due from the sureties of any farmer in respect of the revenue of the estate farmed by him

[Sums due for claims against certain Native Officers]

Any sum for which any Collector may have a claim on the par of Government on any Tusildar Sezawal Ameen, Dewan Serestadar, Moonshi Mohurer, or other Native Officer entrusted with the receipt or payment of public money or the charge of public accounts, who may be employed under any Collector, for a balance of accounts of money belonging to Government

"রাজস্ব।"

কোন মহালের কি তালুকপ্রভৃতির উপলক্ষে গবর্ণমেণ্টের নিকট ভূম্যাধিকারির বৎসরং যে টাকা দিতে হয় এবং তাগাবী বলিয়া কিম্বা বাঁধ কি জলাশয় কি জলস্রোত করিবার কি সারাইবার জন্যে ও প্রকারান্তরে ভূম্যধিকারিদের অধিকৃত ভূমির সৌষ্ঠব করণার্থে গবর্ণমেণ্ট তাঁহারদিগকে অগ্রীম টাকা দেওযাতে তাঁহারদের স্থানে গবর্ণমেণ্টের যে টাকা পাওনা হয় রাজস্ব শব্দে সেই সকল টাকা গণ্য।

"মহাল।"

যে ভূমির কিম্বা ভূমির যে অংশের নিমিত্ত গবর্ণমেণ্টের নিকট বৎসরং কতক টাকা দেওন উপলক্ষে পাঁচসনী রেজিষ্টর কিম্বা তৌজী কিম্বা জিলার কালেকুটরী কার্য্যালয়ের রাজস্বের ফর্দ্দ নামে রেজিষ্টরে ভূম্যধিকারির নাম লেখা যায়, "মহাল" শব্দে সেই ভূমি এবং ১৮৫৯ সালের ১১ আইনের ১০ কিম্বা ১১ ধারানুসারে কিম্বা অন্য কোন আইন কি আচার মতে যে ভূমির স্বতন্ত্র হিসাব করা যায়, সেই ভূমিও বুঝায়।

"ভূ সম্পর্ক।"

উপবিভাগে মহালের যে অর্থ নির্ণয় হইয়াছে তদ্ভিন্ন খেরাজী কি লাখেরাজ ভূমিতে যে সম্পর্ক থাকে, ঐ সম্পর্ক যে নিয়মদ্বারা সৃষ্ট হয় যদি সেই নিয়মক্রমে কিম্বা দেশাচারমতে সেই সম্পর্ক হস্তান্তর করা যাইতে পারে, তবে তাহা পুনশ্চ গ্রহণীয় হইলে কি না হইলেও, এবং কোন নিদর্শনপত্র লিখিত নিয়মক্রমে বাকী করের নিমিত্তে সেই সম্পর্ক বিক্রয় করিবার কি করাইবার স্বত্ব বিশেষমতে স্থির করা গেলে কি নাও গেলে ভূসম্পর্ক শব্দেতে সেই প্রকারের সকল সম্পর্ক গণ্য।

"দাওয়া।"

যে রাজকীয় দাওযার বাকী টাকা আইনক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে, "দাওয়া" শব্দে নিম্নলিখিত সেই দাওয়া বুঝাইবে।

[রাজকীয় হিসাবির ও তাঁহার প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা।]

রাজকীয় হিসাবির হিসাবমতে কোন ত্রুটি কি ন্যূনতা প্রকাশ হইলে ঐ রাজকীয় হিসাবির স্থানে কিম্বা ঐ রাজকীয় হিসাবির প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

ইজারদারদের প্রতিভূর স্থানে প্রাপ্য টাকা।

ইজারদার যে মহালের ইজারা লন তাহার রাজস্বের উপলক্ষে তদীয প্রতিভূর স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

এদেশীয় কোনং কর্ম্মকারকদের উপর দাওয়া থাকাতে যে টাকা পাওনা হয়।

যে তহসীলদার কি সাজওযাল কি আমীন কি দেওয়ান কি সিরিস্তাদার কি মুন্শী কি মুহুরির কিম্বা এদেশীয় অন্য যে কার্য্যকারক কালেক্টর সাহেবের নিকট নিযুক্ত হইয়া রাজকীয় টাকা দানাদান করিবার কিম্বা রাজকীয় হিসাব রাখিবার ভারপ্রাপ্ত হন, কালেক্টর সাহেব তাঁহার উপর গবর্ণমেণ্টের পক্ষে রাজকীয় টাকার হিসাবমতে যে বাকী টাকার দাওয়া করেন তাহা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

[Arrears of revenue payable in respect of tenures.]

Any arrears of revenue payable in respect of any Tenure for the recovery of which the Collector may not think fit to proceed under Section XI of this Act

[Cost of certain partitions.]

Any sum which may be due from any person for his proportion of the authorized expenses of making a division of any estate under Regulation XIX of 1814, or in respect of any fine imposed under Section XX or XXI of the same Regulation

[Costs of embankment.]

Any sum which may be due from any person in respect of any award of the expenses of the construction, alteration, or extension of any embankment, which may, in pursuance of Act VII of 1866 of the Bengal Council, be made by any Collector

[Loss on re-sale of estates.]

Any sum which may be payable by any person under the provisions of Section XXIII of the said Act XI of 1859 for the difference between the proceeds of the sale of an estate which may be eventually consummated, and the price bid by such person at a sale of such estate for arrears of revenue

[Collectorate.]

The Collectorate of the Collector of a District means the district to which such Collector is appointed, or throughout which any Officer vested with the powers of a Collector is authorized to exercise such powers

[Collector.]

The word "Collector" includes any person vested with the powers of a Collector

[Mâlgoozar.]

For the purpose of recovery of demands under this Act the words "Mâlgoozar or owner of the estate" in Section V of Act XI of 1859 shall be read as meaning the person or persons from whom an arrear of a demand is due to Government

[Repeal of Section LIII of Act XI of 1859.]

II Section LIII of Act XI of 1859 is hereby repealed except as regards any purchase or re-purchase, or any recovery of possession effected prior to the coming into operation of this Act

[Commissioner may exercise certain powers.]

III All the powers and authorities which in and by Sections XXV and XXVI of the said Act XI of 1859, or either of them, are conferred upon the Local Government or the Commissioner of Revenue, upon an appeal to such

[*Government Gazette*, 21st April 1868.]

ভুসম্পার্কের নিমিত্ত যে বাকী রাজস্ব দাতব্য হয়।

কালেক্টর সাহেব কোন ভুসম্পার্কের যে বাকী রাজস্ব আদায়ের জন্যে এই আইনের ১১ ধারামতে কার্য্য করা বিহিত বোধ না করেন, সেই রাজস্বের টাকা।

কোন২ ভূমি বন্টনের খরচ।

১৮ ১৪ সালের ১৯ আইনমতে কোন মহাল বন্টন করিবার যে খরচের অনুমতি আছে কোন ব্যক্তির স্থানে তাহার যে অংশ পাওনা থাকে তাহা কিম্বা ঐ আইনের ২০ কি ২১ ধারামত অর্থদণ্ডের উপলক্ষে যাহা পাওনা থাকে তাহা।

বাঁধ প্রস্তুত করিবার খরচা।

কোন কালেক্টর সাহেব বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৬ সালের ৭ আইন অনুসারে কোন বাঁধ প্রস্তুত কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করিয়া তাহার খরচের যে অংশ নিরূপণ করেন তজ্জন্যে কোন ব্যক্তির স্থানে যে টাকা পাওনা হয় তাহা।

মহাল পুন বিক্রয় করিয়া যে ক্ষতি হয় তাহা।

বাকী রাজস্বের নিমিত্ত ভূমি বিক্রয় হইলে কোন ব্যক্তি যে মূল্য ডাকেন তাহা না দেওয়াতে ঐ ভূমি শেষে বিক্রয় হইয়া তাহার যে মূল্য প্রাপ্ত হওয়া যায়, পূর্ব্ব অপ্রাপ্ত মূল্যের ও শেষ প্রাপ্ত মূল্যের মধ্যে যত টাকা বিশেষ ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৩ ধারার বিধানমতে কোন ব্যক্তির নিকট পাওনা সেই টাকা।

ক্যালেকটরী।

কালেক্টর সাহেব যে জিলাতে নিযুক্ত থাকেন, কিম্বা কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক সেই ক্ষমতামতে যে স্থান ব্যাপিয়া কার্য্য করিতে সক্ষম হন, জিলার কালেক্টর সাহেবের ক্যালেক্টরী" শব্দে সেই স্থান বুঝায়।

কালেক্টর।

যে কোন ব্যক্তি কালেক্টরের ক্ষমতা পান কালেক্টর শব্দে তিনিও গণ্য।

মালগুজার।

এই আইনমতে দাওয়াব টাকা আদায় করণ সম্পর্কে ১৮৫৯ সালের ১ আইনের ৫ ধারাতে ' মালগুজার কিম্বা মহালের স্বামী" এই যে কথা আছে, যে ব্যক্তির কি ব্যক্তিদের স্থানে গবর্ণমেন্টের দাওয়ার বাকী পাওনা থাকে তাঁহাকে বুঝায়, ঐ কথা এই ভাবে পাঠ করিতে হইবে ইতি।

[৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা রহিত করিবার কথা।]

২ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ক্রয় কি পুন ক্রয় কি অধিকার প্রাপ্তি সিদ্ধ হয় তৎসম্পর্কে ১৮৫৯ সালের ১১ আইনের ৫৩ ধারা প্রবল থাকিবে, নতুবা রহিত হইল ইতি।

[কোন২ ক্ষমতামতে কমিস্যনরের কার্য্য করিবার শক্তির কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের প্রতি কিম্বা ৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৫ ধারাক্রমে রাজস্বের কমিস্যনরের নিকট আপীল হইলে সেই কমিস্যনরের প্রতি ঐ ২৫ ও ২৬ ধারার কিম্বা তাহার একতর ধারার দ্বারা যে সকল শক্তি ও ক্ষমতা অর্পিত হইয়াছে, উক্ত

Commissioner under the said Section XXV may be exercised without any appeal having been preferred under the same Section in any case in which such Commissioner shall, otherwise than by an appeal, have become aware of hardship or injustice in any sale under this Act, or the said Act XI of 1859, and no sale shall become final in respect of which such Commissioner may have suspended passing final orders until the period for which he may have suspended such final orders shall have expired

[Time for revenue sales extended]

IV From the date when this Act comes into operation the word "thirty" shall be substituted for the word "fifteen" in Section VI of the said Act XI of 1859 and the words "forty five" for the word "thirty" in the same Section

[Mode of serving notices]

V Every notice required by this Act or by the said Act XI of 1859 directed to be served shall be served by delivering to the person to whom it may be directed a copy thereof attested by the Collector or by delivering such copy at the usual place of abode of such person to some adult male member of his family or by posting such copy upon some conspicuous part of the usual or last known place of abode of such person, or by lodging such copy in the Post Office for transmission to such person in a registered cover directed to such person at his usual or last known place of abode And every notice so deposited in the Post Office shall be deemed to have been served upon the day on which it was so deposited

[Notice of intended sale to be given]

VI Every Collector shall within ten days after the notification mentioned in Section VI of Act XI of 1859 shall have been affixed in his Office cause to be served on the proprietor of every estate specified in such notification a notice in the form in Schedule A and shall also cause to be affixed in the Court of the Judge of the District within whose jurisdiction the estate mentioned in such notice or any portion thereof lies and in the Moonsiff's Court and Police Thannah within which such estate or any portion thereof lies and also at the Cutcherry of the Mâlgoozar or proprietor of such estate, or if there shall be no such Cutcherry then at some conspicuous place upon such estate a copy of the said notice

[Certificate to be conclusive evidence of regularity]

VII Every certificate of title which may be given to any purchaser under the provisions of Section XXVIII of the said Act XI of 1859 shall be conclusive evidence that all notices in or by this

কমিসানর সাহেব এই আইন কিম্বা ৮৫৯ সালের উক্ত ১১ আইনমত কোন বিক্রয় কার্য্যে উৎপাত কি অন্যায়ের বিষয় অবগত হইলে সেই ধারামতে কোন আপীল উপস্থিত না করা গেলেও সেই শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। ও সেই কমিসানর সাহেব যে নীলাম সম্পর্কে চূড়ান্ত আজ্ঞা দেওয়া বিলম্ব করেন, যত কালের নিমিত্তে স্থগিত করিলেন সেই সময় গত না হইলে, সেই নীলাম চূড়ান্ত হইবে না ইতি।

[রাজস্ব সংক্রান্ত নীলাম করিবার সময় বৃদ্ধির কথা।]

৪ ধারা। এই আইন যে দিবসে প্রচলিত হইবে, সেই দিবসাবধি ৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৬ ধারাতে "পনের দিনের পরিবর্ত্তে ত্রিশ দিন পাঠ করিতে হইবে। ও সেই ধারার মধ্যে "ত্রিশ" এই শব্দের পরিবর্ত্তে "পঁয়তাল্লিশ" শব্দ দিতে হইবে ইতি।

[নোটিস দিবার নিয়মের কথা।]

৫ ধারা। এই আইনেতে কিম্বা ৮৫৯ সালের উক্ত ১ আইনেতে যে নোটিস দিবার আজ্ঞা হইল তাহা দিবার নিয়ম এই। যাহার নামে নোটিস দেওয়া গেল কালেক্টর সাহেবের স্বাক্ষরিত সেই নোটিসের এক খান নকল সেই ব্যক্তিকে দেওয়া যাইবে, কিম্বা তিনি নিয়মিতে যে স্থানে বাস করেন সেই স্থানে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে দেওয়া যাইবে, কিম্বা তিনি নিয়ত যে স্থানে বাস করেন কিম্বা তাহার শেষ যে বাসস্থান জানা আছে সেই স্থানের কোন প্রকাশ স্থানে ঐ নকল লাগাইতে হইবে, কিম্বা পত্রের খামে দিয়া শিরনামায় তাঁহার নিয়ত কি শেষ জানা বাস স্থানের ঠিকানায় তাঁহার নাম লিখিয়া, রেজিষ্টরী করিয়া ডাকযোগে তাঁহার নিকট পাঠাইতে হইবে। সেই প্রকারের নোটিস ডাক ঘরে দেওয়া গেলে যে দিনে তদ্রূপ অর্পণ করা যায় সেই দিনে তাঁহাকেই দেওয়া গেল জ্ঞান হইবে ইতি।

[বিক্রয়ের সম্বাদ দিবার কথা।]

৬ ধারা। কালেক্টর সাহেবের কাছারীতে ১৮৫৯ সালের ১ আইনের ৬ ধারার উল্লিখিত জ্ঞাপনপত্র লটকান গেলে কালেক্টর সাহেব ঐ জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট প্রত্যেক মহালের স্বামিকে দশ দিনের মধ্যে A f চিহ্নিত তফসীলের পাঠে নোটিস দেওয়াইবেন। এবং সেই নোটিসে যে মহালের উল্লেখ হইয়াছে তাহা কিম্বা তাহার কোন অংশ জিলার যে জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে থাকে তাঁহার আদালত ঘরে এবং ঐ মহাল কি তাহার কোন অংশ যে মুনসেফীর ও পোলীসের যে থানার মধ্যে থাকে সেই মুনসেফী আদালতে ও সেই থানায় এবং মালগুজারের কি ঐ মহালের স্বামির কাছারীতে কিম্বা তাঁহার কাছারী না থাকিলে ঐ মহালের কোন প্রকাশ স্থানে ঐ নোটিস লাগাইয়া দিবেন ইতি।

[কার্য্য নিয়মিতরূপে হওন বিষয়ে সর্টিফিকট সিদ্ধান্ত প্রমাণ হওয়ার কথা।]

৭ ধারা। কোন ক্রেতাকে ১৮৫৯ সালের উক্ত ১ আইনের ২৮ ধারার বিধানমতে আগম অর্থাৎ অধিকারের সর্টিফিকট দেওয়া গেলে এই আইনেতে কিম্বা ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে যে সকল

Act, or by the said Act XI of 1859, required to be served or posted, have been duly served and posted, and the title of any person who may have obtained any such certificate shall not be impeached or affected by reason of any omission, informality or irregularity in the proceedings under which the sale was had at which such person may have purchased

নোটিস দিবার কি লটকাইবার আজ্ঞা হইয়াছে তাহা দেওয়া গিয়াছে ও লটকান গিয়াছে, ঐ সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে। এবং ঐ ব্যক্তি যে নীলামে ভূমি ক্রয় করিয়াছেন; সেই নীলামে কোন কার্য্যের ত্রুটি হইলে কিম্বা কোন কার্য্য ধারামতে ও নিয়মমতে করা না গেলেও সেই ত্রুটিপ্রভৃতির দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত কোন ব্যক্তির অধিকারের কোন দোষ কি বৈকৃতি হইবে না ইতি।

[Sales of Lakhiraj to be valid]

VIII All sales of lands of Lakhiraj tenure for payment of arrears of revenue or of demands which may heretofore have been made in conformity with the procedure established by Act XI of 1859, shall have such and the same force and effect as if they had been made in execution of a decree against the person liable to pay the revenue or demand for satisfaction of which such sale may have been made

[লাখেরাজ ভূমির বিক্রয় সিদ্ধ হইবার কথা।]

৮ ধারা। বাকী রাজস্বের নিমিত্তে কি দাওয়ার নিমিত্তে ১৮৫৯ সালের ১১ আইনের নিদ্ধারিত প্রণালী মতে ইতিপূর্ব্বে যে লাখেরাজ ভূমি বিক্রয় হইয়া থাকে যে রাজস্বের কি দাওয়ার পরিশোধার্থে ঐ নীলাম করা গেল, তাহার দায়ি ব্যক্তির নামে ডিক্রী জারী হইয়া সেই ভূমি বিক্রয়ের যে বল ও ফল হইত পূর্ব্বোক্ত লাখেরাজ ভূমি বিক্রয়ের সেই বল ও ফল হইবে ইতি।

[Power to register tenures]

IX It shall be lawful for the proprietors of tenures, and of farms held for terms of years to cause the same to be registered according to the provisions of Act XI of 1859, although the same may not be held immediately of the proprietors of estates

[ভূমি রেজিষ্টর করিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। ভূসম্পর্কের অধিকারিরা ও কএক বৎসর মিয়াদের ইজারদারেরা যদিও নিজ ভূস্বামির স্থানে সেই ভূমি কি ইজারাপ্রাপ্ত না হন তথাপি ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমতে তাহা রেজিষ্টরী করাইতে পারিবেন ইতি।

[Collectorate to include all estates borne on its Roll]

X Every estate shall, for the purposes of this Act and of Act XI of 1859 be deemed to be within the Collectorate of the Collector upon whose Revenue Roll the revenue thereof may be borne, although the whole or any portion of the lands comprised in such estate may be without the local limits of such Collectorate but all lands shall be deemed to be within the Collectorate within the local limits of which they may be situate although the estate of which they form a part may, under the provisions of this section, be deemed to be within the Collectorate of any other Collector

[কালেক্টরী শব্দের মধ্যে তৌজির লিখিত সমস্ত মহাল ধরিবার কথা।]

১০ ধারা। এই আইনের এবং ১৮৫৯ সালের ১১ আইনের কার্য্যার্থে যে মহালের রাজস্ব যে কালেক্টর সাহেবের তৌজীতে লেখা থাকে, সেই মহালের সমুদয় ভূমি কি তাঁহার একাংশ অন্য কালেক্টরীর স্থানসীমার মধ্যবর্ত্তী থাকিলেও পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের কালেক্টরীর মধ্যে আছে জ্ঞান হইবে। কিন্তু ভূমি যে মহালের অন্তর্গত সেই মহাল এই ধারার বিধান মতে অন্য কালেক্টর সাহেবের কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইলেও যে কালেক্টরীর স্থানসীমার মধ্যে ভূমি থাকে সেই কালেক্টরীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[Power to sell tenures]

XI Whenever any revenue payable to Government in respect of any tenure not being an estate shall be in arrear for days after the same shall have been due, the Collector to whom such revenue is payable, shall cause to be affixed such notices as are mentioned in Section V of Act XI of 1859, and shall thereupon cause such tenure to be sold in the manner, and subject to the provisions in and by the said Act XI of 1859, provided for the sale of estates for the recovery of arrears of revenue due on account of the same, and the Collector shall apply the purchase money arising from such sale according to the provisions of Section XXXI of the said Act XI of 1859, and

[ভূসম্পর্ক বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। মহালভিন্ন কোন ভূমির নিমিত্ত গবর্ণমেণ্টের রাজস্ব পাওনা হইয়া কএক দিন পর্য্যন্ত বাকী থাকিলে, যে কালেক্টর সাহেবকে ঐ রাজস্ব দেওয়া গিয়া থাকে, তিনি ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার লিখিত নোটিস লটকাইয়া দিবেন, এবং ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে ও তৎক্রমে বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় করিবার যে নিয়ম ও যে বিধান হইয়াছে সেই নিয়ম ও সেই বিধানমতে ঐ ভূসম্পর্ক বিক্রয় করাইবেন। এবং তাহা বিক্রয় করণদ্বারা যে টাকা উৎপন্ন হয় কালেক্টর সাহেব ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩১ ধারার বিধানানুসারে সেই টাকা লইয়া কার্য্য করিবেন। এবং সেই ভূমির বিক্রয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইলে, ১৮৫৯ সালের উক্ত ৮ আইনের ২৮ ধারাতে মহালসংক্রান্ত যে বিধান আছে উক্ত কালেক্টর

every such Collector shall, upon every such sale of any tenure being final and conclusive make out such certificate of title thereof as is provided in Section XXVIII of the said Act VIII of 1859 with respect to estates

[Effect of sale of a tenure]

XII The purchaser of any tenure sold under the provisions of Section XI shall acquire it free from all encumbrances which may have been imposed upon it after its creation, or after the time of settlement, whichever may have last occurred and shall be entitled to avoid and annual all under tenures, and forthwith to eject all under tenants with the following exceptions —

First —Istemrarce or mookurreree tenures which have been held at a fixed rent from the time of the permanent settlement

Secondly —Tenures existing at the time of settlement, which have not been held at a fixed rent Provided always that the rent of such tenure shall be liable to enhancement under any law for the time being in force for the enhancement of the rent of such tenures

Thirdly —Tenures or leases created since the term of settlement, and farms for terms of years so held when such tenures and farms have been duly registered under the provisions of this Act

Fourthly —Tenures of lands whereon dwelling houses, manufactories, or other prominent buildings have been erected or whereon gardens, plantations, tanks, canals places of worship or burning or burying grounds have been made or wells sunk

[Power of enchancement]

XIII Every purchaser of a tenure under Section XI of this Act shall be entitled to proceed in the manner prescribed by any law for the time being in force for the enhancement of the rent of any land coming within the 4th class of exceptions above made if he can prove the same to have been held at what was originally an unfair rent, and if the same shall not have been held at a fixed rent equal to the rent of good arable land, for a term exceeding twelve years, but not otherwise

[Saving right of ryot]

XIV —Provided always that nothing hereinbefore contained shall be construed to entitle any such purchaser, under Section XI of this Act to eject any ryot having a right of occupancy at a fixed rent or at a rent assessable according to fixed rule under the laws in force, or to enhance the rent of any such ryot otherwise than in the manner prescribed by such laws or otherwise than as the former proprietor, irrespectively of all engagements made since the time of settlement may have been entitled to do

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

সাহেব সেই বিধানানুসারে ঐ ভূসম্পর্কের অধিকারের সর্টিফিকট লিখিবেন ইতি।

[ভূমি নীলাম হইবার ফলের কথা।]

১২ ধারা। ১১ ধারার বিধানমতে যে ভূমির নীলাম হয়, যিনি তাহা ক্রয় করেন, ভূসম্পর্ক সৃষ্ট হইবার পরে কিম্বা যদি বন্দোবস্তের কাল পশ্চাৎ হইয়া থাকে তবে তাহার পরে ঐ ভূসম্পর্কের প্রতি যে সকল দায় বর্ত্তান গিযাছে ক্রেতা তদ্ব্যতীত সেই ভূমি প্রাপ্ত হইবেন এবং তিনি নিম্নলিখিত স্থলভিন্ন অধীন সকল ভূসম্পর্ক রহিত ও ব্যর্থ করিতে পারিবেন এবং সকল অধীন প্রজাকে তৎক্ষণাৎ উঠাইয়া দিতে পারিবেন।

প্রথম। চিরকালীন বন্দোবস্তের সময়াবধি যে ইস্তমরারী কি মোকররী ভূমি অবধারিত খাজানামতে ভোগ হইযা আসিতেছে তাহা।—

দ্বিতীয়। বন্দোবস্তের কালে যে ভূসম্পর্ক ছিল কিন্তু অবধারিত খাজনামতে ভোগ হয নাই তাহা। কিন্তু তদ্রূপ ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত হয সেই আইনমতে ঐ ভূমির কর বৃদ্ধি হইতে পারিবে।

তৃতীয়। বন্দোবস্তের কালের পরে যে ভূসম্পর্ক কিম্বা পাট্টা করিয়া দেওবা গেল এবং কএক বৎসর মিয়াদের যে ইজারা তদ্রূপে ভোগ হয, সেই ভূসম্পর্ক ও ইজারা এই আইনের বিধানমতে উপযুক্তরূপে রেজিস্টর হইলে তাহা।

চতুর্থ। যে ভূমির উপর বসতবাটী কি কারখানা কিম্বা অন্য প্রকাশ আলয নির্ম্মিত হইযাছে, কিম্বা যাহাতে বাগান কি বৃক্ষবাটিকা কি পুষ্করিণী কি খাল কি ভজনালয কি শ্মশান কি কবরস্থান প্রস্তুত হইয়াছে কি কূপ খনন হইযাছে সেই ভূমির সম্পর্ক ইতি।

[বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি এই আইনের ১১ ধারামতে ভূমি ক্রয করিলে পূর্ব্ববর্জ্জিত ভূমির চতুর্থ শ্রেণীর ভূমি প্রথমাবধি অনুপযুক্ত খাজানামতে ভোগ হইয়া আসিতেছে যদি ইহার প্রমাণ করিতে পারেন, এবং উত্তম চষ্য ভূমির যে কর হইযা থাকে, যদি সেই ভূমি তত্তুল্য নির্দ্ধারিত করে দ্বাদশ বৎসরের অধিক কাল ভোগ না হয, তবে ভূমির কর বৃদ্ধির যে আইন যে সময়ে প্রচলিত থাকে, তিনি সেই আইনের নির্দ্দিষ্টমতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু অন্য স্থলে পারিবেন না ইতি।

[প্রজার স্বত্ব রক্ষার কথা।]

১৪ ধারা। কিন্তু যে প্রজা অবধারিত কর দিযা কিম্বা প্রচলিত আইনের নির্দ্দিষ্ট বিধিক্রমে যে কর ধার্য্য হয তাহা দিয়া অধিকারিত্ব স্বত্বপ্রাপ্ত হন, পূর্ব্বোক্ত ক্রেতা এই আইনের ১ ধারানুসারে তাঁহাকে বহিষ্কৃত করিতে পারিবেন না। এবং পূর্ব্বোক্ত সকল আইনে যদ্রূপ নির্দ্দিষ্ট হইয়াছে তদন্যথায়, এবং বন্দোবস্তের কালের পরে যে সকল করার হইয়া থাকে তাহা না ধরিয়া ভূতপূর্ব্ব ভূম্যধিকারির ক্রেতা যদ্রূপ কর বৃদ্ধি করিতে পারিতেন তদন্যথায় বৃদ্ধি করিতে সক্ষম হন, এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না ইতি।

[Certificate to be made of unliquidated arrears.]

XV Whenever an estate or tenure shall have been sold for the recovery of the arrears of revenue due on account of the same in pursuance of the powers and provisions of Act XI of 1859 or of this Act, and the produce of such sale, after defraying thereout the expenses of such sale, shall have been insufficient for the liquidation of all arrears of the revenue of such estate or tenure which, according to the said provisions, may be payable thereout, the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unliquidated in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Certificate to be made of arrears payable by a farmer]

XVI Whenever any estate may be held by any farmer, and arrears of revenue shall be unpaid from such farmer, in respect of such estate for one month after the same shall have become due the Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Certificate to be made of arrears of demand]

XVII Whenever any arrears of any demand shall be unpaid by any person liable to pay such demand for one month after he shall have been required to pay the same by a notice in writing under the hand of the Collector by whom such demand is receivable, such Collector shall make under his hand a certificate of the amount of such arrears so remaining unpaid in the form in Schedule B to this Act annexed, and shall cause the same to be filed in his office

[Effect of Certificate]

XVIII Every such certificate made in pursuance of the last preceding Section shall have the force and effect of a decree of a Civil Court and the Collector by whom such certificate shall have been filed, shall be deemed to be the plaintiff, and the person named as debtor therein shall be deemed to be the defendant

[Notice of Certificate to be served]

XIX The Collector shall forthwith, upon filing any such certificate, issue to the defendant a notice in the form in Schedule C From and after the service of such notice, the certificate shall bind all the property of such defendant as if a prohibitory order had issued and an attachment been executed against such property under Act VIII of 1859

[Power of objection to Certificate]

XX. Any person who may be aggrieved by any such certificate may, within one month

[যে বাকী টাকার শোধ হয় নাই তাহার সর্টিফিকুট লিখিবার কথা।]

১৫ ধারা। বাকী রাজস্ব আদায় করিবার জন্যে যদি কোন জমীদারী কি ভূসম্পর্ক ১৮৫৯ সালের ১১ আইনের কিম্বা এই আইনের ক্ষমতা ও বিধানানুসারে বিক্রয় করা যায়, এবং সেই বিক্রয়োৎপন্ন টাকাহইতে ঐ বিক্রয়ের খরচ দিলে পর উক্ত বিধানানুসারে অবশিষ্ট টাকাহইতে ঐ মহালের কি ভূমির যে বাকী রাজস্ব পরিশোধ হইতে পারে যদি ঐ টাকা সেই বাকী পরিশোধ করিতে না কুলায়, তবে যে বাকীর শোধ না হইয়া থাকে, কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে ঐ বাকীর সর্টিফিকুট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[ইজারদারের বাকীর সর্টিফিকট লিখিবার কথা।]

১৬ ধারা। যদি মহাল ইজরদারের ভোগ দখলে থাকে এবং ঐ মহালের উপলক্ষে যে রাজস্ব বাকী হয় তাহা দেনা হইলে পর যদি এক মাসের অধিক কাল ইজারদার হইতে না দেওয়া যায়, তবে যত টাকা তদ্রূপে বাকী থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে তাহার সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[দাওয়ার বাকীর সর্টিফিকট করিবার কথা।]

১৭ ধারা। যাহার স্থানে কোন দাওয়ার টাকা পাওনা হয়, তাঁহার সেই টাকা যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়া থাকে তিনি নোটিস লিখিয়া স্বহস্তে স্বাক্ষর করিয়া তাঁহাকে ঐ টাকা দিবার আদেশ করিলে পর যদি এক মাস গত হইলেও সেই দাওয়ার শোধ না হয় তবে বাকী যত টাকা তদ্রূপে পাওনা থাকে কালেক্টর সাহেব এই আইনের B চিহ্নিত তফসীলের পাঠে সেই বাকীর সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ও আপনার কাছারীতে অর্পণ করাইবেন ইতি।

[সর্টিফিকটের যে ফল তাহার কথা।]

১৮ ধারা। দেওয়ানী আদালতের ডিক্রীর যে ফল ও বল হয় ইহার পূর্ব্ব ধারামত সর্টিফিকটের তত্তুল্য ফল ও বল হইবে। যে কালেক্টর সাহেব ঐ সর্টিফিকট অর্পণ করাইলেন তিনি বাদী, ও সেই সর্টিফিকটে খাতক বলিয়া যাহার নাম থাকে তিনি প্রতিবাদী জ্ঞান হইবেন ইতি।

[সর্টিফিকটের নোটিস দিবার কথা]।

১৯ ধারা। কালেক্টর সাহেব তদ্রূপ কোন সর্টিফিকট অর্পণ করাইলে প্রতিবাদির নামে C চিহ্নিত তফসীলের পাঠে অগৌণে নোটিস দিবেন। ১৮৫৯ সালের ৮ আইনক্রমে প্রতিবাদির নামে সম্পত্তি হস্তান্তর করিবার নিষেধসূচক আজ্ঞা বাহির হইয়া ক্রোকের পরওয়ানা জারী হইবার যে ফল হইত ঐ প্রতিবাদিকে ঐ নোটিস দিবার দিবসাবধি ঐ সর্টিফিকটের বলে তাঁহার সকল সম্পত্তি তদ্রূপে বদ্ধ হইবে ইতি।

[সর্টিফিকটে আপত্তি করিবার কথা।]

২০ ধারা। তদ্রূপ সর্টিফিকট দ্বারা কোন ব্যক্তি উৎপাতগ্রস্ত হইলে, যে কালেক্টর সাহেব কর্ত্তৃক ঐ সর্টিফি

from the day on which the last mentioned notice shall have been served apply by petition in the form in Schedule D to the Collector by whom such certificate may have been issued, that the same may be set aside or modified or varied Such Collector, after receiving such application shall fix a day for the hearing of such application and shall upon the day appointed for hearing such application, or any other day to which such hearing may be adjourned, proceed to hear and determine the application of such applicant, and may set aside or modify or vary such certificate and every such Collector shall, for hearing and determining any such application have all the powers in and by Act VIII of 1859 conferred upon the Court for the hearing and determination of claims to attached property and in case such Collector shall direct the payment of any costs by such applicant, the amount of such costs shall, if the applicant be the defendant be added to the amount expressed in such certificate, and be recoverable as if the same had been originally contained therein

[Appeal on such application]

XXI Every order made by any Collector upon any such application shall be appealable to the Commissioner provided always that no appeal against any such order shall be brought after the expiration of one month from the date of the passing of such order

[Power to enforce certificate]

XXII Every certificate made in pursuance of Section XVII may be enforced by all or any of the ways and means mentioned and provided in and by Act VIII of 1859 for the enforcement of decrees for money and all the practice and procedure by the said Act VIII of 1859 and by Act XXIII of 1861 or by either of them in respect of sales in execution of decrees in respect of arrest in execution of decrees for money in respect of the execution of decrees by imprisonment and in respect of the execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed shall apply to every execution issued for levying the money expressed in such certificate save that all the duties powers, and authorities by the said Act or either of them imposed or conferred upon the Court shall be exercised by the Collector in whose Office any such certificate or any copy thereof transmitted for execution according to the provisions of Section CCLXXXVI of Act VIII of 1869 shall have been filed

[Tenures sold to be registered]

XXIII Whenever any Collector shall have sold any tenure or firm in pursuance of any of

কট বাহির করা যায় সেই ব্যক্তি তাঁহার নিকট শেষোক্ত নোটিস জারী হইবার দিনাবধি এক মাসের মধ্যে D চিহ্নিত তফসীলের পাঠে দরখাস্ত করিয়া ঐ সর্টিফিকট অন্যথা কি মতান্তর কি পরিবর্ত্তন করিবার প্রার্থনা করিতে পারিবেন। কালেক্টর সাহেব সেই দরখাস্ত পাইয়া শুনিবার দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে, কিম্বা সেই দিন কর্ম্ম স্থগিত করিয়া ঐ দরখাস্ত শুনিবার অন্য যে দিন নিরূপণ করেন সেই দিনে ঐ প্রার্থকের প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবেন এবং সেই সর্টিফিকট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করিতে পারিবেন। ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া হইলে, আদালতের প্রতি ৮৫৯ সালের ৮ আইনক্রমে সেই দাওয়া শুনিবার ও নির্ণয় করিবার যে সকল ক্ষমতা প্রদান হইয়াছে, পূর্ব্বোক্ত কালেক্টর সাহেবের উক্ত প্রার্থনা শুনিয়া নির্ণয় করিবার সেই ক্ষমতা থাকিবে। যদি ঐ কালেক্টর সাহেব উক্ত প্রার্থকের খরচা দিবার আজ্ঞা করেন, তবে প্রতিবাদী ঐ প্রার্থক হইলে ঐ সর্টিফিকটে যে টাকা লেখা হইয়াছে তাহাতে খরচা সংযোগ করা যাইবে ও প্রথমে সেই সর্টিফিকটে লিখিত হওয়ার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[ঐ দরখাস্তের উপর আপীলের কথা।]

২১ ধারা। কালেকটর সাহেব তদ্রূপ দরখাস্তের বিষয়ে যে আজ্ঞা করেন তাহার উপর কমিসানর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু ঐ আজ্ঞা করিবার দিনের পর এক মাস গত হইলে তাহার উপর আপীল হইতে পারিবে না ইতি।

[সর্টিফিকট প্রবল করিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। টাকা পাইবার ডিক্রী হইলে পর ১৮৫৯ সালের ৮ আইনক্রমে তাহা প্রবল করিবার যে পন্থা ও উপায় ব্যক্ত ও নিদ্ধারিত হইয়াছে ১৭ ধারাক্রমে যে সর্টিফিকট হয় তাহাও সেই সমস্ত কি অন্যতর উপায় দ্বারা প্রবল করা যাইতে পারিবে। এবং ১৮৫৯ সালের উক্ত ৮ আইন দ্বারা এবং ১৮৬১ সালের ২৩ আইন দ্বারা কিম্বা তন্মধ্য একতর আইনদ্বারা ডিক্রী জারীক্রমে বিক্রয় করিবার ও টাকার নিমিত্ত যে ডিক্রী হয় সেই ডিক্রী জারীকালে ব্যক্তিকে আসেধ করিবার এবং কারাবদ্ধদ্বারা ডিক্রী জারী করিবার, এবং ডিক্রী যে আদালতে হয় সেই আদালতের ক্ষমতার বহির্ভূত স্থানে ডিক্রী জারী করিবার যে ব্যবহার ও যে কার্য্য প্রণালী হইয়াছে ঐ সর্টিফিকটে লিখিত টাকা আদায় করণার্থ ডিক্রীর প্রতি সেই ব্যবহার ও সেই কার্য্য প্রণালী বর্ত্তিবে। কিন্তু উক্ত সমদয় কি একতর আইনদ্বারা আদালতের প্রতি যে সকল কর্ম্ম ও শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে উক্ত সর্টিফিকট কিম্বা ১৮৫৯ সালের ৮ আইনের ২৮৬ ধারার বিধানমতে জারী করণার্থে তাহার যে প্রতিলিপি পাঠান যায় সেই প্রতিলিপি যে কালেকটর সাহেবের কাছারীতে অর্পণ করা যায়, তিনি সেই সকল কর্ত্তব্য কর্ম্ম ও সেই শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ইতি।

[যে ভূমি বিক্রয় করা যায় তাহা রেজিস্টর করিবার কথা।]

২৩ ধারা। কোন কালেকটর সাহেব এই আইনের কোন বিধানানুক্রমে ভূমি কি ইজারা বিক্রয় করিলে

the provisions of this Act, he shall forthwith proceed to register the same in pursuance of the provisions of the said Act XI of 1859

[Repeal of clauses]

XXIV From and after the passing of this Act, the Acts and Regulations and portions of Acts and Regulations in Schedule E set forth shall stand and be repealed, so far as they are in such Schedule mentioned to be repealed

Construction of Act]

XXV This Act shall be read with, and taken as part of Act XI of 1859

SCHEDULE A

Notice

To

of

Take notice that the estate in the Schedule hereto mentioned will, on the day of , or the first opportunity after be sold for arrears of Revenue

Name of Estate	Name of Proprietor	Amount of Revenue due	Place of sale

A B,
Collector

তিনি ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের বিধানানুসারে তাহা অগৌণে রেজিষ্টর করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[কএক ধারা রহিত করিবার কথা।]

২৪ ধারা। E চিহ্নিত তফসীলে যে আইন লিখিত হইয়াছে ও যে আইনের যে অংশ তাহাতে নির্দ্দিষ্ট হইযাছে তাহা এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই তফসীলের নির্দ্দিষ্টমতে রহিত হইবে ইতি।

[এই আইনের অর্থের কথা।]

২৫ ধারা। এই আইন ৮৫৯ সালের ১১ আইনের সঙ্গে পঠিত হইযা তাহার অংশ জ্ঞান হইবে ইতি।

A চিহ্নিত তফসীল।

নোটিস।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতি আগে।

বাকী রাজস্বের নিমিত্তে এই তফসীলের লিখিত মহাল অমুক সালের অমুক মাসের অমুক দিবসে কিম্বা তৎ পরে প্রথম সুযোগ হইলে বিক্রয় করা যাইবে এই কথা অবগত হও।

মহালের নাম।	ভূম্যধিকারির নাম।	যত টাকা রাজস্ব বাকী।	নীলাম হই বার স্থান।

শ্রী অমুক।
কালেক্টর।

SCHEDULE B

Certificate of arrear of Revenue or Demand filed in Office of Collector

Name of Debtor	Address	Nature of Demand	Amount of demand	No of Certificate
C D				

I certify that the above mentioned sum of Rupees is due to Government from the above named C D

Dated this *day of* 18

A B,
Collector of

B চিহ্নিত তফসীল।

বাকী রাজস্বের কি দাওয়ার যে সর্টিফিকট কালেক্টরী কাছারীতে অর্পণ হইয়াছে তাহা।

খাতকের নাম।	বয়সস্থানাদি।	দাওযার ভাব।	যত টাকার দাওয়া।	সর্টিফিকটের নম্বর।

উক্ত শ্রী অমুকের স্থানে গবর্ণমেণ্টের উক্ত এত টাকা পাওনা আছে ইহা নিশ্চিত জানাইলাম।

অমুক

জিলার কালেক্টর

সাল তাং

SCHEDULE C

To

C D of

Sir

Take notice that a Certificate of No for the sum of Rs due from you on account of , has been this day filed by me in my office and that I shall forthwith proceed to levy the amount according to law

A B

Collector of

This *day of* 186

C চিহ্নিত তফসীল।

অমুক স্থানবাসি শ্রী অমুক প্রতিআগে।

অমুক কারণে আপনকার স্থানে এত টাকা পাওনা হইলে আমি অদ্য অমুক নম্বরের অমুক সর্টিফিকট আমার কাছারীতে অর্পণ করিয়াছি এবং আইনমতে অগৌণে সেই টাকা আদায করিতে প্রবৃত্ত হইব, অপনার জানিবার নিমিত্তে লিখিযা দিলাম।

শ্রী অমুক

জিলার কালেক্টর

সাল তা

SCHEDULE D

To

The Collector of

The Petition of E F of

Sheweth,

That a Certificate under Act of 1868 of the Bengal Council, No , for the sum of Rupees , has been filed in your office on the day of 186

That your Petitioner is aggrieved by the said Certificate

That your Petitioner believes that such Certificate is erroneous upon the grounds following, that is to say—

That the said grounds are to the best of your Petitioner's belief, true in fact

Your Petitioner therefore prays that the said Certificate may be set aside, or modified or varied

D চিহ্নিত তফসীল।

অমুক জিলার কালেক্টর সাহেবের নিকটে অমুক স্থানবাসি শ্রী অমুকের প্রার্থনা পত্রমিদং।

বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৮ সালের অমুক আইনঅনুসারে এত টাকার জন্যে অমুক নম্বরের সর্টিফিকট অমুক সালের অমুক মাসের অমুক তারিখে আপনকার কাছারীতে অর্পণ করা গিয়াছে।

উক্ত সর্টিফিকটদ্বারা আমার বড় আক্ষেপ হইয়াছে।

নিম্নলিখিত কতিপয় হেতুতে আমি সেই সর্টিফিকট অশুদ্ধ জ্ঞান করি বিশেষত

আমার বিশ্বাসানুসারে উক্ত সকল হেতু বৃত্তান্তপক্ষে সত্য

অতএব সেই সর্টিফিকট ব্যর্থ কি মতান্তর কি পরিবর্ত্তন করা যায় আমার এই নিবেদন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ২১ আপ্রিল।]

SCHEDULE E

Date and Number of Act and Regulations	Name of Repealed Act	Extent of Repeal
Regulation XIX of 1793	A Regulation for the recovery of arrears of the Public Revenue assessed upon the lands from Zemindars and dependant Talookdars, and other actual proprietors of land, and farms of land holding farms immediately of Government	Section XLIV
Regulation III of 1794	A Regulation for exempting proprietors of land (with certain exceptions) from being confined for arrears of revenue and for prescribing the process by which Tehsildars are to demand payment of arrears and for enabling the Collectors to recover from Native Officers employed under them public money or papers which they may embezzle or retain and for expediting the trial of causes relating to the Public Revenue, or the rents of individuals	Section XIV
Regulation VII of 1799	A Regulation for enabling proprietors and farmers of land to realize their rents with greater punctuality for providing against unnecessary delay in the payment of the Public Revenue assessed upon the lands, and for securing the ultimate recovery of arrears of revenue by a sale of the landed property from which it may be due at the close of the year	Section XXIII Clauses 2 and 8, and so much of Clause 5 as directs the mode of recovering any deficiency, and Section XXV

E চিহ্নিত তফসীল।

আইনের তারিখ ও নম্বর।	রহিত হওয়া আইনের নাম।	যে পর্য্যন্ত রহিত হইল।
১৭৯৩ সা ১৯ আ	জমীদারদিগের ও মফ সলী তালুকদারদিগের ভূমির উপর এবং অন্য ভূম্যধিকারিদের ভূমির উপর ও যে ইজারদারেরা নিজ গবর্ণমেণ্টের নিকটে ইজারা পাইয়া ভোগ করিতেছেন তাহারদের ইজারার উপর যে সরকারী রাজস্ব ধার্য্য হইয়াছে তাঁহাদের স্থানে সেই রাজস্বের বাকী আদায় করিবার বিধান করণার্থ আইনের	৪৪ ধারা।
১৭৯৪ সা ৩ আ	কোনং বিশেষ ভূম্যধিকারি ছাড়া অন্য ভূম্যধিকারিদিগকে মালগুজারির বাকীর কারণ কয়েদ না করণের ও সেই বাকী যে প্রকারে কালেক্টর সাহেবেরা ও তহশীলদারেরা তলব করিবেন তাহার বিবরণের এবং কালেক্টর সাহেবদিগের তরফ এদেশীয় আমলারা সরকারের মালগুজারির টাকা যাহা তসরূপ করে ও যেং কাগজপত্র তাহাদিগের স্থানে রহে তাহা বুঝিয়া লওনের নিমিত্তে কালেক্টর সাহেবদিগেরে শক্তি অর্পণের এবং সরকারী মালগুজারীর এবং মালগুজারদিগের মালের মোতালক আপোসা আপত্তির নিষ্পত্তি শীঘ্র হওনের বিষয়ি আইনের	১৪ ধারা।
১৭৯৯ সা ৭ অ	সদরের মালগুজার ভূম্যধিকারিগণ ও ইজারদারদিগকে স্বস্ব ব্যাপ্য প্রজাদির স্থানে রাজস্ব গ্রহণার্থে পূর্ব্বাপেক্ষা অধিক ক্ষমতা অর্পণের এবং তাহাদিগের অধিকার ভূমির মোকররী মালগুজারী দিতে অবিশিষ্ট হেতুতে বিলম্ব না দর্শিতে পারিবার আর যে অধিকারের মালগুজারীর যত বাকী পড়ে তাহা সাল আখেরীতে সে অধিকার নীলামের মুখে অনায়াসে উসুল হইবার আইনের	২৩ ধারার ২ ও ৮ প্রকরণ এবং ৫ প্রকরণের যে অংশে বাকীর অবশিষ্ট টাকা আদায় করিবার আজ্ঞা আছে সেই অংশ ও ২৫ ধারা।

[Government Gazette, 21st April 1868]

STATEMENT OF OBJECTS AND REASONS

THE proposed Bill is in substitution for the one introduced by Mr Schalch, and which, on the report of the Select Committee to whom it was referred has been withdrawn. The alterations in and additions to that Bill which were proposed in Committee were so numerous and extensive that it was thought better to bring forward an entirely new measure.

It will be in the recollection of the Council that Mr Schalch's Bill was limited to a definition of the term "tenure" and to providing a procedure for the sale of tenures for recovery of demands recoverable as arrears of revenue. But on consideration of Act XI of 1859 it appeared that that Act stood in need of amendment. It is only by inference arising on the construction of the 5th and 53rd Sections of that Act that its provisions apply to the recovery of demands other than revenue in the ordinary sense, or to the sale of estates for arrears other than those accruing upon itself.

Moreover, owing to the absence of definations, doubts have arisen as to the legality of sales, under the Act, of shares of estates and of Lakhiraj tenures.

In the present Bill it is proposed to define for the purposes as well of Act XI of 1859 as of the present measure the terms 'proprietor' 'revenue,' estate, 'tenure' and demand' The Bill repeals the 53rd Section of Act XI of 1859 and makes substantive provision for the sale of estates and tenures for arrears of revenue and other demands other than those accruing in respect thereof.

It is also proposed to place arrears of rent due to Government on the same footing as arrears of revenue in the sense in which that term is ordinarily used. The distinction between what the Government receives from the zemindar and what it receives as zemindar, does not appear to rest on any sound principle: both alike form part of the public revenue of the estate.

The Bill also makes further provision for the service of notice of sale on the proprietor who has made default and empower the Collector subject to an appeal to the Commissioner to adjudicate on claims to any lands which it is proposed to sell.

The procedure proposed is that of Act VIII of 1859 for the execution of decrees substituting for the decree a certificate by the Collector (the form being modified according to the nature of the case) and vesting in the Collector the powers with

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

শক সাহেব যে আইনের প্রস্তাব করিয়াছিলেন, মনোনীত কমিটীব প্রতি সেই আইনের পাণ্ডুলিপি অর্পিত হইলে তাহা রহিত করা গিযাছিল। ফলত কমিটীতে বিবেচনা হইবার সময়ে তাহার বহু কথা পরিবর্ত্তন ও অনেক নূতন কথা দেওনের প্রস্তাব হও যাতে নূতন পাণ্ডুলিপি করা শ্রেয় বোধ হইল, অতএব তৎপরিবর্ত্তে এই পাণ্ডুলিপির প্রস্তাব হইতেছে।

শক সাহেবের পাণ্ডুলিপিতে টেন্যুর শব্দের অর্থ নির্ণয় করা এবং যে২ দাওযার টাকা রাজস্বের বাকীর ন্যায আদায় করা যাইতে পারে তদাদাযের জন্যে ভুমি বিক্রয করিবার কার্য্য প্রণালীর বিধান করা হইয়াছিল তদ্‌ভিন্ন অন্য কার্য্যের প্রসঙ্গ হয় নাই। কিন্তু ১৮৫৯ সালের ১১ আইন বিবেচনা করিযা বোধ হইল যে সেই আইন সংশোধন করা আবশ্যক। রাজস্ব শব্দের যে সাধারণ অর্থ বোধ হয তদনুসারে ঐ রাজস্বভিন্ন অন্য দাওযার টাকা আদায করণ অথবা মহালের যে টাকা বাকী পড়ে তদ্ভিন্ন অন্য বাকীর নিমিত্তে সেই মহাল বিক্রয করণ কার্য্যের প্রতি উক্ত আইনের বিধান যে বর্ত্তে ইহা কেবল অনুভবমতে অর্থাৎ ঐ আইনের ৫ ও ৫৩ ধারার বিশেষ অর্থ করণ দ্বারা জানা যাইতে পারে।

আরো মহালের অংশ এবং লাখেরাজী ভুমি ঐ আইন অনুসারে ন্যায্যমতে বিক্রয হইতে পারে কি না অর্থ নির্ণাযক কথা না থাকাপ্রযুক্ত এই বিষযেরও সন্দেহ হইযাছে।

১৮৫৯ সালের ১১ আইন এবং এই আইন, উভযের উপলক্ষে এই পাণ্ডুলিপিতে, 'অধিকারী" "রাজস্ব" "মহাল' "ভুসম্পর্ক' ও "দাওযা" এই২ শব্দের অর্থ করিবার প্রস্তাব হইযাছে। এই পাণ্ডুলিপিতে ১৮৫৯ সালের ১ আইনের ৫৩ ধারা রহিত করিবার প্রসঙ্গ এবং বাকী রাজস্বের নিমিত্তে ও মহালের ও ভুমির সম্পর্কে যে দাওযা তদ্ভিন্ন অন্য যে দাওযার উদ্ভব হয তদুপলক্ষে মহাল ও ভুমি বিক্রয করিবার স্থিরতর বিধান করা গেল।

আরো বাকী রাজস্ব এই শব্দের সাধারণ যে অর্থ বোধ হয়, তদনুসারে গবর্ণমেণ্টের পাওনা কর সেই বাকী রাজস্বের তুল্যাবস্থ করিবার প্রস্তাব হইয়াছে। গবর্ণমেন্ট জমীদারের স্থানে ও জমীদারস্বরূপ যে২ টাকা পান, ইহার যে প্রভেদ আছে তাহার মূল বিধান নির্দ্দোষ বোধ হয় না। উভয় প্রকারের টাকা মহালের রাজপ্রাপ্যের একাংশ।

যে ভূম্যধিকারী বাকী পাড়েন, এই পাণ্ডুলিপিক্রমে তাঁহাকে নীলামের সম্বাদ দিবার বিধান করা গিযাছে। এবং কোন ভুমি বিক্রয করিবার প্রস্তাব হইলে পর যদি তাহার উপর দাওযা হইযা থাকে, তবে কালেক্টর সাহেবের প্রতি তাহার নিষ্পত্তি করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। ও সেই নিষ্পত্তির উপর কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে।

১৮৫৯ সালের ৮ আইনেতে ডিক্রী জারী করিবার যে প্রণালী আছে তদনুসারে কার্য্য করিবার প্রস্তাব হইল কেবল বিশেষ এই ডিক্রীর স্থলে কালেক্টর সাহেবের সর্টিফিকট থাকিবে। বিশেষ ভাবানুসারে তাহা লিখিবার পাঠ মতান্তর করা যাইবে। এবং দেওয়ানী

regard to execution, which under the Civil Procedure Code may be exercised by the Courts

The Bill also gives a specific enumeration and description of demands, arrears of which are now by law recoverable as arrears of revenue, in addition of those specified in Section V of Act XI of 1859

T H Cowie

The 28th March 1868

J Pitt Kennedy,
Asst Secy to the Govt of Bengal
(Legislative Department)

মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ডিক্রী জারী করণসম্পর্কে আদালতের যে ক্ষমতা আছে কালেক্টর সাহেবের প্রতি সেই ক্ষমতা প্রদান হইয়াছে।

১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারাতে বাকী রাজস্বের ন্যায় আদেয় যেং দাওয়ার উল্লেখ হইল তদতিরিক্ত অন্য যে সকল দাওয়া এইক্ষণে আইনমতে আদায় হইতে পারে এই পাণ্ডুলিপিতে তাহার নির্দ্দেশ ও বর্ণনা হইয়াছে।

টি এচ কৌই।

১৮৬৮ সাল ২৮ মার্চ।

জে পিট কেনিডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 4th April 1868 and was referred to a Select Committee who are to report thereon after the 8th of May 1868 —

A Bill to amend the provisions of Act IX of 1847 (An Act regarding the assessment of lands gained from the sea or from rivers by alluvion or dereliction within the Provinces of Bengal, Behar and Orissa)

[Preamble]

Whereas it is expedient to amend the provisions of Act IX of 1847, It is enacted and declared as follows —

[Repeal of Section]

I Section VII of the said Act IX of 1847 is hereby repealed

[Accessions to island to be considered increment thereto]

II It is hereby declared that when any land shall, under the provisions of Clause 3, Section IV of Regulation XI of 1825 of the Bengal Code be at the disposal of Government all lands gained by gradual accession to such island, whether from recess of the river or of the sea shall be considered an increment to such island, and shall be equally at the disposal of Government

[Newly thrown up islands to be assessed]

III Whenever it shall appear to the local Revenue authorities that an island has been thrown up in a large and navigable river liable to be taken possession of by Government under Clause 3, Section IV of Regulation XI of 1825 of the Bengal Code the local Revenue authorities shall take immediate possession of the same for Government, and shall assess and settle the land according to the rules in force in that behalf, reporting their proceedings forthwith for the approval of the Sudder Board of Revenue,

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৪ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পণ করা গেল, ১৮৬৮ সালের ৮ মে তারিখের পর তাঁহাদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

১৮৪৭ সালের ৯ আইনের (বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের মধ্যে সমুদ্র অথবা নদী সিকস্ত অথবা পৈবস্তের দ্বারা প্রাপ্ত ভূমির রাজস্ব নিদ্ধার্য্য করণের বিষয়ি আইনের) বিধান সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৪৭ সালের ৯ আইনের বিধান সংশোধন করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান ও আজ্ঞা করা যাইতেছে।

[ধারা রহিত করিবার কথা।]

১ ধারা। ১৮৪৭ সালের উক্ত ৯ আইনের ৭ ধারা এতৎক্রমে রহিত করা গেল ইতি।

[চড়ার নিকট যে পলি পড়ে তদ্দ্বারা সেই চড়ার বৃদ্ধি জ্ঞান করিবার কথা।]

২ ধারা। ১৮২৫ সালের বঙ্গদেশীয় ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণের বিধানমতে যখন কোন চড়া গবর্ণমেণ্টের প্রয়োগাধিকারে অগত হয় তখন সেই ভূমির ক্রমশ বৃদ্ধি নদীর কিম্বা সমুদ্রজলের অপক্রমণ দ্বারাই হউক তাহা ঐ চড়ার বদ্ধিতাংশ জ্ঞান হইবে, ও গবর্ণমেণ্টের স্বেচ্ছামতে প্রয়োগ হইতে পারিবে ইতি।

[নূতন দ্বীপ হইলে তাহার কর ধার্য্য করিবার কথা।]

৩ ধারা। নৌকাগমনীয় কোন বড় নদীতে দ্বীপ হইয়াছে ও ১৮২৫ সালের বঙ্গদেশীয় ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণমতে তাহা গবর্ণমেণ্টের অধিকার করা উচিত কোন স্থানের রাজস্বসংক্রান্ত কর্ত্তৃপক্ষ সাহেবেরা ইহা দৃষ্টি করিলে, ঐ কর্ত্তৃপক্ষেরা গবর্ণমেণ্টের পক্ষে তাহা অগৌণে অধিকার করিবেন। ও তদ্বিষয়ের যে বিধি প্রচলিত আছে তদনুসারে ঐ ভূমির রাজস্ব ধার্য্য করিবেন ও তাহার বন্দোবস্ত করিতে প্রবর্ত্ত হইয়া সদর বোর্ড রেবিনিউর অনুমোদন হেতু অগৌণে আপনারদের কার্য্যের বৃত্তান্ত জ্ঞাত করিবেন। সেই বন্দোবস্ত বিষয়ে উক্ত

whose order thereupon, in regard to the assessment, shall be final Provided, however that any party aggrieved by the act of the Revenue authorities in taking possession of any island as aforesaid shall be at liberty to contest the same by a regular suit in the Civil Court

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

By the enactment of Section VII of Act IX of 1847 it was laid down that the power of Government to take possession of islands and churs thrown up in a large and navigable river, liable to be taken possession of by Government under Clause 3, Section IV, Regulation XI of 1825 of the Bengal Code and to proceed to the assessment and settlement of the same, should be regulated by the results of the inspection of a new map, to be prepared as directed under Section III of that Act

Under this provision of the law, ten years must elapse after the Government approval of the Revenue Survey of a District before the Government can take any action to assert its right to the possession or assessment of any island or chur as above described

In the meantime it has been found that parties who have no rights at all, take possession of such islands without the power of any interference on the part of Government and that on some occasions contentions and disputes have arisen between neighbouring landed proprietors or other parties for the possession of such islands

To obviate these evils and to empower Government at once, on the appearance of such an island to take immediate possession of the same with a view to its assessment and settlement the accompanying Bill has been brought in

A R THOMPSON

The 28th March 1868

J PITT KENNEDY

Assistant Secretary to the Government of Bengal (Legislative Department)

বোর্ডের যে আজ্ঞা তাহা চূড়ান্ত হইবে। পরন্তু রাজস্ব-সংক্রান্ত কর্ত্তৃপক্ষদের পূর্ব্বোক্ত কোন ভূমির অধিকার করণদ্বারা যদি কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন তবে দেওয়ানী আদালতে নিয়মমত মোকদ্দমা করিয়া তিনি ঐ বিষয়ের বিবাদ উপস্থিত করিতে পারিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

৮৪৭ সালের ৯ আইনের ৭ ধারার এই বিধান, ঐ আইনের ৩ ধারামতে নূতন নক্সা প্রস্তুত করিতে হইবে। তাহা দেখিয়া যদি বোধ হয় যে, কোন বৃহৎ এবং নৌকা গমনাগমনের যোগ্য নদনদীর মধ্যে কোন চর কি দ্বীপ ১৮২৫ সালের ১১ আইনের ৪ ধারার ৩ প্রকরণানুসারে সরকারের দখল করণের উপযুক্ত, তবে তাহার রাজস্ব ধার্য্য ও বন্দোবস্ত করণ কার্য্যে প্রবর্ত্ত হইবেন।

আইনের সেই বিধানমতে, কোন জিলার রাজস্ব-সংক্রান্ত জরিপী কার্য্য গবর্ণমেণ্টকর্ত্তৃক অনুমোদিত হইলে পর দশ বৎসর গত না হইলে, গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত কোন দ্বীপ কি চর অধিকার করিবার কি তাহার কর ধার্য্য করিবার স্বত্ব প্রকাশার্থে কোন কার্য্য করিতে অক্ষম আছেন।

কিন্তু স্থানে২ দৃষ্ট হইল যে যাঁহারদের স্বত্ব মাত্র নাই তাঁহারা ইতিমধ্যে উক্ত দ্বীপাধিকার করিয়া লইয়াছেন অথচ গবর্ণমেণ্টের পক্ষে কাহারও হস্তক্ষেপ করিবার ক্ষমতা নাই। স্থলবিশেষে ঐ দ্বীপের অধিকার বিষয়ে ভূম্যধিকারি প্রভৃতি ব্যক্তিদের মধ্যে বিতণ্ডা ও বিবাদ উপস্থিত হইয়াছে।

সেই অমঙ্গল নিবারণ করা এবং তদ্রূপ কোন চড়া দৃষ্ট হইলেই তাহার কর ধার্য্য ও বন্দোবস্ত করণার্থে গবর্ণমেণ্টের প্রতি তাহার অবিলম্বে অধিকার করিবার ক্ষমতা প্রদান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এ আর তামসন।

৮৬৮ সাল ২৮ মার্চ।

জে পিট কেনিডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

(CIVIL SIDE)

No 4

To all Civil and Sessions Judges and Judicial Commissioners (Dated Calcutta, the 2nd April 1868)

Several of the Zillah Judges appear to have entirely closed their Courts on the Criminal as well as on the Civil side for the period of the

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

৪ নম্বর।

সকল সিবিল ও সেশন জজ ও জুডিস্যল কমিস্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৬৮ সাল ২ আপ্রিল।

অনেক জিলার জজ সাহেব দুর্গোৎসবের বন্ধকালে দেওয়ানী কর্ম্মাপলক্ষে যেমন আদালত বন্দ করিয়াছিলেন তেমনি ফৌজদারী কর্ম্মোপলক্ষেও সম্পূর্ণরূপে

Dusserah Vacation, and to have abstained during the whole of that period from attending to business, receiving or opening communications from the Superior Court, despatching returns which were due or doing any act whatever of an official kind

Such a practice is justified by nothing in the law or in the orders of this Court, it causes great inconvenience The Zillah Judges are, therefore, reminded that, under the Circular Order (Nizamut Adawlut) No 8, dated 23rd March 1838, issued under the orders of Government, which has never been rescinded the Court of Session "must never be closed for the despatch of Criminal business except on those days only when a total cessation from all business is necessary and usual" and moreover, that even on the Civil side of their Courts it does not follow that because there is no sitting of the Court, therefore every official duty is to be suspended

By Order, &c

(Signed) C D Field,

Registrar

বন্ধ করিয়া সেই কালের মধ্যে কার্য্যে বিরত থাকিলেন এবং উপরিস্থ আদালতের পত্রাদি গ্রহণ করিলেন না কিম্বা করিলেও খুলিয়া পড়িলেন না ও সেই সময়ে যে রিটর্ণ পাওনা ছিল তাহাও পাঠাইলেন না ফলত. স্বপদসংক্রান্ত কিছুই করিলেন না।

আইনের কোন কথার কিম্বা এই আদালতের কোন আজ্ঞাক্রমে তদ্রূপ কার্য্যের নির্দ্দোষিতা হইতে পারে না। অত্যন্ত ক্লেশও হয়। গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ১৮৩৮ সালের মার্চ মাসের ২৩ তারিখে নিজামত আদালতের ৮ নম্বরের যে সরক্যুলর অর্ডর প্রচারিত হইয়াছিল তাহা কখন রহিত হয় নাই, সেই সরক্যুলর অর্ডরমতে যেং দিনে সমস্ত কর্ম্ম হইতে সম্পূর্ণরূপে বিরত থাকা আবশ্যক ও নিয়মিত হয় তদ্ভিন্ন ফৌজদারী কর্ম্ম সম্পর্কে সেশন আদালত কখন বন্ধ থাকিবে না। আরো দেওয়ানী কর্ম্মোপলক্ষে ঐং আদালতের নিয়মিতরূপে অধিবেশন না হইলেও রাজসংক্রান্ত প্রত্যেক কর্ম্ম স্থগিত থাকিবে এমত জ্ঞান করা উচিত নহে। হাই কোর্টের সাহেবেরা জিলার জজ সাহেবদিগকে এই কথা স্মরণ করাইতেছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

সি ডি ফীল্ড।

রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator*

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL

No 1557

Appointments

The 8th April 1868

Baboo Gooroo Churn Das Deputy Magistrate and Deputy Collector of Junghypore in Moorshedabad, is appointed to the charge of the Sub Division of Jamoorkandie

Baboo Hurri Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Bowsee, is transferred to Moorshedabad and vested with the powers of a Magistrate in that District

Moulavy Ali Hossein, Deputy Magistrate and Deputy Collector, is appointed to the charge of the Sub Division of Bowsee and vested with the powers of a Magistrate in Bhaugulpore

Moulavy Abdool Jubber, Deputy Magistrate and Deputy Collector, in temporary charge of the Sub Division of Serajgunge is appointed to have charge of the Sub Division of Jumooie and is vested with the powers of a Magistrate in Monghyr

Dr R G Mathew to officiate as Civil Assistant Surgeon of Backergunge, during the absence, on leave, of Dr C E W Bensley, or until further orders

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১৫৫৭ নম্বর।

নিয়োগ।

৮৬৮ সাল ৮ আপ্রিল।

মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুচরণ দাসের প্রতি জেমোকাঁদি শাখাখণ্ডের কর্ম্মের ভারার্পণ হইয়াছে।

বৌসির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ মুরশিদাবাদে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলা মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলী হুসেনের প্রতি বৌসি শাখাখণ্ডের কর্ম্মের ভারার্পণ হইয়াছে ও ভাগলপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান হইয়াছে।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল জব্বর কিছুকালের নিমিত্ত সেরাজগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয় এক্ষণে জমুই শাখাখণ্ডের কর্ম্মে নিযুক্ত হইয়া মুঙ্গেরে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ডাক্তর শ্রীযুত সি ই ডব্লিউ বেনসলি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত আর জি মাথিউ সাহেব বাখরগঞ্জের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

[*Government Gazette*, 21st *April* 1868]

Major J M Graham to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta

Mr P A Humphrey to officiate as Magistrate and Collector of Shahabad during the absence on leave of Mr H W Alexander, or until further orders

The 9th April 1868

Dr W Durrant to be Medical Officer of Noakhally

The Hon ble the Chief Justice has been pleased to appoint Mr P D Dickens to be Registrar of Parsee Marriages under Act XV of 1865, within the local limits of the ordinary original Civil Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal

Mr L D Abreu, Deputy Magistrate and Deputy Collector of Shahabad is transferred to Chumparun and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District Mr D Abreu is further empowered under Section 38 of the Code of Criminal Procedure to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions and to exercise all the powers necessary for that purpose

Mr J J Livesay to be an Assistant to the Magistrate and Collector of Dacca and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector in that District

Mr P G Scott Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts is transferred to Sarun

Mr B Rattray Assistant Superintendent of Police Noakhally, is transferred to the Chittagong Hill Tracts

Baboo Juggodishnath Roy to be District Superintendent of Police of Noakhally

Baboo Ishree Persad Assistant Superintendent of Police, Bhaugulpore is transferred to Noakhally

The 13th April 1868

Mr R Parry is appointed to the Fourth Class of the Bengal Educational Service with effect from the 6th ultimo

Moulavy Mahomed Deputy Magistrate and Deputy Collector of Chumparun is transferred to Sarun, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District

Moulavy Wilhut Hossein, Deputy Magistrate and Deputy Collector of Sarun, is transferred to Chumparun, and vested with the powers of a Magistrate in the latter District

The powers of a Magistrate with which Lieutenant T B Michell, Assistant Commissioner,

মেজর শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব কলিকাতার শাখানগরের এক জন মুনিসিপাল কমিসানর হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডার সাহেব ছুটী লইবাতে তাঁহার অনুপস্থান কালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত পি এ হমফ্রি সাহেব শাহাবাদের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৮ সাল ৯ আপ্রিল।

ডাক্তর শ্রীযুত ডবলিউ ডরাণ্ট সাহেব নওয়াখালীর চিকিৎসক হইবেন।

মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেব ১৮৬৫ সালের ১৫ আইনঅনুসারে বঙ্গ দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতার সীমার মধ্যে শ্রীযুত পি ডি ডিকিন্স সাহেবকে পারসিদের বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল ডাব্রু সাহেব চম্পারণে প্রেরিত হইয়া ঐ জিলার মধ্যে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি শেসন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার এবং উক্ত সেশন আদালতের সম্মুখে বিচারিত হওনার্থে [illegible]দিগকে সমর্পণ করিবার কিম্বা তাহাদের স্থানে দর্শন প্রতিভূ লইবার ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জে জে লাইবসে সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

চট্টগ্রামের পর্ব্বতময় দেশের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত পি জি স্কট সাহেব সারণে নিযুক্ত হইয়াছেন।

নওয়াখালির পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বি রাট্রে সাহেব চট্টগ্রামের পার্ব্বত্য প্রদেশে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু জগদীশনাথ রায় নওয়াখালির পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ভাগলপুরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ঈশ্বরীপ্রসাদ বাবু নওয়াখালিতে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৮ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত আর পারি সাহেব গত মাসের ৬ তারিখ অবধি বঙ্গদেশীয় বিদ্যাধ্যাপন কার্য্যসম্পর্কে চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন।

চাম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ সারণে নিযুক্ত হইয়া সেই জিলার মধ্যে অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী বিলায়ত হুসেন চাম্পারণে নিযুক্ত হইয়া সেই জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নওগাঁয়ের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত টি বি মিচেল সাহেবের প্রতি ১৮৬৭ সালের

Nowgong, was temporarily vested in orders of the 6th March 1867, are withdrawn He will exercise the powers of a Subordinate Magistrate of the First Class, until further orders

The 14th April 1868

Mr A H Turnbull to officiate as Sub Deputy Opium Agent of Benares, during the absence, on leave, of Mr T Wilson, or until further orders

Mr C E Mendham to officiate as Sub Deputy Opium Agent of Cawnpore, during the absence, on deputation, of Mr A H Turnbull, or until further orders

LEAVE OF ABSENCE

The 8th April 1868

Dr S J Manook, Civil Medical Officer at Chyebassa, for three weeks, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, No 255 dated the 8th November 1865

The 13th April 1868

Mr F H Pellew Joint Magistrate and Deputy Collector of Hooghly for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules

Mr P Hurley Assistant Magistrate and Collector, 24 Pergunnahs, for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules The unexpired portion of the privilege leave granted to Mr Hurley, under orders of the 13th ultimo is cancelled

Mr H F J Kean, Joint Magistrate and Deputy Collector of Gya for fifteen months under Section 11 of the Covenanted Service Absentee Rules

Mr W H D'Oyly, Officiating Magistrate and Collector of Bhaugulpore, for seven days, under Section 6 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 16th ultimo

Baboo Gopeekisson Banerjee, Additional Principal Sudder Ameen of Mymensing, for ten days, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, with effect from the 24th ultimo

The 14th April 1868

Mr A Anderson, Sub Deputy Opium Agent Fyzabad, for three months, from 1st instant, under the orders of the Secretary of State for India, dated 8th November 1865

NOTIFICATION

The 13th April 1868

Mr A Money, C B, took charge of his appointment as a Member of the Board of Revenue on the afternoon of the 7th instant

মার্চ মাসের ৬ তাবিখের আজ্ঞানুসারে কিয়ৎকালের নিমিত্তে মাজিষ্ট্রেটের যে ক্ষমতা অর্পণ হইযাছিল তাহা রহিত করা গিয়াছে। অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তিনি অধস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬৮ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত টি উইলসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান-কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ এচ টরণবুল সাহেব বারাণসের আফীমের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ এচ টরণবুল সাহেবের রাজকীয কার্য্যোপলক্ষে অনুপস্থান অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি ই মেণ্ডাম সাহেব কানপুরের আফীমের সব ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৮ সাল ৮ আপ্রিল।

চৈবাসাব সিবিল চিকিৎসক ডাক্তব শ্রীযুত এস জে মানুক সাহেব ভারতবর্ষেব পক্ষ মান্যবর শ্রীযুত ষ্টেট সেক্রেটাবী সাহেবেব ৮৬৫ সালের ৮ নবেম্বরের ২৫৫ নম্বরের আজ্ঞানুসারে তিন সপ্তাহের ছুটী পাহযাছেন।

১৮৬৮ সাল ১৩ আপ্রিল।

হুগলীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টব শ্রীযুত এফ এচ পেলিউ সাহেব চি হ্নত কার্য্যকারকদের ছুটীব বিধিব ১১ ধাবামতে পনেবো মাসের ছুটী পাইযাছেন।

২৪ পরগনাব আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি হরলি সাহেব চিহ্নিত কর্ম্মচারিদের ছুটীর বিধিব ১১ ধারানুসাবে পনেবো মাসের ছুটী পাইযাছেন তিনি গত মাসের ১৩ তারিখে যে অনুগ্রহেব ছুটী পাইযাছিলেন তাহাব অবশিষ্টাংশ রহিত হইল।

গযাব জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টব শ্রীযুত এচ এফ জে কীন সাহেব চিহ্নিত কর্ম্মচারিদের ছুটীর বিধিব ১১ ধারানুসাবে পনেবো মাসেব ছুটী পাইযাছেন।

ভাগলপুবেব একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ ডযলি সাহেব গত মাসের ১৬ তবিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কর্ম্মচাবিদের ছুটীব বিধিব ৬ ধারানুসারে সাত দিনের ছুটী পাইযাছেন।

মযমনসিংহেব অতিরিক্ত প্রধান সদব আমীন শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায অচিহ্নিত কার্য্যকারকদেব ছুটীব বিধির ১১ ধাবামতে গত মাসের ২৪ তারিখ অবধি দশ দিনেব ছুটী পাইযাছেন।

১৮৬৮ সাল ১৪ আপ্রিল।

ফযজাবাদেব আফীমেব সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত এ আণ্ডর্সন সাহেব ভাবতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটাবী সাহেবের ১৮৬৫ সালেব নবেম্বর মাসের ৮ তাবিখের আজ্ঞামতে এই মাসের ১ তাবিখ অবধি তিন মাসের ছুটী পাইযাছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত এ মনি সাহেব সি, বি, এই মাসের ৭ তারিখের অপরাহ্নে রেবিনিউ বোর্ডের স্বীয় মেম্বরের পদের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

It is hereby notified that the Lieutenant Governor of Bengal has been pleased to declare the Ferry at Hidgilee Ghât, on the new road between Burrakur and Rughoonathpore, where it intersects the Damoodah River in the District of Maunbhoom, to be a public ferry under the provisions of Regulation VI of 1819

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিয়াছেন যে, বরাকর ও রঘুনাথপুরের মধ্যগত নূতন রাস্তা যে স্থানে মানভূম জিলার অন্তর্গত দামোদর নদে পার হয় সেই স্থানে হিজলী ঘাটের যে খেয়া তাহা ১৮১৯ সালের ৬ আইনমতে রাজকীয় খেয়া হইবে।

The 14th April 1868

১৮৬৮ সাল ১৪ আপ্রিল।

In correction of the Notification of the 17th June 1867, published in the *Calcutta Gazette* of the 10th July following pages 1166 to 1169 it is hereby notified that the Pass Station of Modooporrah is at Putwaree Haut on Chur Ilsha, at the North West end of Dukhin Shabazpore

১৮৬৭ সালের জুন মাসের ১৭ তারিখের যে বিজ্ঞাপন তৎপশ্চাৎ জুলাই মাসের ১৬ তারিখের বাঙ্গলা গেজেটের ৮৪৬ অবধি ৮৫৬ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহা সংশোধন করিয়া এই সংবাদ দেওয়া যাইতেছে যে মধুপুরার চৌকী, দক্ষিণ শাবাজপুরের উত্তর পশ্চিম অংশে চর ইলশার পাটওয়ারী হাটে আছে।

NOTIFICATION

The 13th April 1868

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ১৩ আপ্রিল।

Under Section 14 of Act XI of 1865, notice is hereby given, that the Judge of the Small Cause Courts of Hooghly Serampore and the Cantonments of Chinsurah, will sit in the Small Cause Court of Serampore on the days mentioned below, in addition to the days notified in the *Calcutta Gazette* of the 12th July 1865, in order to clear off the accumulation of cases now on the file of that Court —

শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের মধীতে অধিক মোকদ্দমা অনিষ্পত্ত্যবস্থায় থাকাতে ১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারামতে সম্বাদ দেওয়া গেল যে, ১৮৬৫ সালের জুলাই মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটে যেং দিবস নির্দ্ধার্য্য হইয়াছিল [illegible] হুগলীর ও শ্রীরামপুরের ও চুচুঁড়া সৈন্যাবাসের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ তদ্ভিন্ন নিম্নলিখিত দিবসে শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে অধিবেশন করিবেন।

Monday	20th April	1868
Tuesday,	21st „	„
Monday,	27th „	„
Tuesday	28th	„
Monday,	18th May	„
Tuesday,	19th „	„
Monday,	25th „	„
Tuesday,	26th „	„

১৮৬৮ সাল	২০	আপ্রিল	সোমবার
„	২১	„	মঙ্গলবার
„	২৭	„	সোমবার
„	২৮	„	মঙ্গলবার
„	১৮	মে	সোমবার
„	১৯	„	মঙ্গলবার
„	২৫	„	সোমবার
„	২৬	„	মঙ্গলবার

H L DAMPIER
Offg Secretary to the Government of Bengal

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT

পবলিক ওকস ডিপাটমেণ্ট।

LOCAL—COMMUNICATIONS

স্থানীয় বত্ম াদির কথা।

No 146

১৪৬ নম্বর।

The 7th April 1868

৮৬৮ সাল ৭ আপ্রিল।

বিজ্ঞাপন।

Notification—It is hereby notified, under Section 11 of the Canals Act (V of 1864, B L C,) that the Lieutenant-Governor of Bengal has been pleased to order that the following rule, having reference to the undermentioned channels in the Backergunge District, *viz* —

বাকরগঞ্জ জিলার অন্তর্গত এইং জলপথের, অর্থাৎ—

1 The River Damoodah connecting Rivers Balessur and Kotcha and Kaligunga,

2 The Cowcally River from its junction with the Kotcha and Kaligunga Rivers up to the place from which the Jallakaty Bharani Khall rises,

১। বালেশ্বর এবং কোটচা ও কালীগঙ্গার সংযোগকারি দামোদর নদের,

২। কোটচা ও কালীগঙ্গা নদীর সহিত যে স্থানে কৌখালি নদীর সংযোগ হয়, সেই স্থানাবধি জলাকাঠি ভরণীখালের উৎপত্তি স্থানপর্য্যন্ত ঐ কৌখালি নদীর,

3 The Jallakaty Bharani Khall from its junction with the River Cowcally to its opening into the River Jallakaty,

Shall be substituted, from and after the 1st July 1868, for Rule 6 of the Rules passed by the Lieutenant Governor for the abovementioned channels, and published in the *Calcutta Gazette* by Notification No 249, dated the 24th of October 1866, *viz* —

RULE VI —"Every vessel or raft which has paid toll shall be allowed three days to pass through any one of the channels, the day of entering and leaving being both included and any vessel or raft remaining in any part of the channels longer than the period above fixed, shall for each day in excess of such period, be charged demurrage equal to one half of the toll paid Provided that any vessel touching at Jallakaty or Srekole, with the *bona fide* object of shipping or unshipping cargo, shall, on notifying this intention to the Toll Supervisor in writing, be allowed seven days to pass through either of the channels of Jallakaty and Srekole, the days of entering and leaving being both included, after which time demurrage shall be charged for each day in excess of such period, at a rate equal to one half of the toll paid The Supervisor of Tolls shall have the power to order any boat to clear out within twenty four hours, if such boat shall have been already seven days in the channel, and if such clearance is deemed necessary for the free and through traffic in the channel'

৩। কৌখালির নদীর সহিত যে স্থানে জলাকাটী ভরণীখালের সংযোগ হয় সেই স্থানাবধি জলাকাটী নদীতে ঐ খালের সংযোগ স্থান পর্য্যন্ত সেই খালের

বিষযে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে বিধি প্রণীত করিয়া ১৮৬৬ সালের অকটোবর মাসের ২৪ তারিখের ২৪৯ নম্বরের জ্ঞাপনিক্রমে বাঙ্গলা গেজেটে প্রকাশ করেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৪ সালের বঙ্গদেশীয ৫ আইনের অর্থাৎ খালবিষযক আইনের ১১ ধারামতে সেই বিধির ৬ ধারার পরিবর্ত্তে ১৮৬৮ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত বিধি প্রচলিত হইবার আজ্ঞা করিয়াছেন।

৬ বিধি। "মাসুল দিলে পর কোন নৌকার কি মাড়ের উক্ত কোন খাল দিযা যাইবার তিন দিন অবকাশ দেওযা যাইবে। খালে প্রবেশ করিবার ও নির্গত হইবার দিন তন্মধ্যে গণ্য। খালের কোন অংশে অধিক কাল থাকিলে গহেরী বলিয়া প্রতিদিন মাসুলের অর্দ্ধেক লাগিবে। যদি কোন নৌকা প্রকৃতভাবে মাল তুলিবার কি নামাইবার অভিপ্রাযে জলাকাটীতে কিম্বা শ্রীকোলে থাকে, তবে মাসুলের তত্ত্বাবধারকের নিকট পত্র লিখিযা ঐ অভিপ্রায জ্ঞাত করা গেলে, জলাকাটীর ও শ্রীকোলের খাল দিযা যাইবার সাত দিন দেওয়া যাইবে। খালে প্রবেশ করিবার ও নির্গত হইবার দিন তন্মধ্যে গণ্য। তাহার পর ঐ নিদ্ধারিত সমযের অধিক যত দিন থাকে গহেরী বলিযা দিনপ্রতি মাসুলের অর্দ্ধেকের হিসাবে দিতে হইবে। কোন নৌকা সাত দিন খালের মধ্যে থাকিলে পর যদি অন্য নৌকাদির অবাধে গমনাগমন করিবার জন্যে ঐ নৌকার বাহিরে যাওয়া আবশ্যক বোধ হয, তবে মাসুলের তত্ত্বাবধারক ঐ নৌকার বাহিরে যাইবার আজ্ঞা করিতে পারিবেন।

No 147

LOCAL —COMMUNICATIONS

Notification —It is hereby notified, under Section 2 of the Canals' Act (V of 1864, B L C,) that the provisions of the said Act shall apply to the following navigable rivers from the 1st of July 1868 —

1 The River Bhagirutty throughout its whole course from the River Ganges to Nuddea

১৯ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের "চোরা দ্রব্য গ্রহণবিষয়ি" অধ্যায়ের ৪১১ কি ৪১২ কি ৪১৪ ধারামত দণ্ডনীয় অপরাধের অভিযোগ কোন ব্যক্তির নামে হইলে, যে কোন জিলার মধ্যে ঐ চোরা দ্রব্য ঐ ব্যক্তির নিকটে থাকে বা ছিল তাহাতে, কিম্বা যে অপরাধদ্বারা ঐ দ্রব্য উক্ত আইনের অর্থক্রমে চোরা দ্রব্য হইল সেই অপরাধ যে জিলাতে করা যায় তাহাতে পূর্ব্বোক্ত অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[ঠগি ডাকাইতী প্রভৃতির কথা।]

২০ ধারা। যদি কোন ব্যক্তির নামে ঠগ হওয়ার,

কি ঠগ হইয়া হত্যা করার

কিম্বা হত্যা সহিত কি হত্যাবিনা ডাকাইতী করার,

কিম্বা ডাকাইতদের দলভুক্ত হওয়ার,

কিম্বা ঠগদের কি ডাকাইতদের দলভিন্ন নিয়ত চৌর্য্য কি দস্যুতা করণাভিপ্রায়ে দলভুক্ত কোন ভ্রমণকারি কি অন্য প্রকারের চোরের দলে প্রবিষ্ট হওয়ার অভিযোগ হয়,

তবে অভিযুক্ত ব্যক্তি যে কোন জিলাতে থাকে সেই জিলাতে সেশন আদালতে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধের অনুসন্ধান করিতে পারিবেন, ও সেই মাজিষ্ট্রেট সাহেব যে সেশন আদালতের অধীন থাকেন, সেই আদালতে ঐ অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা যাইতে পারিবে ইতি।

[দণ্ডাজ্ঞাক্রমে আইনমতে কারাবদ্ধ হইয়া পলায়ন করিলে তাহার কথা।]

২১ ধারা। যদি কোন ব্যক্তি বিচার আদালতের কোন দণ্ডাজ্ঞাক্রমে কিম্বা তদ্রূপ কোন দণ্ডাজ্ঞার পরিবর্ত্তনক্রমে, আইনমতে কোন প্রহরির জিম্মায় থাকিয়া তাহা হইতে পলায়ন করে,

[দণ্ডহইতে ক্ষমা পাইবার নিয়ম ভঙ্গ করিলে তাহার কথা।]

অথবা যদি তাহার নামে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২২৭ ধারামতের কিম্বা দণ্ডরূপ পরিশ্রমবিষয়ি ১৮৫৫ সালের ২৪ আইনের ১২ ধারামতের দণ্ডনীয় কোন অপরাধের অভিযোগ হয়,

তবে যে জিলাতে ঐ ব্যক্তি ধৃত হয় কি পুনশ্চ ধৃত হয় তাহাতে, কিম্বা যে জিলাতে পূর্ব্বে তাহার বিচার হয় তাহাতে, কিম্বা প্রহরির জিম্মাহইতে পলাতক হইলে যে জিলাতে প্রহরিহইতে পলায়ন করে সেই জিলাতে ঐ অপরাধের অনুসন্ধান কি নির্ণয় হইতে পারিবে ইতি।

[অনুসন্ধান যে স্থানে হইবে, তাহার বিষয়ে সন্দেহ হইলে হাইকোর্টের তাহা নিরূপণ করিবার কথা।]

২২ ধারা। অপরাধ বিশেষের অনুসন্ধান কি নির্ণয় কোন জিলার মধ্যে করিতে হইবে যদি এতদ্বিষয়ের কোন সন্দেহ থাকে, তবে যে জিলাতে করিতে হইবে এই কথা, যে হাই কোর্টের বিচারাধিপত্যের

...le in which District the offence shall be deter mined

[High Court may transfer case Or direct trials in District other than that in which offence is committed]

23 The High Court may order the transfer of any criminal case or appeal, from a Criminal Court subordinate to its authority to any other such Criminal Court of equal or superior jurisdiction,

or may order that any offence shall be enquired into or determined in any District other than that in which the offence has been committed

whenever it shall appear to such High Court that such order will promote the ends of justice, or tend to the general convenience of the parties or witnesses

[Magistrate may withdraw or refer cases]

24 The Magistrate of the District, or a Magistrate in charge of a Division of a District, may withdraw any criminal case from any Court subordinate to him or within his District or Division and may enquire into or try the case himself or refer it for enquiry or trial to any other such Court competent to enquire into or try the same

[Commitment for trial before High Court]

25 The Magistrate of the District or any other officer exercising the powers of a Magistrate may hold the preliminary enquiry into any cases triable by a High Court and may commit or hold to bail persons to take their trial before such Court, and may exercise all the powers necessary for such purpose

[Subordinate Magistrate may be empowered to hold preliminary enquiry and to commit for trial before Court of Session or High Court]

26 The Local Government may empower any Subordinate Magistrate of the first or second class not vested with such power by any law for the time being in force to hold the preliminary enquiry into cases triable by the Court of Session or by any High Court, and may empower such Subordinate Magistrate to commit, or hold to bail, persons to take their trial before such Court of Session or High Court, and to exercise all the powers necessary for such purpose

সীমার মধ্যে অপরাধী মুক্ত হয় সেই কোর্ট নিরূপণ করিতে পারিবেন ইতি।

[কোন মোকদ্দমা এক আদালত হইতে উঠাইয়া অন্য আদালতে অর্পণ করিতে এবং অপরাধ যে জিলার মধ্যে হইয়াছে তদ্ভিন্ন অন্য জিলায় বিচার হইবার আজ্ঞা করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

২৩ ধারা। কোন ফৌজদারী মোকদ্দমা কি আপীলী মোকদ্দমা ফৌজদারী এক আদালতহইতে উঠাইয়া অন্য আদালতে অর্পণ হইবার আজ্ঞা হইলে যথার্থ বিচারের সাহায্য হয় কিম্বা উভয় পক্ষের ও সাক্ষিদের সাধারণমতে সুবিধা হয়, হাই কোর্ট যখন এরূপ বোধ করেন,

তখন আপনার কর্ত্তৃত্বের অধীন ফৌজদারী কোন এক আদালতহইতে ঐ মোকদ্দমা উঠাইয়া সমান কি অধিক ক্ষমতাপন্ন অন্য আদালতে অর্পণ হইবার আজ্ঞা করিতে পারিবেন,

কিম্বা কোন অপরাধ যে জিলাতে কি জিলার যে খণ্ডে করা যায় তদ্ভিন্ন অন্য জিলাতে কি অন্য খণ্ডে তাহার অনুসন্ধান কি নিষ্পত্তি হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের মোকদ্দমা উঠাইয়া লইবার কিম্বা অর্পণ করিবার ক্ষমতার কথা।]

২৪ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন কিম্বা আপন জিলার কি খণ্ডের অন্তঃপাতি কোন আদালতহইতে ফৌজদারী কোন মোকদ্দমা উঠাইয়া আপনি তাহার অনুসন্ধান লইতে কি বিচার করিতে পারিবেন, কিম্বা ঐ মোকদ্দমার অনুসন্ধান লইবার ও বিচার করিবার ক্ষমতাপন্ন অন্য কোন আদালতে অনুসন্ধান ও বিচার হইবার জন্যে সমর্পণ করিতে পারিবেন ইতি।

[হাই কোর্টে মোকদ্দমা বিচারার্থে সমর্পণ করিবার কথা।]

২৫ ধারা। হাই কোর্টের বিচার্য্য কোন মোকদ্দমার প্রথম স্থলে সেই বিষয়ের অনুসন্ধান করা কর্ত্তব্য, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকারি অন্য কার্য্যকারক তাহা করিতে পারিবেন, ও সেই কোর্টে বিচার হইবার জন্যে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে পারিবেন কিম্বা তাহাদের স্থানে তথায় উপস্থিত হইবার প্রতিভূ লইতে পারিবেন, ও তদর্থে আবশ্যক সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[প্রথম স্থলীয় অনুসন্ধান লইয়া সেশন আদালতে কি হাই কোর্টে বিচার হইবার জন্যে সমর্পণ করিতে অধীন মাজিষ্ট্রেটদের ক্ষমতার কথা।]

২৬ ধারা। প্রথম কি দ্বিতীয় শ্রেণীর যে অধস্থ মাজিষ্ট্রেটেরা প্রচলিত কোন আইনক্রমে সেশন আদালতের কি কোন হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধানের কার্য্য করিতে ক্ষমতাপন্ন নহেন, স্থান বিশেষের গবর্ণমেণ্ট তাঁহাদিগকে ঐ কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন, ও তদ্রূপ সেশন আদালতে কি সুপ্রিমকোর্টে বিচার হইবার জন্যে লোকদিগকে সমর্পণ করিবার কি তাহাদের স্থানে দর্শনপ্রতিভূ লইবার, ও তৎকার্য্যের নিমিত্তে যে সকল ক্ষমতার আবশ্যক সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তি দিতে পারিবেন ইতি।

[Only Justices of the Peace to commit European British subjects.]

27. No person not a Justice of the Peace shall commit, or hold to bail, any European British subject to take his trial before a High Court.

[Procedure when European British subject is charged with offences triable by High Court.]

28. When a European British subject is charged with an offence triable by a High Court, any officer exercising the powers of a Magistrate, and any Subordinate Magistrate duly empowered according to section 26, may hear the complaint against him, and may issue a warrant of arrest, or hold him to bail, with a view to the complaint being investigated by a Justice of the Peace.

[Procedure when a European is arrested under warrant of a Magistrate not a Justice of the Peace.]

29. When a European British subject has been arrested under a warrant issued under section 28 by Magistrate not being a Justice of the Peace, if such Magistrate considers that there is sufficient ground for proceeding, he shall forthwith forward the person arrested to a Justice of the Peace, or if the offence with which such person is charged is bailable, and if sufficient bail be tendered, shall admit him to bail for his appearance before a Justice of the Peace.

When the person accused is brought or appears before a Justice of the Peace under this section, such Justice of the Peace shall himself hold the preliminary enquiry into the case, before he commits, or holds to bail, such person for trial before the High Court.

[Saving of jurisdiction under 53 Geo. III, c. 155, s. 105.]

30. Nothing in this chapter shall interfere with the jurisdiction given by the Statute 53 George III, c. 155, s. 105, or Act VII of 1853 *(to extend the jurisdiction of Magistrates under the 53 George III, c. 155, s. 105, in cases of assault, forcible entries and other injuries accompanied by force, not being felonies)*.

[Proviso.]

Provided that the jurisdiction given by the said Statute and the said Act shall be exercised only by a Justice of the Peace.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৯ মে।]

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদিগকে কেবল শান্তি রক্ষার্থ জষ্টিসের সমর্পণ করিবার ক্ষমতার কথা।]

২৭ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিস না হইলে কোন ব্যক্তি ইউরোপীয় কোন ব্রিটনীয় প্রজাকে হাই কোর্টে বিচারার্থে সমর্পণ করিতে কিম্বা তাহার স্থানে দর্শনপ্রতিভূ লইতে পারিবেন না ইতি।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে হাই কোর্টের বিচার্য্য অপরাধের অভিযোগ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৮ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে হাই কোর্টের বিচার্য্য কোন অপরাধের অভিযোগ হইলে, যে কার্য্যকারক মাজিষ্ট্রেটের কর্ম্ম করেন, এবং নিম্ন শ্রেণীর যে কোন মাজিষ্ট্রেট ২৬ ধারামতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত হন, তিনি সেই অভিযোগ শুনিয়া শান্তিরক্ষার্থ জষ্টিসের দ্বারা সেই অভিযোগের অনুসন্ধান হইবার নিমিত্তে ঐ ব্যক্তিকে আসেধ করিবার পরওয়ানা দিতে কিম্বা তাহার স্থানে দর্শন প্রতিভূ লইতে পারিবেন ইতি।

[শান্তিরক্ষার্থ জষ্টিসভিন্ন কোন মাজিষ্ট্রেটের পরওয়ানাক্রমে ইউরোপীয় ব্যক্তি অসিদ্ধ হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

২৯ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিসভিন্ন কোন মাজিষ্ট্রেট সাহেব ২৮ ধারামতে যে পরওয়ানা দেন তদ্দারা যদি ইউরোপীয় কোন ব্রিটনীয় প্রজা ধৃত হয়, তবে ঐ মোকদ্দমার কার্য্য চলনের উপযুক্ত হেতু আছে ঐ মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে অগৌণে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের নিকটে সেই ধৃত ব্যক্তিকে প্রেরণ করিবেন। অথবা ঐ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে তাহার নিমিত্তে যদি দর্শন প্রতিভূ লওয়া যাইতে পারে, ও যদি সে উপযুক্ত প্রতিভূ দিতে চাহে, তবে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে উপস্থিত হইবার প্রতিভূ লইয়া তাহাকে ছাড়িয়া দিবেন।

এই ধারামতে শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে আনা গেলে কিম্বা আপনি উপস্থিত হইলে শান্তিরক্ষার্থ ঐ জষ্টিস তাহাকে হাই কোর্টে বিচার হইবার জন্যে সমর্পণ করিবার কি তাহার স্থানে দর্শনপ্রতিভূ লইবার পূর্ব্বে আপনি ঐ মোকদ্দমার প্রথমসম্বন্ধীয় অনুসন্ধান লইবেন ইতি।

[তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা রক্ষার কথা।]

৩০ ধারা। তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারামতে কিম্বা ৮৫৩ সালের ৭ আইন (অর্থাৎ চড়াড় করণ ও বলপূর্ব্বক প্রবেশ করণ ও বলপূর্ব্বক যে ক্ষতি ফেলোনি না হয় এমত অন্য প্রকার অপরাধ করণের মোকদ্দমায় তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবদের যে ক্ষমতা আছে তাহা বৃদ্ধি করিবার আইনমতে) যে ক্ষমতা দেওয়া গেল, তাহা এই অধ্যায়ের কোন কথাতে খর্ব্ব হইবে না।

উপবিধি।

কিন্তু উক্ত রাজকীয় বিধান ও উক্ত আইনক্রমে যে ক্ষমতা দেওয়া গেল কেবল শান্তিরক্ষার্থ জষ্টিস সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

CHAPTER III

PRELIMINARY RULES

[Examination of complainants and witnesses]

31 In all Criminal Courts, complainants and witnesses shall be examined upon oath or otherwise according to the provisions of the law for the time being in force in relation to the examination of witnesses

[Payment of fine in compensation Special damage Expenses of prosecution]

32 Whenever by the sentence or order of any Criminal Court, a fine is imposed upon a conviction for any offence made punishable by fine whether the offence be punishable or punished by fine only or otherwise such Court may order that the fine, or any part thereof, not exceeding the loss appearing to be caused to any person who has suffered by such offence,

and any special damage of a nature that can in the opinion of the Court be compensated by a pecuniary award, and that may have resulted to such person by such offence,

and any expenses incurred by the complainant in the prosecution, as the Court may consider reasonable and proper

be paid to or for the benefit of such person according to the discretion of the Court

In every such case the fine when levied or paid shall be paid accordingly

If the fine be awarded by a Court whose decision is subject to appeal the amount awarded to the person injured shall not be paid to such person until a period of two months shall have elapsed from the date of the award

[Period of imprisonment in default of payment of fine]

33 In every case punishable with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Criminal Court shall be guided by the provisions of sections 64 and 65 of the Indian Penal Code in awarding the period of imprisonment in default of payment of the fine

[Proviso as to cases decided by a Magistrate]

Provided that, in no such case decided by a Magistrate shall the period of imprisonment awarded in default of payment of the fine exceed one-fourth of the period of imprisonment which he is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine

[*Government Gazette*, 19th *May* 1868]

তৃতীয় অধ্যায় ।

প্রথম স্থূলীয় কার্য্যের বিধি ।

[বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা গ্রহণের কথা ।]

৩১ ধারা । সাক্ষিদের পরীক্ষা লইবার বিষয়ে যে আইন যে সময়ে চলন থাকে, ফৌজদারী সকল আদালতে বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা সেই আইনের বিধানানুসারে শপথক্রমে কি প্রকারান্তরে লওয়া যাইবে ইতি ।

[ক্ষতিপূরণের নিমিত্তে অর্থদণ্ডের টাকা দিবার কথা ।]

৩২ ধারা । অর্থদণ্ডের দ্বারা দণ্ডনীয় কোন অপরাধের প্রমাণ হইয়া যদি ফৌজদারী কোন আদালতের দণ্ডাজ্ঞা কি আজ্ঞাক্রমে অর্থদণ্ড হয়, তবে সেই অপরাধের কেবল অর্থদণ্ড কি প্রকারান্তরের দণ্ড হইতে পারিলে কি হইলেও, ঐ অপরাধের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির যত ক্ষতি দৃষ্ট হয়, তাহার অনধিক টাকা

[বিশেষ হানির কথা ।]

এবং ঐ অপরাধের দ্বারা উক্ত ব্যক্তির বিশেষ প্রকারের ক্ষতি হইলে সেই ক্ষতির মর্ম্ম বিবেচনায় যদি আদালতের বিচারমতে টাকাতে সেই ক্ষতির পূরণ হইতে পারে, তবে সেই টাকা ।

[নালিশ করিবার খরচার কথা ।]

ও মোকদ্দমা চালাইবার কার্য্যেতে বাদির যে কিছু খরচ হইয়া থাকে আদালত তন্মধ্যে যাহা যুক্তিসিদ্ধ ও উপযুক্ত জ্ঞান করেন তাহা

আদালতের বিবেচনামতে সেই অর্থদণ্ডের টাকা হইতে ঐ ব্যক্তির উপকারার্থে দিবার আজ্ঞা করিতে পারিবেন ।

তদ্রূপ প্রত্যেক স্থলে অর্থদণ্ডের টাকা আদায় হইলে কি দেওয়া গেলে পর উক্ত নিয়মানুসারে দেওয়া যাইবে ।

যে আদালত ঐ অর্থদণ্ডের আজ্ঞা করেন যদি তাঁহার নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, তবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে যে টাকা দিবার আজ্ঞা হয় ঐ আজ্ঞার তারিখ অবধি দুই মাস গত না হইলে ঐ টাকা ঐ ব্যক্তিকে দেওয়া যাইবে না ইতি ।

[অর্থদণ্ড না দেওয়াতে যত কাল কারাদণ্ড হইবে তাহার কথা । ও বর্জ্জিত কথ ।]

৩৩ ধারা । যে স্থলে কারাদণ্ড ও অর্থদণ্ড উভয় হইতে পারে, এমত কোন স্থলে যদি অপরাধির কারাদণ্ড সহিত কি তদ্ব্যতীত অর্থদণ্ডের আজ্ঞা হয় তবে অর্থদণ্ডের টাকা না দেওয়াপ্রযুক্ত যত কাল কারাবদ্ধ হইবার আজ্ঞা করিতে হইবে এই বিষয়ে ফৌজদারী আদালত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ ও ৬৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন ।

[মাজিষ্ট্রেট্ যে মোকদ্দমার নিষ্পত্তি করেন তদ্বিষয়ের উপবিধি ।]

কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিয়া থাকেন, তবে অর্থদণ্ডের টাকা না দেওয়ার কারণ ভিন্ন তিনি ঐ অপরাধের নিমিত্ত যত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন, অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত তাহার চতুর্থাংশের অধিককাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না ইতি ।

[Sentence in case of simultaneous conviction of several offences]

34 When a person is convicted at one time of two or more offences punishable under the same or different sections of the Indian Penal Code, the Court may sentence him for the offences of which he has been convicted to the several penalties prescribed by the same Code which such Court is competent to inflict such penalties when consisting of imprisonment to commence the one after the expiration of the other

It shall not be necessary for the Court by reason only of the aggregate punishment for the several offences being in excess of the punishment which it is competent to inflict on conviction of a single offence, to send the offender for trial before a higher Court

[Maximum term of imprisonment]

Provided that in no case shall the person be sentenced to imprisonment for a longer period than fourteen years

Provided also that, if the case be tried by a Magistrate the punishment shall not in the aggregate exceed twice the extent of punishment which he is by his ordinary jurisdiction competent to inflict

[Currency of sentence on escaped convicts]

35 When a sentence is passed on an escaped convict for such escape or for any other offence the Court may direct the sentence to take effect immediately or after such convict shall have suffered imprisonment or transportation, as the case may be for a further period equal to that which remained, unexpired of his former sentence at the time of his escape

[Sentence on offender already sentenced for another offence]

36 When sentence is passed on a person already under sentence of imprisonment or transportation for another offence, the Court, if the sentence be for imprisonment shall direct that such imprisonment shall commence at the expiration of the imprisonment or transportation to which such person has been previously sentenced,

or if he is undergoing a sentence of imprisonment, and the sentence, on such subsequent conviction, is for transportation, the Court may direct that the sentence shall commence immediately, or at the expiration of the imprisonment to which he was previously sentenced

[Proviso]

Provided that nothing in this section shall be held to excuse such person from any part of the

[গবর্ণমেণ্ট গেজেট, ১৮৬৮ । ১৯ মে ।]

[একিকালে অনেক অপরাধের প্রমাণ হইলে দণ্ডাজ্ঞার কথা ।]

৩৪ ধারা । ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের একি কি ভিন্ন২ ধারামতে যে২ অপরাধের দণ্ড হইতে পারে, যদি কোন ব্যক্তির একিকালে তন্মধ্যে দুই কি তদধিক অপরাধ করিবার প্রমাণ হয়, তবে ঐ ব্যক্তির প্রমাণীকৃত ঐ২ অপরাধের যে২ দণ্ড ঐ আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে ঐ আদালত সেই২ দণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতাপন্ন হইলে, ঐ সকল দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন । যদি কারাদণ্ড হয়, তবে এক অপরাধের নিমিত্তে কারাদণ্ডের কাল গত হইলে পর, অন্য অপরাধের নিমিত্তে আরম্ভ হইবেক ।

ঐ আদালত একি অপরাধের নিমিত্তে যে পর্য্যন্ত দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ সমুদয় অপরাধের দণ্ড একুনে তাঁহার ঐ ক্ষমতাতিরিক্ত হইল, কেবল এই কারণে অপরাধিকে উপরিস্থ আদালতে বিচার হইবার নিমিত্তে প্রেরণ করা আবশ্যক হইবে না ।

[কারাদণ্ডের অতি দীর্ঘ কালের কথা ।]

কিন্তু সেই ব্যক্তির কোন স্থলে চৌদ্দ বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইবে না ।

যদি সেই মোকদ্দমার বিচার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব স্বীয় সাধারণ ক্ষমতাক্রমে যত দণ্ড করিতে পারেন, পূর্ব্বোক্ত দণ্ড সমুদয় তাহার দ্বিগুণের অধিক হইবে না ইতি ।

[পলাতক বন্দির দণ্ড চলনের কথা]

৩৫ ধারা । পলাতক বন্দির পলায়নপ্রযুক্ত কিম্বা অন্য কোন অপরাধের নিমিত্তে কোন দণ্ডের আজ্ঞা হইলে, আদালত আদেশ করিতে পারিবেন যে সেই আজ্ঞামতে অপরাধির অগৌণে ঐ দণ্ড হয়, অথবা তাহার পলায়নকালে তাহার পূর্ব্ব দণ্ডাজ্ঞামতে যত কাল অবশিষ্ট ছিল তত কাল তাহার কারাদণ্ড কি বিষয়বিশেষে দ্বীপান্তর থাকা দণ্ডভোগ হইলে পর, তাহার ঐ আজ্ঞামতে দণ্ড হয় ইতি ।

[যে ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইয়াছে সে অন্য অপরাধ করিলে তাহার দণ্ডের কথা ।]

৩৬ ধারা । কোন ব্যক্তি কোন অপরাধের নিমিত্তে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি অন্য অপরাধের জন্যে তাহার দণ্ডের আজ্ঞা হয়, তবে কারাদণ্ডের সেই আজ্ঞা হইলে, আদালত আজ্ঞা করিতে পারিবেন যে ঐ ব্যক্তির কারাবদ্ধ হওন কি দ্বীপান্তর প্রেরণ যে দণ্ডের আজ্ঞা পূর্ব্বে হইয়াছিল তাহা ভোগ করিলে পর ঐ কারাদণ্ডের আরম্ভ হয় ।

অথবা যদি সেই ব্যক্তি কারাদণ্ড ভোগ করিতেছে, ও পশ্চাৎ উক্ত অন্য অপরাধ নির্ণয় হইয়া তাহার দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয়, তবে সেই দণ্ডভোগ অগৌণে আরম্ভ হইবে, অথবা পূর্ব্বে ঐ ব্যক্তির যত কাল কারাদণ্ডের আজ্ঞা হইয়াছিল তাহা অতীত হইলে পর আরম্ভ হইবে আদালত ইহার আজ্ঞা করিতে পারিবেন ।

উপবিধি ।

কিন্তু পূর্ব্ব কি পশ্চাৎকৃত দোষ প্রমাণে ঐ ব্যক্তি যে দণ্ডের যোগ্য হয়, এই ধারার কোন কথাক্রমে তাহার

punishment to which he is liable upon such former or subsequent conviction

[Local Government may order removal of prisoner from one jail to another]

37 When any person is sentenced to imprisonment the Local Government may order his removal during the period prescribed for his imprisonment from the jail or place in which he is confined to any other jail or place of imprisonment within the jurisdiction of the same Local Government

[Inspector General of Jails may exercise power conferred by section 37]

38 The powers conferred on the Local Government by section 37 may be exercised, under the orders and subject to the control of Government, by the Inspector General of Jails

[Sentence not to specify place of transportation]

39 When any person is sentenced to transportation, the Court passing the sentence shall not specify in its sentence the place to which he shall be sent for the purpose of undergoing the sentence

[Governor General in Council to appoint a place within British India to which persons sentenced may be sent Local Government to direct removal of such persons to such place]

40 The Governor General of India in Council may from time to time appoint a place or places within British India to which persons sentenced to transportation shall be sent and the Local Government, or some officer duly authorized by such Government shall given orders for the removal of such persons to the place or places so appointed

[Sentence of transportation on persons already transported under previous sentence]

41 When sentence of transportation is passed on a person already undergoing transportation under a sentence previously passed for another offence, it shall not be necessary for the Local Government to order his removal from the place in which he is so undergoing transportation

[Sentence of death]

42 When any person is sentenced to death the sentence shall direct that he be hanged by the neck till he is dead

[Power to remit punishment]

43 When any person has been sentenced to punishment for an offence, the Governor General of India in Council, or the Local Government,

কোন অংশ ক্ষমা হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[বন্দিক এক জেলহইতে অন্য জেলে পাঠাইতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৩৭ ধারা। কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা হইলে সে যে কারাগারে কি স্থানে বদ্ধ থাকে স্থানীয় গবর্ণমেণ্ট সেই দণ্ড ভোগের নিরূপিত কালের মধ্য কোন সময়ে স্বীয় কর্তৃত্বের ব্যাপ্যাধীন অন্য কারাগারে কি কারাবদ্ধ হওনের স্থানে তাহাকে পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[৩৭ ধারামতে দত্ত ক্ষমতাক্রমে জেলের ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের কার্য্য করিবার ক্ষমতার কথা।]

৩৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ৩৭ ধারামতে যে ক্ষমতা অর্পণ করা গেল, জেলসমূহের ইন্‌স্পেক্টর জেনরল সাহেবও গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ও কর্তৃত্বাধীনে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[যে দ্বীপে প্রেরণ করা যাইবে দণ্ডাজ্ঞার মধ্যে তাহা না লিখিবার কথা।]

৩৯ ধারা। যদি কোন ব্যক্তির দ্বীপান্তর প্রেরণের আজ্ঞা করা যায় তবে ঐ ব্যক্তিকে ঐ দণ্ড ভোগের জন্যে যে স্থানে পাঠাইতে হইবে ঐ আজ্ঞাকারক আদালত আপন দণ্ডাজ্ঞার মধ্যে তাহা নির্দিষ্ট করিবেন না ইতি।

[যাহাদের দণ্ডের আজ্ঞা হইয়াছে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে তাহাদিগকে পাঠাইতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত স্থান নিরূপণ করিবার কথা। ও স্থানীয় গবর্ণমেণ্টের সেই স্থানে উক্ত লোকদিগকে পাঠাইবার আজ্ঞার কথা।]

৪০ ধারা। যাহাদের দ্বীপান্তর প্রেরণ দণ্ড হয়, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে কি যে২ স্থানে তাহাদিগকে পাঠাইতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়২ এমত স্থান নিরূপণ করিতে পারিবেন। ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা ঐ গবর্ণমেণ্ট কর্তৃক উপযুক্তমতে ক্ষমতাপন্ন কার্য্যকারক তদ্রূপ নিরূপিত স্থানে কি স্থানে উক্ত ব্যক্তিদিগকে পাঠাইবার আজ্ঞা করিবেন ইতি।

[যাহারা পূর্ব্ব দণ্ডাজ্ঞা মতে দ্বীপান্তর প্রেরিত হইয়াছে তাহাদিগের দ্বীপান্তর প্রেরণদণ্ডের অন্য আজ্ঞার কথা।]

৪১ ধারা। কোন ব্যক্তি দ্বীপান্তর প্রেরণদণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি তাহার অন্য অপরাধের নিমিত্তে দ্বীপান্তর প্রেরণদণ্ডের আজ্ঞা হয় তবে যে স্থানে ঐ দণ্ড ভোগ করিতেছে সেই স্থানহইতে তাহাকে স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানান্তরে পাঠাইবার আজ্ঞা করা আবশ্যক হইবে না ইতি।

[প্রাণদণ্ডের আজ্ঞার কথা।]

৪২ ধারা। কোন ব্যক্তির প্রাণদণ্ডের আজ্ঞা [illegible] দণ্ডাজ্ঞাতে এই আদেশ থাকিবে যে সেই [illegible] না মরে তাবৎ তাহার গলদেশে উদ্বন্ধ [illegible]

[দণ্ড ক্ষমা করিবার ক্ষম

৪৩ ধারা। কোন অপরা[illegible] [illegible]কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা হই[illegible] [illegible]ভারত বর্ষের শ্রীযুত গবর্ণর জেন[illegible] কিম্বা স্থানবিশেষের

may at any time, without conditions, or upon any conditions which the person sentenced accepts, remit the whole or any part of the punishment to which he has been sentenced

গবর্ণমেণ্ট কোন সময়ে নিয়মব্যতিরেকে কিম্বা দণ্ডিত ব্যক্তি যে নিয়ম স্বীকার করিবে এমত নিয়ম করিয়া তাহার যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তৎসমুদয় কি তাহার কোন অংশ রহিত করিতে পারিবেন ইতি।

[Person once convicted or acquitted not to be tried for same offence]

[যে ব্যক্তি একবার দোষী কি নির্দ্দোষ নির্ণয় হইয়াছে তাহার সেই দোষ হেতু পুনশ্চ বিচার না হইবার কথা।]

44 A person who has once been tried for an offence and convicted or acquitted thereof shall not be liable to be tried again for the same offence

৪৪ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির একবার বিচার হইয়া তাহার ঐ অপরাধ নির্ণয় হইলে কি তাহাকে নির্দ্দোষ করা গেলে পুনরায় সেই অপরাধের নিমিত্তে সেই ব্যক্তির বিচার হইতে পারিবে না।

[Proviso as to culpable homicide]

[অপরাধযুক্ত নরহত্যার বিষয়ে বর্জ্জিত কথা।]

Provided that any person may be tried for the offence of culpable homicide and punished for that offence, notwithstanding he may have been tried and punished for the act which caused the death, if at the time of his conviction for the said act death had not resulted or his not been known by the Court which passed sentence to have resulted

যে ক্রিয়াদ্বারা কাহারও মৃত্যু হয় কোন ব্যক্তির সেই ক্রিয়াহেতুক বিচার ও দণ্ড হইলে, কিন্তু দোষ নির্ণয় করণ সময়ে ঐ ক্রিয়াপ্রযুক্ত মৃত্যু হয় নাই অথবা যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করিলেন সেই আদালত ঐ মৃত্যুর কথা অবগত ছিলেন না, এমন স্থলে যদ্যপি মৃত্যুজনক সেই ক্রিয়ার নিমিত্তে পূর্ব্বে ঐ ব্যক্তির বিচার ও দণ্ড হইয়া থাকে তথাপি অপরাধযুক্ত নরহত্যাপরাধহেতুক তাহার পুনশ্চ বিচার ও দণ্ড হইতে পারিবে ইতি।

[Person charged with criminal breach of trust may be found guilty of theft]

[যাহার নামে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ হয় তাহার চৌর্য্যাপরাধ নিষ্পন্ন হইবার কথা।]

45 If upon the trial of any person charged with the offence of criminal breach of trust under section 406 of the Indian Penal Code or of criminal breach of trust as a carrier, wharfinger or warehouse keeper under section 407 of the same Code, it is proved that he took the property in question in any such manner as to amount to the offence of theft under section 378 of the same Code, he shall not be entitled to be acquitted

৪৫ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৬ ধারামতে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ কিম্বা উক্ত আইনের ৪০৭ ধারামতে বাহক কি ঘাটরক্ষক কি গুদামরক্ষকস্বরূপে কোন ব্যক্তির নামে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ হইয়া তাহার বিচার হইলে সেই ব্যক্তি যে প্রকারে ঐ দ্রব্য হরণ করিয়াছিল তদ্দৃষ্টে যদি উক্ত আইনের ৩৭৮ ধারামতে তাহার চৌর্য্যের তুল্য অপরাধ প্রমাণ হয়, তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই।

But the Court, or the jury in a case tried by jury may find that he is not guilty of the offence charged but is guilty of the said offence under the said section 378

কিন্তু আদালত, কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি এমত নির্দ্ধার্য্য করিতে পারিবেন যে সেই ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হইয়াছে তাহার দোষী নহে, কিন্তু উক্ত ৩৭৮ ধারাক্রমে উক্ত অপরাধের অপরাধী আছে।

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under the said section 378

তাহা হইলে উক্ত ৩৭৮ ধারার লিখিত অভিযোগক্রমে ঐ ব্যক্তি অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডে যে গ্য হইতে পারিবে ইতি।

[Person charged with criminal breach of trust as a servant may be found guilty of theft or of theft as a servant]

[চাকরস্বরূপে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগ যাহার নামে হয় তাহার চৌর্য্যাপরাধ, কিম্বা চাকরস্বরূপে চৌর্য্যাপরাধ নির্ণয় হইবার কথা]

46 If upon the trial of any person charged with the offence of criminal breach of trust as a clerk or servant under section 408 of the Indian Penal Code it is proved that he took the property in question in any such manner as to amount to,

৪৬ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪০৮ ধারাক্রমে কেরাণী কি চাকরস্বরূপে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতার অভিযোগে কোন ব্যক্তির বিচার হইয়া যদি প্রমাণ হয় যে সেই ব্যক্তি যে প্রকারে উক্ত দ্রব্য হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

the offence of theft under section 378 of the said Code,

উক্ত আইনের ৩৭৮ ধারামতে ঐ ব্যক্তির চৌর্য্যাপরাধ হইল,

or the offence of theft as a clerk or servant of property in possession of his master under section 381 of the said Code,

অথবা উক্ত আইনের ৩৮১ ধারামতে কেরাণী কি চাকরস্বরূপে স্বীয় কর্ত্তার অধিকৃত সম্পত্তি চুরী করিবার তুল্য অপরাধ হইয়াছে,

he shall not be entitled to be acquitted, but the Court or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the said offence under the said section 378, or section 381, as the case may be

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section

তবে সেই ব্যক্তির নির্দোষ হইবার অধিকার নাই কিন্তু আদালত অথবা জুরির দ্বারা বিচারিত যে মকদ্দমায় ঐ জুরি, এমত নির্ণয় করিতে পারিবেন যে সেই ব্যক্তি, যে অপরাধের অভিযুক্ত হয় তাহার দায়ী নহে, কিন্তু ৩৭৮ ধারাক্রমে কিম্বা বিষয়বিশেষে ৩৮১ ধারাক্রমে উক্ত অপরাধের দোষী হইল।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারামতের অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইবে ইতি।

[Person charged with theft may be found guilty of misappropriation or breach of trust]

[যাহার নামে চৌর্য্যের অভিযোগ হয় তাহার অনিয়তরূপে সম্পত্তি ব্যবহারের কি বিশ্বাসঘাতকতার অপরাধ নির্ণয় হইবার কথা।]

47 If upon the trial of any person charged with the offence of theft under section 378 of the Indian Penal Code or the offence of theft in a building, tent or vessel under section 380 of the said Code, it is proved that he took the property in question in any such manner as to amount to

the offence of dishonest misappropriation of property under section 403 of the said Code

or the offence of criminal breach of trust under section 405 of the said Code,

he shall not be entitled to be acquitted, but the Court or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged but is guilty of the said offence under the said section 403 or section 405, as the case may be

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section

৪৭ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৭৮ ধারামত চৌর্য্যাপরাধের কিম্বা ঐ আইনের ৩৮০ ধারামতে গৃহে কি তাম্বুতে কি নৌকাদিতে চৌর্য্যাপরাধের অভিযোগে কোন ব্যক্তির বিচার হইয়া যদি প্রমাণ হয় যে ঐ ব্যক্তি যে প্রকারে উক্ত সম্পত্তি হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

উক্ত আইনের ৪০৩ ধারামতে ঐ ব্যক্তির শঠতাক্রমে সম্পত্তি অনিয়তরূপে ব্যবহার করিবার

কিম্বা ঐ আইনের ৪০৫ ধারামত অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতা করিবার তুল্য অপরাধ হইয়াছে

তবে সেই ব্যক্তির নির্দোষ হইবার অধিকার নাই কিন্তু আদালত কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি এমত নির্দ্ধারণ করিতে পারিবেন যে সেই ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হয় তাহার দোষী নহে কিন্তু উক্ত ৪০৩ কিম্বা বিষয়বিশেষে ৪০৫ ধারামতে উক্ত অপরাধের দোষী হইল।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারার লিখিত অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইতে পারিবে ইতি।

[Person charged with theft as a servant may be found guilty of misappropriation or breach of trust]

[চাকরস্বরূপে চৌর্য্যের অভিযোগ হইলে অনিয়তরূপে সম্পত্তি ব্যবহার কিম্বা বিশ্বাসঘাতকতা নির্ণয় হইবার কথা।]

48 If upon the trial of any person charged with the offence of theft as a clerk or servant of property in the possession of his master under section 381 of the Indian Penal Code it is proved that he took the property in question in any such manner as to amount to

the offence of dishonest misappropriation of property under section 403 of the said Code,

or the offence of dishonest misappropriation of property possessed by a deceased person at the time of his death under section 404 of the said Code,

or of such dishonest misappropriation under the said section 404 the offender being at the time of the person's decease employed by him as a clerk or servant,

or the offence of criminal breach of trust under section 405, of the said Code,

or the offence of criminal breach of trust as a clerk or servant under section 408 of the said Code,

৪৮ ধারা। কেরাণী কি চাকরস্বরূপে কোন ব্যক্তির নিকটে তাহার প্রভুর দ্রব্য থাকাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩৮১ ধারামত চৌর্য্যাপরাধের অভিযোগে তাহার বিচার হইয়া যদি প্রমাণ হয়, যে ঐ ব্যক্তি উক্ত দ্রব্য যে প্রকারে হরণ করিয়াছিল তদ্দৃষ্টে

উক্ত আইনের ৪০৩ ধারামতে ঐ ব্যক্তির শঠতাক্রমে এ দ্রব্য অনিয়তরূপে ব্যবহার করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৪ ধারামতে কোন ব্যক্তির মরণকালে তাহার অধিকারে যে সম্পত্তি ছিল তাহা অসাধুভাবে অনিয়তরূপে ব্যবহার করিবার

কিম্বা ঐ ব্যক্তির মরণকালে অপরাধী তাহার নিকটে কেরাণী কি চাকর হওয়া উক্ত ৪০৪ ধারামতে শঠতাক্রমে দ্রব্য অনিয়তরূপে ব্যবহার করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৫ ধারামতে অপরাধযুক্ত বিশ্বাসঘাতকতা করিবার

কিম্বা উক্ত আইনের ৪০৮ ধারামতে কেরাণী বা চাকরস্বরূপে তাহার অপরাধ ভাবে বিশ্বাসঘাতকতা করিবার তুল্য অপরাধ হইয়াছে,

[*Government Gazette*, 19th May 1868]

he shall not be entitled to be acquitted, but the Court, or the jury in a case tried by jury, may find that he is not guilty of the offence charged, but is guilty of the offence under the said section 403, section 404, section 405 or section 408, as the case may be.

Thereupon he shall be liable to be punished in the same manner as if he had been found guilty upon a charge under such section.

[No person convicted under section 45, 46, 47 or 48 to be charged again on same facts under same section.]

49. No person charged and tried for an offence under any section of the Indian Penal Code in the last four sections mentioned and found guilty of another offence under the provisions of any other of the said sections of the Indian Penal Code, shall be liable to be afterwards prosecuted upon the same facts under the section under which he was charged or under the section under which he was found guilty.

[Levy of fines.]

50. Whenever an offender is sentenced to a fine, the Court which sentences him, whether or not the offence be punishable with fine only, and whether or not the sentence direct that in default of payment of the fine the offender shall suffer imprisonment, may issue a warrant for the levy of the amount by distress and sale of any moveable property belonging to the offender which may be found within the jurisdiction of the Court that sentences him or of the Magistrate of the District in which he ordinarily resides.

[Magistrate may issue orders to prevent obstructions, danger to human life or riot.]

51. Any Magistrate by a written order may direct any person to abstain from a certain act or to take certain order with certain property in his possession or under his management whenever such Magistrate considers that such direction is likely to prevent or tends to prevent—

obstruction, annoyance or injury, or risk of obstruction, annoyance or injury, to any persons lawfully employed,

or danger to human life, health, or safety,

or a riot or an affray.

[Magistrate may prohibit repetition or continuance of public nuisances.]

52. Any Magistrate may enjoin any person not to repeat or continue a public nuisance as de-

তবে সেই ব্যক্তির নির্দ্দোষ হইবার অধিকার নাই। কিন্তু আদালত, কিম্বা জুরির দ্বারা বিচারিত মোকদ্দমায় ঐ জুরি এমত নির্দ্ধার্য্য করিতে পারিবেন যে ঐ ব্যক্তি যে অপরাধে অভিযুক্ত হয় তাহার দোষী নহে, কিন্তু ৪০৩ কিম্বা বিষয়বিশেষে ৪০৪ কি ৪০৫ কি ৪০৮ ধারা মত অপরাধের দোষী হইয়াছে।

তাহা হইলে ঐ ব্যক্তি উক্ত ধারার লিখিত অভিযোগক্রমে অপরাধী নির্ণয় হইবার মত দণ্ডের যোগ্য হইতে পারিবে ইতি।

[৪৫ ৪৬, ৪৭ কি ৪৮ ধারামতে যাহার অপরাধ নির্ণয় হইল সেই২ ধারামতে সেই২ বৃত্তান্তক্রমে তাহার নামে পুনশ্চ অভিযোগ না হইবার কথা।]

৪৯ ধারা। ইহার পূর্ব্ব চারি ধারাতে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের যেই২ ধারার উল্লেখ হইয়াছে, তাহার কোন ধারামতের অপরাধ হেতুক কোন ব্যক্তির নামে অভিযোগ হইয়া বিচার হইলে যদি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অন্য কোন ধারার বিধানক্রমে তাহার অন্য অপরাধ নির্ণয় হয়, তবে যে ধারাক্রমে অভিযোগ হইল কিম্বা যে ধারাক্রমে অপরাধ নির্ণয় হইয়াছে সেই ধারাক্রমে সেই অপরাধের বৃত্তান্ত ধরিয়া তাহার নামে পুনর্ব্বার নালিশ হইতে পারিবে না ইতি।

[অর্থদণ্ড আদায়ের কথা।]

৫০ ধারা। যখন অপরাধির অর্থদণ্ডের আজ্ঞা হয় তখন ঐ অপরাধ কেবল অর্থদণ্ডক্রমে দণ্ডনীয় হইলে কি না হইলেও এবং অর্থদণ্ড না দিলে অপরাধির কারাবদ্ধ হইতে হইবে ঐ দণ্ডাজ্ঞার মধ্যে এই আজ্ঞা থাকিলে কি না থাকিলে, যে আদালত ঐ অপরাধির দণ্ডের আজ্ঞা করেন তাঁহার বিচারাধিপত্যের সীমার মধ্যে কিম্বা অপরাধী নিয়ত যে জিলার মধ্যে বাস করে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্যের সীমার মধ্যে অপরাধির যে অস্থাবর সম্পত্তি থাকে উক্ত আদালত ঐ অর্থদণ্ড আদায় করিবার জন্যে ঐ সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[বাধা ও মনুষ্যের প্রাণ নাশের আশঙ্কা ও দাঙ্গা নিবারণার্থ মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৫১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে, কোন ব্যক্তিকে কোন বিশেষ কর্ম্ম করিতে নিষেধ করিলে, কিম্বা সেই ব্যক্তির অধিকারস্থ কিম্বা তত্ত্বাধীনে কোন দ্রব্য লইয়া বিশেষ নিয়মমতে কর্ম্ম করিবার আজ্ঞা করিলে

নিযমিত কর্ম্মচারি কোন ব্যক্তিবর্গের বাধা কি ক্লেশ কি হানি অথবা বাধার কি ক্লেশের কি হানির সঙ্কট

কিম্বা মনুষ্যবর্গের প্রাণের কি স্বাস্থ্যের কি নিরাপদের ব্যাঘাত

কিম্বা দাঙ্গা কি হাঙ্গামা নিবারণ হইতে পারে কি নিবারণরূপ ফল সম্ভাবনা, তবে তিনি আজ্ঞাপত্রদ্বারা তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সাধারণের অনিষ্টজনক কর্ম্ম পুনশ্চ কিম্বা নিয়ত না করিবার আজ্ঞা, মাজিষ্ট্রেট সাহেবের করিতে পারিবার কথা।]

৫২ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৬৮ ধারাতে অনিষ্ট শব্দের যে অর্থ নির্ণয় হইয়াছে অনি-

fined in section 268 of the Indian Penal Code.

টেট সাহেব কোন ব্যক্তিকে আজ্ঞা করিতে পারিবেন যে সেই অর্থানুসারে সাধারণের অনিষ্টজনক কর্ম্ম পুনশ্চ না করে কি না করিতে থাকে ইতি।

CHAPTER IV

OF THE SUMMONS

[Procedure to compel appearance]

53 When an offence has been committed or is supposed to have been committed, the process, in order to compel the person known or suspected to have committed such offence to appear for the purpose of enquiry concerning the same, may be by summons or arrest

[Summons or warrant obtainable on complaint]

54 A summons or a warrant of arrest may be obtained on a complaint as hereinafter provided

চতুর্থ অধ্যায়।

আহ্বানপত্রের বিধি।

[ব্যক্তিকে উপস্থিত করাইবার কার্য্যের কথা।]

৫৩ ধারা। কোন অপরাধ করা গেলে কি করা গিয়াছে এমত বোধ হইলে, সেই অপরাধের অনুসন্ধান করণাভিপ্রায়ে যাহাকে অপরাধী জানা গেল কি যাহার প্রতি সন্দেহ থাকে তাহাকে উপস্থিত করাইবার উপায় এই, আহ্বান কিম্বা ধৃত করা ইতি।

[নালিশ হইলে আহ্বানপত্র কি পরওয়ানা পাইতে পারিবার কথা।]

৫৪ ধারা। নালিশ হইলে সমন (অর্থাৎ আহ্বানপত্র) অথবা গ্রেপ্তারের পরওয়ানা অর্থাৎ ধৃত করিবার ক্ষমতাপত্র পশ্চাৎ লিখিত বিধান মতে দেওয়া যাইতে পারিবে ইতি।

[Examination of complainant]

55 When, in order to the issuing of a summons or a warrant against any person for an offence a complaint is made before the Magistrate of the District, or a Magistrate authorized to receive such complaint without reference from the Magistrate of the District, such Magistrate shall examine the complainant

The examination shall be reduced into writing and shall be signed by the complainant and also by the Magistrate

[বাদির পরীক্ষা গ্রহণের কথা।]

৫৫ ধারা। কোন অপরাধের জন্যে কোন ব্যক্তির নামে সমন কি পরওয়ানা বাহির হয় এই অভিপ্রায়ে যখন জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করা যায়, কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবহইতে সমর্পণ না হইলেও তদ্রূপ নালিশ গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের নিকটে নালিশ করা যায় তখন ঐ মাজিষ্ট্রেট বাদিকে সেই বিষয়ের জিজ্ঞাসাবাদ করিবেন। তাহার উত্তর লিখিয়া লওয়া যাইবে, ও বাদী এবং মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন।

[Issue of summons or warrant]

56 The Magistrate before whom such complaint is duly made shall, if it appear to him that there is sufficient ground for proceeding, issue his summons or in cases in which a warrant may issue, his warrant, for causing the person accused to appear before himself or some other Magistrate having jurisdiction

[Dismissal of complaint]

If in the judgment of such Magistrate there be no sufficient ground for proceeding he shall dismiss the complaint

[Cognizance of offences without complaint made]

57 Except as is otherwise provided in chapter XI, the Magistrate of the District, or a Magistrate in charge of a Division of a District, may without any complaint take cognizance of any offence coming to his knowledge and may issue a summons, or, in cases where a warrant may issue, a warrant of arrest against the person known or suspected to have committed such offence, in the same manner as if a complaint had been made against him

The Magistrate of the District or Magistrate in charge of a Division of a District, may in like

[আহ্বানপত্র কি পরওয়ানা দিবার কথা।]

৫৬ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উক্তমতে নালিশ উপযুক্তমতে করা যায়, তিনি বিচারকরণের উপযুক্ত কারণ দৃষ্টি করিলে অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে কিম্বা ক্ষমতাপন্ন অন্য কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করাইবার জন্যে আহ্বানপত্র দিবেন কিম্বা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে সে স্থলে পরওয়ানা দিবেন।

[নালিশ ডিসমিস্ করিবার কথা।]

যদি মাজিষ্ট্রেটের বিবেচনাতে বিচারকার্য্য চলিবার যথেষ্ট হেতু না থাকে, তবে তিনি ঐ নালিশ ডিসমিস্ করিবেন ইতি।

[নালিশ না হইলেও অপরাধ বিচারার্থে গ্রহণ করিবার কথা।]

৫৭। এই আইনের ১১ অধ্যায়ের যে স্থলে প্রকার বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার এক অংশ কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট যদি কোন অপরাধের কথা অবগত হন নালিশ না হইলেও তিনি সেই অপরাধ বিচারার্থে গ্রহণ করিতে পারিবেন। ও যাহাকে অপরাধী জানা গেল, কি যাহার প্রতি সন্দেহ থাকে, তাহার নামে নালিশ হইলে যেমন করিতে পারিতেন, তদ্রূপ আহ্বানপত্র দিতে অথবা যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারে সেই স্থলে তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার অংশের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন

manner direct any other Magistrate or Subordinate Magistrate under his orders to take cognizance of any such offence and such Magistrate or Subordinate Magistrate shall thereupon act as if a complaint had been duly made before himself

[Proviso.]

The provisions of this section shall not apply to the offences described in chapters XIX, XX and XXI of the Indian Penal Code

[Form of summons.]

58 Every summons issued by a Magistrate to an accused person shall be in writing and shall be signed and sealed by such Magistrate, and shall be in the form (B) given in the appendix to this Act or to the like effect

[Summons by whom served.]

59 A summons shall ordinarily be issued through a Police officer, but the Magistrate issuing the summons may, if immediate service be necessary and no Police officer be immediately available, direct the summons to be served by any other person

[Summons how served.]

60 The summons shall be served on the accused personally by exhibiting the original and delivering or tendering a copy to him or, if the accused person shall not be found, a copy may be left for him with some adult male member of his family residing with him

[Service when accused cannot be found.]

61 When the accused person cannot be found, and there is no adult male member of his family on whom the service can be made, the serving officer shall fix a copy of the summons on some conspicuous part of the house in which the accused person ordinarily resides

[Issue of warrant in addition to summons.]

62 A Magistrate may (notwithstanding such summons) either before the appearance of the accused person as required by the summons or after his default in so appearing, issue a warrant for arrest of him.

[Summons or warrant for offences committed beyond local jurisdiction.]

63 Any Magistrate may issue a summons or warrant for the apprehension of any person within his jurisdiction in respect of any offence known or suspected to have been committed by such person in a different District or Division or District or on the high seas, or in a foreign land for

অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেটকে ঐরূপ কোন অপরাধের বিচার করিবার আদেশ করিতে পারিবেন। তাহা হইলে, সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা নিম্ন শ্রেণীর মাজিষ্ট্রেট আপনার নিকট নালিশ হইবার মত কার্য্য করিবেন।

উপবিধি।

এই ধারার বিধান ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯ ও ২০ ও ২১ অধ্যায়ের লিখিত অপরাধের প্রতি খাটিবে না ইতি।

[আহ্বানপত্র লিখিবার পাঠ।]

৫৮ ধারা। অভিযুক্ত কোন ব্যক্তির নামে মাজিষ্ট্রেট সাহেব যে প্রত্যেক আহ্বানপত্র দেন তাহা লিখিয়া দেওয়া যাইবে ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট সাহেবের দস্তখত ও মোহর থাকিবে। তাহা এই আইনের পরিশিষ্ট পত্রের লিখিত (B) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

[আহ্বানপত্র যাহার দ্বারা দিতে হইবে তাহার কথা।]

৫৯ ধারা। আহ্বানপত্র প্রায় নিরন্তর পোলীসের কর্ম্মকারকের দ্বারা দেওয়া যাইবে। কিন্তু যদি তাহা অযোগে দেওয়া আবশ্যক হয় ও পোলীসের কর্ম্মকারককে তৎকালে পাঠান যাইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব আহ্বানপত্র দেন তিনি অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ পত্র দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[আহ্বানপত্র যে প্রকারে দিতে হইবে তাহার কথা।]

৬০ ধারা। নিজ অভিযুক্ত ব্যক্তিকে মূল আহ্বানপত্র দেখাইয়া তাহার প্রতিলিপি দেন কি দিবার প্রস্তাব করণ দ্বারা ঐ আহ্বানপত্র তাহাকে দেওয়া যাইবে। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, তবে তাহাকে দিবার জন্যে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত যে কোন পুরুষ তাহার সঙ্গে বাস করে তাহাকে ঐ প্রতিলিপি দেওয়া যাইতে পারিবে ইতি।

[অভিযুক্ত ব্যক্তির সন্ধান পাওয়া না গেলে আহ্বানপত্র দিবার নিয়মের কথা।]

৬১ ধারা। যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, ও যাহার হাতে সমন দেওয়া যাইতে পারে, তদীয় পরিবারের বয়ঃপ্রাপ্ত এমত কোন পুরুষ না থাকে তবে ঐ পত্রবাহি কর্ম্মকারক অভিযুক্ত ব্যক্তির নিয়ত বাসগৃহের কোন প্রকাশ স্থানে ঐ আহ্বানপত্রের নকল লাগাইয়া দিবে ইতি।

[সমন বাহির হইলেও পরওয়ানা দিতে পারিবার কথা।]

৬২ ধারা। উক্ত প্রকারের আহ্বানপত্র দেওয়া গেলেও, ঐ পত্রের আজ্ঞাক্রমে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার পূর্ব্বে কিম্বা উপস্থিত হইবার ত্রুটি হইলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের বহিভূর্ত স্থানে অপরাধ হইলে, সমন কি পরওয়ানা দিবার কথা।]

৬৩ ধারা। কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের কি জিলার কোন খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের মধ্যে যে অপরাধ হইলে তিনি অপরাধিকে আহ্বান করিতে কিম্বা তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন, কোন ব্যক্তি ভিন্ন জিলাতে কি জিলার ভিন্ন খণ্ডে কি সমুদ্রপথে কিম্বা

which, if committed within the jurisdiction of such Magistrate, he might issue a summons or warrant

[Provisions in this chapter as to form, service and issue of summons to apply to all summonses]

64 The provisions relating to a summons and its service and issue contained in this chapter, shall be applicable to every summons issued under this Act.

[To be continued]

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

The following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 2nd May 1868 and was referred to a Select Committee who are to report thereon after the 6th of June next —

Bill for the prevention of Cruelty to Animals

[Preamble]

WHEREAS it is expedient to make provision for the prevention of cruelty to animals it is enacted as follows —

[Interpertation of animals]

I The word 'animal' shall be taken to mean any domestic or tamed quadruped or any domestic or tamed bird

[Penalty on cruelty to animal]

II Every person who shall cruelly and wantonly beat, ill treat, torture or over drive or cause to be beaten ill treated, tortured, or over driven any animal shall be liable to a fine which may extend to one hundred Rupees

[Penalty upon overloading]

III Every person who shall overload or cause to be overloaded any animal or any vehicle drawn by any animal, or who shall drive or attempt to drive any overloaded animal or any animal attached to any overloaded vehicle shall be liable to a fine which may extend to one hundred Rupees

[Penalty on persons neglecting to feed impounded animals]

IV If any person who shall impound or confine, or cause to be impounded or confined, any animal, shall refuse or neglect to provide and supply daily good and sufficient food and water for such animal

[*Government Gazette*, 19*th May* 1868]

বিদেশে তদ্রূপ অপরাধ করিয়াছে এমত জানা গেলে কি সন্দেহ হইলে ঐ জিলায় কিম্বা জিলায় ঐ খণ্ডের মাজিষ্ট্রেট আপন বিচারাধিপত্যের মধ্যবর্ত্তি ঐ ব্যক্তির নামে আহ্বানপত্র কি ত হাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন ইতি।

[এই অধ্যায়ে আহ্বানপত্রের পাঠের ও তাহা দিবার ও বাহির হইবার যে কোন বিধান থাকে তাহা সকল সমনের উপর খাটিবার কথা।]

৬৪ ধারা। এই অধ্যায়ে আহ্বানপত্রের ও তাহা দিবার ও বাহির হইবার যে সকল বিধান লেখা হইয়াছে, তাহা এই আইনমতে দত্ত প্রত্যেক আহ্বান পত্রের প্রতি খাটিতে পারিবে ইতি।

[ক্রমশ প্রকাশ্য।]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন সভা।

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ২ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়াছে। আগামি জুন মাসের ৬ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণ করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[জন্তু শব্দের অর্থ।]

১ ধারা। জন্তু শব্দে গ্রাম্য বা পোষিত চতুষ্পদ কিম্বা গ্রাম্য বা পোষিত পক্ষি গণ্য ইতি।

[জন্তুর প্রতি নৃশংস ব্যবহারের দণ্ডের কথা।]

২ ধারা। যদি কেহ আপনি কি অন্যের দ্বারা নৃশংসরূপে ও অকারণে কোন জন্তুকে প্রহার করে কিম্বা কষ্ট কি যন্ত্রণা দেয় কি সাধ্যাতিরেকে চালায়, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অত্যধিক বোঝাই করণের দণ্ডের কথা।]

৩ ধারা। যদি কেহ কোন জন্তুর উপর কিম্বা জন্তুতে যে গাড়ি টানে তাহার উপর অত্যধিক বোঝাই দেয়, কি দেওয়ায় কিম্বা অতিরিক্ত বোঝাই জন্তুকে কি অত্যধিক বোঝাই গাড়িতে যোতান জন্তুকে চালায়, কি চালাইতে উদ্যোগ করে, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কোন ব্যক্তি খোয়াড়ে বদ্ধ জন্তুর আহার দিবার শৈথিল্য করিলে তাহার দণ্ডের কথা।]

৪ ধারা। কোন ব্যক্তি যদি কোন জন্তু খোয়াড়ে বদ্ধ কি আটক করিয়া কি খোয়াড়ে বদ্ধ কি আটক করাইয়া প্রতিদিন ঐ জন্তুর উত্তম ও প্রচুর পরিমাণের আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে, তবে

during the time it shall be so confined or impounded, he shall be liable for every day during which he may so refuse or neglect to provide or supply such food and water, to a fine which may extend to five Rupees.

[Penalty on baiting animals or inciting them to fight.]

V. Every person who shall incite any quadrupeds or birds, whether domestic or wild, to fight, or shall bait any animal, or shall aid or shall abet any one in so doing, shall be liable to a fine which may extend to fifty Rupees.

[Penalty on improperly carrying animals.]

VI. Every person who shall convey or carry, or cause to be conveyed or carried, any animal in such a manner or position as to subject such animal to unnecessary pain or suffering, shall forfeit and pay a penalty not exceeding fifty Rupees.

[Penalty on permitting diseased animals to go at large or die in public places.]

VII. Every person who shall wilfully and knowingly permit any animal of which he may be owner, to go at large in any public street, road or thoroughfare, while such animal is diseased with glanders, or shall wilfully neglect or permit any diseased animal of which he may be owner to die in any public street, road or thoroughfare, shall be liable to a fine which may extend to one hundred Rupees.

[Penalty on employing animal unfit for labor.]

VIII. Every person who shall employ or cause to be employed in any work or labor any animal, which in consequence of any disease, infirmity, wounds, or sores, is unfit to be so employed, shall be liable to a fine which may extend to fifty Rupees.

[Repeal of Clauses.]

IX. Section LXVII of Act IV of 1866, and Clause 16 of Section XL of Act II of 1866, respectively, passed by the Lieutenant Governor of Bengal in Council, are hereby repealed.

[Limit of Act.]

X. This Act shall extend to the Town of Calcutta, and to the Suburbs of the Town of Calcutta as defined by any Notification under Section I of the said Act II of 1866.

[Power to extend Act.]

XI. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette*, to extend this Act to any city, town, station, bazaar, cantonment, village or tract of country, to be mentioned and defined in such order, and from time to time, by any order published as aforesaid, to revoke, vary, amend, or alter any such order.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৯ মে।]

যত দিন সে উক্তরূপ আহার ও জল দিতে অস্বীকার কি শৈথিল্য করে তাহার দিনপ্রতি সেই ব্যক্তির পাঁচ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[জন্তুর লড়াই করাইলে কি লড়াইয়ের নিমিত্তে রাগাইয়া দিলে দণ্ডের কথা।]

৫ ধারা। কোন ব্যক্তি গ্রাম্য বা বন্য কোন চতুষ্পাদ জন্তুকে কি পক্ষিকে লড়াই করিতে রাগাইয়া দিলে কিম্বা লড়াই করাইলে অথবা সেই কার্য্যকারি ব্যক্তির সহায়তা কি সাহায্য করিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[অবিহিতরূপে জন্তু লইয়া যাইবার দণ্ডের কথা।]

৬ ধারা। যাহাতে জন্তুর অনর্থক ক্লেশ বা কষ্ট হয়, যদি কোন ব্যক্তি কোন জন্তু এমত ভাবে চালান করে কি লইয়া যায় কি চালান করায় কি পাঠাইয়া দেয় তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড দিতে হইবে ইতি।

[রোগা জন্তু ছাড়িয়া দিলে কিম্বা কোন প্রকাশস্থানে মরিতে দিলে দণ্ডের কথা।]

৭ ধারা। কোন ব্যক্তি কোন জন্তুর স্বামী হইয়া যদি ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক ঐ জন্তুকে পীড়িত অবস্থায় কোন রাজপথে কি পথে কি সাধারণের গমনীয় পথে চরণার্থে যাইতে দেয় কিম্বা ইচ্ছা কি জ্ঞানপূর্ব্বক কোন রাজপথে, কি পথে কি সাধারণের গমনীয় পথে মরিতে দেয়, তবে সেই ব্যক্তির এক শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[কার্য্যক্ষম জন্তুকে কার্য্য করাইলে দণ্ডের কথা।]

৮ ধারা। কোন জন্তু রোগ কি দুর্ব্বলতা, কি আঘাত কি ক্ষতপ্রযুক্ত কার্য্য করিতে অনুপযুক্ত হইলেও যদি কোন ব্যক্তি আপনি কি অন্যের দ্বারা তাহাকে কর্ম্ম করায়, তবে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ধারা রহিত করণের কথা।]

৯ ধারা। এতৎক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার প্রচলিত ৮৬৬ সালের ৪ আইনের ৬৭ ধারা ও ১৮৬৬ সালের ২ আইনের ৪০ ধারার ১৬ প্রকরণ রহিত করা গেল ইতি।

[আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।]

১০ ধারা। ১৮৬৬ সালের উক্ত ২ আইনের ১ ধারানুযায়ি কোন জ্ঞাপনিদ্বারা কলিকাতা নগরের ও তৎশাখানগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইন সেই সীমার মধ্যে প্রবল হইবে ইতি।

[আইন প্রচলিত করিবার ক্ষমতার কথা।]

১১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে নগরে, শহরে, স্থানে, বাজারে, সৈন্যাবাসে, গ্রামে, কি প্রদেশে এই আইন প্রচলিত করিতে চাহেন তিনি, কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ পূর্ব্বক সেই নগরাদির নাম ও তাহার সীমা প্রকাশ করিবেন এবং পূর্ব্বোক্ত প্রকারের জ্ঞাপনি প্রকাশ করিয়া সময়ে২ তদ্রূপ কোন আজ্ঞা রহিত, প্রকারান্তর, সংশোধন কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

Statement of Objects and Reasons

The law at present in force for preventing cruelty to animals in Calcutta having hitherto failed to hinder the occurrence of numerous cases of very gross cruelty, it seems expedient to amend the law so as more effectually to check such cases

With this view the present Bill has been prepared, which makes but little change in the substantive law, but points out more clearly the class of acts which come within the meaning of the word "cruelty" Provision is also made for extending the law to places not in the town or suburbs of Calcutta in which it may be considered that it would operate beneficially

PEARY CHAND MITTRA

The 18th April 1868

J PITT KENNEDY,
Asst Secy to the Govt of Bengal
Legislative Dept

[অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।]

জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থে যে ব্যবস্থা কলিকাতায় প্রবল আছে তদ্দ্বারা অনেক স্থলে অত্যন্ত নৃশংস ব্যবহার নিবারিত হইতে পারে নাই। এই হেতুক সেই ব্যবস্থা সংশোধন করিয়া সেই ব্যবহার ফলজনকরূপে দমন করা বিহিত বোধ হইল।

এই অভিপ্রায়ে এই পাণ্ডুলিপি প্রণীত হইয়াছে। কিন্তু ইহাতে মূল ব্যবস্থার যৎকিঞ্চিৎ পরিবর্ত্তন হইল। "নৃশংস ব্যবহার" শব্দের অর্থের মধ্যে যে২ ক্রিয়া শ্রেণী আইসে তাহা পূর্ব্বাপেক্ষা স্পষ্টরূপে ব্যক্ত করা গেল। কলিকাতা নগর কি শাখানগরভিন্ন অন্য যে২ স্থানে প্রচলিত করিলে মঙ্গল সম্ভবেনা এমত স্থানেও এই ব্যবস্থা প্রচলিত করিবার বিধান করা গিয়াছে।

প্যারীচাঁদ মিত্র।

৬৮ সাল ১৮ আপ্রেল।

জেপিট কেনেডী।
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868 and was referred to a Select Committee who are to report thereon within five days —

A Bill to amend the Law respecting Appeals in cases under Regulation VII of 1822

[Preamble]

WHEREAS by Section XXIX of Regulation VII of 1822 it is provided that the decisions of Collectors in suits brought under the provisions of this Regulation should be appealable to the Board of Revenue or other authority exercising the powers of the Board of Revenue at any time before the expiration of three months from the date of the decision appealed against and it is expedient to shorten the time for bringing such appeal It is enacted as follows —

[Appeals under Section 29 Regulation VII 1822 to be presented within one month from date of decision appealed against]

1 No petition of appeal presented under the provisions of Section XXIX of Regulation VII of 1822 shall be received after the expiration of one month from the date of the decision against which such appeal is presented unless sufficient cause shall be shewn for the delay to the satisfaction of the authority to which such appeal is presented

নিম্নলিখিত পাণ্ডুলিপি ৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়াছে। পঞ্চ দিবসের মধ্যে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

[illegible] সালের ৭ আইনমত মোকদ্দমার উপর আপীল বিষয়ক ব্যবস্থা সংশোধনার্থে [illegible] পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

৮২২ সালের ৭ আইনের ২৯ ধারায় এই বিধান। ঐ আইনের বিধানমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে কালেক্টর সাহেবেরদের যে নিষ্পত্তি হয় সেই নিষ্পত্তির তারিখঅবধি তিন মাস অতীত হওনের পূর্ব্বে কোন সময়ে রেবিনিউ বোর্ডের নিকটে কিম্বা যে কর্তৃপক্ষ রেবিনিউ বোর্ডের ক্ষমতাতে কর্ম্ম করেন তাঁহার নিকটে সেই নিষ্পত্তির উপর আপীল হইতে পারিবে। কিন্তু উক্ত আপীল উপস্থিত করিবার সময় সংক্ষেপ করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[৮২২ সালের ৭ আইনের ২৯ ধারাতে যে আপীল করা যায় নিষ্পত্তির তারিখঅবধি এক মাসের মধ্যে তাহা উপস্থিত করিতে হইবে।]

১ ধারা। ৮২২ সালের ৭ আইনের ২৯ ধারার বিধানমতে আপীলের যে দরখাস্ত উপস্থিত করা যায় তাহা যে নিষ্পত্তির উপর হয় সেই নিষ্পত্তির তারিখঅবধি এক মাস অতীত হইবার পূর্ব্বে উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবে না। কিন্তু যে কর্তৃপক্ষের নিকটে আপীল করা যায় তাঁহার হৃদ্বোধমতে বিলম্বের বিশিষ্ট হেতু দর্শান গেলে এক মাসের পরও গ্রাহ্য হইতে পারিবে ইতি।

Statement of Objects and Reasons

THE only cases before the Revenue Board in which a longer period than one month is allowed

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

৮২২ সালের ৭ আইনমতের মোকদ্দমায় কালেক্টর সাহেবের আজ্ঞার উপর যে আপীল করা যায়

for an appeal from the orders of a Collector, are cases under Regulation VII of 1822, in which, by the 29th Section of the Law, a period of three months is allowed

This length of time has been found practically inconvenient now that, by the creation of the offices of Commissioner of Revenue in 1829 and of Uncovenanted Deputy Collectors in 1833, the proceedings of the Revenue Authorities undergo revision, always it may be said twice and sometimes three times before they are final This inconvenience is felt principally in the disposal of the Dearah Survey cases, which are decided under the provisions of the law above quoted and the object of the present Bill is to substitute in that law one month, for three months, as the period of appeal in those and in all other cases decided under Regulation VII of 1822

E T TREVOR

The 2nd May 1868

J PITT KENNEDY

Asst Secy to the Govt of Bengal,
Legislative Department

রাজস্বের কার্য্যকারকদের সম্মুখে ডিক্রির জন্য আপীল করিবার এক মাসের অধিক মিয়াদ নাই। উক্ত আইনের ২৯ ধারার বিধানমতে কেবল ঐ২ আপীলের তিন মাস মিয়াদ দেওয়া গিয়াছে।

১৮২৯ সালে রাজস্বের কমিসানরী পদ ও ১৮৩৩ সালে অচিহ্নিত ডেপুটী কালেক্টরের পদ স্থাপন হওয়া ও রাজস্বের কার্য্যকারদের কার্য্য চূড়ান্ত হইবার পূর্ব্বে সর্ব্বদাই দুইবার কখন২ তিন বার পুনর্বিবেচিত হইয়া থাকে। এই অবস্থায় উক্ত দীর্ঘ মিয়াদ কার্য্যপক্ষে অসুবিধাজনক হইয়াছে। দিয়ারার জরীপী কার্য্যের যে মোকদ্দমা পূর্ব্বোল্লিখিত আইনের বিধানমতে নিষ্পত্তি হইয়া থাকে সেই নিষ্পত্তি করণে এই অসুবিধার বিলক্ষণ উপলব্ধি হইল। এই হেতু ১৮২২ সালের ৭ আইনমতে উক্ত ও অন্য যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহার উপর উক্ত আইনে আপীলের যে তিন মাস মিয়াদ আছে তৎপরিবর্ত্তে এক মাস করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

ই টি ট্রেবর

১৮৬৮ সাল ২ মে।

জে পিট কেনিডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী

THE following Bill, as settled by the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 9th May 1868 is, by order of the President, published for general information —

নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৮ সালের মে মাসের ৯ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় গঠিত হইয়া সভাপতির আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

A Bill to amend the District Municipal Improvement Act

মফস্বলের নগরাদির সৌষ্ঠব করণের আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[Preamble]

WHEREAS it is expedient to exempt owners of unoccupied houses, in places subject to the provisions of the District Municipal Improvement Act from some portion of the rate to which they are now liable in respect of such houses, It is enacted as follows —

[হেতুবাদ।]

মফস্বলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের বিধাধীন স্থানে যে বাটী শূন্য হয়, এইক্ষণে স্বামিদের ঐ বাটীর যে টাক্স দিতে হয় তাহার কোন অংশ হইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত, এই হেতু নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[Remission on account of vacant house Proviso]

1 When any house in any place shall have been vacant for sixty consecutive days during any year the Municipal Commissioners shall remit so much not exceeding one half of the rate for that year, as may be proportionate to the number of days during which such house may have remained unoccupied Provided that notice in writing shall have been given to the Municipal Commissioners of the vacancy of such house, and that the amount of rate to be remitted shall be calculated from the date of the delivery of such notice to the end of the quarter then current Provided

[বাটী শূন্য হইলে টাক্স ক্ষমা হইবার কথা ও উপবিধি।]

১ ধারা। কোন স্থানে যদি কোন বাটী কোন বৎসরের মধ্যে ক্রমান্বয়ে ষাইট দিন শূন্য থাকে, তবে উক্ত বাটী যত দিন শূন্য থাকে মুনিসিপাল কমিস্যনরেরা হারাহারি হিসাব করিয়া ঐ ঘরের সেই বৎসরের অর্দ্ধেক টাক্সের অনধিক ক্ষমা করিতে পারিবেন। কিন্তু বাটী শূন্য হইলে মুনিসিপাল কমিস্যনরদিগকে লিখিত সংবাদ দিতে হইবে, সেই সংবাদ দিবার তারিখঅবধি তৎকালীন চলিত তিন মাসের শেষ পর্য্যন্ত হিসাব করিয়া তদনুসারের টাক্স ক্ষমা করা যাইবে। শূন্য হইয়া সেই সংবাদ যে তিন মাসের মধ্যে দেওয়া যায় কেবল সেই তিন মাস বলবৎ থাকিবে। তৎপরের তিন মাসের প্রথম পক্ষের দিনের মধ্যে তদ্রূপ শূন্য

also that no notice of vacancy given under this Section shall have effect beyond the end of the quarter in which it may be given, unless a similar notice of continued vacancy be given within the first fifteen days of the following quarter

[Construction]

II This Act shall be read with and as part of the "District Municipal Improvement Act"

J PITT KENNEDY,
Asst Secy to the Govt of Bengal
Legislative Department

থাকার সংবাদ না দেওয়া গেলে তাহার কোন ফল দর্শিবে না ইতি।

[ব্যাখ্যা।]

২ ধারা। এই আইন "মফঃসলের নগরাদির সৌষ্ঠব করণের আইনের" সঙ্গে ও তাহার অংশস্বরূপ পাঠ ও জ্ঞান করিতে হইবে ইতি।

জে পিট কেনেডী,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL

No 2032

APPOINTMENTS

The 6th May 1868

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Noakhally —

Baboo Jugodishnath Roy
" Mohesh Chunder Bose

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Comillah —

Mr V Irwin
" E Delanney

Syed Munsoor Ali Khan to be a Member of the Local Committee of Public Instruction at Moorshedabad for the management of the Nizamut School

Mr J G Farquharson to be Special Sub Registrar of Assurances of the Sub Districts of Monghyr and Bhaugulpore

The 7th May 1868

Colonel J C Brooke, officiating Agent to the Governor General with the King of Oude, is vested with the powers of a Magistrate in the 24 Pergunnahs for the trial of cases arising within the limits of the premises of the King of Oude

The 8th May 1868

Baboo Jadub Chunder Chuckerbutty to officiate as Moonsiff of Culna, in Burdwan, during the absence, on deputation, of Baboo Gooroopersaud Sen, or until further orders

Mr H A Cockerell to be Magistrate and Collector of Tirhoot

Mr A J Elliot to be Magistrate and Collector of Gya, but to continue to officiate as Civil and Sessions Judge of Dinagepore

Mr J Lambert to officiate as District Superintendent of Police, Patna, during the absence,

[*Government Gazette, 19th May* 1868]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

২০৩২ নম্বর।

নিয়োগ।

১৮৬৮ সাল ৬ মে।

নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালীর সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুক্ত বাবু জগদীশনাথ রায়।
" বাবু মহেশচন্দ্র বসু।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লা নগরের মুনিসিপাল কমিসনর হইবেন।

শ্রীযুক্ত বি আর্বিন সাহেব।
" ই ডিলানী সাহেব।

শ্রীযুক্ত সৈয়দ মনসুর আলী খাঁ মুরশিদাবাদস্থ নিজাম বিদ্যালয়ের কার্য্যসম্পাদনার্থ সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর এক জন মেম্বর হইবেন।

শ্রীযুক্ত জে জি ফরকোয়ার্সন সাহেব মুঙ্গের ও ভাগলপুর সব ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৮ সাল ৭ মে।

অযোধ্যার রাজার বাটীর সীমার মধ্যে যে সকল মোকদ্দমা উপস্থিত হয় অযোধ্যার রাজার পক্ষে শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের একটিং এজেন্ট কর্ণেল শ্রীযুক্ত জে সি ব্রুক সাহেব তাহার বিচার করণার্থে ২৪ পরগনায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ৮ মে।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু গুরুপ্রসাদ সেনের অনুপস্থিতিকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী বর্দ্ধমানের অন্তর্গত কালনার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত এচ এ কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুক্ত এ জে এলিয়ট সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু দিনাজপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে লেপ্টেনেণ্ট শ্রীযুক্ত ডবলিউ ই চেম্বর্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা

on deputation, of Lieutenant W E Chambers or until further orders

Mr E I Shuttleworth to be District Superintendent of Police Gya

Captain G M Bowie to be District Superintendent of Police, Jessore but to continue to officiate, until further orders as Deputy Inspector General of the Second Police Circle

Mr W D Pratt to officiate as District Superintendent of Police Shahabad during the absence on leave, of Captain J C C Daunt v c or until further orders

Mr A Anley to officiate as District Superintendent of Police, Jessore during the absence on deputation, of Captain G M Bowie or until further orders

The following Assistant Superintendents of Police are transferred —

Mr A L W Jerdon from Sarun to Hooghly

" A. Blair from Tirhoot to Gya

" H V H Roberts, from Dacca to the 24 Pergunnahs

The 9th May 1868

Sub Assistant Surgeon Rajmohun Banerjee to be House Physician to the First Physician's Wards in the Calcutta Medical College Hospital

Baboo Gopal Chunder Sen Deputy Magistrate and Deputy Collector of Bancoorah is transferred to Burdwan and vested with the powers of a Magistrate in the latter District

The 12th May 1868

Mr W F Meres to be an Assistant to the Magistrate and Collector of Mymensing to have charge of the Sub Division of Jumalpore and to exercise the powers of a Magistrate and Deputy Collector in that District

Lieutenant Colonel J Dawson to be a Municipal Commissioner for the Town of Burdwan

Baboo Denonath Addy Deputy Magistrate and Deputy Collector of Nuddea, to have charge of the Sub Division of Meherpore

Baboo Brohmonath Sen Deputy Magistrate and Deputy Collector of Nuddea to have temporary charge of the Sub Division of Bongong

Coomar Brojendronarain Deb Deputy Magistrate and Deputy Collector of Meherpore is transferred to the Sudder Station of the District of Nuddea

Lieutenant W E Rutherfurd Assistant Commissioner, Seebsaugor is transferred to Durrung

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ১৯ মে।]

অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে লাম্বর্ট সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই আই শটলওয়ার্থ সাহেব গয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

কপ্তান শ্রীযুত জি এম বৌই সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের দ্বিতীয় চক্রের ডেপুটী ইনিস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

কপ্তান শ্রীযুত জে সি সি ডণ্ট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ ডি প্রাট সাহেব শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে কাপ্তান শ্রীযুত জি এম বৌই সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ আন্‌লী সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পোলীসের নিম্নলিখিত আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন।

সারণ হইতে হুগলীতে শ্রীযুত এ এল ডবলিউ জার্ডন সাহেব।

ত্রিহুত হইতে গয়ায় শ্রীযুত এ ব্লের সাহেব।

ঢাকা হইতে ২৪ পরগণায় শ্রীযুত এচ বি এচ রবর্টস্ সাহেব।

১৮৬৮ সাল ৯ মে।

সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু রাজমোহন বন্দ্যোপাধ্যায় কলিকাতা মেডিকাল কালেজ হাস্পাতালের ফার্ষ্ট ফিজিশ্যন ওয়ার্ডের হৌস ফিজিশন্ হইবেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র সেন বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৮ সাল ১২ মে।

শ্রীযুত ডবলিউ এফ মিয়র সাহেব ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইয়া জামালপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা ক্রমে কর্ম্ম করিবেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে ডাসন সাহেব বর্দ্ধমান নগরের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য মেহেরপুর শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রহ্মনাথ সেন কিয়ৎকালের নিমিত্তে বনগ্রাম শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

মেহেরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার ব্রজেন্দ্র নারায়ণ দেব নদীয়ার সদর মোকামে নিযুক্ত হইয়াছেন।

শিবসাগরের আসিষ্টাণ্ট কমিসনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ই রদরফর্ড সাহেব দরঙ্গে নিযুক্ত হইয়াছেন।

Lieutenant E N De LaTouche, Assistant Commissioner, Durrung, is transferred to Kamroop

LEAVE OF ABSENCE

The 6th May 1868

Mr C N Banerjee, Deputy Magistrate and Deputy Collector of Beerbhoom for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

Baboo Poornanund Surma Burooah, Extra Assistant Commissioner of Gowalparah is allowed leave of absence, without pay, from the 23rd August to 9th October 1867

Moulvie Syed Hossein Ali Sub Assistant Commissioner in charge of Pakour, Sonthal Pergunnahs, for ten days without pay, in addition to the five days' casual leave during the Mohurrum

Dr B N Hyatt Medical Officer of Ranchee, for fifteen days, from the date on which he may have availed himself of the leave, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency The privilege leave granted to him under orders of the 18th ultimo, is cancelled

Moonshee Moynooddeen, late Assessor of License Tax at Gowalparah is allowed leave of absence from the 4th December 1867 to the 2nd February 1868, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

Baboo Kedarnath Pundit Deputy Magistrate and Deputy Collector of Shahabad, for one month, from the 27th instant under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules

The 7th May 1868

Mr R S O'Connor, District Superintendent of Police, Singbhoom, for one year, without pay, under the Financial Notification of the Government of India, dated the 4th June 1864, together with thirty days' preparatory leave

The 8th May 1868

Lieutenant J Gregory Deputy Commissioner, Naga Hills, for fifteen days, on private affairs, under the Financial Notification, dated the 22nd February 1856, in extension of the leave allowed to him in orders of the 20th March last

Dr B N Hyatt, Medical Officer of Ranchee, for twenty months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

The 9th May 1868

Mr R Grant, Assistant Superintendent of Police Hazareebaugh, for two months, from the 1st instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

দরঙ্গের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ই এন ডি, লাটুশ্ সাহেব কামরূপে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬৮ সাল ৬ মে।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এন বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত বাবু পূর্ণানন্দ শর্ম্মা বড়ুয়া ১৮৬৭ সালের আগষ্ট মাসের ২৩ তারিখ অবধি অকটোবর মাসের ৯ তারিখ পর্য্যন্ত বিনাবেতনে ছুটী পাইয়াছেন।

সাঁওতাল পরগনার পাকৌড়ের কর্ম্মের ভারপ্রাপ্ত সব আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত মৌলবী সৈয়দ হুসেন আলী মহরমের সময়ে যে পাঁচ দিন ছুটী পান তদতিরিক্ত বিনা বেতনে দশ দিনের ছুটী পাইয়াছেন।

রাঞ্চির চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি এন হায়্যাট সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন, গত মাসের ১৮ তারিখের আজ্ঞামতে তিনি যে অনুগ্রহের ছুটী পান তাহা রহিত হইল।

গোয়ালপাড়ার লাইসেন্স টাক্সের ভূতপূর্ব্ব আসেসর শ্রীযুত মুন্শী ময়নুদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৪ তারিখঅবধি ৮৬৮ সালের ফেব্রুআরি মাসের ২ তারিখ পর্য্যন্ত ছুটীর অনুমতি পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ পণ্ডিত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ২৭ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৭ মে।

সিংহভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর এস ও'কনর সাহেব ফিনানসিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ৮৬৪ সালের জুন মাসের ৪ তারিখের বিজ্ঞাপনমতে বিনা বেতনে এক বৎসরের ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৮ মে।

নাগাপর্ব্বতের ডেপুটী কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব গত মার্চ মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত নিজ প্রয়োজনের নিমিত্তে ফিনানসিয়ল ডিপার্টমেন্টের ৮৫৬ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের বিজ্ঞাপনমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

রাঞ্চির চিকিৎসক ডাক্তর শ্রীযুত বি এন হায়্যাট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১ ধারামতে বিশ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৮ সাল ৯ মে।

হাজারীবাগের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর গ্রান্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

The 11th May 1868

Dr R F Hutchinson, Civil Surgeon of Patna for ten days, under Section 6 of the Covenanted Service Absentee Rules from the 20th instant

The 12th May 1868

Mr F J G Campbell Assistant Magistrate and Deputy Collector of Jamalpore, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules

Baboo Puddolochun Doss Moonsiff of Gowalparah, for twenty two days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules in continuation of the time allowed to him under the Rules to join his present appointment

Mr J F Campbell, Extra Assistant Commissioner, Luckimpore, for two months, under the orders of the Secretary of State for India dated 8th November 1865

Baboo Kamikhyanath Acharja, Sub Assistant Surgeon, on Special duty at Nuddea for one month, from the 24th ultimo under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules

NOTIFICATION

The 5th May 1868

The services of Dr A FitzGerald, Civil Surgeon of Moteeharee, are placed at the disposal of the Government of India in the Military Department

The 8th May 1868

The extension leave granted to Captain J C C Daunt v c, District Superintendent of Police Shahabad under orders of the 24th ultimo, is cancelled at his own request

The 9th May 1868

The following Officers of the Civil Service reported their departure from India per Steamer *Simla*, which was left at sea by the Pilot on the 15th ultimo *viz* —

Mr F H Pellew
" H F J Kean
" P Hurley

NOTIFICATION

The 6th May 1868

The following Resolution of the Government of India in the Financial Department is published for general information —

No 2284

GOVERNMENT OF INDIA,

FINANCIAL DEPARTMENT

Leave and Allowances

Fort William, the 24th April 1868

Read—

The undermentioned correspondence regarding a proposal to mitigate the operation of the rule contained in

১৮৬৮ সাল ১১ মে।

পাটনার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর এফ হচিন্সন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এই মাসের ২০ তারিখ অবধি দশ দিনের ছুটী পাইযাছেন।

জামালপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইযাছেন।

গোয়ালপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু পদ্মলোচন দাস স্বীয় বর্ত্তমান কর্ম্মস্থানে পঁহুছিতে পারিবার নিমিত্তে যে সময়ের অনুমতি পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে বাইশ দিনের ছুটী পাইযাছেন।

লক্ষ্মীপুরের অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে এফ কাম্বেল সাহেব ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্ট্রেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিশেষ কর্ম্মোপলক্ষে নদীয়া গমনকারী সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু কামাক্ষানাথ আচার্য্য অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ২৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৫ মে।

মতিহারির সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এ ফিট্‌স্‌জেরলড সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইযাছেন।

১৮৬৮ সাল ৮ মে।

শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে সি সি ডণ্ট সাহেব বি, সি গত মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে অতিরিক্ত ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৮ সাল ৯ মে।

নিম্নলিখিত কার্য্যকারকেরা শিমলা নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটী সাহেব সেই জাহাজ গত মাসের ৫ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

শ্রীযুত এফ এচ পেলু সাহেব।
" এচ এফ জে কীন সাহেব।
" পি হলে সাহেব।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৬ মে।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টে নিম্নলিখিত নিদ্ধারণ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

২২৮৪ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ফিনানসিযল ডিপার্টমেণ্ট।

ছুটী ও পাথেয়।

ফোর্ট উলিয়ম ১৮৬৮ সাল ২৪ আপ্রিল।

নিদ্ধারণ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বি করিয়াছেন। কোন কার্য্যকারক রাজকীয় কার্য্যোপলক্ষ

the Resolution No 1467 passed in this Department on the 23rd July 1866 for deductions on account of table money in the cases of Public Officers provided with free passage when they travel on duty by sea

---

The 7th May 1868

The following Resolution of the Government of India, in the Home (Legislative) Department is published for the information and guidance of all Officers subordinate to the Government of Bengal —

No $\frac{31}{195}$

Extract from the Proceedings of the Government of India, in the Home Department, (Legislative), under date the 27th April 1868

RESOLUTION

The Governor General in Council has observed that Public Officers are in the habit of addressing demi official communications to the Legislative Branch of this Department, or to Members of the Council of the Governor General on the subject of Bills pending before the Council of His Excellency for making Laws and Regulations and that the practice has become a source of considerable inconvenience and confusion His Excellency in Council therefore, requests that all Local Governments and Administrations will be so good as to inform all Officers serving under them that, if such Officers wish to offer any remarks in regard to Bills under consideration they should do so through the Local Government under which they may be serving This Resolution is not intended to apply to Judges of the High or Chief Courts

---

NOTIFICATION

The 7th May 1868

Under Section 6 of the Indian Registration Act, 1866, the Lieutenant Governor is pleased to make the following alterations in the limits of the Nazir ka hat and Chittagong Sub-Districts —

On and after the 15th May 1868, the Sub District of Nazir ka hat shall cease to exist, and the Sub District of Chittagong shall be conterminous with the Sub Division of Chittagong

The Office or Offices of the Chittagong Sub District as hereby defined shall be at Chittagong

[*Government Gazette*, 19*th May* 1868]

কিয়ৎকালের নিমিত্তে সদর স্থানে অনুপস্থিত থাকিলে যদি ১৮৬৬ সালের জুলাই মাসের ২৩ তারিখের আজ্ঞামতে তাঁহার বিনাব্যয়ে সমুদ্রপথে গমনের উপায় করা যায়, তবে স্থলপথে যাত্রা করিতে হইলে তিনি প্রতিদিন যত টাকা লইবার অনুমতিপ্রাপ্ত হন তাঁহার আহারীয় খরচ যত দিন দিতে হয় তত দিনের নিমিত্তে তিনি ঐ টাকার অর্দ্ধেক লইতে পারিবেন।

১৮৬৮ সাল ৭ মে।

দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত নির্দ্ধারণ বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন সকল কার্য্যকারকের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা গেল।

$\frac{৩১}{১৯৫}$ নম্বর।

দেশীয় ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্য হইতে উদ্ধৃত কথা।

নির্দ্ধারণ।

মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার সম্মুখে আইনের পাণ্ডুলিপি উপস্থিত থাকিলে রাজকীয় কার্য্যকারকেরা এই ডিপার্টমেণ্টের ব্যবস্থা বিভাগের কর্ম্মকারকদের নিকটে কিম্বা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার সভ্যদের নিকটে তদ্বিষয়ের পত্র প্রেরণ করিয়া থাকেন ও সেই রীতিতে বহুক্লেশ ও বিশৃঙ্খলতা হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণরজেনেরল সাহেব ইহা দেখিতে পাইয়া এই আদেশ করিয়াছেন। স্থানীয় গবর্ণমেণ্টের ও কর্ত্তৃত্বকার্য্য নিরূপণাধিকারী কর্ত্তৃপক্ষ সাহেবদের অধীন কার্য্যকারকেরা যখন বিবেচনাধীন কোন পাণ্ডুলিপির বিষয়ে আপনাদের মনোগত ভাব জানাইতে চাহেন, তখন যে গবর্ণমেণ্টের অধীন কর্ম্ম করিয়া থাকেন তাহার দ্বারা সেই বিষয়ের পত্র পাঠাইবেন। উক্ত গবর্ণমেণ্ট তাঁহাদিগকে এই কথা জ্ঞাত করুন। এই নির্দ্ধারণ হাই কি প্রধান কোর্টের কার্য্যকারকদের প্রতি বর্ত্তে না।

বিজ্ঞাপন

১৮৬৮ সাল ৭ মে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৬ সালের ভারতবর্ষীয় রেজিষ্টরী আইনের ৬ ধারামতে নাজিরকা হাট ও চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টের সীমার নিম্নলিখিত পরিবর্ত্তন করিলেন।

১৮৬৮ সালের মে মাসের ১৫ তারিখ অবধি নাজিরকাহাট সব ডিষ্ট্রিক্ট উঠিয়া যাইবে এবং চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টেরসীমা, চট্টগ্রাম শাখাখণ্ডের সীমার সহিত মিলিবে।

চট্টগ্রাম সব ডিষ্ট্রিক্টের যে কার্য্যালয় কি কার্য্যালয় সকল উক্ত সীমার মধ্যে থাকে তাহা চট্টগ্রামে হইবে।

The following Notification published in the *Bombay Government Gazette* Extraordinary of the 2nd instant, is re published for general information —

PART I

NOTIFICATION

MILITARY DEPARTMENT

Bombay Castle, 2nd May 1868

His Excellency the Governor in Council has the pleasure of publicly announcing that the Force under the Command of Lieutenant General SIR ROBERT NAPIER G C S I and K C B, and Commander in Chief of the Bombay Army completely routed the Abyssinian Army which opposed it near Magdala on the 10th April King THEODORUS, on the two following days, sent into the British Camp all the Europeans who were in his power, both Captives and those in his service, in all sixty one persons, men, women, and children King THEODORUS refusing to surrender himself and shutting himself up in Magdala, that fortress was taken by Assault on 13th April, and King THEODORUS was killed in defending it No report has been received of any one of the British Force being killed One Officer and fifteen men were wounded in the engagement of the 10th April

His Excellency in Council directs that a Royal Salute be fired from the Garrison of Bombay this day in honour of this Victory

---

DECLARATION

The 6th May 1868

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz*, for the site of a Police Station at Burrabazar, Pergunnah Burrabhoom, Zillah Maunbhoom, it is hereby notified that for the above purpose, a piece of land, measuring, more or less, 3 beegahs, 2 cottahs and 10 gundahs, bounded on the North by the public road on the South by the plot of garden surrounding the house of Rakhal Sooree on the West by a Tank, distant 150 feet from the Station house, and on the East by a line drawn from the public road skirting a peepul tree to a line with Rakhal's compound on the South, is required

This Declaration is made under the provisions of Section 2 Act VI of 1857, to all whom it may concern

---

DECLARATION

The 7th May 1868

Whereas it appears to the Hon'ble the Lieutenant Governor of Bengal that land is requir-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৮। ৯ মে।]

বোম্বাই গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্রে নিম্নলিখিত যে বিজ্ঞাপন প্রকাশ হইয়াছে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

প্রথম খণ্ড।

বিজ্ঞাপন।

সমরসম্পর্কীয় কার্য্যবিভাগ।

বোম্বাই দুর্গ, ১৮৬৮ সাল ২ মে।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেব আহ্লাদ পূর্ব্বক সাধারণ সমীপে প্রকাশ করিতেছেন যে লেপ্টেনেণ্ট জেনরল শ্রীযুত সর্ রবর্ট নেপিয়র জি, সি, এস, আই ও কে, সি, বি, সাহেবের এবং বোম্বাই সৈন্যের প্রধান সেনাপতির অধীন সৈন্যগণ আপ্রিল মাসের ১০ তারিখে মাগডালার নিকট বিপক্ষ আবসিনীয় সৈন্যগণকে সম্পূর্ণরূপে পরাভব করিয়াছে। তৎপরে থিওডোরস্ রাজা ইউরোপীয় পুরুষ স্ত্রী ও বালক বালিকা সুদ্ধ যাহাদিগকে বন্দী রাখিয়াছিলেন এবং আপনার অধীন কোন পদে নিযুক্ত করিয়াছিলেন এমত একষাট্টি জনকে ক্রমান্বয়ে দুই দিনে ব্রিটনীয় শিবিরে প্রেরণ করিলেন। তিনি আত্ম সমর্পণে অস্বীকৃত হইয়া ম্যাগডালার আশ্রয় গ্রহণ করিলে আপ্রিল মাসের ১৩ তারিখে সেই দুর্গ আক্রমণ করিয়া গ্রহণ কালে থিওডোরস রাজা তাহা রক্ষা করণে হত হইয়াছেন। ব্রিটনীয় কোন সৈন্য হত হওয়ার সংবাদ পাওয়া যায় নাই, ১০ আপ্রিল তারিখের যুদ্ধে এক জন সৈন্যাধ্যক্ষ ও পঞ্চদশ জন সৈন্য আহত হইয়াছে মাত্র।

মন্ত্রি সভাধিষ্ঠিত মহিমবর উক্ত শ্রীযুত আজ্ঞা করিলেন যে, এই জয় লাভ জন্য বোম্বাই দুর্গ হইতে অদ্য রাজ—সম্মানসূচক তোপধ্বনি করা যায়।

বিজ্ঞাপন।

৮৬৮ সাল ৬ মে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মানভূম জিলার বড়ভূম পরগনার বড় বাজারে থানা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৩/২৷০ গণ্ডা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজ পথ, দক্ষিণ সীমা রাখাল শুড়ির বাটী বেষ্টিত বাগান পশ্চিম সীমা ষ্টেশন হৌস হইতে ৫০ ফুট দূরস্থ পুষ্করিণী পূর্ব্বসীমা রাজপথহইতে পিপুলগাছের নিকট দিয়া রাখালের বাটীর সীমার দক্ষিণ দিগে যে রেখা টানা যায় তাহা।

উক্ত ভুমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধান মতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

১৮৬৮ সাল ৭ মে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতার

ed to be taken by Government at the public expense, for a public purpose, *viz*, for purposes connected with the Calcutta Water works, it is hereby declared that a plot of land, situated in Baparee tollah Lane, in the Town of Calcutta measuring 17 cottahs and 10 chittacks, more or less, is required

The land is bounded on the North and West by Bapareetollah Lane; on the East partly by Mulunga Lane and partly by a public drain and on the South partly by Bapareetollah Lane and partly by land belonging to the Justices

This Declaration is made under the provisions of Section 2, Act VI of 1857, to all whom it may concern

H L DAMPIER,
Offg Secretary to the Government of Bengal

জল যোগাওনের কার্য্যসম্পর্কীয় কার্য্যের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কলিকাতার বেপারিটোলা লেনে স্থিত ন্যূনাধিক ৮২৸৵ ছটাক পরিমিত ভূমির প্রযোজন।

উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা বেপারিটোল লেন, পূর্ব্ব সীমা অংশত মলঙ্গা লেন ও অংশত সরকারী নর্দ্দমা, দক্ষিণ সীমা অংশত বেপারিটোলা লেন ও অংশত জষ্টিসদের অধিকৃত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT

No 204

The 12th May 1868

Notification

Whereas it appears to the Lieutenant Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, *viz*, for the erection thereon of the necessary buildings for the Juggutsingpore Sub Division of the Cuttack Districts, *viz*, Court House Lock up, School and Officer's Residence, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, situated in Mouzah Panisalia, Pergunnah Gunditи, District of Cuttack, being about 1,200 feet long by 520 feet average breadth, and bounded on the North by the Cuttack and Machgaon Road on the East by a Date Tope pertaining to Ununt Churn Mahanti, on the South and West by a piece of Lakhraj land belonging to Purmanund Mahanti, &c

This Declaration is made, under Sections 2 and 33 of Act VI of 1857, to all whom it may concern

F H RUNDALL, *Lt Col*, R E,
Jt Secy to the Govt of Bengal, P W D,
Irrigation Branch

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২০৪ নম্বর।

১৮৬৮ সাল ১২ মে।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইযাছেন যে রাজকীয কার্য্যার্থে অর্থাৎ কটক জিলার জগৎসিংহপুর শাখাখণ্ডের প্রয়োজনীয বাটী অর্থাৎ কাছারীঘর, কাঁজিঘব, বিদ্যালয, ও কার্য্যকারকের বাস গৃহ নির্ম্মাণার্থে রাজকীয অর্থব্যযে গবর্ণমেণ্টের ভূমি লওযা আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কটক জিলার অন্তর্গত গণ্ডিত পরগনার পানিশালিয়া মৌজায় ন্যূনাধিক ১২০০ ফুট দীর্ঘ ও গড়ে ৫২০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কটক ও মাছগায়ের পথ, পূর্ব্ব সীমা অনন্তচরণ মহন্তের খর্জ্জুরের বাগান, দক্ষিণ ও পশ্চিম সীমা পরমানন্দ মহন্ত প্রভৃতির লাখেরাজ ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS ভূমিবিষয়ক ইশ্তিহার।

জেলা ভাগলপুর।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা ভাগলপুর এতৎ দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ভাগলপুরের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মাহাল ১৮৬৮ ইং ২৮ মার্চ তারিখে সরকারের প্রাপ্য বাকি মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আক্টানুসারে বাকি রাজস্বন্যায় আদায় করা যাইতে পারে, তাহা আদায় নিমিত্তক ৬৮ সালের ২৫ মেই তারিখে জেলা ভাগলপুরের কালেক্টরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি। সন ৬৮ ই. ২৮ এপরেল।

এস্তমুরারি জম' ধার্য্য হওয়া মাহাল।

১২৯ তালুকা লক্ষ্মণপুর তপে বেলপাতা মালিক মেস্তর চারলিশ মেকলেশ উইলশন সাহেব যাহার সদর জম ৮৫১ ৸৹

W H D'Oyly,
Offg Collector

জেলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারী কালেকটরী জেলা মেদিনীপুর।

সন ৮৫৯ সালের ১ আইনের ৬ ধারা অনুসারে এহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নিম্ন লিখিত মহাল ১৮৬৮ সালের ২৮ মার্চের প্রাপ্য বাকি মালগুজারি এবং অন্যং দাওয়া যাহা চলিত আইন এবং আক্ট অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে ১৮৬৮ সালের ২৮ মেই মোতাবক বাঙ্গলা ১২৭৫ সালের ১৬ জ্যৈষ্ঠ আমলী ২৭৫ সালের ১৭ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার জেলা মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারিতে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ও বিনা বাধাতে নীলাম হইবে ইতি। সন১৮৬৮ সাল তারিখ ২৭এপ্রেল।

১ শ্রেণী।

ইস্তমরারি জম। ধার্য্য হওয়া মহাল।

৩৫১ নং তৌজী ম কাসিমাচক পংকাশীজোড়া সদর জমা ৯১৬৷৵৭ নিজ মহলের বাকি মালগুজারি এবং পুলবন্দী খরচার নিমিত্তে নীলাম হইবে। তাং শ্রীমত্যা অন্নপূর্ণা দেই মাদর মহাফেজ দ্বারকনাথ সাহু নাবালগ ওওজে ৺ ফকিরমোহন সাহু ও উদয়চান্দ সাহু ও গোপীমোহন সাহু।

H J Reynolds
Offg Collector

জেলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল বাকি রাজস্ব আদায় নিমিত্ত বোর্ডের নিদ্ধারিত (১৮৬৮ সালের ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মো ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দী করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে বাকির টাকা দাখিল না হইলে কথিত মহাল, তৎপর দিবস অর্থাৎ ৬৮ সালের ৩০ জুন মোং ২৭৫ সালের ১৮ আষাঢ় মঙ্গলবার অত্রকালেক্টরি কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ৬৮ সা. তা ২ আর্প্রিল।

তৌজীর নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা	মন্তব্য।
৮৫১	প কুড়রিয়া	খবিরাদ্দুস্রে কথ কন্দীনমহম্মদ আহছান চৌধুরী।	৬১৪৬৷৵১	মালিক অন্য মহালের দরুন বাকি আদায় না করা হেতু এই মহাল নীলামে ধরা যাইবেক।

W V G Tayler,
Collector

জিলা পাবনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা পাবনা।

এতদ্দ্বারা সম্বাদ দেওযা যাইতেছে যে, ১৮৫৯ সালের ' আইনের বিধানমত এই জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল, ৮৪৮ সালের ২০ আইনের মর্ম্মানুযারি গত ৮ মার্চ হইতে ২৭ মাচ পর্য্যন্তকার দৈনিক দণ্ডের টাকা আদায় নিমিত্ত বোর্ডের নির্দ্ধারিত আগামী (৮৬৮। ২৮ জুন রবিবার জন্য) ২৯ জুন মোং ১২৭৫ সালের ৭ আষাঢ় সোমবার টাকা দাখিলের শেষ দিবস অবধার্য্যে লাটবন্দি করা গেল এবং ঐ দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ দণ্ডের টাকা দাখিল না হইলে উক্ত মহাল, তৎপরদিবস অর্থাৎ ১৮৬৮ সালের ৩০ জুন মোং ১২৭৫। ১৮

আষাঢ় মঙ্গলবার অত্র কালেক্টরী কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬৮ সাল তারিখ ৩১শে মার্চ।

তৌজির নম্বর।	মহালের নাম।	মালিকের নাম।	সদর জমা।	মন্তব্য।
১০৫	পং বিরাহিমপুর	শারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় ও নীলকমল মুখোপাধ্যায় প্রভৃতি	১১৭৩০।৭	মালিক মধ্যে দেবেন্দ্রনাথ ঠাকুর ও নীলকমল মুখোপাধ্যায় উক্তির নিকট প্রাপ্য দণ্ডের টাকার নিমিত্ত এই মহাল লাটবন্দী করা গেল।

W V G Tayler
Collector

জিলা যশোহর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে জেলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল বর্ত্তমান সনের ২৮ মার্চ তারিখের বাকি আদায় না হওয়াতে তাহা আদায় নিমিত্ত সন ১৮৬৮ সালের ২৬ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৭৫ সালের ১৪ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার অত্র কালেক্টরী কাছারিতে বিনাওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৬৮ সাল তারিখ ১ মেই।

প্রথম শ্রেণী চিরকালের বন্দবস্ত হওয়া মহাল।

৪২নং তৌজি পং মাহাম্মদ সাহি তরফ কাশীনাথপুর তালুক শিবপ্রসাদ সেন ও উগ্রকণ্ঠ সেন ও দুর্গাপ্রসাদ সেন ও কমলাকান্ত সেন ও বাণীকণ্ঠ সেন ও হরগোবিন্দ সেন ও রামকান্ত সেন ও জিতরাম ধর ও রায় রাধাচরণ সদর জমা ১৫৯৭৷৴১১

২৭৩নং তৌজি পং এমাদপুর মৌজে শ্রীপুর ওগয়রহ তালুক ভগবানচন্দ্র পোদ্দার ও আনন্দচন্দ্র চৌধুরী ও ভগবানচন্দ্র মুন্সী ও ভগবতী দাস্যা সদর জমা ৩১৩৭৷৴৯

দ্বিতীয় শ্রেণী মেয়াদি বন্দবস্তী মহাল।

৪৪০ নং তৌজি মোতালক সুন্দরবন চক বয়ারসিঙ্গা সাধুহার বাটা বন্দবস্ত গ্রহীতা দেবচন্দ্র মুখোপাধ্যায় সন ১২৭৪ সাল হইতে ছানি বন্দোবস্ত না হওয়া পর্য্যন্ত আবাদকারি স্বত্ব সদর জমা ৩১২২৸৴০

৪৪২৬নং তৌজি মোতালক ঐ চক খড়িবা ডেমসাখালি বন্দবস্ত গ্রহীতা হুইন হো সাহেব ইং সন ১২৭৪ সাল লাং ১২৮৭ সাল বসদ পুরা ৫৩৫৭৴০ টাকা জমা সন ১৩০৩ সাল পর্য্যন্ত মেয়াদ জমা সন ১২৭৪ সাল আবাদকারি স্বত্ব সদর জমা ২৭৬৭৷৴০

J Monro,
Offg Collector

INSOLVENT COURT

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the Matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT and another, Insolvents

Notice is hereby given that Saturday the 6th day of June next is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 7th day of January 1860 until the thirtieth day of April 1868 has been filed and may be inspected in the Office of the Chief Clerk Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 14*th May* 1868

দেওলিয়াদের আদালত।

কলিকাতা দেওলিয়া খাতকদের উপকারার্থ আদালত।

দেওলিয়া আলবার্ট জান ডিহচিপিড লারপেন্ট সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার নিদ্ধারিত হইয়াছে, এব ১৮৬০ সালের জানুআরি মাসের ৭ তারিখ অবধি ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত দেওলিয়ার ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৬৮ সাল ১৪ মে।

[*Government Gazette*, 19*th May* 1868]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড জোসেফ ডিন সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, MAY 19, 1868

মঙ্গলবার ১৮৬৮ সাল ১৯ মে।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা মেদিনীপুর।

কাছারি ডেপুটী কালেক্‌টরী সব ডিবিজান কাথী জেলা মেদিনীপুর।

